A Comprehensive Tex Book on Sanskrit Grammar, Composition and Translation for Cla es IX, X & XI of High & Higher Secondary Schools, written n according to the new Syllabus prescribed by the West ngal, Board of Secondary Education.

SANSKRIT COMPOSITION

TI AI SIATION

[For Higher Secag & School Final Course]

PANDIT BH NATH KABYATIRTHA
Kaviratna, Tarkabachaspati

Ex-Head Pan anaya High School, Singur,
Author of : for yakaropan, Byakaran Kusum, Kishnachana etc.

By

Dr. Satkariu Mookerjee, M. A. Ph. D.
Form ly Ahutosh Professor
&
Head of the Departn nt of Sanskrit, Calcutta University.

THE STANDARD BOOK HOUSE
BOOK-SELLERS & PUBLISHERS
1/1/1-B, Benkim Chatterjee Street,
ALCUTTA-12.

Published by
THE STANDARD BOOK HOUSE
1/1/1-B, Bankim Chatterjee Street,
Calcutta-12.

Printed by
KESHABANI MUDRANIKA
14, D. L. Roy Street,
Calcutta-6.

BOARD OF SECONDARY EDUCATION, WEST BENGAL

Sanskrit

Questions in Sanskrit for the Higher Secondary Examination will be framed in English.

The use of Devnagri script for answering questions in Sanskrit is optional.

Paper II.

1.	**Grammar.**	... 30 marks.
2.	Unseen passages for Translation into any one of the recognized first Languages.	... 30 marks.
3.	**Composition.** Amplification or Summary writing in Sanskrit	... 15 marks.
4.	Translation (from English into the language).	... 15 marks.

ভূমিকা

(কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সংস্কৃত বিভাগের প্রাক্তন অধ্যক্ষ ও আশুতোষ অধ্যাপক ডঃ শ্রীসাতকড়ি মুখোপাধ্যায়, এম, এ, ; পি, এইচ্-ডি, মহোদয় লিখিত)

পণ্ডিত ভৈরবনাথ কাব্যতীর্থ, কবিরত্ন-তর্কবাচস্পতি মহাশয়ের Sanskrit Composition and Translation নামক পুস্তকখানির নূতন সংস্করণ পাঠ করিয়া দেখিতে পাইলাম যে, নূতন সংস্কৃত শিক্ষার্থীর পক্ষে ইহা বিশেষ উপোযোগী হইয়াছে। **সংস্কৃত ব্যাকরণের দুরূহ অংশগুলিকে এরূপ সরলভাবে প্রকাশ করার ভঙ্গির জন্য পুস্তকখানি অধিক মনোজ্ঞ হইয়াছে।** ছাত্রদিগের উপকারের নিমিত্ত যে সকল উপায় এই পুস্তকখানিতে গৃহীত হইয়াছে তাহার দ্বারা প্রত্যেক ছাত্রই বিশেষ উপকৃত হইবে।

আমার মনে হয় প্রথম শিক্ষার্থীদের যে ব্যাকরণ-বিভীষিকা প্রথমেই সংস্কৃত শিক্ষার অন্তরায়রূপে অনুভব হয় তাহার কারণ চিরাচরিত ব্যাকরণ শিক্ষার প্রণালী। পাণিনি ব্যাকরণ রচিত হইবার পরও ভারতবর্ষের নানা প্রদেশে নূতন নূতন ব্যাকরণ রচনা করার যে প্রয়োজন হইয়াছিল সেই অনুরূপ প্রয়োজনের অনুরোধে নূতন করিয়া ব্যাকরণ রচনা করা অবশ্যক হইয়াছে। দীর্ঘকাল নিরন্তর একই বিষয়ে অবিভক্ত মনঃসংযোগ করা কঠিন। সেই হেতু অল্প পরিশ্রম এবং অল্প সময়ে ব্যাকরণে ব্যুৎপত্তি লাভ করা এখন অত্যন্ত আবশ্যক হইয়াছে। আশা করি বর্তমান গ্রন্থের দ্বারা সেই প্রয়োজন সিদ্ধ হইবে। আমি এই গ্রন্থের বহুল প্রচার কামনা করি।

শ্রীসাতকড়ি মুখোপাধ্যায়
আশুতোষ অধ্যাপক
কলিকাতা বিশ্ববিদ্যালয়

কলিকাতা
১২।১।৫৪

CONTENTS

PART I

Chapter I

Chapter II

Chapter III

Chapter IV

Chapter V

Chapter VI

Chapter VII

Chapter VIII

Chapter IX

Chapter X

PART II

Chapter I

Chapter II

Chapter III

Chapter IV

Chapter V

PART III

SANSKRIT COMPOSITION
AND
TRANSLATION

PART I

CHAPTER I

LESSON 1

পদ-প্রকরণ—Parts of Speech

১। **সুপ্‌তিঙন্তং পদম্**—সুবন্ত (সুপ্‌+অন্ত=বিভক্তিযুক্ত শব্দ) এবং তিঙন্তকে (তিঙ্‌+অন্ত=বিভক্তিযুক্ত ধাতু) পদ বলে। **সুবন্ত পদ**—রামঃ (রাম+সঃ)। এইরূপ=হরিঃ, লতা, ফলম্ ইত্যাদি। **তিঙন্ত পদ**—ভবতি (ভূ+লট্‌-তি)=এইরূপ—পচতি, অগচ্ছৎ, কুর্য্যাৎ ইত্যাদি।

২। **নাপদং শাস্ত্রে প্রযুঞ্জীত**—নাপদম্=ন+অপদম্, অপদ অর্থাৎ যাহা পদ নয়, সংস্কৃত ভাষায় তাহার প্রয়োগ হয় না। রাম, হরি, কৃষ্ণ, জল প্রভৃতি শব্দ বিভক্তি-যুক্ত নয় বলিয়া পদ নয়। সংস্কৃতে এরূপ বিভক্তি-শূন্য শব্দের প্রয়োগ হয় না।

৩। **শব্দ** (প্রাতিপদিক বা নাম—base) ও ধাতুর উত্তর বিভক্তি যোগ করিয়া পদ গঠন করিতে হয়। শব্দের উত্তর সু, ঔ, জস্ প্রভৃতি একুশটি বিভক্তির যোগ হয় এবং ধাতুর উত্তর তি, তস্, অন্তি প্রভৃতি একশত আশীটি বিভক্তির যোগ হয়। ইংরাজী বা বাংলা হইতে সংস্কৃতে অনুবাদ করিবার সময় প্রত্যেক ইংরাজী বা বাংলা শব্দের পরিবর্ত্তে বিভক্তি-যুক্ত সংস্কৃত পদের প্রয়োগ করিতে হয়। যথা—The sun—সূর্য্যঃ, রবিঃ, আদিত্যঃ, প্রভাকরঃ, ভানুঃ, দিবাকরঃ, বিভাকরঃ ইত্যাদি। The moon—চন্দ্রঃ, শশধরঃ, হিমাংশুঃ,

ইন্দুঃ, বিধুঃ, নিশাপতিঃ ইত্যাদি। এইরূপ বাংলায় বলা হয়—জল, সংস্কৃতে—জলম্, তোয়ম্, সলিলম্, বারি ইত্যাদি।

Hints :—Introductory 'There' and Preparatory 'It'. ইংরাজীতে কথনও কথনও There ও It বসাইয়া Sentence আরম্ভ করিতে হয়। এই সকল বাক্যে There ও It-এর কোন অর্থ নাই বলিয়া সংস্কৃতে ইহাদের অনুবাদ করিতে হয় না। যেমন—(১) There was a king named Janaka=জনকো নাম রাজা আসীৎ। এস্থলে There-এর অনুবাদ তত্র লিখিলে ভুল হইবে। এইরূপ—(1) It rains—বৃষ্টির্ভবতি। (2) It is spring now—অধুনা বসন্ত কালঃ।

৪। সংস্কৃত ভাষায় **পদ** পাঁচ প্রকার। যথা—বিশেষ্য, বিশেষণ, সর্ব্বনাম, অব্যয় ও ক্রিয়া।

বিশেষ্য—নরঃ। **বিশেষণ**—**সুন্দরঃ** নরঃ। **সর্ব্বনাম**—অয়ং সুন্দরঃ নরঃ। **অব্যয়**—অয়ম্ এব সুন্দরো নরঃ। **ক্রিয়া**—অয়ম্ এব সুন্দরো নরো **যাতি**।

৫। **বাক্য (Sentence)**—যে সকল পদ দ্বারা মনের ভাব সম্পূর্ণরূপে প্রকাশিত হয় সেই সকল পদের সমষ্টিকে বাক্য বলে। যথা :—

(১) গাবঃ ক্ষেত্রে চরন্তি। (২) চন্দ্রো গগনে ভাতি। (৩) বৃদ্ধো নদীং যাতি। (৪) ছাত্রো ব্যাকরণং পঠতি। (৫) শিশুশ্চন্দ্রং পশ্যতি।

এই পাঁচটি বাক্য, কারণ ইহাদের প্রত্যেকটির দ্বারা এক একটি মনের ভাব সম্পূর্ণরূপে প্রকাশ পাইতেছে।*

৬। প্রত্যেক বাক্যে দুইটি অংশ থাকে, একটির নাম **উদ্দেশ্য** (Subject) ও অপরটির নাম **বিধেয়** (Predicate)। যাহাকে উদ্দেশ করিয়া কিছু বলা হয়, তাহার নাম উদ্দেশ্য এবং উদ্দেশ্যের বিষয়ে যাহা বলা হয়, তাহাকে বিধেয়

*বাক্যং স্যাদ্ যোগ্যতাকাঙ্ক্ষা সত্তিযুক্তঃ পদোচ্চয়ঃ,—যোগ্যতা, আকাঙ্ক্ষা ও আসত্তিযুক্ত পদসমূহকে বাক্য বলে। (১) যোগ্যতা=পরস্পরের সহিত অর্থের সঙ্গতি, (২) আকাঙ্ক্ষা—জানিবার মত কোনও বিষয়ের অস্তিত্ব, (৩) আসত্তি (Proximity) —অর্থবোধের সহায়ক পদসমূহের পরস্পর সন্নিকর্ষ।

বলে। যথা—সূর্য্যঃ উদেতি—এখানে সূর্য্যকে উদ্দেশ করিয়া কিছু বলা হইতেছে, এইজন্য 'সূর্য্যঃ' **উদ্দেশ্য** এবং কি বলা হইতেছে—উদেতি (উঠিয়াছে), এইজন্য 'উদেতি' **বিধেয়**।

ARTICLES

৭। A, An, The এই তিনটি Article ইংরাজী হইতে সংস্কৃতে অনুবাদ করিবার সময় সাধারণতঃ article বাদ দিয়াই অনুবাদ করিতে হয়। যেমন—A boy—বালকঃ, An ass—রাসভঃ, The sun—সূর্য্যঃ, The moon—চন্দ্রঃ।

৮। কখন কখন **চিৎ-প্রত্যয়ান্ত কিম্** শব্দ দ্বারা article-এর অনুবাদ করা হয়। A man—কশ্চিৎ নরঃ, An old man—কশ্চিৎ বৃদ্ধো নরঃ।

৯। কখন কখন 'এক' শব্দ দ্বারা article-এর অনুবাদ করা হয়। যথা—A dog—একঃ সারমেয়ঃ, An ass—একঃ রাসভঃ।

১০। কখন কখন **ইদম্ ও অদস্** শব্দের সাহায্যে 'The' এই article-এর অনুবাদ করা হয়। যথা, The servent—অয়ং ভৃত্যঃ, The man—অসৌ নরঃ, The girl—ইয়ং বালিকা।

LESSON—II

বিশেষ্য—Noun

যাহা দ্বারা জাতি (class), দ্রব্য (thing), গুণ (quality), ব্যক্তি (person) ও ক্রিয়া (action) বুঝায় তাহাকে বিশেষ্য বলে। যথা—(১) **জাতিবাচক বিশেষ্য**—মনুষ্যঃ, পশুঃ, পক্ষী। (২) **দ্রব্যবাচক বিশেষ্য**—বায়ুঃ, জলম্, মৃত্তিকা। (৩) **গুণবাচক বিশেষ্য**—লঘুত্বম্, সাধুতা, ধৈর্য্যম, সৌন্দর্য্যম্। (৪) **ব্যক্তিবাচক বিশেষ্য**—রামঃ, শ্যামঃ, হরিঃ। (৫) **ক্রিয়াবাচক বিশেষ্য**—গমনম্, ভোজনম্, শয়নম্।

প্রয়োগঃ—(i) বন্যঃ পশুঃ বনে বসতি। (ii) শীতলো বায়ুর্বাতি। (iii) রামো দশরথস্য জ্যেষ্ঠঃ পুত্রঃ। (iv) দিবা শয়নং ন কুর্য্যাৎ।

বিশেষ্য ও বিশেষণের সমন্বয়
(Concord of Adjective and Noun)

১। সংস্কৃতে বিশেষ্য পদের যে লিঙ্গ, যে বিভক্তি ও বচন হয়, বিশেষণ পদেও সেই লিঙ্গ, সেই বিভক্তি ও সেই বচন হয়। যথা :—**লিঙ্গভেদে:**— সুন্দরঃ নরঃ, সুন্দরী নারী, সুন্দরং কুসুমম্। **বচনভেদে**—মধুরং ফলং, মধুরে ফলে, মধুরানি ফলানি। **বিভক্তি-ভেদে**—বৃদ্ধঃ নরঃ, বৃদ্ধং নরম্, বৃদ্ধেন নরেণ, বৃদ্ধায় নরায়, বৃদ্ধাৎ নরাৎ, বৃদ্ধস্য নরস্য, বৃদ্ধে নরে, হে বৃদ্ধ নর।

Note—ইংরাজীতে লিঙ্গ, বচন কিংবা বিভক্তির ভেদে বিশেষণ পদের কোন পরিবর্ত্তন হয় না। যেমন—1. A beautiful boy. 2. A beautiful girl. 3. A beautiful flower. 4. Two beautiful birds. 5. Beautiful birds—সর্বত্রই beautiful. কিন্তু সংস্কৃতে—1. সুন্দরঃ বালকঃ। 2. সুন্দরী বালিকা। 3. সুন্দরং কুসুমম্। 4. সুন্দরৌ বিহগৌ। 5. সুন্দরাঃ বিহগাঃ।

Note : বিশেষস্য হি যল্লিঙ্গং বিভক্তি বচনে চ যে।
তানি সর্ব্বাণি যোজ্যানি বিশেষণপদেষ্বপি॥

২। **অজহল্লিঙ্গ**—(হা + শতৃ = জহৎ ; ন জহৎ = অজহৎ ; অজহৎ + লিঙ্গ = অজহলিঙ্গ)। [ন জহাতি লিঙ্গং যৎ—তৎ অজহল্লিঙ্গম্ অর্থাৎ যে সকল শব্দ লিঙ্গ ত্যাগ করে না।]

প্রমাণ, শরণ, পদ, স্থান, ভাজন, আস্পদ, পাত্র, কারণ, মূল, নিদান এই শব্দগুলি প্রচলিত অজহল্লিঙ্গ শব্দ। ইহারা বিধেয় বিশেষণ-রূপে ব্যবহৃত হইলে ইহাদের বিশেষ্য যে লিঙ্গই হউক না কেন এগুলি কিন্তু সর্ব্বদা ক্লীবলিঙ্গই থাকে উদ্দেশ্যের বিভক্তি অনুসারে ইহাদের বিভক্তি হয়। বৃক্ষ, লতা ইত্যাদি শব্দ অজহল্লিঙ্গ হয়। কখনও স্ত্রীলিঙ্গ বা ক্লীবলিঙ্গ হয় না, লতা স্ত্রীলিঙ্গ ব্যতীত

অন্য লিঙ্গ হয় না। অজহল্লিঙ্গ শব্দও বহুব্রীহি সমাসে অপ্রধান হইলে বিশেষণ রূপে যে কোনও লিঙ্গে ব্যবহৃত হইতে পারে। যথা—অনন্যশরণঃ বালকঃ, অনন্যশরণা বালিকা, অনন্যশরণম্ অপত্যম্। শরণ শব্দটি ক্লীবলিঙ্গ হইলেও এস্থানে তাহার ব্যতিক্রম হইয়াছে।

Note : উদ্দেশ্যে চ বিধেয়ে চ বিভক্তিস্তু সমা ভবেৎ।
কদাচিজ্জায়তে তত্র বৈষম্যং লিংগ সংখ্যয়োঃ॥

প্রয়োগঃ—(১) বেদাঃ **প্রমাণম্**। (২) দুর্গা **শরণম্**। (৩) সম্পদঃ আপদাং **পদম্**। (৪) গুণাঃ **পূজাস্থানম্**। (৫) বন্ধুঃ **প্রীতিভাজনম্**। এইরূপ—(৬) বিবাদঃ অনর্থস্য **মূলম্**। (৭) লোভঃ পাপস্য **কারণম্**। (৮) অমিতাহারঃ রোগাণাং **নিদানম্**। (৯) রাজা দুর্বলস্য **বলম্**। (১০) পুত্রঃ **স্নেহপাত্রম্**।

অন্যান্য উদাহরণ

(i) অবিবেকঃ পরমাপদাং **পদম্** (কি)। (ii) সন্তপ্তানাং ত্বমসি **শরণম্** (মে)। (iii) অযথা বলম্ আরম্ভো **নিদানং** ক্ষয়সম্পদ (শি)। (iv) এতদাকর্ণ্য দেবঃ **প্রমাণম্** (কা)। (v) **আপদং** ত্বম্ অসি সর্ব-সম্পদাম্ (কি)।

Exercise 1

Translate into Sanskrit :—

A. 1. The blue sky. 2. Clear water. 3. Ripe mango. 4. Sweet words. 5. Wicked boys. 6. An old man. 7. Good women. 8. Many good boys. 9. Weak children. 10. A large hand.

B. 1. The horse runs (ধাব্). 2. The sun shines (ভাতি). 3. The moon rises (উদেতি). 4. The wind blows (বাতি). 5. It rains. 6. There was a king named Harischandra. 7. There were no stars in the sky. 8. There is a temple in this village. 9. There is no one in the room. 10. There was no water in the tank.

LESSON III

বচন—Number

১। যাহা দ্বারা পদার্থের সংখ্যা বোধ হয়, তাহাকে বচন বলে। বিশেষ্যের তিনটি বচন (Number) আছে। একটি বুঝাইলে **একবচন** (Singular Number), দুইটি বুঝাইলে **দ্বিবচন** (Dual Number), এবং দুই-এর অধিক বুঝাইলে **বহুবচন** (Plural Number) হয়। যথা :—

নরঃ (A man), নরৌ (Two men), নরাঃ (Men), কিন্তু ইংরাজীতে দুইটি বুঝাইলেও বহুবচন (Plural number)-এর প্রয়োগ করিতে হয়; কারণ, ইংরাজী ভাষায় Number দুইটি Singular number ও Plural number, যথা—A bird—খগঃ, Two birds—খগৌ, Birds—খগাঃ। A cow—ধেনুঃ, Two cows—ধেনূ, Cows—ধেনবঃ, A fruit—ফলম্, Two fruits—ফলে, Fruits—ফলানি।

২। **অপ্-সুমনস্-সমা-সিকতা-বর্ষাণাং বহুত্বঞ্চ। দারাক্ষতলাজাসূনাং বহুত্বঞ্চ**—অপ্ (জল), সুমনস্ (পুষ্প), সমা (বৎসর), সিকতা (বালুকা, বালুকাময় ভূমি), বর্ষা (বৃষ্টিকাল), দার (স্ত্রী), অক্ষত (আতপ চাল), লাজ (খই), অসু (প্রাণ) ও প্রাণ (জীবন) শব্দ নিত্য বহুবচনান্ত।

প্রয়োগ :—(১) **অপ্সু** পদ্মানি জায়ন্তে। (২) যত্নেন **দারান্** রক্ষেৎ। (৩) একদা **বর্ষাসু** মহতী বৃষ্টির্বভূব—(হি)। (৪) **সিকতাসু** হংসা বিচরন্তি। (৫) পুরোহিতাঃ **অক্ষতান্** বিকিরন্তি। (৬) **প্রাণা** যথাত্মনোভীষ্টা ভূতানামপি তে তথা (হি)।

৩। **অপ্সরস্** (অপ্সরা) ও **জলৌকস্** (জোক) এই দুইটি শব্দ বহুবচনে ব্যবহৃত হয়। নাম বুঝাইলে 'অপ্সরস্' শব্দ একবচনেও প্রযুক্ত হয়। যথা—আসীৎ মেনকানাম্নী কাচিৎ অপ্সরাঃ।

৪। **পুংসি গৃহাশ্চ গৃহ** শব্দ পুংলিঙ্গে ব্যবহৃত হইলে নিত্য বহুবচনান্ত হয়। যথা,—এই আমার বাড়ী—ইমে মম গৃহাঃ।

প্রয়োগ=তত্রাগারং ধনপতি **গৃহান্** **উত্তরেণাস্মদীয়ম্** (মে)

৫। **অস্মদো দ্বয়োশ্চ। সবিশেষণস্য প্রতিষেধঃ—অস্মদ্** শব্দের কোন বিশেষণ না থাকিলেও একবচন ও দ্বিবচন স্থলে বিকল্পে বহুবচন হয়। যথা—অহং গচ্ছামি, আবাং গচ্ছাবঃ, এস্থলে—বয়ং গচ্ছামঃ।

বিশেষণ থাকিলে বহুবচন হয় না। যথা—দুর্ব্বলঃ অহং গচ্ছামি, এস্থলে দুর্ব্বলাঃ বয়ং গচ্ছামঃ এরূপ হয় না।

৬। **যুস্মদো গুরুবিশেষণস্য—গুরু** এই শব্দ বিশেষণ থাকিলে যুষ্মদ্ শব্দের উত্তর একবচন স্থলে বিকল্পে বহুবন হয়। যথা—ত্বং মে গুরুঃ, এস্থলে **যূয়ং মে গুরবঃ** (আপনি আমার গুরুদেব)।

৭। **অন্যত্র চ গৌরবে—গৌরব** বুঝাইলে একবচনের পরিবর্ত্তে প্রায়ই বহুবচন হইয়া থাকে। যথা—(১) গুরবো মাং সমাদিশন্তি। (২) ভবন্তশ্চৈ-তাদৃশা ধর্ম্মজ্ঞা যৎ মাম্ অতিথিং হন্তুম্ উদ্যতাঃ (হি)।

এইরূপ—ভগবন্তঃ শঙ্করাচার্য্যাঃ, গুরোঃ শ্রীচরণেষু নিবেদনম্ ইত্যাদি।

৮। **প্রদেশবাচক শব্দ** সকল প্রায়ই বহুবচনে প্রযুক্ত হয়। যথা—গতোঽহং কদাচিৎ কলিঙ্গান্—Once I went to the province of Kalinga. এইরূপ :—

প্রয়োগঃ—(১) এষ পন্থাঃ বিদর্ভাণামসৌ গচ্ছতি 'কোশলান্' (ম)। (২) দময়ন্তি। নলো নাম 'নিষধেষু' মহীপতিঃ (ম)। (৩) আসীন্মদ্রেষু ধর্ম্মাত্মা রাজা পরমধার্ম্মিকঃ (ম)। (৪) তত্রৈবাসীদ্ 'বিদর্ভেষু' ভীমো ভীম-পরাক্রমঃ (ম)।

(ক) প্রদেশবাচক শব্দের সহিত 'দেশ', 'বিষয়' প্রভৃতি শব্দের সমাস হইলে একবচন হয়। যথা—(১) অস্তি মগধদেশে পাটলিপুত্রং নাম নগরম্। (২) কলিঙ্গবিষয়ে যজ্ঞস্থল নামধেয়ং নগরং আসীৎ।

৯। কোন লোকের **বংশ** কিংবা **পরিবার** বুঝাইলে, তাহার নামে **বহুবচন প্রযুক্ত হয়। যথা, রঘুণাম অন্বয়ং বক্ষ্যে—I shall describe the genealogy of the race of Raghu.**

১০। **অশ্বিনৌ (অশ্বিনীপুত্রদ্বয়), দম্পতি, জায়াপতি, জম্পতি,** (স্ত্রী-পুরুষ—husband and wife) এইগুলি কেবল দ্বিবচনে প্রযুক্ত হয়। যথা —(১) **অশ্বিনৌ** স্তুহি, তৌ দেবভিষজৌ খাং চক্ষুষ্মন্তঃ কর্ত্তারৌ—(ম)। (২) তৌ **দম্পতী** বশিষ্ঠস্য গুরোর্জগ্মতুরাশ্রমম্—(র)। (৬) কস্মিংশ্চিদ্ বনোদ্দেশে **চটকদম্পতী** প্রতিবসতঃ—(হি)।

১১। একশেষ নিষ্পন্ন পদগুলি দ্বিবচনে ব্যবহৃত হইয়া কখনও কখনও একজাতীয় একটি স্ত্রী ও একজন পুরুষকে বুঝায়। পিতরৌ (Parents), শ্বশুরৌ (Father-in-law and Mother-in-law), ভ্রাতরৌ (Brother and sister) **প্রয়োগ**—জগতঃ পিতরৌ বন্দে পার্ব্বতী-পরমেশ্বরৌ (র)—I salute Parbati and Parameswara, the parents of the Universe.

১২। **'উভ'** শব্দ দ্বিবচনে ব্যবহৃত হয়। যথা—(১) উভৌ রামলক্ষ্মণৌ বনং জগ্মতুঃ। (২) উভৌ রামস্য সদৃশৌ—(র)।

১৩। **উভয়** শব্দ কেবল একবচনে ও বহুবচনে ব্যবহৃত হইয়া থাকে। যথা—**উভয়ো** মণিঃ (Both the gems)। (২) উভয়ে দেবাসুরাঃ সমুদ্রং মমন্থুঃ।

১৪। **সমাহার দ্বন্দ্ব ও সমাহার দ্বিগু** সমাস নিষ্পন্ন পদ সকল সর্ব্বদা একবচনে ব্যবহৃত হয়। যথা—পাণিপাদম্—Hands and feet. ভয়েন মম পাণিপাদং কম্পতে। ত্রিভুবনম্—Three worlds—ত্রিভুবনে রামেন সমো বীরো নাস্তি।

১৫। **এক** শব্দ একবচনান্ত। যথা—একঃ সিংহঃ (One lion) ; কিন্তু **'কেহ কেহ'** (some) অর্থে বহুবচনান্তও হয়। যথা—**একে** বদন্তি—Some say.

১৬। **দ্বি** শব্দ দ্বিবচনান্ত। যথা—দ্বৌ নরৌ, দ্বে ফলে, দ্বে স্ত্রিয়ৌ।

১৭। ত্রি হইতে **অষ্টাদশন্** পর্য্যন্ত সংখ্যাবাচক শব্দ সকল বহুবচনান্ত। যথা—ত্রয়ো বালকাঃ, চত্বারি পুস্তকানি, সপ্ত নার্য্যঃ, নব মানবাঃ

১৮। **ঊনবিংশতি** হইতে যাবতীয় সংখ্যাবাচক শব্দ কেবল একবচনে ব্যবহৃত হয়। ইহারা বিশেষ্য ও বিশেষণ উভয় রূপেই ব্যবহৃত হইয়া থাকে। যথা—**বিশেষণরূপে**—বিংশতিঃ পুরুষাঃ (Twenty men), অশীতিঃ ফলানি (Eighty fruits), শতং স্ত্রিয়ঃ (A hundred women).

বিশেষ্যরূপে—পুরুষাণাং বিংশতিঃ ; স্ত্রীণাং ত্রিংশৎ ; বৃক্ষাণাং শতম্। **সপ্ততির্মানবা** অভিযুক্তাস্তেষাঞ্চ কেবলং **বিংশতির্দণ্ডিতাঃ** অভবন্—Seventy men were accused but only twenty of them were punished—এখানে 'সপ্ততি' বিশেষণ এবং 'বিংশতি' বিশেষ্য।

N. B.—কিন্তু **আবৃত্তি** বা (**দ্বিগুণিত** বা **বহুগুণিত** অর্থে যেমন দুই কুড়ি, তিনকুড়ি ইত্যাদি) বুঝাইলে বিংশতি প্রভৃতি শব্দ দ্বিবচনান্ত ও বহুবচনান্ত হয়। যথা—নারাণাং দ্বে বিংশতী (To score of men). তিস্রো বিংশতয়ো গবাম্ (Three score of cows). এইরূপ—দ্বে শতে স্ত্রীণাম্, ত্রীণি সহস্রাণি ফলানাম্ ইত্যাদি।

১৯। **দ্বয়, দ্বিতয়, যুগল, যুগ, দ্বন্দ্ব, মিথুন, যুগ্ম** প্রভৃতি শব্দগুলি দ্বিত্ববোধক হইয়াও (এক জোড়া—couple, pair) একবচনে ব্যবহৃত হয়। যথা—(১) ততঃ প্রবিশতি নদীদ্বয়ং তমসা মুরলা চ (উ)। (২) ছাত্রদ্বিতয়ং গচ্ছতি। (৩) মম সুন্দরং বস্ত্রযুগলং বর্ত্ততে। (৪) অহং সরস্বত্যাঃ পদযুগং বন্দে। আবার **পৃথক্ পৃথক্** অনেকগুলি pair বুঝাইলে বহুবচনও হইতে পারে। যথা—'মৃগদ্বন্দ্বানি' (Many couples of deer)।

২০। **ত্রয়, ত্রিতয়** (তিন সংখ্যা বুঝাইলেও), **চতুষ্টয়, চতুষ্ক** (চার সংখ্যা বুঝাইলেও), **পঞ্চক** (পাঁচ সংখ্যা বুঝাইলেও), **বর্গ, গণ, সমূহ** প্রভৃতি শব্দ (বহু সংখ্যা বুঝাইলেও) একবচনান্ত হইয়া সমষ্টি বুঝায়। যথা—মাসত্রয়ম্, বর্ষত্রিতয়ম্, বেদচতুষ্টয়ম্, দিনচতুষ্কম, বাণপঞ্চকম্।

(১) ছাত্রবর্গঃ পঠতি। (২) বিপ্রগণঃ গচ্ছতি। (৩) পশু-সমূহঃ বিচরতি। (৪) শিশুত্রয়ং ক্রীড়তি। (৫) ফল-চতুষ্টয়ং বিদ্যতে।

অনেকগুলি সমষ্টি হইলেও বহুবচন হইতে পারে। যথা—'মুনিগণাঃ'—Many groups of sages.

২১। কতি (how many), যতি (as many), তত্তি (so many) এই তিনটি শব্দ নিত্য বহুবচনান্ত (always plural), যথা—কতি ভবতঃ পুত্রাঃ—How many sons have you ? যতি বালিকাঃ ততি গৃহাণি—There are as many houses as there are girls.

Exercise 2

Hints—And = চ, or = বা, ইংরাজীতে and ও or এই দুইটি পদদ্বয়ের মধ্যে বসে। কিন্তু সংস্কৃতে 'চ' 'বা' প্রত্যেক পদের পরে বা দুইটি পদের শেষে বসে। যেমন—Rama and Shyama = রামশ্চ শ্যামশ্চ, রামঃ শ্যামশ্চ। Rama or Hari—রামো হরির্বা, রামো হরির্বা।

1. Translate into Sanskrit :

Rama and Shyama. Hari and Jadu. Father and mother. King and queen. Brother and sister. Your father and my brother. Rama, Lakshmana and Bharata. Kaikeyi, Kausalya and Sumitra. The sun and the moon. Men and beasts. Jadu or Madhu. Hari or Hara. Durga or Rama. Men and beasts will die (মরিষ্যন্তি). You and I am reading. The tree and the creeper will fal down (পতিষ্যতঃ).

2. Correct the following sentences, giving reasons :—

1. বিপ্রগণাঃ গচ্ছতি। 2. বালিকা লাজং বিকিরতি। 3. দ্বাবিংশতয়ঃ গাবঃ তৃণানি খাদন্তি। 4. মম বস্ত্রচতুষ্টয় বিদ্যন্তে। 5. অশ্বিনৌ স্বর্গে বসতি।

শিষ্ট প্রয়োগগুলি স্মরণ রাখা উচিৎ। দ্বয়ং গতং সম্প্রতি শোচনীয়তাং সমাগম প্রার্থনয়া পিনাকিনঃ। (কুমার)

সম্ভাগ্যোপবশাদ্ অয়ং সমুদিতঃ সর্ব্বো গুণানাং গণঃ। (রঘু।)

LESSON IV

লিঙ্গ—Gender

সংস্কৃত ভাষায় লিঙ্গ তিন প্রকার। যথা—পুংলিঙ্গ, স্ত্রীলিঙ্গ ও ক্লীবলিঙ্গ। সংস্কৃতে কোন্ শব্দের কোন্ লিঙ্গ হইবে, তাহা নির্ণয় করা সহজ নহে। কারণ, সংস্কৃতে শব্দের অর্থ দেখিয়া লিঙ্গ নির্ণয় করা যায় না। দার, ভার্য্যা ও কলত্র—এই তিনটি শব্দের অর্থ স্ত্রী (wife), কিন্তু **দার** শব্দ পুংলিঙ্গ, **ভার্য্যা** শব্দ স্ত্রীলিঙ্গ এবং **কলত্র** শব্দ ক্লীবলিঙ্গ।

পুংলিঙ্গ—Masculine Gender

১। **পুংস্ত্বে সভেদানুচরাঃ সপর্য্যায়াঃ সুরাসুরাঃ—**

সাধারণ ও বিশেষ সুর ও অসুরবাচক শব্দ এবং তাহাদের অনুচর বাচক শব্দ সকল পুংলিঙ্গ। যথা, **সাধারণ সুরবাচকঃ**—অমরঃ, নির্জ্জরঃ, দেবঃ, ত্রিদশঃ, বিবুধঃ, সুরঃ। কিন্তু—সুরবাচক দেবতা শব্দ স্ত্রীলিঙ্গ, দৈবত শব্দ পুংলিঙ্গ ও ক্লীবলিঙ্গ।

বিশেষ সুরবাচকঃ—শম্ভুঃ, ঈশঃ, পশুপতিঃ, কৃষ্ণঃ, বিষ্ণুঃ, নারায়ণঃ প্রভৃতি। **সুরানুচরবাচক**ঃ—নন্দী, মহাকালঃ, জয়ঃ, বিজয়ঃ প্রভৃতি। **সাধারণ অসুরবাচক**ঃ—দৈত্যঃ, দানবঃ, অসুরঃ প্রভৃতি। **বিশেষ অসুরবাচক**ঃ—বলিঃ, নমুচিঃ প্রভৃতি। **অসুরানুচরবাচক**ঃ—কুষ্মাণ্ডঃ, মুণ্ডঃ প্রভৃতি।

২। **স্বর্গ-যাগাদ্রি-মেঘাব্ধি-দ্রু-কালাসি-শরারয়ঃ—**

স্বর্গ, যাগ (যজ্ঞ), অদ্রি (পর্ব্বত), মেঘ, অব্ধি (সমুদ্র), দ্রু (বৃক্ষ), কাল (সময়), অসি (খড়্গ), শর (বাণ), অরি (শত্রু), এই সকল শব্দ এবং ইহাদের পর্য্যায়বাচক শব্দ সকল (Synonyms) পুংলিঙ্গ। যথা—

স্বর্গঃ (Heaven)—নাকঃ, ত্রিদিবঃ, ত্রিদশালয়ঃ, সুরলোকঃ।

Exceptions :—(ক) **দ্যৌঃ স্ত্রিয়াম্**—স্বর্গবাচক হইলেও দিব্ ও দ্যৌ শব্দ স্ত্রীলিঙ্গ।

(খ) ত্রিপিষ্টপং নপুংসকে—ত্রিপিষ্টপ (heaven) শব্দ ক্লীবলিঙ্গ।

(গ) স্বরব্যয়ম্—স্বর (heaven) শব্দ অব্যয়।

যাগঃ (Sacrifice)—যজ্ঞঃ, অধ্বরঃ, মখঃ, ক্রতুঃ।

অদ্রিঃ (Mountain)—পর্ব্বতঃ, গিরিঃ, অচলঃ, শৈলঃ, মহীধরঃ, ভূধরঃ।

মেঘঃ (Cloud)—ঘনঃ, জলদঃ, নীরদঃ, ধরাধরঃ, জলধরঃ, বারিদঃ, অম্বুভৃৎ, জীমূতঃ।

(ক) **অভ্রংনপুংসকম্**—মেঘবাচক হইলেও অভ্র (cloud) শব্দ ক্লীবলিঙ্গ।

অব্ধিঃ (The sea)—সাগরঃ, রত্নাকরঃ, পারাবারঃ, জলধিঃ, বারিধিঃ, সিন্ধুঃ, যাদঃপতিঃ, সরিৎপতিঃ, অর্ণবঃ, উদধিঃ, জলনিধিঃ। **দ্রুঃ** (Tree)—বৃক্ষঃ, তরুঃ, পাদপঃ, বিটপী (বিটপিন্), দ্রুমঃ, শাখী (শাখিন্ like গুণিন্), মহীরুহঃ। কাল (Time)—কালঃ, সময়ঃ। অসিঃ (Sword)—খড়্গঃ, কৃপাণঃ। **শরঃ** (Arrow)—বাণঃ, আশুগঃ, বিশিখঃ, মার্গণঃ, পত্রী (পত্রিন্ like গুণিন্); কিন্তু—শরবাচক ইষু শব্দ পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ। অরিঃ (Enemy)—রিপুঃ, অমিত্রঃ, সপত্নঃ, বিপক্ষঃ, দস্যুঃ, শত্রুঃ, অরাতিঃ, বৈরী (বৈরিন্ like গুণিন্)।

৩। **কর-গণ্ডৌষ্ঠ-দোর্দ্দন্ত-কণ্ঠ-কেশ-নখ-স্তনাঃ**—কর (রশ্মি, রাজস্ব ও হস্ত), গণ্ড, ওষ্ঠ, দোস্ (বাহু), দন্ত, কণ্ঠ, কেশ, নখ, স্তন—এই সকল শব্দ এবং ইহাদের পর্য্যায় শব্দ সকল পুংলিঙ্গ। যথা—

করঃ (Ray of light)—কিরণঃ, ময়ূখঃ, অংশুঃ, রশ্মিঃ।

গণ্ডঃ (Cheek)—কপোলঃ। ওষ্ঠঃ (Lip)—অধরঃ, দন্তচ্ছদঃ, রদনচ্ছদঃ। দোঃ (দোস্—Arm)—ভুজঃ, বাহুঃ। দন্তঃ (Tooth)—রদনঃ, দশনঃ, রদঃ। কণ্ঠঃ (Neck)—গলঃ। কেশঃ (Hair)—চিকুরঃ, কুন্তলঃ, মূর্দ্ধজঃ,

* স্বরব্যয়ং স্বর্গ-নাক-ত্রিদিব-ত্রিদশালয়াঃ।
সুরলোকো দ্যোদিবৌ দ্বে স্ত্রিয়ৌ ক্লীবে ত্রিপিষ্টপম্॥

কচঃ, শিরোরুহঃ। নখঃ (Nail)—নখরঃ, পুনর্ভবঃ, কররুহঃ। স্তনঃ (Breast) —পয়োধর, কুচঃ।

(ক) **দীধিতিঃ স্ত্রিয়াম্**—কিরণবাচক হইলেও দীধিতি শব্দ স্ত্রীলিঙ্গ।।

৪। **অহ্নাহন্তাঃ**—সমাস-নিষ্পন্ন (অহন্ শব্দ স্থানে) 'অহ্ন' ও 'অহ'-ভাগান্ত শব্দ পুংলিঙ্গ। যথা—পূর্ব্বাহ্নঃ, পরাহ্নঃ, সর্ব্বাহ্নঃ, মধ্যাহ্নঃ, সায়াহ্নঃ। অহভাগান্ত— একাহঃ, দ্ব্যহঃ, ত্র্যহঃ, পরম্যাহঃ। কিন্তু 'পুণ্যাহ' শব্দ ক্লীবলিঙ্গ। যথা—পুণ্যাহম্।

৫। **রাত্রান্তাঃ প্রাগ্‌সংখ্যকাঃ**—সংখ্যাবাচক ভিন্ন অন্য শব্দের পরস্থিত সমাস-নিষ্পন্ন রাত্র-ভাগান্ত (রাত্রি শব্দ হইতে) শব্দ সকল পুংলিঙ্গ। যথা—অহোরাত্রঃ, সর্ব্বরাত্রঃ, মধ্যরাত্রঃ।

N. B.—রাত্র শব্দ সংখ্যাবাচক শব্দের পরবর্ত্তী হইলে ক্লীবলিঙ্গ হয়। যথা—একরাত্রম্, দ্বিরাত্রম্, পঞ্চরাত্রম্, সপ্তরাত্রম্ ইত্যাদি।

৬। **ক-ষ-ণ-ভ-ম রোপান্তাযন্তদন্তাঃ**—অকারান্ত শব্দের আকারের পূর্ব্বে যদি ক, ষ, ণ, ভ, ম ও র থাকে তবে সেই সকল শব্দ পুংলিঙ্গ হয়। যথা—লোকঃ, অকঃ, রোষঃ, দোষঃ, তুষঃ, কণঃ, গুণঃ, বৃষভঃ, গর্দ্দভঃ, ধূমঃ, সোমঃ, শীকরঃ, সমীরঃ।

Exceptions :—চিবুকম্, অংশুকম্, পীযুষম্ (অমৃত), পুরীষম্, ঋণম্, তৃণম্, পর্ণম্, কুসুমম্ জঠরম্, উদরম্, শরীরম্।

৭। **প-থ-ন-য-স-টোপান্তাঃ**—প, থ, ন, য, স কিংবা ট, যে সকল শব্দের অন্ত্যবর্ণের পূর্ব্বে থাকে, সেই সকল প্রায়ই পুংলিঙ্গ। যথা—যূপঃ, ধূপঃ, অর্থঃ, রথঃ, নাথঃ, শপথঃ, ফেনঃ, ইনঃ (সূর্য্য); জন., হয়ঃ (ঘোড়া), রয়ঃ (বেগ), রসঃ, বায়সঃ, কীটঃ, পট (a cloth), ঘট।

Exceptions :—পাপম্, রূপম্, সমীপম্, শষ্পম্ (ঘাস), তল্পম্ ছানা), ভুবনম্, সোপানম্, ইন্দ্রিয়ম্, উত্তরীয়ম্, মানসম্, সাহসম্, মুকুটম্, কিরীটম।

৮। **ঘঞলন্তাঃ**—ঘঞ্ ও অল্ প্রত্যয়ান্ত শব্দ সকল পুংলিঙ্গ। যথা, **ঘঞ্**—লভ্+ঘঞ্=লাভঃ, পচ্+ঘঞ্=পাকঃ, এইরূপ—ত্যাগঃ, বাসঃ, পাঠঃ, পাশঃ। **অল্**—জি+অল্=জয়ঃ, বি-নী+অল্=বিনয়ঃ।

N. B.—**ভয়-মুখ-বর্ষপদানি-নপুংসকে**—অল্ প্রত্যয়ান্ত হইলেও ভয়, মুখ, বর্ষ ও পদ এই কয়েকটি শব্দ ক্লীবলিঙ্গ। যথা—অস্মিন্ নগরে তস্করেভ্যো ভয়ং ন বিদ্যতে।

৯। **নঙন্তঃ**—**নঙ্** (ন) প্রত্যয়ান্ত শব্দ সকল পুংলিঙ্গ। যথা—যত্ন (যত+নঙ্) এইরূপ, প্রশ্নঃ, স্বপ্নঃ।

(ক) **যাচ্ঞা স্ত্রিয়াম্**—**নঙ্** প্রত্যয়ান্ত যাচ্ঞা শব্দ স্ত্রীলিঙ্গ।

১০। কি-প্রত্যয়ান্ত শব্দ (দা ও ধা ধাতু-নিষ্পন্ন) পুংলিঙ্গ। যথা—আদিঃ (আ+দা+কি)। এইরূপ—বিধিঃ, বারিধিঃ, জলধিঃ, পয়োধিঃ, সন্ধিঃ, নিধিঃ।

(ক) **ইষুধিঃ স্ত্রী চ**—কি-প্রত্যয়ান্ত হইলেও ইষুধি (quiver) শব্দ পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গে ব্যবহৃত হয়। যথা—ইয়ম্ (or অয়ম্) ইষুধি।

১১। **ণাথ্বিমনন্তাঃ**—(ণ+অথু+ইমন্) **ণঅথু** ও **ইমন্** প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গ। যথা—গরিমা (গরিমন্), মহিমা (মহিমন্), লঘিমা (লঘিমন্), ব্যাধঃ (ব্যধ্+ণ), বেপথুঃ (কম্পন)।

N. B.—প্রিয়+ইমন্=প্রেমন্ (পুং), প্রী+মন্=প্রেমন্ (ক্লীং)।

১২। **রুত্বন্তঃ**—(রু-তু+অন্ত)—শেষে 'রু' বা 'তু' থাকে, এরূপ শব্দ সকল পুংলিঙ্গ। যথা—মেরুঃ, শত্রুঃ, হেতুঃ, সেতুঃ।

Exceptions :—বস্তু ও জতু শব্দ ক্লীবলিঙ্গ এবং দারু শব্দ পুংলিঙ্গ ও ক্লীবলিঙ্গ।

১৩। **দারাক্ষতলাজাসূনাং বহুত্বঞ্চ**—দার (wife), অক্ষত (আতপ চাল), লাজ (খই), অসু (life) এই চারিটি শব্দ পুংলিঙ্গ এবং বহুবচনে ব্যবহৃত হয়।

---

৮) ঘঞলৌ পুংসি।

Exercise 3

1. *Translate into Sanskrit :—*

A. বিধি ললাটে যাহা লিখিয়াছেন তাহাই হইবে। বালিকারা প্রাসাদের শিখর হইতে লাজ (খই) বর্ষণ করিতে লাগিল। চন্দ্রকিরণের স্পর্শে চন্দ্রকান্তমণি ঘামিতে থাকে (স্বিদ্যতি)। ভগবানের মহিমা কেহই অবগত নহে।

B. There are six seasons (ঋতু-পুং) in a year. 2. Drops of water are falling. 3. Cats have sharp teeth. 4. Nahush (নহুষঃ) became the king of heaven. 5. Please see him in the afternoon. 6. There is no virtue like modesty. 7. Read the Vedas carefully (যত্নেন). 8. Rain will come from the black clouds. 9. There are many stars in the sky. 10. Many fishes live (বস্) in this tank.

2. *Correct the following sentences, giving reasons :—*

(১) ইদম্ অধ্যয়নস্য কালম্। (২) যজ্ঞানি পশ্য। (৩) গগনে মেঘং ন বিদ্যতে। (৪) বনে বহূনি পাদপানি সন্তি। (৫) অন্নস্য পাকং ভবতি। (৬) বর্ষায়াং বৃষ্টিঃ পততি। (৭) স্বামিন্ মম প্রাণং রক্ষ। (৮) বসন্তং রমণীয়ম্। (৯) তব কার্য্যেষু মহৎ যত্নং বিদ্যতে। (১০) ভগবতঃ মহিমা অপরা।

স্ত্রীলিঙ্গ—Feminine Gender

১। **য্বন্তমেকাক্ষরম্**—(ঈ+উ+অন্তম্+একাক্ষরম্)—একস্বর-বিশিষ্ট ঈকারান্ত ও উকারান্ত শব্দ সকল স্ত্রীলিঙ্গ। যথা—একস্বর ঈকারান্ত—শ্রীঃ, হ্রীঃ, ধীঃ, ভী। একস্বর উকারান্ত—ভ্রূঃ, ভূঃ। একস্বর না হইলে স্ত্রীলিঙ্গ হয় না। যেমন—সুধীঃ, স্বয়ভূঃ।

২। **নাম বিদ্যুন্নিশা-বল্লী-বীণা-দিগ্-ভূ-নদী-হ্রিয়াম্**—বিদ্যুৎ, নিশা (রাত্রি), বল্লী (লতা), বীণা, দিক্, ভূ (পৃথিবী), নদী ও হ্রী (লজ্জা) বাচক শব্দ স্ত্রীলিঙ্গ। যথা—

বিদ্যুৎ (Lightning)—ক্ষণপ্রভা, তড়িৎ, সৌদামিনী, চঞ্চলা, চপলা। নিশা (Night) -রাত্রিঃ, রজনী, যামিনী, তমস্বিনী, বিভাবরী, নিশীথিনী, শর্ব্বরী, ত্রিযামা, ক্ষণদা, ক্ষপা। বল্লী (Creeper)—ব্রততিঃ, লতা। বীণা

(Harp)—বল্লকী, বিপঞ্চী। দিক্ (Direction)—আশা, হরিৎ, কুকুভ, কাষ্ঠা। ভূঃ (The Earth)—বিশ্বম্ভরা, পৃথী, ধরা, বসুধা, ক্ষিতিঃ, বসুমতী, ধরণী, মহী। বিশ্বম্ভরা ভগবতী ভবতীম্ অসূত—(উ)। নদী (River) স্রোতস্বতী, তরঙ্গিণী, প্রবাহিণী, সরিৎ, তটিনী। হ্রীঃ (bashfulness)—ত্রপা, ব্রীড়া, লজ্জা।

৩। ক্তিন্নন্তঃ (ক্তিন্=ক্তি, ক্তিন্+অন্তঃ)—ক্তি-প্রত্যয়ান্ত শব্দ সকল স্ত্রীলিঙ্গ। যথা—কৃতিঃ (কৃ+ক্তি)। এইরূপ—ভূতিঃ, গতিঃ, বুদ্ধিঃ, শান্তিঃ, ভক্তিঃ, মতিঃ। কিন্তু জ্ঞাতি শব্দ পুংলিঙ্গ।

৪। তিথিবাচকঃ স্ত্রিয়াম্—তিথি-বাচক শব্দ সকল স্ত্রীলিঙ্গ। যথা—প্রতিপৎ, দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী, সপ্তমী, অমাবস্যা, পূর্ণিমা ইত্যাদি।

৫। বিংশত্যাদিরানবতেঃ (বিংশতি+আদিঃ+আ+নবতেঃ)—বিংশতি হইতে নবতি পর্য্যন্ত সংখ্যাবাচক শব্দ সকল স্ত্রীলিঙ্গ। যথা—ইয়ং বিংশতিঃ, এইরূপ—একবিংশতিঃ, ত্রিংশৎ, চত্বারিংশৎ, পঞ্চাশৎ, ষষ্টিঃ, সপ্ততিঃ, অশীতিঃ, নবতিঃ ইত্যাদি। (ইহাদের মধ্যে ইকারান্ত শব্দগুলির রূপ মতি শব্দের ন্যায় ও 'ৎ'-ভাগান্ত শব্দগুলির রূপ ভূভৃৎ শব্দের ন্যায় হইয়া থাকে।

৬। মিন্যন্তঃ (মি-নি+অন্ত)—মি ও নি প্রত্যয়ান্ত শব্দ সকল স্ত্রীলিঙ্গ। যথা—ভূমিঃ, গ্লানিঃ, হানিঃ।

৭। বহ্নিবৃষ্ণ্যগ্ন্যয়ঃ পুংসি—নি প্রত্যয়ান্ত হইলেও বহ্নি, বৃষ্ণি (যদুবংশ) ও অগ্নি শব্দ পুংলিঙ্গ।

৮। ঋকারান্তা মাতৃ-দুহিতৃ স্বসৃ-যাতৃ-ননান্দরঃ—ঋ-কারান্ত মাতৃ, দুহিতৃ, স্বসৃ (ভগিনী), যাতৃ (husband's brother's wife) ও ননান্দৃ (ননদ) শব্দ স্ত্রীলিঙ্গ। যথা—মাতা, দুহিতা, স্বসা, যাতা, ননান্দা।

৯। অপ্-সুমনস্-সমা-সিকতা-বর্ষাণাং বহুত্বঞ্চ—অপ্ (জল), সুমনস্ (পুষ্প), সমা (বৎসর), সিকতা (বালুকাময়, বালুকাময় ভূমি) ও বর্ষা (rainy

season) শব্দ স্ত্রীলিঙ্গ ও নিত্য বহুবচনান্ত। যথা—ইমাঃ আপঃ, এতাঃ সিকতাঃ, শতং সমাঃ।

১০। **তলন্তঃ**—(তল্=তা, তল্+অন্ত)—'তা' প্রত্যয়ান্ত শব্দ সকল স্ত্রীলিঙ্গ। যথা—জনতা (জন্+তা) এইরূপ, মনুষ্যতা, সাধুতা, বন্ধুতা ইত্যাদি।

১১। **অশীর্ধূঃপূর্গীর্দ্বার**—আশিস্, ধুর্ (ভার), পুঃ (নগরী), গির্ (বাক্য) এবং দ্বার (door) শব্দ স্ত্রীলিঙ্গ। যথা—শুভা আশীঃ, রম্যা পুঃ, যুক্তি-পূর্ণা গীঃ ইত্যাদি।

Exercise 4

1. Ascertain the genders of the following, giving reasons :—

সিকতা, সাধুতা, ধী, বিদ্যুৎ, দার, অপ্, প্রতিপৎ, বাগ্, অগ্নি, ত্রিংশৎ, অশীতি, ইষুধি, ধূম, ঋণ, সায়াহ্ন, শান্তি, অমাবস্যা, ত্রিলোকী and ত্রিভুবন।

2. Translate into Sanskrit.—

A. প্রতিপদে বেদ পড়িতে নাই। তাহার বয়স আশী বৎসর হইল। দেবতা ও ব্রাহ্মণের প্রতি তোমার ভক্তি থাকুক। গ্রীষ্মকালে দিন বড় কিন্তু শীতকালে রাত্রি বড়।

B. 1. There are (বিদ্যতে) six flowers in that creeper. 2. He has no peace of mind. 3. Fifty brahmins were invited. 4. Honesty is the best policy. 5. I feel (অনু+ভূ) pain in my leg. 6. Forgiveness is the greatest of virtues. 7. He lies (শী) on a soft bed. 8. Lakshmi is the goddess of wealth. 9. A lion used to live in that cave. 10. Hundreds of years (সমাঃ) passed away.

3. Correct the following, giving reasons

অয়ং হি পঞ্চবটী। অশীতয়ঃ বালকাঃ অত্র আগচ্ছন্। অয়ং দারাঃ প্রবলঃ। তস্য বুদ্ধিঃ প্রখর।

ক্লীবলিঙ্গ—Neuter Gender

১। দ্বিহীনেঽন্যচ্চ খারণ্য-পর্ণ-শ্বভ্র হিমোদকম্।
শীতোষ্ণ-মাংস-রুধির-মুখাক্ষি-দ্রবিণবলম্॥

যে সকল শব্দ পুংলিঙ্গ বা স্ত্রীলিঙ্গ নয় (পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ প্রকরণে উক্ত শব্দ ভিন্ন) সেই সকল শব্দ ক্লীবলিঙ্গ এবং খ (আকাশ), অরণ্য, পর্ণ (পত্র), শ্বভ্র (গর্ত্ত), হিম, উদক (জল), শীত, উষ্ণ, মাংস, রুধির, মুখ, অক্ষি (চক্ষু), দ্রবিণ (ধন) ও বল এই সকল শব্দ এবং ইহাদের পর্য্যায়শব্দ (Synonyms) সকল ক্লীবলিঙ্গ। যথা—খম্ (The sky)—নভঃ (নভস্ like পয়স্), অন্তরীক্ষম্, গগনম্, অম্বরম্, বিয়ৎ, বিষ্ণুপদম্। কিন্তু দ্যৌ ও দিব্ শব্দ স্ত্রীলিঙ্গ; আকাশ ও বিহায়স্ শব্দ পুংলিঙ্গ ও ক্লীবলিঙ্গ। অরণ্যম্ (Forest)—বনম্, বিপিনম্, গহনম্, কাননম্; কিন্তু **অটবী** শব্দ স্ত্রীলিঙ্গ। পর্ণম্ (Leaf)—পত্রম্, পলাশম, ছদনম্, দলম্; কিন্তু **ছদ** শব্দ পুংলিঙ্গ। শ্বভ্রম্ (Hole)—কুহরম্, বিবরম্, বিলম্, ছিদ্রম্, রন্ধ্রম্। হিমম্—তুহিনম্, প্রালেয়ম্। কিন্তু নীহার ও তুষার শব্দ পুংলিঙ্গ। উদকম্ (Water)—বারি, সলিলম্, পয়ঃ, অম্ভঃ (অম্ভস্ like পয়স্), তোয়ম্, পানীয়ম্, নীরম্, অম্বু। কিন্তু **অপ্** শব্দ স্ত্রীলিঙ্গ শীতম্ (Cold)—শিশিরম্। উষ্ণম্ (Warm)—তিগ্মম্। মাংসম্ (Flesh)—পলম্, আমিষম্. পিশিতম্। রুধিরম্ (Blood)—রক্তম্, লোহিতম্, শোণিতম্। মুখম্ (Mouth)—বদনম্, আস্যম্. বক্ত্রম্, আননম্। অক্ষি (Eye)—চক্ষুঃ (চক্ষুস্), লোচনম্, নয়নম্, নেত্রম্, ইক্ষণম্। দ্রবিণম্ (Wealth of army)—বিত্তম্, ধনম্, বসু; কিন্তু **অর্থ** ও বিভব শব্দ পুংলিঙ্গ। বলম্ (Strength)—সৈন্যম্, সামর্থ্যম্।

২। হল-হেম-শুল্ব-লোহ-সুখ-দুঃখ-শুভাশুভম্।
জলপুষ্পাণি লবণং ব্যঞ্জনান্যনুলেপনম্॥

হল, হেম (স্বর্ণ), শুল্ব (তাম্র), লৌহ, সুখ, দুঃখ, শুভ, অশুভ, জলপুষ্প, লবণ, ব্যঞ্জন ও অনুলেপন শব্দ এবং ইহাদের পর্য্যায়শব্দ (Synonyms) ক্লীবলিঙ্গ যথা—

হলম্ (Plough)—লাঙ্গলম্। হেম (হেমন্—Gold)—স্বর্ণম, কাঞ্চনম্; সুবর্ণম্। শুল্বম্ (Copper)—তাম্রম্। লোহম্ (Iron)—লৌহম্, অয়ঃ (অয়স্ like পয়স্)। সুখম্ (Happiness)—সৌখ্যম্, শর্ম্ম (শর্ম্মন্ like কর্ম্মন্), কিন্তু মুদ্ ও প্রীতি শব্দ স্ত্রীলিঙ্গ। দুঃখম্ (Misery)—কষ্টম্, কৃচ্ছ্রম্। শুভম্ (Good)—শিবম্, ভদ্রম্, কল্যাণম্, মঙ্গলম্, কুশলম্। অশুভম্ (ill)—অমঙ্গলম্, অকল্যাণম্ অশিবম্। জলপুষ্পম্ (Aquatic flower)—পদ্মম্, অরবিন্দম্, কুমুদম্, কহ্লারম্। লবণম্ (Salt)—সৈন্ধবম্। ব্যঞ্জনম্ (Sauce)—দধি, দুগ্ধম্, ঘৃতম্। অনুলেপনম্ (Paste for toilet)—কুঙ্কুমম্, অগুরু, চন্দনম্।

৩। **দ্বন্দ্বৈকত্বাব্যয়ীভাবৌ**—সমাহার দ্বন্দ্ব ও অব্যয়ীভাব সমাস নিষ্পন্ন পদ সকল ক্লীবলিঙ্গ। যথা—**সমাহারদ্বন্দ্ব**—পাণিপাদম্, হস্ত্যশ্বম্, অহিনকুলম্। **অব্যয়ীভাব**—প্রতিদিনম্, যথাজ্ঞানম্ উপকুম্ভম্, নির্বিঘ্নম্।

৪। **পথঃ সংখ্যাব্যয়াৎ পরঃ**—সংখ্যাবাচক ও অব্যয় শব্দের পরবর্ত্তী সমাস-নিষ্পন্ন 'পথ' শব্দ ক্লীবলিঙ্গ হয়। যথা—ত্রিপথম্, চতুষ্পথম্, বিপথম্, কাপথম্।

৫। **ত্বষ্যঞৌ তদ্ধিতৌ**—ভাববাচ্যে বিহিত ত্ব ও ষ্যঞ্ (ষ্য) প্রত্যয়-নিষ্পন্ন শব্দগুলি ক্লীবলিঙ্গ। যথা—ত্ব—মধুরত্বম্, গুরুত্বম, সাধুত্বম্। **ষ্য**—মাধুর্য্যম্ (মধুর+ষ্য), আলস্যম্।

৬। **ভাবে ল্যুডন্তঃ** (ল্যুট্+অন্তঃ, ল্যুট্—অনট্)—ভাববাচ্যে বিহিত অনট্ প্রত্যয় নিষ্পন্ন শব্দ সকল ক্লীবলিঙ্গ। যথা—পানম্, দানম্, গমনম্, ভোজনম্।

৭। **নিষ্ঠা চ**—ভাববাচ্যে বিহিত নিষ্ঠা-প্রত্যয়-নিষ্পন্ন শব্দ সকল ক্লীবলিঙ্গ; ক্ত ও ক্তবতু প্রত্যয়কে নিষ্ঠা বলে, ক্তবতু প্রত্যয় ভাববাচ্যে হয় না, অতএব, এখানে নিষ্ঠা বলিতে কেবল ক্ত প্রত্যয় বুঝিতে হইবে। যথা—গতম্, হসিতম্, শয়িতম্, গীতম্।

৮। **ইসুসন্তঃ** (ইস্+উস্+অন্তঃ)—যে সকল শব্দের অন্তে ইস্ ও উস্ আছে, সেই সকল শব্দ ক্লীবলিঙ্গ। যথা—ইস্—হবিস্ (হবিঃ—ঘৃত), জ্যোতিঃ (জ্যোতিস্), সর্পিস্ (সর্পিঃ—ঘৃত), উস্—বপুস্ (বপুঃ), ধনুস্ (ধনুঃ), আয়ুস্ (আয়ুঃ)।

৯। **অসন্তো দ্ব্যচ্ কঃ**—অস্-ভাগান্ত শব্দ দুইটি স্বর বিশিষ্ট হইলে প্রায়ই ক্লীবলিঙ্গ হয়। যথা—যশঃ (যশস্), তেজঃ (তেজস্), মনঃ (মনস্), পয়ঃ (পয়স্)। কিন্তু বেধস্ (বিধাতা) শব্দ পুংলিঙ্গ।

১০। **মন্দ্ব্যচকোঽকর্ত্তরি**—কর্ত্তৃবাচ্য-ভিন্ন অপর বাচ্যে দুইটি স্বর-বিশিষ্ট মন্ প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ। যথা—চর্ম্ম (চর্ম্মন্), নাম (নামন্), কর্ম্ম (কর্ম্মন্), শর্ম্ম (শর্ম্মন্—সুখ), ছদ্ম (ছদ্মন্), ব্যোম (ব্যোমন্)।

১১। **ব্রহ্মন্ পুংসি চ**—ব্রহ্মন্ শব্দ পুংলিঙ্গ ও ক্লীবলিঙ্গ। যথা—অয়ং ব্রহ্মা, ইদং ব্রহ্ম।

১২। **ইত্র, অয়ট্ ও তয়ট্**-প্রত্যয়ান্ত শব্দ সকল ক্লীবলিঙ্গ। যথা—চরিত্রম্, পবিত্রম্, দ্বায়ম্, চতুষ্টয়ম্। (১) মম বস্ত্রদ্বয়ং বর্ত্ততে। (২) রামস্য পুস্তক-চতুষ্টয়ং বিদ্যতে।

১৩। **মিত্র শব্দ** (বন্ধু—Friend অর্থে) ক্লীবলিঙ্গ। কিন্তু 'সূর্য্য' অর্থে পুংলিঙ্গ। যথা—(১) মম মিত্রং হিরণ্যকো নাম মূষিকরাজঃ গণ্ডকীতীরে চিত্রবনে নিবসতি (হি)। (২) পূর্ব্বস্যাং দিশি মিত্রঃ উদেতি।

১৪। ক্রিয়াবিশেষণ, বিশেষণের বিশেষণ ও অব্যয়ের বিশেষণ ক্লীবলিঙ্গ। যথা—

ক্রিয়াবিশেষণ—শিশুঃ মধুরং হসতি। অব্যয়ের বিশেষণ—ইদং শোভনং প্রাতঃ। বিশেষণের বিশেষণ—অয়ং শিশুঃ অত্যন্তং সুন্দরঃ।

১৫। **রাত্রং প্রাকসংখ্যায়ান্বিতম্**—সংখ্যাবাচক শব্দ আদিতে থাকিলে সমাস-নিষ্পন্ন 'রাত্র'-ভাগান্ত শব্দ ক্লীবলিঙ্গ হয়। যথা—

দ্বিরাত্রম্, ত্রিরাত্রম্, পঞ্চরাত্রম্।

১৬। **শতাদি সংখ্যা**—শত প্রভৃতি সংখ্যাবাচক শব্দ ক্লীবলিঙ্গ। যথা—শতম্, সহস্রম্, অযুতম্। ধৃতরাষ্ট্রস্য শতং পুত্রাঃ বভূবুঃ।

১৭। **দ্বিগুঃ স্ত্রিয়াং চ**—দ্বিগু সমাস নিষ্পন্ন পদ কতকগুলি ক্লীবলিঙ্গ ও কতকগুলি স্ত্রীলিঙ্গ। যথা—

ত্রিভুবনম্ (ত্রয়াণাং ভুবনানাং সমাহারঃ), চতুর্যুগম্, ত্রিলোকী (ত্রয়াণাং লোকানাং সমাহারঃ), পঞ্চবটি, সপ্তশতী।

১৮। **ষ্ণান্তা সংখ্যা** (ষ+ন্=ষ্ণ+অন্ত)—সংখ্যাবাচক ষকারান্ত ও নকারান্ত শব্দ তিন লিঙ্গেই সমান রূপ হয়। যথা—ষট্ নরাঃ, ষট্ নার্য্যঃ, ষট্ ফলানি। পঞ্চঃ নরাঃ, পঞ্চ নার্য্যঃ, পঞ্চ ফলানি।

১৯। **অব্যয়ং কতি যুষ্মদস্মদঃ**—অব্যয় শব্দ, কতি শব্দ, যুষ্মদ্ ও অস্মদ্ শব্দ তিন লিঙ্গেই সমান রূপ হয়। যথা—উচ্চৈঃ স্বরঃ, উচ্চৈঃ বাণী, উচ্চৈঃ বাক্যম্। ত্বং পুমান্, ত্বম্ অপত্যম্। অহং নরঃ, অহং নারী, অহম্ অপত্যম্।

Note.—A. **পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ** শব্দ (Bases both Masculine and Feminine)—কর্কন্ধু (কুলগাছ), গো, মণি, মরীচি (কিরণ), যষ্টি, মুষ্টি, বেণু এবং সিন্ধু শব্দ পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ।

B. **পুংলিঙ্গ ও ক্লীবলিঙ্গ** শব্দ (Bases both Masculine and Neuter)—অঙ্কুর, অঙ্কুশ, অষ্টাপদ (স্বর্ণ), অর্দ্ধ, আকাশ, কুলিশ, কুশ, কিশলয়, কুঞ্জ, খণ্ড, গৃহ, কবন্ধ, ভূত, পার্শ্ব, পুচ্ছ, দণ্ড, দেহ, পটহ, শল্য ও শব শব্দ পুংলিঙ্গ ও ক্লীবলিঙ্গ।

Exercise 5

1. Ascertain the genders of the following, stating sufficient reasons :—

আকাশ, গৃহ, যষ্টি, পঙ্কজ্, পয়স্, অঙ্কুর, মেঘ, ক্রতু, ব্রততি, বিংশতি, বিদ্যুৎ, স্বর্ণ, পশুপতি, গৌ, ইষুধি, অরি, অম্বু, চক্ষুস্, সহস্র।

2. Translate into Sanskrit :—

A. পূজার নিমিত্ত একশত আটটি পদ্ম আনিও। এই গাছটির পাতাগুলি লাল। উৎসাহ অপেক্ষা ধৈর্য্য অধিক প্রসংসার যোগ্য। বাতাসে ফুলের রেণু উড়িতেছে।

B. 1. Bees are gathering (আ+হৃ) honey from flowers. 2. These fields are covered with green grass. 3. Salt makes our dishes (ব্যঞ্জনম্) sweet. 4. Bring me two clean clothes. 5. Banares (বারাণসী) is a holy city. 6. This skin (চর্ম্মন্) is wet with water. 7. Honesty is a great virtue. 8. The Ramayana is a sacred book of the Hindus.

3. Correct the following sentences, giving reasons :—

(১) মম মিত্রঃ বিদেশং গতঃ। (২) সদা সৎ কর্ম্মং কুরু। (৩) নির্ম্মলং শীতলং চ বারি পিবেৎ। (৪) হিরণস্য নেত্রৌ সুন্দরৌ। (৫) ভয়েন মম পাণিপাদৌ কম্পতে।

LESSON V

পুরুষ—Person

১। পুরুষ তিন প্রকার। যথা—**প্রথম পুরুষ** (Third person), **মধ্যম পুরুষ** (Second person) ও **উত্তম পুরুষ** (First person)। অস্মদ্ শব্দ উত্তম পুরুষ, যুষ্মদ্ শব্দ মধ্যম পুরুষ, এতদ্ভিন্ন সমস্ত শব্দই প্রথম পুরুষ। যথা—অহং পশ্যামি (I see), ত্বং পশ্যসি (You see), রামঃ পশ্যতি (Rama sees)।

২। ইংরাজির ন্যায় সংস্কৃতেও কোন উচ্চপদস্থ ব্যক্তিকে সম্বোধন করিয়া বলিতে হইলে মধ্যম পুরুষের পরিবর্ত্তে প্রথম পুরুষ ব্যবহৃত হয়। যথা—যথা আজ্ঞাপয়তি দেবঃ (As your Majesty commands)।

দ্রষ্টব্য—ভবৎ শব্দের অর্থ যুষ্মদ্ হইলেও উহার ক্রিয়ায় প্রথম পুরুষের বিভক্তি হইবে। অর্থাৎ **'ভবান্'** (Second person) হইলেও সংস্কৃতে প্রথম পুরুষ ; মধ্যম পুরুষ নহে। যথা—(১) আপনি গমন করুন—ভবান্ গচ্ছতু (গচ্ছ নহে)। (২) আপনারা উপবেশন করুন—ভবন্তঃ উপবিশন্তু।

কর্ত্তা ও ক্রিয়ার সমন্বয়

(Concord of Nominative and Verb)

১। কর্তৃবাচ্যে কর্ত্তার পুরুষ অনুসারে ক্রিয়ার পুরুষ অর্থাৎ কর্ত্তা প্রথম পুরুষ (third person) হইলে ক্রিয়ার প্রথম পুরুষের বিভক্তি হয় ; কর্ত্তা মধ্যম পুরুষ (second person) হইলে ক্রিয়ার মধ্যম পুরুষের বিভক্তি হয় ; এবং কর্ত্তা উত্তম পুরুষ (first person) হইলে ক্রিয়ার উত্তম পুরুষের বিভক্তি হইয়া থাকে। যথা—**প্রথম পুরুষ** :—শিশুর্হসতি। চন্দ্রো ভাতি। বৃষ্টিঃ পততি। **মধ্যম পুরুষ** :—ত্বং বিদ্যালং গচ্ছসি। **উত্তম পুরুষ**—অহং ব্যাকরণং পঠামি।

২। কর্তৃবাচ্যে কর্ত্তার বচন অনুসারে ক্রিয়ার বচন নির্ণয় করা হয়, অর্থাৎ কর্ত্তায় একবচন হইলে ক্রিয়ার একবচন, কর্ত্তায় দ্বিবচন হইলে ক্রিয়ার দ্বিবচন এবং কর্ত্তায় বহুবচন হইলে ক্রিয়ার বহুবচন হয়। যথা --

1. বালকঃ গচ্ছতি। 2. বালকৌ গচ্ছতঃ। 3. বালকাঃ গচ্ছন্তি। 4. ত্বং গ্রামং গচ্ছসি। 5. যুবাং গ্রামং গচ্ছথঃ। 6. যূয়ং গ্রামং গচ্ছথ। 7. অহং কার্য্যং করোমি। 8. আবাং কার্য্যং কুর্ব্বঃ। 9. বয়ং কার্য্যং কুর্ম্মঃ।

Exercise 6

1. *Translate into Sanskrit* :—

1. We two were present there. 2. My brother will read (পঠ্) the Ramayana. 3. We shall stay (স্থা) in this house. 4. Five intelligent boys read in this school. 5. The ripe fruits will fall down (পত্) from the tree. 6. Rama saw (দৃশ্) two poor boys on the road. 7. There are (বিদ্যন্তে) many trees in the garden. 8. He will come (আগমিষ্যতি) to our house in winter. 9. Stars do not fall from the sky.

LESSON VI

কারক ও বিভক্তি

(Cases and Case-endings)

কারক—Case

১। **ক্রিয়ান্বয়ি কারকম্**—ক্রিয়ার সহিত যাহার অন্বয় হয়, ... কারক বলে। যথা—**রামঃ** গচ্ছতি। (২) **পুষ্পং** চিনোতি। (৩) **কুঠারেণ** ছিনত্তি। (৪) **বিপ্রায় গাং** দদাতি। (৫) **বৃক্ষাৎ পত্রাণি** পতন্তি। (৬) **বনে সিংহঃ** বসতি।

এই ছয়টি বাক্যে বড় অক্ষবে মুদ্রিত পদগুলির সহিত ক্রিয়া পদের প্রধানভাবে অন্বয় (সম্বন্ধ) আছে। অতএব ইহারা কারক।

২। **ষট্ কারকাণি**—সংস্কৃতে ছয়টি কারক, যথা—(১) কর্ত্তৃকাবক, (২) কর্ম্মকাবক, (৩) করণকারক, (৪) সম্প্রদান কারক, (৫) অপাদান কাবক ও (৬) অধিকরণ কারক।

কর্ত্তা কর্ম্ম চ করণং সম্প্রদানং তথৈব চ।
আপাদানাধিকরণমিত্যাহুঃ কাবকাণি ষট্॥

Note : সম্বন্ধ ও সম্বোধন পদ—ক্রিয়ার সহিত অন্বয় (সম্বন্ধ) থাকে না বলিয়া ইংরাজী Possessive Case ও Vocative Case সংস্কৃতে কারক নহে। সংস্কৃতে Possessive Caseকে সম্বন্ধ পদ ও Vocative Caseকে সম্বোধন পদ বলে। সম্বন্ধ পদ ও সম্বোধন পদের সহিত বিশেষ্য পদের অন্বয় হয়, ক্রিয়ার অন্বয় হয় না। যথা—My house—মম গৃহম্। O God!—ভোঃ পরমেশ্বর! এখানে 'মম' সম্বন্ধ পদ এবং 'পরমেশ্বর' সম্বোধন পদ।

বিভক্তি—Case-endings

৩। **সংখ্যাকারকয়োর্বোধয়িত্রী বিভক্তিঃ**—যাহা দ্বারা সংখ্যা ও কারকের জ্ঞান জন্মে, তাহাকে বিভক্তি বলে। যথা—

নরঃ, নরৌঃ, নরাঃ—এস্থলে নর শব্দে প্রথমা বিভক্তির যোগ থাকাতে এক নর, দুই নর ও বহু নর এইরূপ সংখ্যা বুঝাইতেছে। চন্দ্রং পশ্যতি—এস্থলে দ্বিতীয়া বিভক্তির যোগ হওয়াতে 'চন্দ্র' কর্ম্মকারক বলিয়া বুঝা যাইতেছে।

৪। **বিভক্তয়ঃ সপ্ত**—প্রথমা, দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী ও সপ্তমী—এই সাতটি বিভক্তি।

Note : উপপদ-বিভক্তি ও কারক বিভক্তি—সংস্কৃতে বিনা, প্রতি, ধিক্, নমঃ প্রভৃতি কতকগুলি অব্যয়ের যোগে কোন কোন বিভক্তি হইয়া থাকে। এই সকল বিভক্তির নাম **উপপদ বিভক্তি**। আর কর্ত্তা, কর্ম্ম, করণ প্রভৃতি কারক নিমিত্ত যে বিভক্তি হয়, তাহার নাম **কারক-বিভক্তি**। কোন বাক্যে উপপদ-বিভক্তি ও কারক-বিভক্তি এই দুই প্রকার বিভক্তি হইবার সম্ভাবনা থাকিলে কারক-বিভক্তিই হইবে। কারণ, উপপদ-বিভক্তি ও কারক-বিভক্তি এই দুইটির মধ্যে কারক-বিভক্তিই প্রধান—"**উপপদবিভক্তেঃ কারক-বিভক্তির্বলীয়সী**।"

কর্ত্তৃকারক—Nominative Case

৫। **ক্রিয়াসম্পাদকঃ কর্ত্তা**—যে ক্রিয়া সম্পাদন করে, তাহাকে কর্ত্তৃকারক বলে। যথা—শিশুঃ ক্রীড়তি। গৌঃ শব্দায়তে। মেঘো গর্জ্জতি।

৬। **প্রযোজকশ্চ**—যে প্রযোজক অর্থাৎ অপরকে ক্রিয়ায় প্রবর্ত্তিত করে, তাহাকেও কর্ত্তৃকারক বলে। যথা—ছাত্রঃ শাস্ত্রম্ অধীতে। শিক্ষকঃ ছাত্রং শাস্ত্রম্ অধ্যাপয়তি। এখানে শিক্ষক ছাত্রকে শাস্ত্রাধ্যয়ন রূপ ক্রিয়ায় প্রবর্ত্তিত করিতেছেন; এইজন্য 'শিক্ষক' প্রযোজক কর্ত্তা। ইহাকে হেতু-কর্ত্তাও বলে।

প্রযোজক ও প্রযোজ্যের বিস্তৃত বিবরণ ণিজন্ত প্রকরণে দ্রষ্টব্য।

৫। স্বতন্ত্র কর্ত্তা (পা)—ক্রিয়া সম্পাদন বিষয়ে যে স্বতন্ত্র (স্বাধীন) হইয়া ক্রিয়া নিষ্পত্তি করে তাহাকে কর্ত্তা বলে।

৬। তৎপ্রযোজকো হেতুশ্চ—(পা)

প্রথমা বিভক্তি—First Case-ending

৭। **অভিধেয়মাত্রে প্রথমা**—কেবল অভিধেয় অর্থাৎ শব্দার্থ বুঝাইলে প্রথমা বিভক্তি হয়। যথা—চন্দ্রঃ, জলম্, পৃথিবী, লতা, গিরিঃ, নারী।

N.B.—যে শব্দের দ্বারা যাহা বুঝায়, তাহা সেই শব্দের অভিধেয়ঃ—ইহাকেই **ক্রিয়ারাহিত্যে প্রথমা** বলে। যথা—

তানীন্দ্রিয়াণ্যবিকলানি তদেব নাম
সা বুদ্ধিরপ্রতিহতা বচনং তদেব—(ভো)

Note. মহর্ষি পাণিনি বলেন,—**প্রাতিপদিকার্থ লিঙ্গপরিমাণবচনমাত্রে প্রথমা**—প্রাতিপদিকার্থমাত্রে কেবল প্রাতিপদিকের (শব্দের) অর্থ বুঝাইবার জন্য লিঙ্গমাত্রে (পুংলিঙ্গ, স্ত্রীলিঙ্গ বা ক্লীবলিঙ্গ বুঝাইবার জন্য) পরিমাণ মাত্রে (পরিমাণ বুঝাইবার জন্য), বচনমাত্রে (বচন বুঝাইবার জন্য) প্রথমা বিভক্তি হয়। যথা—প্রাতিপদিকের অর্থমাত্র—উচ্চৈঃ, নীচৈঃ, কৃষ্ণঃ, শ্রীঃ, জ্ঞানম্। লিঙ্গমাত্রে—তটঃ, তটী, তটম্। পরিমাণ মাত্রে—দ্রোণো, ব্রীহিঃ (আঢ়া), ধান। বচনমাত্রে—একঃ, দ্বৌ, বহবঃ।

৮। **কর্ত্তরি**—কর্তৃ কারকে (কর্তৃবাচ্যে) প্রথমা বিভক্তি হয়। যথা—কোকিলঃ কূজতি। বালকাঃ ক্রীড়ন্তি। অশ্বাঃ ধাবন্তি। নরাঃ গচ্ছন্তি।

৯। **সম্বোধনে**—সম্বোধনে প্রথমা বিভক্তি হয়। যথা—সখে! অত্র আগচ্ছ—O friend! come here. ভো শিব! মাং পাহি—O Siva! protect me.

১০। **অব্যয়যোগে চ**—ইতি, প্রভৃতি কতকগুলি অব্যয়ের যোগে প্রথমা বিভক্তি হয়। যথা—

দশরথ ইতি খ্যাতো নৃপতিঃ আসীৎ—There was a king named Dasaratha. বিষবৃক্ষোঽপি সংবর্দ্ধ্য স্বয়ং ছেত্তুম্ অসাম্প্রতম্—(কু)।

১০। কচিন্নিপাতেনাভিধানম্ (পা)—কোন কোন স্থলে নিপাত (অব্যয়) যোগেও প্রথমা বিভক্তি হয়।

—Even a poison tree should not be felled by one who has fostered its growth.

N.B.—সাধারণতঃ যে সকল স্থানে কর্ম্মকারকে দ্বিতীয়া বিভক্তি প্রাপ্তি থাকে, অব্যয়যোগে সেই সকল স্থানেই (কর্ম্ম উক্ত হইয়া) প্রথমা বিভক্তি হয়। যথা—ক্রমাদমুং নারদ ইত্যবোধি সঃ—এ স্থানে ইতি শব্দটি না থাকিলে অবোধি ক্রিয়ার কর্ম্ম বলিয়া নারদ শব্দের উত্তর দ্বিতীয়া বিভক্তি হইত।

১১। উক্তে কর্ম্মণি—উক্ত কর্ম্মে অর্থাৎ কর্ম্মবাচ্যে কর্ম্মকারকে প্রথমা বিভক্তি হয়। যথা—রামেণ চন্দ্রো দৃশ্যতে—The moon is being seen by Rama.

Exercise 7

1. *Translate into Sanskrit :—*

A. রাজন্! ইহার প্রতি সদয় হউন। মহাশয়, আমি বিদেশ হইতে আসিয়াছি। তাহাকে সকলে পাগল বলিয়া উপহাস করে। আমার বন্ধু বিদেশে গিয়াছেন।

B. 1. The sages worship (অর্চ্ or পূজ্) the gods. 2. The teacher asked (অপৃচ্ছৎ) him five questions (পঞ্চ প্রশ্নান্). 3. A. monkey is eating ripe fruits. 4. We should drink (পিবেম্) pure water. 5. Jadav's father was ill.

2. *Correct the following sentences, giving reasons :—*

(১) দুষ্মন্তো ইতি রাজা বভুব। ভো গুরু! মম দোষং ক্ষমস্ব। (৩) বালকাঃ হস্যন্তে। (৪) তেন গ্রামং গচ্ছতি। (৫) বয়ং চন্দ্রং দৃশ্যন্তে।

কর্ম্মকারক—Accusative Case

১২। কর্ত্তুরীপ্সিততমম্ কর্ম্ম—(কর্ত্তুঃ+ঈপ্সিততমম্)—কর্ত্তার যাহা ঈপ্সিততম (অর্থাৎ কর্ত্তা ক্রিয়ার দ্বারা যাহাকে অধিক পাইতে ইচ্ছা করে), তাহাকে কর্ম্ম বলে। ইহাকে ক্রিয়য়াক্রান্তং কর্ম্মও বলা চলে। যথা—বালকশ্চন্দ্রং পশ্যতি—The boy is seeing the moon. কুম্ভোকারো ঘটং করোতি—The potter is making a water pot.

১১। ঈপ্সিততমম্—সর্ব্বাপেক্ষা অধিক ঈপ্সিত, পয়সা ওদনং ভুঙ্‌ক্তে—এখানে পয়ঃ (দুগ্ধ) ও ওদনং (অন্ন) ভোজন করিতেছে বটে, কিন্তু ওদনং প্রধান, সেইজন্ত কর্ম্ম, আর পয়ঃ এইজন্ত করণ।

১৩। **অধিশীঙ্স্থাসাং কর্ম্ম**—অধি-পূর্ব্বক শী (to lie down), স্থা (to stand) ও আস্ (to sit), ধাতুর অধিকরণকারক কর্ম্মসংজ্ঞা প্রাপ্ত হয়। যথা—শিশুঃ শয্যাম্ অধিশেতে—The child is lying on a bed. শ্যামো গৃহম্ অধিতিষ্ঠতে—Shyama remains at home. রামো গ্রামং অধ্যাস্তে—Rama lives in the village. কিং নিমিত্তম্ একাকিনী বনম্ ইদম্ অধিবসসি—(কাদম্বরী।

১৪। **উপান্বধ্যাঙ্ বসঃ** (উপ+অনু+অধি + আঙ্)—উপ, অনু, অধি ও আঙ্ পূর্ব্বক বস্ ধাতুর অধিকারণকারক কর্ম্মসংজ্ঞা প্রাপ্ত হয়। যথা—হরির্বৈকুণ্ঠম্ উপবসতি or অনুবসতি or অধিবসতি or আবসতি—Hari dwells in Baikuntha.

(ক) **অভুক্ত্যর্থস্য ন** (অভুক্তি+অর্থস্য) ভুজ্+ক্তি=ভুক্তি=ভোজন, ন ভুক্তিঃ=অভুক্তি=উপবাস। উপবাস অর্থে উপপূর্ব্বক বস্ ধাতুর অধিকরণ-কারক কর্ম্ম হয় না। যথা--সঃ বনে উপবসতি—He is fasting in the forest.

১৫। **অভিনিবিশশ্চ**—অভি-নি-পূর্ব্বক বিশ্ ধাতুর অধিকরণ কারক কর্ম্মসংজ্ঞা প্রাপ্ত হয়। সাধুঃ সন্মার্গম্ অভিনিবিশতে—A good man resorts to a good path.

১৬। **ক্রুধদ্রুহোরুপসৃষ্টয়োঃ কর্ম্ম**— (ক্রুধদ্রুহোঃ+উপসৃষ্টয়োঃ) উপসৃষ্ট=উপসর্গযুক্ত ক্রুধ্ [উপসর্গযুক্ত ক্রুধ্ এবং দ্রুহ্ ধাতুর সম্প্রদান কারক কর্ম্মসংজ্ঞা প্রাপ্ত হয়] যথা—প্রভুভৃত্যং পরিক্রুধ্যতি। রাজা শত্রুম্ অভিদ্রুহ্যতি।

N.B. উপসর্গ না থাকিলে অর্থাৎ ক্রুধ্ ও দ্রুহ্ ধাতু উপসর্গহীন হইলে তাহাদের যোগে—'ক্রুধদ্রুহের্ষ্যাসূয়ার্থানাং যং প্রতি কোপঃ' এই সূত্রানুসারে সম্প্রদান কারক হয়। যথা—(১) প্রভুর্ভৃত্যায় ক্রুধ্যতি। (২) রাজা শত্রবে দ্রুহ্যতি। (৩) অসুরাঃ হরয়ে দ্রুহ্যন্তি।

১৩। **অধিশীঙ্স্থাসাম্ অধিকরণম্।** এইরূপ সূত্রও কোন কোন স্থলে দেখা যায়।
১৫। **অভিনিবিশো বিভাষা।**

১৭। **দ্বে কর্ম্মণী দুহাদেঃ**—দুহ্ প্রভৃতি কতকগুলি ধাতুর দুইটি কর্ম্ম থাকে, একটির নাম প্রধান বা মুখ্য কর্ম্ম (Direct Object), অপরটির নাম অপ্রধান বা গৌণ কর্ম্ম (Indirect Object), ক্রিয়ার সহিত প্রধান ভাবে যাহার অন্বয় হয়, তাহাকে প্রধান কর্ম্ম আর অপ্রধানভাবে যাহার অন্বয় হয় তাহাকে অপ্রধান কর্ম্ম বলে। যথা—গোপো গাং দুগ্ধং দোগ্ধি—The milkman milks the cow. এখানে 'দুগ্ধম্' প্রধান কর্ম্ম, এবং 'গাম' অপ্রধান কর্ম্ম।

মুখ্য ও গৌণ কর্ম্মের বিস্তৃত বিবরণ ক্রিয়া-প্রকরণে দ্রষ্টব্য।

Exercise 8

1. Translate into Sanskrit :—

A. দেবতা সকল মন্দিরে অধিষ্ঠান করেন না। এই গ্রামে প্রায় একশত ব্রাহ্মণ বাস করেন। রাজা দূতের প্রতি ক্রুদ্ধ হইয়াছিলেন। তাহার মাতা-পিতা বার্দ্ধক্যে কাশীধামে বাস করিতেন।

B. 1. Krishna was born (জন্) after Rama. 2. The old man sleeps (অধি+শী) in his bed. 3. Fie on the liars. 4. The forest extends over four miles. 5. There is a great distance between you and me. 6. The lion lived (অধি+স্থা) in a cave. 7. We are seeing three birds on the top of the tree. 8. The earth moves round the sun. 9. Between Lakshmi and Saraswati is Vishnu. 10. He took my brother to school.

2. Correct the following sentences, giving reasons :—

(১) শিবস্য উভয়তঃ দেবাঃ তিষ্ঠতি (২) জলাশয়স্য অভিতঃ বৃক্ষাঃ বর্ত্তন্তে। (৩) দিক্ দরিদ্রস্য। (৪) নর অধ্যবসায়স্য অন্তরেণ ধনং ন লভতে। (৫) যদু তব মম চ অন্তরা উপবিশতি।

বিভক্তি—Second Case-ending

১৮। **কর্ম্মণি দ্বিতীয়া**—কর্ম্মকারকে (কর্তৃবাচ্যে) দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—(১) হরিঃ গ্রামং গচ্ছতি। (২) শিশুঃ জলং পিবতি। (৩) ধেনুঃ দুগ্ধং দদাতি। (৪) পিতা পুত্রম্ আহ্বয়তি। (৫) বিপ্রঃ কুসুমানি চিনোতি।

১৯। **অভিতঃ-পরিতঃ-সময়া-নিকষা-হা-প্রতি-যোগেঽপি**—অভিতঃ (উভয় দিকে, সম্মুখে, সকল দিকে—on both sides, towards, before, around), পরিতঃ (চতুষ্পার্শ্বে—round). সময়া, নিকষা (নিকটে—near), হা (নিন্দা, কুৎসা—shame) ও প্রতি (towards)—এই কয়টি শব্দের যোগে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—কৃষ্ণম্ অভিতঃ—Towards Krishna. পর্ব্বতং পরিতঃ—Around the mountain. সময়া গ্রামম্—Near the village. নিকষা পর্ব্বতম্—Near the mountain. হা পাপিনম্—Fie on the sinner. দীনং প্রতি দয়া—Kindness to a poor man.

২০। **প্রত্যনুধিঙ্-নিকষান্তরান্তরেণ-যাবদ্ভিঃ**—প্রতি, অনু, ধিক্, নিকষা ও অন্তরা (মধ্যে—between) ও অন্তরেণ (বিনা—without) শব্দের যোগে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—রামঃ ত্বাং মাং চ অন্তরা উপবিশতি—Rama sits between you and me. শ্রমম্ অন্তরেণ সুখং ন ভবতি—There is no happiness without labour.

(ক) উভয়তঃ (দুই দিকে—on both sides), সর্ব্বতঃ (সকল দিকে —on all sides), উপর্য্যুপরি (উপরে—above), অধ্যধি (উপরে—

১৭। **অকথিতঞ্চ**—(পাণিনি)—অপাদান প্রভৃতি কারকরূপে যাহা অকথিত (অনুক্ত বা অবিবক্ষিত), অর্থাৎ দুহ্ প্রভৃতি ধাতুগুলির প্রয়োগ যেখানে অপাদান প্রভৃতি কারক হইতে পারিত তাহাদের কর্ম্ম সংজ্ঞা হয়। যেমন, গাং দুগ্ধং দোগ্ধি—এখানে গোঃ দুগ্ধং দোগ্ধি—গোঃ—অপাদানে পঞ্চমী হইতে পারিত, কিন্তু অপাদানের বিবক্ষা না করিয়া কর্ম্মের বিবক্ষা করা হইয়াছে, অতএব এইটি গৌণ কর্ম্ম।

১৯। **অভিপরিসর্ব্বোভয়ৈস্তু সর্ব্বৈঃ।**

above), অধোঽধঃ (নীচে—below), অনু (পশ্চাৎ—after) ধিক্ (নিন্দা —fie on), যাবৎ (যে পর্য্যন্ত—as long as), এই শব্দগুলির যোগেও দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—উভয়তঃ কৃষ্ণং গোপাঃ—The cowherds are on both sides of Krishna. বনং সর্ব্বতঃ—On all sides of the forest. উপর্য্যুপরি লোকং হরিঃ—Over the world is Hari. অধ্যধি ভুবনম্—Just above the world. অধোঽধঃ ভুবনম্—Just below the world.

(খ) ধিক্ ও হা প্রভৃতি অব্যয়ের যোগে সম্বোধনে দ্বিতীয়া বিভক্তি হয় না; প্রথমা বিভক্তি হয়। যথা—ধিঙ্ মূর্খ—Fie upon thee, fool. হা ভগবতি অরুন্ধতি!—Alas! Oh revered Arundhati.

২১। **কর্ম্মপ্রবচনীয়যুক্তে দ্বিতীয়া**—অতি, অভি, প্রতি, পরি, অনু, উপ*—এই অব্যয়গুলি ধাতুর সহিত যুক্ত না হইয়া উপপদের ন্যায় প্রযুক্ত হইলে তাহাদিগকে **কর্ম্মপ্রবচনীয়** বলে। কর্ম্মপ্রবচনীয়ের যোগে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—উপ হরিং সুরাঃ—The gods are inferior to Hari. উপ সুরান্ হরিঃ—Hari is superior to the gods. বৈনতেয়ঃ হরিম্ অভি বর্ত্ততে—The son of Vinata is before Hari. জপম্ অনু প্রাবর্ষৎ—It rained after the muttering of the prayer. নদীম্ অনু অবসিতা সেনা—The army is lying by the river-side. অতি দেবান্ কৃষ্ণঃ—Krishana is above all gods.

২২। **কালাধ্বনোরত্যন্তসংযোগে**—(কালাধ্বনোঃ + অত্যন্তসংযোগে) —অত্যন্তসংযোগ (ব্যাপ্তি) বুঝাইলে কালবাচক (মাস, বৎসর, ক্ষণ ও মুহূর্ত্ত) অধ্বাচক (পথের পরিমাণবাচক) শব্দের উত্তর দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—স মাসং ব্যাকরণম্ অধীতে—He studies grammar for a month. ক্রোশং গিরিস্তিষ্ঠতি—The hill stretches over two miles.

*"প্র-পরাপসমন্ববনির্দুর্ অভি ব্যধিসুদতি-নি-প্রতিপর্য্যপয়ঃ,
উপ আঙিতি বিংশতিরেষসখে। উপসর্গবিধিঃ কথিতঃ কবিনা।"

প্রয়োগ ঃ—

মাসমেকং নরো যাতি দ্বৌ মাসৌ মৃগশূকরৌ।
অহিরেকং দিনং যাতি অদ্য ভক্ষ্যো ধনুর্গুণঃ—(হি)

২৫। ক্রিয়া-বিশেষণে চ—ক্রিয়ার বিশেষণে দ্বিতীয়া বিভক্তি হয়। ক্লীবলিঙ্গের একবচনে ইহার প্রয়োগ হইয়া। যথা—

অশ্বো দ্রুতং ধাবতি—The horse runs swiftly. বালকো মধুরং বদতি—The boy speaks sweetly. এইরূপ—(১) পণ্ডিতঃ সাধু ভাষতে। (২) বালিকা মৃদু হসতি। (৩) মন্দং মন্দং বহতি পবনঃ। (৪) সত্বরং কার্য্যং কুরু।

N.B. ক্রিয়াবিশেষণের ন্যায় বিশেষণীয় বিশেষণের উত্তরও দ্বিতীয়া বিভক্তি হয় এবং একবচনে ও ক্লীবলিঙ্গে ইহার প্রয়োগ হইয়া থাকে। যথা—ইয়ং বালিকা **অত্যন্তং** সুন্দরী। ইদম্ উদ্যানং **পরমং** রময়ণীম্। বিশেষ্য পদের ক্রিয়াবিশেষণের ন্যায় ব্যবহার (Adverbial use of Nouns) হইলে তাহা প্রকৃত্যাদিগণের অন্তর্ভুক্ত বলিয়া পরিগণিত ও তাহার উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা—অশ্বো **বেগেন** গচ্ছতি।

Exercise 9

1. *Translate into Sanskrit :—*

A. (১) ধীরে ধীরে বাতাস বহিতেছে। (২) তুমি শীঘ্র গৃহে গমন কর। (৩) এই থাক্তে আমার একমাস চলিবে। (৪) কৃষ্ণ বলদেবের পরে জন্ম গ্রহণ করিয়াছেন। (৫) এই বনের সর্বত্র শ্যামল শষ্প দেখিতেছি।

B. (i) The teacher became angry with him. (ii) Nothing is possible without honesty. (iii) The river is flowing near the village. (iv) It rained the whole day. (v) We sat together between the hill. (vi) Lakshmana was born after Rama. (vii) While going a Krosa I heard everything from him.

১৫। ক্রিয়াবিশেষণে ক্লীবৈকবচনঞ্চ।

করণ কারক—Instrumental Case

২৬। **সাধকতমং করণম্**—ক্রিয়াসাধন বিষয়ে যাহা কর্ত্তার সর্ব্বাপেক্ষা উপকারক, তাহাকে করণ বলে। যথা—(১) হরিঃ কুঠারেণ বৃক্ষং ছিনত্তি—Hari is cutting the tree with an axe. (২) এইরূপ—চক্ষুষা পশ্যতি, কর্ণেন শৃণোতি, হস্তেন গৃহ্লাতি, দাত্রেণ লুনাতি (cuts), শরেণ বিধ্যতি ইত্যাদি।

২৭। **দিবঃ কর্ম্ম চ**—দিব (to play) ধাতুর করণকারক বিকল্পে (Alternately) কর্ম্ম হয়। যথা—অক্ষৈঃ দীব্যতি or অক্ষান্ দীব্যতি—He is playing at dice.

তৃতীয়া বিভক্তি—Third Case-ending

২৮। **কর্ত্তৃ-করণয়োস্তৃতীয়া**—(কর্ত্তৃকরণয়োঃ+তৃতীয়া)—অনুক্ত কর্ত্তায় (কর্ম্মবাচ্য ও ভাববাচ্য কর্ত্তৃকারকে) এবং করণকারকে তৃতীয়া বিভক্তি হয়। যথা—রামেন বাণেন হতো বালী—Bali was killed by Rama with an arrow. এই বাক্যে 'রামেণ' অনুক্ত কর্ত্তায় তৃতীয়া এবং 'বাণেন' করণে তৃতীয়া হইয়াছে।

২৯। **প্রকৃত্যাদিভ্যঃ উপসংখ্যানম্**—(প্রকৃতি+আদিভ্যঃ+উপ সংখ্যানম্)—স্থলবিশেষে প্রকৃতি প্রভৃতি কতকগুলি শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা—প্রকৃত্যা ধার্ম্মিকঃ—Pious by nature. জাত্যা ব্রাহ্মণঃ—A Brahmin by caste. গোত্রেণ গার্গ্যঃ—A Gargya by family. নাম্না হরিশ্চন্দ্রঃ—Harischandra by name. রামঃ সুখেন যাতি—Ram goes with ease. এইরূপ—প্রকৃত্যা চারুঃ, স্বভাবেন সরলঃ, অকৃত্যা সুন্দরঃ, বেগেন গচ্ছতি, ত্বরয়া ধাবতি, ক্লেশেন বদতি। **প্রয়োগঃ**—(১) নাম্না সুতীক্ষ্ণচরিতেন দান্তঃ—(রঘু)।

দ্রষ্টব্য—ক্রিয়ার বিশেষণে দ্বিতীয়া হয়, কিন্তু উক্ত বিশেষণগুলিকে বিশেষ্যে পরিবর্ত্তিত করিয়া ক্রিয়াবিশেষণের ন্যায় ব্যবহার করিলে তৃতীয়া হয়,

ইহা লক্ষ্য করিবে। যথা—বেগেন (Noun used adverbially) গচ্ছতি, সবেগং গচ্ছতি (Adjective used adverbially)।

৩০। **অপবর্গে তৃতীয়া**—অপবর্গ—ক্রিয়াসমাপ্তি ও ফলপ্রাপ্তি (কার্য্য সমাপ্ত হইয়াছে ও তাহার ফল পাওয়া গিয়াছে, এইরূপ) বুঝাইলে কালবাচক ও পথবাচক শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা—**কালবাচক**—স মাসেন ব্যাকরণম্ অধীতবান্—He learnt grammar in a month. **পথবাচক**—ক্রোশেন পাঠং পঠিতবান্—He learnt his lessons in the course of a journey of a *krosa.* **প্রয়োগঃ**—দ্বাদশভিঃ বর্ষৈঃ ব্যাকরণং শ্রূয়তে —(প)।

৩১। **সহার্থেঃ**—সহার্থ (সহ, সাকম্, সার্দ্ধম্ সমম্) শব্দের যোগে তৃতীয়া বিভক্তি হয়। যথা—পুত্রেণ সহ আগতঃ পিতা—The father came with his son. **প্রয়োগঃ**—(১) রামঃ সীতয়া লক্ষ্মণেন চ সহ বনং জগাম। (২) ন স্থাতব্যং ন গন্তব্যং দুর্জ্জনেন সমং ক্বচিৎ (হি)।

দ্রষ্টব্যঃ—সহার্থ শব্দ উহ্য (understood) থাকিলেও তৃতীয়া বিভক্তি হয়। যথা—পিতা পুত্রেণ গচ্ছতি—The father is going with his son.

৩২। **যেনাঙ্গবিকারঃ**—যে অঙ্গ বিকৃত হইলে অঙ্গীর বিকার লক্ষিত হয়, সেই অঙ্গের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা—

অসৌ শিশুঃ অক্ষ্ণা কাণঃ—This child is blind of one eye. অয়ং বৃদ্ধঃ পাদেন খঞ্জঃ—This old man is lame of one leg. এইরূপ—কর্ণেন বধিরঃ, পৃষ্ঠেন কুব্জঃ।

দ্রষ্টব্যঃ—বামনের মতে হানি ও আধিক্য এই দুইটিই অঙ্গ বিকার বলিয়া গণ্য। "হানিবদাধিক্যমপি অঙ্গানাং বিকারঃ"। যথা—স বাল আসীদ্ বপুষা

৩১। সহযুক্তেঽপ্রধানে—(পা)—সহ (সহার্থ) শব্দের যোগে যাহা অপ্রধান, তাহার উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা—পুত্রেণ সহ পিতা আগতঃ—এখানে পিতার সহিত 'আগত' এই অন্বয়, অতএব, পিতা প্রধান ও পুত্র অপ্রধান।

চতুর্ভুজঃ—(মাঘ)—When an infant he had a body with four arms.

৩৩। **উনবারণপ্রয়োজনার্থৈশ্চ**—উনার্থ (উন, হীন, রহিত, শূন্য প্রভৃতি), বারণার্থ (অলম্, কিম্, কৃতম্ ও প্রয়োজ ; প্রয়োজন, কার্য্য, অর্থ প্রভৃতি) শব্দের যোগে তৃতীয়া বিভক্তি হয়। যথা—**উনার্থ**—একেন উনঃ (less by one), বিদ্যয়া হীনঃ (one without learning), অহঙ্কারেণ শূন্যঃ (one without pride). **বারণার্থ**—অলং কলহেন (no need of quarrel). কিম্ বাহুল্যেন (no more of it). **প্রয়োজনার্থঃ**—ধনেন প্রয়োজনম্ (Money is needed). **প্রয়োগ**ঃ—কোঽর্থঃ পুত্রেণ জাতেন যো ন বিদ্বান্ ন ধার্ম্মিকঃ (হি)। (২) বৎসে। কিং তব অনয়া চিন্তয়া—(উ)। (৩) কিং নো রাজ্যেন গোবিন্দ। কিং ভোগৈর্জীবিতেন বা—(গী)।

দ্রষ্টব্যঃ—পাণিনির মতে বিদ্যয়া **পরিত্যক্তঃ** মূর্খঃ=বিদ্যয়া **হীনঃ** মূর্খঃ উভয়ত্র 'বিদ্যয়া' অনুক্তকর্ত্তরি তৃতীয়া এবং উক্ত দুই স্থলেই ত্যজ্ ও হা ধাতুর উত্তর কর্ম্মবাচ্যে ক্ত হইয়াছে। বিদ্যয়া শূন্যঃ মূর্খঃ এস্থলে 'ভবতি' ক্রিয়া উহ্য এবং 'বিদ্যয়া' 'ভবতি' এই ক্রিয়ার করণকারক।

৩৪। **ইত্থম্ভূতলক্ষণে**—(ইত্থম্ভূত—এইরূপ)—যে লক্ষণ (চিহ্ন) দ্বারা কোন ব্যক্তি লক্ষিত হয়, সেই লক্ষণ-বোধক শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। এই তৃতীয়াকে **উপলক্ষণে** বা **বিশেষণে তৃতীয়া** বলে। যথা—অহং জটাভিঃ তাপসম্ অপশ্যম্—I saw an ascetic whom I knew by his matted hair. বাক্যেন ভদ্রলোকম্ অজানাম্।

৩৫। **হেতৌ**—'হেতু' অর্থে তৃতীয়া বিভক্তি হয়। যথা—পুণ্যেন দৃষ্টো হরিঃ—Hari was seen through virtue. অধ্যয়নেন বসতি—He lives with the object of studying.

Exercise 10

1. Translate into Sanskrit :—

A. এই বালকটির নাম দেবদত্ত। কতদিনে কাজটি শেষ হইবে? ইহার সহিত আমাকেও লইয়া চল। হরিণের সহিত শশকের অত্যন্ত বন্ধুত্ব ছিল। বার বৎসরে ব্যাকরণ শাস্ত্র অধ্যয়ন করা যায়।

B. 1. Arjuna could not go to heaven with Yudhistihra. 2. After a journey of five krosas we saw the temple. 3. The woman is lame of her left leg. 4. I have no need of a servent like you. 5. The night does not look beautiful without the full moon. 6. He completed the study of Logic in a year. 7. The fisherman (ধীবরঃ) caught some fishes with a net. 8. He burnt the camps (শিবির-ক্লী) of the enemy with fire. 9. They are playing at dice. 10. We see with our eyes and hear with our ears.

2. Correct the following sentences, giving reasons :—

(১) অহম্ একঃ মৃগঃ হতঃ। (২) নৃপতেঃ সার্দ্ধং মন্ত্রী গচ্ছতি। (৩) সঃ ক্রোশে পাঠম অপঠৎ। (৪) বয়ং যুষ্মাকং সহ নিবৎস্যামঃ। (৫) অয়ং শিশুঃ চক্ষুষঃ কাণঃ। (৬) স পৃষ্ঠস্য কুব্জঃ। (৭) পণ্ডিতাঃ অহঙ্কারস্য শূন্যাঃ ভবন্তি। (৮) অহং জটাসু তাপসং দৃষ্টবান। (৯) মম বস্ত্রস্য প্রয়োজনং নাস্তি। (১০) শিক্ষকঃ ছাত্রাণাং সহ নদী গচ্ছতি।

সম্প্রদান কারক—Dative Case

৩৬। **যস্মৈ দানং সম্প্রদানম্**—যাহাকে কোন বস্তু দান করা যায় তাহাকে সম্প্রদান বলে। যথা—রাজা বিপ্রায় গাং দদাতি—The king gives a cow to the Brahmin.

N. B.—রজকস্য বস্ত্রং দদাতি—এ স্থলে পুনরাদান (পুনর্ব্বার গ্রহণ) হইতেছে বলিয়া সম্প্রদানে চতুর্থী না হইয়া সম্বন্ধ বিবক্ষায়-ষষ্ঠী হইল।

৩৬। কর্ম্মণা যমভিপ্রৈতি স সম্প্রদানম্ (পা)—দান ক্রিয়ার কর্ম্মের দ্বারা কর্ত্তা যাহাকে অভিপ্রেত (নির্দিষ্ট) করে, তাহাকে সম্প্রদান বলে।

৩৭। **রুচ্যর্থানাং প্রীয়মাণঃ**—রুচ্যর্থ (রুচ্, স্বদ্ প্রভৃতি) ধাতুর প্রয়োগে যে প্রীয়মাণ (প্রীত হয়), সে সম্প্রদান কারক হয়। যথা—শিশবে রোচতে মোদকঃ—The sweetmeat is pleasing to the child. ইদং তুভ্যং স্বদতে—You like this.

৩৮। **ধারেরুত্তমর্ণঃ** (ধারেঃ + উত্তমর্ণঃ)—ধারি (ধৃ+ণিচ্) ধাতুর প্রয়োগে যে উত্তমর্ণ (ঋণদাতা, যাহার নিকট হইতে ধার লওয়া হয়), সে সম্প্রদান কারক হয়। যথা—বৈশ্যায় শতং ধারয়তি বিপ্রঃ—The Brahmin owes a hundred rupees to the Vaisya.

৩৯। **স্পৃহেরীপ্সিতঃ** (স্পৃহেঃ + ঈপ্সিত) স্পৃহি (to desire, to like) ধাতুর প্রয়োগে কর্ত্তার যাহা ঈপ্সিত (অভিলষিত) তাহা সম্প্রদান কারক হয়। যথা—রাজা পুষ্পেভ্যঃ স্পৃহয়তি—The king longs for flowers.

৪০। **ক্রুধদ্রুহের্ষ্যাসূয়ার্থানাং যং প্রতি কোপঃ**—ক্রোধার্থ, দ্রোহার্থ, ঈর্ষ্যার্থ এবং অসূয়ার্থ ধাতুর প্রয়োগে যাহার প্রতি কোপ প্রকাশ করা যায়, সে সম্প্রদান কারক হয়। যথা—ক্রোধ—কোপ, দ্রোহ—অনিষ্টাচরণ, ঈর্ষ্যা-দ্বেষ, পরশ্রীকাতরতা, অসূয়া—পরের গুণে দোষারোপ করা। যথা—প্রভুঃ ভৃত্যায় ক্রুধ্যতি—প্রভু ভৃত্যের উপর রাগ করিতেছেন—The master is angry with his servant. এইরূপ (১) শত্রবে দ্রুহ্যতি—শত্রুর অনিষ্টাচরণ করিতেছে। (২) প্রতিবেশিনে ঈর্ষ্যতি—প্রতিবেশীর সৌভাগ্য দেখিয়া কষ্ট অনুভব করিতেছে। (৩) প্রতিদ্বন্দ্বিনে অসূয়তি—প্রতিদ্বন্দ্বীর গুণে দোষারোপ করিতেছে।

৪১। **প্রত্যাঙ্‌ভ্যাং শ্রুবঃ পূর্ব্বস্য কর্ত্তা**—প্রতি-পূর্ব্বক অথবা আঙ্-পূর্ব্বক শ্রু ধাতুর প্রয়োগে প্রতিশ্রুতির পূর্ব্ব ক্রিয়ার কর্ত্তা (অর্থাৎ প্রার্থনা ক্রিয়ার কর্ত্তা) সম্প্রদান কারক হয়। যথা—রাজা বিপ্রায় গাং প্রতিশৃণোতি or আশৃণোতি—The king promises a cow to the Brahmin.

এখানে 'বিপ্র' পূর্ব্বে রাজার নিকট প্রার্থনা করিয়াছিলেন, সেইজন্য তিনি প্রার্থনা ক্রিয়ার কর্ত্তা।

৪২। **ক্রিয়য়াযমভিপ্রৈতি সোঽপি সম্প্রদানম্**—ক্রিয়ার দ্বারা যে অভিপ্রেত হয় (যাহার উদ্দেশে কোন ক্রিয়ার অনুষ্ঠান হয়), সে সম্প্রদান কারক হয়। ইহাকেই **ক্রিয়াযোগে চতুর্থী** বলে। যথা—

(১) রাজা যুদ্ধায় সংনহ্যতে—The king prepares for war. (২) পিতা পুত্রায় ক্রীড়নকম্ আনয়তি—The father brings a toy for his son. (৩) মাতা পুত্রায় চন্দ্রং দর্শয়তি--The mother is showing the moon to her son.

(ক) **কথনার্থ প্রেরণার্থৈশ্চ**—কথনার্থ ও প্রেরণার্থ ধাতুর যোগেও চতুর্থী বিভক্তি হয়। যথা—(১) স তস্মৈ সর্ব্বং কথয়তি। (২) মন্ত্রী রাজ্ঞে নিবেদয়তি। (৩) ভোজঃ রাঘবে শতং প্রেরয়ামাস।

---

* পরিক্রয়ণে সম্প্রদানম্ অন্যতরস্যাম্—পরিক্রয়ণ অর্থাৎ নির্দ্দিষ্ট কালের জন্য বেতন দিয়া ভৃত্যাদির গ্রহণ বুঝাইলে পরি+ক্রী ধাতুর প্রয়োগে করণ কারক বিকল্পে সম্প্রদান হয়। যথা—শতেন (or শতায়) পরিক্রীতঃ দাসঃ—এক শত টাকা দিয়া কিছু দিনের জন্য ভৃত্যকে নিযুক্ত করা হইয়াছে।

চতুর্থী বিভক্তি—Fourth Case-ending

৪৩। **চতুর্থী সম্প্রদানে**—সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তি হয়। যথা—রাজা দরিদ্রেভ্যো ধনং দদাতি—The king gives money to the poor.

৪৪। **তাদর্থ্যে চতুর্থী বাচ্যা**—তাদর্থ্য বুঝাইলে অর্থাৎ যাহার নিমিত্ত বস্তু অভিপ্রেত হয়, তাহার উত্তর চতুর্থী বিভক্তি হয়। যথা—

অশ্বায় ঘাসঃ (Grass is for a horse). দানায় ধনম্ (Wealth is for charity). এইরূপ—জ্ঞানায় অধ্যয়নম্, যূপায় দারু, কুণ্ডলায় হিরণ্যম্ রন্ধনায় স্থালী, মুক্তয়ে হরিং ভজতি ইত্যাদি।

N.B.—তস্মৈ ইদম্=তদর্থং, তস্য ভাবঃ=তাদর্থ্যম্ (তদর্থ+ষ্যঙ্)।

৪৫। **নিবৃত্তৌ নিবর্ত্তনীয়াৎ**—নিবৃত্তি (নিবারণ) বুঝাইলে নিবর্ত্তনীয়ের উত্তর (যাহাকে নিবারণ করা যায় তাহার উত্তর) চতুর্থী বিভক্তি হয়। যথা—মশকায় ধূমঃ—Smoke is for the prevention of mosquitoes.

৪৬। **নমঃ স্বস্তি-স্বাহা-স্বধালং-বষড়্-যোগাচ্চ**—নমস্, স্বস্তি, স্বাহা, স্বধা, অলম্ ও বষট্ শব্দের যোগে চতুর্থী বিভক্তি হয়। যথা—

শিবায় নমঃ (Salutation to Siva), নৃপায় স্বস্তি (Good fortune to the king), অগ্নয়ে স্বাহা (Offering is to Agni). পিতৃভ্যঃ স্বধা (The offering is to the departed forefathers.) দৈত্যেভ্যো হরিরলম্* (Hari is a match for the demons). ইন্দ্রায় বষট্ (This offering is to Indra).

Learn :—1. 'নমস্' শব্দ কৃ ধাতুর সহিত যুক্ত হইলে চতুর্থী ও দ্বিতীয়া বিভক্তির প্রয়োগ দেখা যায়। পাণিনির মতে নমস্করোতি দেবান্, নমস্কৃত্য মুনিত্রয়ম্, নারায়ণং নমস্কৃত্য—ইত্যাদি স্থলে কর্ম্মকারকে দ্বিতীয়া বিভক্তি হইয়াছে; কারণ, **উপপদ-বিভক্তেঃ কারক বিভক্তির্বলীয়সী**; উপপদ-বিভক্তি অপেক্ষা কারক-বিভক্তির প্রাধান্য; একটি বাক্যে যদি উপপদ-বিভক্তি ও কারক-বিভক্তি—এই দুই প্রকার বিভক্তি-প্রাপ্তির সম্ভাবনা থাকে, সেইখানে কারক-বিভক্তিই হইয়া থাকে।

2. নমস্কুর্ম্মো নৃসিংহায় (নৃসিংহম্ অনুকূলয়িতুম্ ইত্যর্থঃ)। এইরূপ "স্বয়ম্ভুবে নমস্কৃত্য" ইত্যাদি স্থলে '**ক্রিয়ার্থোপপদস্য চ কর্ম্মণি স্থানিনঃ** এই সূত্র দ্বারা চতুর্থী হইয়াছে; নমস্ শব্দের যোগে নহে।

3. পত্ ধাতু অকর্ম্মক হইলেও প্র-নি-পত্ ধাতু সকর্ম্মক। যথা—ছাত্র

* অলমর্থ (সমর্থার্থক) শব্দের যোগে চতুর্থী বিভক্তি হয়। যথা—সমর্থো মল্লো মল্লায়; শক্ত মল্লো মল্লায়—One wrestler is a match for another. 'অলম্' এর অর্থ যখন নিবারণ হয়, তখন তাহার যোগে তৃতীয়া হয়। যথা—অলং কলহেন।

শিক্ষকং প্রণিপত্য গৃহং গতঃ। এইরূপ প্র-নম্—স মাতরং প্রণম্য বিদেশং গতঃ। ইক্ষ্বাকুবংশগুরবে প্রযতঃ প্রণম্য—ইত্যাদি স্থলে পূর্ব্বোক্ত 'নৃসিংহায়' প্রভৃতির ন্যায় চতুর্থী বিভক্তি হইয়াছে।

৪৭। **মন্যকর্ম্মণ্যনাদরে বিভাষা**—(মন্য—কর্ম্মণি+অনাদরে)—অনাদর (অবজ্ঞা) বুঝাইলে দিবাদিগণীয় মন্ ধাতুর অবজ্ঞা-বোধক কর্ম্মের উত্তর বিকল্পে চতুর্থী বিভক্তি হয়। যথা—স মাং তৃণায় (or তৃণং) ন মন্যতে —He does not care a straw for me. (ক) নৌ, অন্ন, কাক, শৃগাল ও শুক—এইগুলির মধ্যে একটি কর্ম্ম হইলে তাহার উত্তর চতুর্থী বিভক্তি হয় না। যথা—ত্বাং শৃগালং ন মন্যে এখানে 'শৃগালায়' হইবে না।

৪৮। **গত্যর্থকর্ম্মণি দ্বিতীয়া-চতুর্থ্যৌ চেষ্টায়ামনধ্বনি**—শারীরিক চেষ্টা বুঝাইলে গত্যর্থ ধাতুর কর্ম্মে দ্বিতীয়া ও চতুর্থী বিভক্তি হয়, কিন্তু অধ্ব-বাচক (পথবাচক) শব্দ কর্ম্ম হইলে চতুর্থী হয় না, কেবল দ্বিতীয়া হয়। যথা —স গ্রামং (or গ্রামায়) গচ্ছতি। অধ্ববাচক (পথবাচক) শব্দ হইলে কেবল দ্বিতীয়া হয়। যথা—অধ্বানং গচ্ছতি। পন্থানং যাতি। চেষ্টা না বুঝাইলে (শারীরিক চেষ্টা থাকিলে, কেবল মনে মনে যাওয়া বুঝাইলে) চতুর্থী হয় না, দ্বিতীয়া হয়। মনসা **বারাণসীং** গচ্ছতি—মনে মনে বারাণসী যাইতেছে (এখানে শারীরিক চেষ্টা নাই)।

৪৯। **কৢপি সম্পদ্যমানে চ**—কৢপ্ প্রভৃতি (কৢপ্, জন্, ভূ ও সম্+পদ্) ধাতুর প্রয়োগে সম্পদ্যমানের (যাহা সম্পন্ন হয় তাহার) উত্তর চতুর্থী বিভক্তি হয়। যথা—(১) ভক্তির্জ্ঞানায় কল্পতে—Devotion conduces to knowledge. (২) জ্ঞানং সুখায় সম্পদ্যতে—Knowledge conduces to happiness.

৫০। **ক্রিয়ার্থোপপদস্য চ কর্ম্মণি স্থানিনঃ**—তুম্-প্রত্যয়ান্ত ক্রিয়া উহ্য (understood) থাকিলে তাহার কর্ম্মে চতুর্থী বিভক্তি হয়।

(৪৭) মন্যকর্ম্মণ্যনাদরে বিভাষাঽপ্রাণিষু—(পা)।

যথা—ফলভ্যো যাতি (ফলানি আহর্ত্তুং যাতি)—ফলসমূহ সংগ্রহ করিতে যাইতেছে—He goes to collect fruits. এখানে (আ—হৃ+তুম্) এই তুমন্ত ক্রিয়া উহ্য আছে।

৫১। **তুমর্থাচ্চ ভাববচনাৎ**—তুমন্ত পদের পরিবর্ত্তে ভাববাচ্য নিষ্পন্ন শব্দ (ভাববাচ্যে ঘঞ্, অল্, ক্তি প্রভৃতি প্রত্যয় করিয়া যে শব্দ নিষ্পন্ন হয়) ব্যবহৃত হইলে তাহার উত্তর চতুর্থী বিভক্তি হয়। যথা—

যাগায় যাতি—(যষ্টুং যাতি=যাগ করিবার জন্য যাইতেছে)—He is going to perform a sacrifice. (যজ্ + ঘঞ্ = যাগঃ)।

৫২। **হিতযোগে চ**—হিত শব্দের যোগে চতুর্থী বিভক্তি হয়। যথা—শিষ্যায় হিতং ভূয়াৎ—Good be to the disciple.

Exercise 11

1. Translate into Sanskrit :—

A. চল জল আনিতে যাই। তাহারা যুদ্ধ করিতে গেল। গৃহনির্ম্মাণের জন্য এই সকল ইষ্টক আনিত হইয়াছে। এবার নিজের ঘরে যাও। মহারাজের কুশল হউক। ব্রাহ্মণগণ পুষ্পের নিমিত্ত উদ্যানে যাইতেছে।

B. He likes (রুচ্) fruits. 2. Devotion leads to knowledge. 3. Yadu gives fruits to the poor. 4. The master becomes angry (ক্রুধ্) with his servent. 5. Study is not only for money but for wisdom also. 6. He is going for cooking. 7. This offering is to Agni. 8. The sage is going to perform a sacrifice. 9. Hearing (শ্রুত্বা) that word the father was angry with his son. 10. He gave (দা) me five mangoes (পঞ্চ আম্রাণি). 11. Give these books to the boys. 12. Cats are fond of milk and fish. 13. He promised me a horse. give the blind man a piece of cloth. 15. The father shows the moon to his son. 16. The mother brought (আ+নী) a toy (ক্রীড়নকম্) for her child.

2. *Correct the following sentences, giving reasons :—*

(১) পিতা মাং পুস্তকম্ দদাতি। (২) নৃপঃ সচিবং পারিতোষিকম্ দদৌ। (৩) ইমং অশ্বং ঘাসং যচ্ছ। (৪) মাতা পুত্রং ক্রুধ্যতি। (৫) অহং ত্বাং শৃগালায় মন্যে। (৬) জ্ঞানে অধ্যয়নং কুরু। (৭) রোগে ঔষধম্ আনয়। (৮) অগ্নৌ স্বাহা। (৯) ব্রাহ্মণাম্ নমঃ। (১০) ইন্দ্রং বষট্।

অপাদান কারক—Ablative Case

৫৩। **ধ্রুবমপায়েঽপাদানম্**—(ধ্রুবম্+অপায়ে) অপ্-ই+অচ্=অপায়ঃ (বিশ্লেষঃ)—একটি বস্তু হইতে অপর একটি বস্তুর অপায় বা বিশ্লেষ (separation) হইলে যেটি নিশ্চল হইয়া থাকে তাহাকেই অপাদান কারক বলে। যথা—বৃক্ষাৎ পত্রাণি পতন্তি—Leaves fall from the tree. বিশ্লেষ কার্য্যে বৃক্ষ নিশ্চল, অতএব বৃক্ষ অপাদান কারক।

৫৪। **ভীত্রার্থানাং ভয়হেতুঃ**—ভয়ার্থ ও ত্রাণার্থ ধাতুর প্রয়োগে 'যাহা ভয়ের হেতু' তাহা অপাদান কারক হয়। যথা—**ভয়ার্থ**—স ব্যাঘ্রাদ্ বিভেতি—He is afraid of the tiger. এইরূপ—মহিষাৎ ত্রস্যতি। **ত্রাণার্থ**—রাজন্! ভয়াৎ ত্রায়স্ব মাম্—O king, protect me from fear. এইরূপ—আতপাৎ ত্রায়তে ছত্রম্—ছাতা রৌদ্র হইতে রক্ষা করে। ভল্লুকাৎ রক্ষতি।

প্রয়োগঃ—দিবাকরাদ্রক্ষতি যো গুহাসু—ক।

৫৫। **জুগুপ্সা-বিরাম-প্রমাদার্থানামুপসংখ্যানম্**—জুগুপ্সার্থ (ঘৃণার্থ), বিরামার্থ এবং প্রমাদার্থ ধাতুর প্রয়োগে যাহা হইতে জুগুপ্সা (ঘৃণা, নিন্দা) বিরাম এবং প্রমাদ হয়, তাহা অপাদান কারক হয়। যথা—**জুগুপ্সার্থ**—সাধুঃ পাপাৎ জুগুপ্সতে (সাধু পাপকে ঘৃণা করিতেছেন)। **বিরামার্থ**—অধ্যয়নাৎ বিরমতি ছাত্রঃ (ছাত্র অধ্যয়ন হইতে বিরত হইতেছে) **প্রমাদার্থ**—স ধর্ম্মাৎ প্রমাদ্যতি (সে ধর্ম্ম বিষয়ে ভুল করিতেছে)।

৫৩। যতো বিশ্লেষোঽপাদানম্

৫৬। **পরাজেরসোঢ়ঃ (পরাজেঃ+অসোঢ়ঃ)**—পরা-পুর্ব্বক জি ধাতুর প্রয়োগে অসহ্য বিষয় অপাদান কারক হয়। যথা—ছাত্রঃ অধ্যয়নাৎ পরাজয়তে—The student finds study unbearable.

৫৭। **বারণার্থানামীপ্সিত**—বারণার্থ ধাতুর প্রয়োগে যাহা নিবার্য্যমাণের (যাহাকে বারণ করা যায়, তাহার) ঈপ্সিত, তাহা অপাদান কারক হয়। যথা—অন্নেভ্যঃ কাকং বারয়তি—He is scaring away the crow from food. এইরূপ—(১) যবেভ্যঃ গাং বারয়তি (যবগুলি হইতে গোরুকে বারণ করিতেছে)। (২) ব্যসনাৎ পুত্রং নিবারয়তি।

দ্রষ্টব্যঃ—কখনও কখনও নিবার্য্যমাণের অনীপ্‌সিত বস্তুরও অপাদান সংজ্ঞা হয়—কূপাৎ অন্ধং বারয়তি—He is saving the blind man from the well. **প্রয়োগ**ঃ—উমেতি মাত্রা তপসো নিষিদ্ধা—(কু)।

৫৮। **জনিকর্ত্তুঃ প্রকৃতিঃ**—জন্‌ ধাতুর কর্ত্তায় প্রকৃতি অর্থাৎ উৎপত্তির হেতু (যাহা উৎপন্ন হয়, তাহার কারণ— the prime cause) অপাদান কারক হয়। যথা—ব্রহ্মণঃ প্রজা প্রজায়ন্তে—All beings are born of Brahma.

৫৯। **অন্তর্দ্ধৌ যেনাদর্শনমিচ্ছতি** (অন্তর্দ্ধি=অন্তর্দ্ধান—অদৃশ্য হওয়া concealment)—অন্তর্দ্ধান বুঝাইলে যাহার অদর্শন ইচ্ছা করা হয় (সে দেখিতে না পাউক, এইরূপ ইচ্ছা করা হয়), তাহা অপাদান কারক হয়। যথা (১) ছাত্রঃ গুরোঃ অন্তর্ধত্তে (গুরু যেন না দেখেন, এইরূপ ইচ্ছা করিয়া ছাত্র লুকাইতেছে)—The student hides himself from his teacher.

৬০। **ত্রপার্থানাং যতস্ত্রপা**—ত্রপার্থ (লজ্জার্থ) ধাতুর প্রয়োগে যাহার নিকটে লজ্জিত হয়, তাহা অপাদান কারক হয়। যথা—(১) পুত্রঃ পিতুঃ ত্রপতে—The son feels ashamed before his father.

N.B.—পাণিনির মতে ইহা ল্যব্‌লোপে পঞ্চমীর উদাহরণ। পুত্রঃ পিতুঃ ত্রপতে=পুত্রঃ পিতরং বীক্ষ্য ত্রপতে। (বীক্ষ্য=বি+ঈক্ষ্‌+ল্যপ্‌)।

৬১। **ভুবঃ প্রভবঃ**—ভু ধাতুর প্রয়োগে প্রথম প্রকাশ-স্থান অপাদান কারক হয়। যথা—হিমালয়াৎ গঙ্গা প্রভবতি—The Ganges has its source in the Himalayas.

৬২। **অধিত্যর্থানামধ্যাপয়িতা**—অধ্যয়নার্থ ধাতুর প্রয়োগে অধ্যাপয়িতা অর্থাৎ যিনি অধ্যাপনা করেন, তাঁহার অপাদান কারক হয়। যথা—ছাত্রঃ উপাধ্যায়াৎ শাস্ত্রম্ অধীতে—The student learns the *shastra* from his preceptor. এইরূপ—গুরোঃ পঠতি।

৬৩। **শ্রুত্যর্থানাং শ্রাবয়িতা**—শ্রবণার্থ (শ্রুতি=শ্রবণ, শ্রুতি+অর্থ =শ্রুত্যর্থ) ধাতুর প্রয়োগে শ্রাবয়িতা অর্থাৎ যাহার নিকট হইতে শ্রবণ করা হয়, তাহার অপাদান কারক হয়। যথা—ছাত্রঃ গুরোঃ শাস্ত্রং শৃণোতি—The student hears the *shastra* from his preceptor. এইরূপ—(১) কস্মাৎ শ্রুতং ভবতা ? শিক্ষকাৎ শ্রুতং ময়া।

৬৪। **গ্রহণ-প্রাপ্ত্যর্থানাং তৎস্থানম্**—গ্রহণার্থ ও প্রাপ্ত্যর্থধাতুর প্রয়োগে গ্রহণস্থান (যাহার নিকট হইতে গ্রহণ করা যায়) এবং প্রাপ্তিস্থান (যাহার নিকট হইতে প্রাপ্ত হওয়া যায়), তাহা অপাদান কারক হয়। যথা—**গ্রহণার্থ**—আচার্য্যাৎ উপদেশ গৃহ্লাতি—He is receiving instructions from the preceptor. **প্রাপ্ত্যর্থ**—উপাধ্যায়াৎ বিদ্যাং প্রাপ্নোতি—He acquires learning from his preceptor. এইরূপ (১) প্রজাভ্যঃ করম্ আদত্তে। (২) গুরোঃ জ্ঞানং লভতে।

৬২। আখ্যাতোপযোগে- (প)। (অখ্যাতা+উপযোগে) আখ্যাতা=বক্তা, অধ্যাপক, উপযোগে=নিয়মপূর্ব্বক বিদ্যাগ্রহণ। নিয়মপূর্ব্বক বিদ্যাগ্রহণ (অধ্যয়ন) বুঝাইলে যিনি আখ্যাতা, বক্তা, অধ্যাপক তাঁহার অপাদান কারক হয়। যথা—শিষ্যঃ উপাধ্যায়াৎ অধীতে—The pupil learn from his preceptor. নিয়ম পূর্ব্বক অধ্যয়ন না বুঝাইলে অপাদান হয় না। যথা—নটস্য গাথাং শৃণোতি—He hears a song of the players.

পঞ্চমী বিভক্তি—Fifth Case-ending

৬৫। **অপাদানে পঞ্চমী**—অপাদান কারকে পঞ্চমী বিভক্তি হয়। যথা—বৃক্ষাৎ পত্রাণি অপতন্—Leaves fell from the tree. এইরূপ—(১) নরঃ অশ্বাৎ অপতৎ। (২) রামঃ গৃহাৎ চলিতঃ। (৩) স জলাৎ উত্থিতঃ।

৬৬। **ল্যব্লোপে কর্ম্মণ্যধিকরণে চ**—(ল্যপ্+লোপে=ল্যব্লোপে+কর্ম্মণি+অধিকরণে ল্যপ্ (যপ্) প্রত্যয়ান্ত পদ উহ্য থাকিলে তাহার কর্ম্মে ও অধিকরণে পঞ্চমী বিভক্তি হয়। যথা—প্রাসাদাৎ প্রেক্ষতে (প্রাসাদম্ আরুহ্য প্রেক্ষতে)—He sees from the palace. আসনাৎ অবলোকয়তি—(আসনে উপবিশ্য অবলোকয়তি)—He sees from his seat.

পূর্ব্বের উদাহরণ দুইটিতে—আরুহ্য=আ+রুহ্+ল্যপ্, উপবিশ্য—উপ+বিশ্+ল্যপ্ এই দুইটি পদ উহ্য আছে বলিয়া 'প্রাসাদ' ও 'আসন' এই দুই পদে পঞ্চমী বিভক্তি হইয়াছে।

৬৭। **কালাধ্বনোরবধেঃ** (কাল+অধ্বনোঃ+অবধেঃ)—কাল-পরিমাণ ও অধ্ব-পরিমাণ (পথের পরিমাণ) বুঝাইলে অবধি-বোধক শব্দের উত্তর পঞ্চমী বিভক্তি হয়। যথা—**কাল-পরিমাণ**—অগ্রহায়ণাৎ পঞ্চঃ মাসাঃ—অগ্রহায়ণ মাস হইতে পাঁচ মাস। **অধ্ব-পরিমাণ**—পাটলিপুত্রাৎ শতং ক্রোশঃ—পাটলিপুত্র হইতে একশত ক্রোশ।

৬৮। **অন্যার্থৈঃ**—অন্যার্থ শব্দের যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা—মিত্রাৎ অন্যঃ কঃ মাং পরিত্রাতুং সমর্থঃ?—Who can save me except my friend?

N.B.—**অন্যার্থ=অন্য, ভিন্ন, ব্যতিরিক্ত, বিলক্ষণ, ইতর প্রভৃতি শব্দ।**

৬৯। **দিগ্দেশকালবাচিভিঃ**—দিগ্বাচক, দেশবাচক ও কালবাচক শব্দের যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা—**দিগ্বাচক**—পূর্ব্বো গ্রামাৎ—to the east of the village. উত্তরো গ্রামাৎ—to the north of the village.

দেশবাচক—চৈত্রো মৈত্রাৎ পুর্ব্বদেশে—Chaitra is to the east of Maitra. **কালবাচক**—মাঘাৎ উত্তরঃ ফাল্গুনঃ—Falguna is next to Magha. এইরূপ—ভোজনাৎ প্রাক্, উত্থানাৎ পরতঃ, শয়নাৎ পুর্ব্বম্, প্রস্থানাৎ, অনন্তরম্।

৭০। **নিকৃষ্টাদেকোৎকর্ষে**—দুই বা বহুর মধ্যে একের উৎকর্ষ বুঝাইলে নিকৃষ্টের উত্তর পঞ্চমী বিভক্তি হয়। ইহাকেই **অপেক্ষার্থে পঞ্চমী** বলে। যথা—(১) ধনাৎ বিদ্যা গরীয়সী—Learning is superior to riches. (২) জননী জন্মভূমিশ্চ স্বর্গাদপী গরীয়সী—Mother and mother-country are superior even to heaven. (ক)

৭১। **মর্য্যাদাভিবিধ্যোরাযোগে**—(মর্য্যাদা চ অভিবিধিশ্চ = মর্য্যাদাভিবিধিঃ তয়োঃ মর্য্যাদাভিবিধ্যোঃ + আযোগে)।

মর্য্যাদা (সীমা) ও অভিবিধি (ব্যাপ্তি) বুঝাইলে 'আ' এই অব্যয়ের যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা—**সীমা**—আ জন্মনঃ (from the very birth), আ-মরণাৎ হরিম্ অর্চ্চয়—Adore Hari till your death. **ব্যাপ্তি**—আ-বনাৎ বৃষ্টো দেবঃ (বনং ব্যাপ্য)—God rained over the forest.

N. B.—(তৎসহিতোঽভিবিধিঃ=inclusion, তেন বিনা মর্য্যাদা= exclusion), **প্রয়োগঃ**—বৈদেহি। পশ্যামলয়াদ্ বিভক্তিং মৎসেতুনা ফেনিলমম্বুরাশিম্—(রঘু)। পশ্যামলায়াৎ—পশ্য + আ-মলয়াৎ।

৭২। **আ-অহিভ্যাঞ্চ**—আ ও আহি-প্রত্যয়ান্ত শব্দের যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা—আ—উদ্যানাৎ উত্তরা গৃহম্—The house is to the

৭০। পঞ্চমী বিভক্তে (পা)

(ক) 'যতশ্চ নির্দ্ধারণম' (১২০ সূত্র) ইহার পাদটীকা দেখ।

৭১। আঙ মর্য্যাদাবচনে (পা)।

north of the garden. **আহি**—প্রয়াগাৎ দক্ষিণাহি বিন্ধ্যঃ—The Vindhyas are to the south of Prayaga.

N. B.—'আ' এবং 'আহি' উভয়ই দিগ্বাচক প্রত্যয় (denoting direction). পার্থক্যের মধ্যে 'আ' সামীপ্য-বোধক ও 'আহি' দূরত্ববোধক। উত্তরা =to the near north. উত্তরাহি=to the far off north.

৭৩। **বহিরাৎ প্রভৃতিভিঃ**—বহিস্, *আরাৎ ও প্রভৃতি শব্দের যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা—গ্রামাৎ বহিঃ (outside the village); আরাৎ বনাৎ (near the forest); গ্রামাৎ আরাৎ (remote from the village); শৈশবাৎ প্রভৃতি (from child-hood). **প্রয়োগঃ**—ভবদ্দর্শনাৎ প্রভৃতি মে কৌতুকম্ অস্মিন্ বিষয়ে—(কাদম্বরী)।

N. B.—'আরভ্য' শব্দের যোগেও পঞ্চমী বিভক্তি হয়। যথা—বাল্যাৎ আরভ্য। (১) দর্শনাৎ আরভ্য প্রতিক্ষণম্ উপচীয়মানা মহতী প্রীতির্জাতা —(কাদম্বরী)।

(ক) সংক্ষিপ্তসার ব্যাকরণের মতে হবিস্ শব্দের যোগে পঞ্চমী ও ষষ্ঠী বিভক্তি হয়।

৭৪। **ঋতে যোগে দ্বিতীয়াচ**—ঋতে শব্দের যোগে পঞ্চমী ও দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—জ্ঞানাৎ ঋতে (or জ্ঞানম্ ঋতে) মুক্তির্নাস্তি=There is no salvation without knowledge.

৭৫। **পৃথগ্বিন-নানাভিস্তৃতীয়াহন্যতরস্যাম্**—পৃথক্, বিনা ও নানা শব্দের যোগে পঞ্চমী, দ্বিতীয়া ও তৃতীয়া বিভক্তি হয়। যথা—পুণ্যাৎ (or পুণ্যং or পুণ্যেন) পৃথক্ পাপম্—Sin is different from virtue. শ্রমাৎ (or শ্রমম্ or শ্রমেণ) বিনা কিমপি ন সিধ্যতি—Nothing can be accomplished without labour. নানা ধর্মং (or ধর্মেণ or ধর্মাৎ) নিষ্ফলা লোক-যাত্রা—Social order is useless without religion.

আ কৈলাসাদ্ বিসকিসলয়চ্ছেদ পাথেয়বন্তঃ (মে)

* আরাৎ—দূরে বা সমীপে "আরাদ্দূর-সমীপয়োঃ"—(অমর)।

৭৬। **স্তোককৃচ্ছ্রাল্পকতিপয়েভ্যস্তৃতীয়া চ**—স্তোক (a little), কৃচ্ছ্র (difficulty), অল্প (a little) ও কতিপয় (some) শব্দের উত্তর পঞ্চমী ও তৃতীয়া বিভক্তি হয়। যথা—স্তোকম্মুক্তঃ or স্তোকেন মুক্তঃ (Released by little), স কৃচ্ছ্রাৎ or কৃচ্ছ্রেণ আগতঃ—(He came with difficulty), কতিপয়েন or কতিপয়াৎ হতঃ (Kl ed by several) ইত্যাদি।

Note—হেতু বুঝাইলে তদ্বোধক শব্দের উত্তর পঞ্চমী ও তৃতীয়া বিভক্তি হয়। যথা—বালকো ভয়াৎ (or ভয়েন) কম্পতে—The boy trembles out of fear. ভিক্ষুঃ দুঃখাৎ (or দুঃখেন) রোদিতি—The beggar weeps for sorrow. স প্রাণভয়াৎ রাজগৃহং প্রবিষ্টঃ। (প)

N. B.—(১) 'হস্তেন' গৃহ্লাতি—হস্তেন=করণে তৃতীয়া। (৩) 'পুণ্যেন' হরিং পশ্যতি, পুণ্যেন—হেতৌ ৩য়া।

(ক) **প্রতিনিধি-প্রতিদানে চ যস্মাৎ**—যাহার প্রতিনিধি বা প্রতিদান হয়, তাহার উত্তর পঞ্চমী বিভক্তি হয়। যথা—অভিমন্যুঃ অর্জ্জুনাৎ প্রতি। মাষান্ অস্মৈ তিলেভ্যঃ প্রতিযচ্ছতি—He is being given Mashas in exchange for Sesamum.

Exercise 12

1. Translate into Snaskrit :—

A. তিনি ঘরে বসিয়া চাঁদ দেখিতেছেন। তুমি ভিন্ন কে আমাকে রক্ষা করিবে? আজন্ম এই দেশে আছি, তথাপি অন্যত্র গমনের স্পৃহা নাই। তিনি ধাবমান অশ্ব হইতে পতিত হইয়াছেন। শিশুটি ভয়ে কাঁপিতেছে।

B. 1. O God, save me from danger. 2. A shower of flower fall from the sky. 3. He is unable to bear with the study of Vedas. 4. Stars never fall from the sky. 5. This boy is afraid of tiger. 6. A good man shrinks from sin.

2. Correct the following sentences, giving reasons :—

(১) সুজনঃ দুর্জ্জনাৎ বিভেতি। (২) প্রভো! ভয়ে ত্রায়স্ব মাম্। (৩) ছাত্রঃ পাঠে বিরমতি। (৪) পথিকঃ ব্যাঘ্রং বিভাতি। (৫) বীজে অঙ্কুরঃ জায়তে। (৬) শিশুঃ গুরুং লজ্জতে।

৭৬। করণে চ স্তোকাল্পকৃচ্ছ্র কতিপয়স্যাসত্ত্ববচনস্য—(পা)।

ষষ্ঠী বিভক্তি—Sixth Case-ending

৭৭। **সম্বন্ধে ষষ্ঠী**—সম্বন্ধে ষষ্ঠী বিভক্তি হয়। যথা—বৃক্ষস্য শাখা (The branch of a tree); মম পুস্তকম্ (My book); তব গৃহম্ (Your house). এইরূপ—নদ্যাঃ জলম্, অগ্নেঃ শিখা, মম পিতা, তব পুত্রঃ, তস্য ভ্রাতা, গোঃ দুগ্ধম্, বৃক্ষস্য ছায়া।

Note—পূর্ব্বে বলা হইয়াছে সম্বন্ধপদ কারক নহে, সম্বন্ধপদের সহিত ক্রিয়াপদের অন্বয় (সম্বন্ধ) থাকে না, সেই জন্য সম্বন্ধে যে ষষ্ঠী বিভক্তি হয়, তাহা কারক-বিভক্তি নয়। কিন্তু কর্ত্তা, কর্ম্ম প্রভৃতির স্থানে যে ষষ্ঠী হয় তাহা কারক-বিভক্তি। কারক ষষ্ঠীর সমাস হয় না।

Learn—(১) নদ্যাঃ জলং বর্ত্ততে। (২) তব পুত্রঃ যাতি—এই দুইটি বাক্যে 'বর্ত্ততে' ও 'যাতি' এই দুইটি ক্রিয়ার সহিত যথাক্রমে 'জল' ও 'পুত্রঃ' এই দুই পদের সম্বন্ধ বুঝাইতেছে, কিন্তু নদ্যাঃ ও তব—এই দুই পদের সহিত কোন সম্বন্ধ নাই।

৭৮। **কর্ত্তৃকর্ম্মণোঃ কৃতি**—কৃৎ (অনট্, ঘঞ্, অল্, ক্তি প্রভৃতি) প্রত্যয়ের প্রয়োগে অনুক্ত কর্ত্তা ও অনুক্ত কর্ম্মে ষষ্ঠী বিভক্তি হয়। যথা—**কর্ত্তায়**—শিশোঃ শয়নম্। অশ্বস্য গতিঃ। **কর্ম্মে**—অন্নস্য পাকঃ। দুগ্ধস্য পানম্।*

Note—শয়নম্=শী+অনট্, গতিঃ=গম্+ক্তি, পাকঃ=পচ্+ঘঞ্, পানম্=পা+অনট্। পূর্ব্বের উদাহরণগুলিতে শয়নম্, গতিঃ, পাকঃ ও পানম্

৭৭। ষষ্ঠী শেষে—(পা)।

* ইহার পরে ন লোকাব্যয় ইত্যাদি সূত্রে যে সকল কৃৎ-প্রত্যয়ান্ত শব্দের প্রয়োগে ষষ্ঠী হয় না তাহাদের উল্লেখ করা হইয়াছে। এখানে লক্ষণীয় যে সকল কৃৎ-প্রত্যয় ভাববাচ্যে হয়, অর্থাৎ যাহাদের প্রয়োগে ভাববাচক বিশেষ্য Verbal Noun গঠিত হয় কেবল তাহাদের সম্বন্ধেই এই বিধি। যে সকল কৃৎপ্রত্যয় যোগে বিশেষণ পদ বা অসমাপিকা ক্রিয়া পদ নিষ্পন্ন হয় তাহাদের প্রয়োগে কর্ত্তায় বা কর্ম্মে ষষ্ঠী হয় না।

—এই চারিটি কৃদন্ত পদ ; ইহাদের যোগে শয়ন-ক্রিয়ার কর্ত্তার 'শিশু', গতি ক্রিয়ার কর্ত্তা 'অশ্ব', পাক ক্রিয়ার কর্ম্ম 'অন্ন' ও পান ক্রিয়ার কর্ম্ম 'দুগ্ধ' শব্দের উত্তর ষষ্ঠী বিভক্তি হইয়াছে।

৭৯। **উভয়প্রাপ্তৌ কর্ম্মণি**—কৃৎ-প্রত্যয়ের প্রয়োগে কর্ত্তা ও কর্ম্ম উভয় স্থলে ষষ্ঠী প্রাপ্তির সম্ভাবনা থাকিলে কেবল কর্ম্মের উত্তর ষষ্ঠী বিভক্তি হয় এবং কর্ত্তায় তৃতীয়া বিভক্তি হয়। যথা—(১) পুস্তকস্য পাঠঃ ছাত্রেণ—ছাত্র কর্ত্তৃক পুস্তকের পাঠ। (২) দুগ্ধস্য পানং শিশুনা—শিশু কর্ত্তৃক দুগ্ধ পান। (৩) অর্থস্য হরণং চৌরেণ—চোর কর্ত্তৃক অর্থের হরণ।

N. B. পাঠঃ, পানং, হরণং প্রভৃতি পদে ঘঞ্, ল্যুট্ প্রভৃতি ভাববিহিত প্রত্যয়ের প্রয়োগ হইয়াছে। ভাববিহিত ক্রিয়ার কর্ত্তায় তৃতীয়া বিভক্তি হয়।

৮০। **ন লোকাব্যয় নিষ্ঠা-খলর্থ-তৃনাম্**—

(উ+উক=উক, ল+উক=লোক, লোক+অব্যয়—লোকাব্যয়)

ল (শতৃ, শানচ্ ক্বসু, স্যতৃ, স্যমান), উক, অব্যয় (তুমু, ক্ত্বাচ্ ণমুল্, ল্যপ্), নিষ্ঠা (ক্ত, ক্তবতু), খলর্থপ্রত্যয়* ও শীলার্থ তৃন্ প্রত্যয়ান্ত শব্দের যোগে ষষ্ঠী বিভক্তি হয় না। **শতৃ**—অন্নং পচন্ (অন্ন পাক করিতে করিতে); গৃহং গচ্ছন্ (গৃহে যাইতে যাইতে); **শানচ্**—পিতরং সেবমানঃ (পিতার সেবা করিতে করিতে); **ক্বসু**—অন্নং পেচিবান্ (ভাত রাঁধিয়াছিল যে সে); **কানচ্**—গুরুং ববন্দানঃ (যে গুরুকে পূজা করিয়াছে সে); **স্যতৃ**—গ্রামং গমিষ্যন্ (যে গ্রামে যাইবে সে); **স্যমান**—গুরুং সেবিষ্যমাণঃ (যে গুরুর সেবা করিবে সে); উ—জলং পিপাসুঃ (জল পান করিতে ইচ্ছুক); **উক—স**

---

* সু, দুর্ ও ঈষৎ শব্দের পরে ধাতুর উত্তরে যে 'অ' ও 'অন্' হয়, তাহাদিগকে খল ও খলর্থ প্রত্যয় বলে। খল্ প্রত্যয় কর্ম্মবাচ্যে হয়, সুতরাং ইহার কর্ত্তায় ওষ্ঠা হয়। 'অপি' বাগধিপস্য দুর্ব্বচঃ বচনং তৎ 'বিস্ময়ম্, ইত্যাদি মহাকবি প্রয়োগ খল্ প্রত্যয়ান্ত শব্দটিকে কর্ত্তার সহিত অন্বয় না করিয়া সাধারণ বিশেষণ রূপে গণ্য হয়। 'দুর্ব্বচঃ' 'বচন' ইহার বিশেষণ। ইদং কর্ম্ম তস্য 'দুষ্করং' ইত্যাদি স্থলেও 'দুষ্করং' পদটি 'কর্ম্ম' এই পদের বিশেষণ ধরা যাইতে পারে, খল্ প্রত্যয়ান্ত শব্দটিকে কর্ত্তার সহিত অন্বয় করিলে কর্ত্তার ওষ্ঠা বিভক্তিই করিতে হয়।

শত্রুং ঘাতুকঃ (সে শত্রুকে বধ করিতে ইচ্ছা করে) ; **তুমুন্**—স গ্রামং গন্তুম্ ইচ্ছতি (সে গ্রামে গমন করিতে ইচ্ছা করিতেছে); **ক্ত্বাচ্**—জলং পীত্বা (জল পান করিয়া) ; **ল্যপ্**—দেবং প্রণম্য (দেবতাকে প্রণাম করিয়া) ; **ণমুল্**—শাস্ত্রং শ্রাবং শ্রাবম্ (শাস্ত্র পুনঃ পুনঃ শ্রবণ করিয়া) ; **ক্ত**—ময়া জলং পীতম্ ; **ক্তবতু**—গ্রামং গতবান্ ; **খলর্থ**—ন এতৎ সুকরং ভবতা (ইহা আপনার পক্ষে সহজ নয়) ; এতৎ দুষ্করং তেন (ইহা তাহার পক্ষে কষ্টকর) । কৃতং কার্য্যং দুষ্করং পাণ্ডবৈঃ—(ম) । **শীলার্থ তৃন্**—রাজা ধনং দাতা ।

(ক) উক-প্রত্যয়ান্ত হইলেও 'কামুক' শব্দের যোগে ষষ্ঠী বিভক্তি হয় । যথা—দরিদ্রঃ অর্থস্য কামুকঃ (দরিদ্র অর্থের কামনা করে) ।

৮১ । **ক্তস্য চ বর্ত্তমানে**—বর্ত্তমান কালে বিহিত ক্ত প্রত্যয়ের প্রয়োগে কর্ত্তায় ষষ্ঠী বিভক্তি হয় । যথা—বিদ্বান্ জনঃ বিদুষাং পূজিতঃ (বিদ্বদ্ভিঃ পূজ্যতে)—A learned man is honoured by the learned. স রাজ্ঞাং মতঃ (রাজভির্মন্যতে)—He is respected by kings.

Learn : **মতিবুদ্ধিপূজার্থেভ্যশ্চ**—এই সূত্র দ্বারা ইচ্ছার্থ, জ্ঞানার্থ ও পূজার্থ ধাতুর উত্তর বর্ত্তমানকালে ক্ত প্রত্যয় হয় । কৃদন্ত প্রকরণে ইহার বিস্তৃত আলোচনা করা হইবে ।

৮২ । অধিকরণবাচিনশ্চ—অধিকরণবাচ্যে বিহিত ক্ত প্রত্যয়ের প্রয়োগে ষষ্ঠী বিভক্তি হয় । যথা—ইদম্ তেষাম্ শয়িতম্ (ইহা তাহাদের শয্যা) । ইদম্ তেষাম্ আসিতম্ (ইহা তাহাদের আসন) ।

N.B. 'শয়িতম্' ও 'আসিতম্' এর অর্থ শয্যা ও আসন । শয্যতে অস্মিন্ ইতি=শয়িতম্ (শী+ক্ত) । আস্যতে অস্মিন্ ইতি=আসিতম্ (আস্+ক্ত) ।

৮৩ । **বিভাষা ভাবে**—ভাববাচ্যে বিহিত ক্ত প্রত্যয়ের প্রয়োগে কর্ত্তায় বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয় । যথা—ছাত্রস্য (or ছাত্রেণ) হসিতম্ । এইরূপ—মম স্নাতম্ or ময়া স্নাতম্ , মম শয়িতম্ or ময়া শয়িতম্ । মম স্থিতম্ or ময়া স্থিতম্ ।

৮৪। **কৃত্যানাং কর্ত্তরি বা**—কৃত্য প্রত্যয়ের প্রয়োগে কর্ত্তায় বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয়। (**তব্য, অনীয়, ণ্যৎ, যৎ, ক্যপ্**—এই পাঁচটিকে কৃত্য প্রত্যয় বলে)। **তব্য**—মম (or ময়া) চন্দ্রঃ দ্রষ্টব্যঃ—The moon is to be seen by me. (দ্রষ্টব্যঃ=দৃশ্+তব্য)। **অনীয়**—তস্য (or তেন) গুরুঃ অর্চ্চনীয়—The preceptor should be worshipped by him. (অর্চ্চনীয়=অর্চ্চ+অনীয়)। **ণ্যৎ**—তব (or ত্বয়া) পুস্তকং পাঠ্যম্—The book should be read by you. (পাঠ্যম্=পঠ্+ণ্যৎ)। **ক্যপ্**—মম (or ময়া) হরিঃ স্তুত্য—Hari should be adored by me. (স্তুত্যঃ=স্তু+ক্যপ্)। **যৎ**—তস্য (or তেন) অর্থঃ লভ্যঃ—The money should be gained by him. (লভ্য=লভ্+যৎ)।

৮৫। **দ্বিষঃ শতুর্ব্বা**—শতৃ প্রত্যয়ান্ত দ্বিষ্ ধাতুর প্রয়োগে কর্ম্মে বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয়। যথা—মুরং or মুরস্য দ্বিষন্ (মুর নামক দৈত্যের সহিত শত্রুতাকারী অর্থাৎ মুরারি=কৃষ্ণ)। 'দ্বিষন্'=দ্বিষ্+শতৃ পুং ১মা, ১বঃ।

৮৬। **অধীগর্থদয়েশাং কর্ম্মণি**—অধি+ইক্+অর্থ=অধীগর্থ (স্মরণার্থ ধাতু) এবং দয়্ (to feel piety) ও ঈশ্ (to lord it over, to be master of) ধাতুর কর্ম্মে বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয়। যথা—**স্মরণার্থ**—পুত্রঃ মাতুঃ (or মাতরং) স্মরতি—The son remembers his mother.

প্রয়োগ :—ন স্মরিষ্যসি নারীণাং মানুষীণাং মনস্বিনি—(রা)।

দয়্—দাতা দরিদ্রাণাং (or দরিদ্রান্) দয়তে (দাতা দরিদ্রদিগকে দয়া করিতেছেন)। তেষাং দয়সে ন কস্মাৎ—(ভট্টি)। **ঈশ্**—পিতা পুত্রস্য (or পুত্রং) ঈষ্টে—The father rules over his son.

৮৭। **কৃত্বসু-সুচোঃ কালাধিকরণে**—কৃত্বসু (কৃত্বস্) ও সুচ্ (স্) প্রত্যয়ের প্রয়োগে কালবাচক শব্দের অধিকরণে ষষ্ঠী বিভক্তি হয়। যথা—

৮৭। কৃত্বোঽর্থপ্রয়োগে কালেঽধিকরণে—(পা)।

কৃত্বসু—দিবসস্য পঞ্চকৃত্বঃ অধীতে (দিনে পাঁচবার অধ্যয়ন করে), স দিনস্য দ্বিঃ ভুঙ্‌ক্তে (দিনে দুইবার খায়)। ধাচ্‌ প্রভৃতি যে সকল প্রত্যয় কৃত্বসু প্রভৃতির অর্থবাচক তাহাদের প্রয়োগেও অধিকরণে ষষ্ঠী বিভক্তি হয়। যথা—স মাসস্য পঞ্চধা অগচ্ছতি।

Note.—**অস্ত্যদস্যাত্যতসুভিঃ**—(অস্তাৎ+অসি+আতি+অতসুভিঃ) অস্তাৎ, অসি, আতি ও অতসু—এই প্রত্যয়ান্ত শব্দের যোগে ষষ্ঠী বিভক্তি হয়। যথা—**অস্তাৎ**—উদ্যানস্য পুরস্তাৎ (উদ্যানের সম্মুখে)। পুরস্তাৎ=পূর্ব্ব+অস্তাৎ। **অসি**—(অস্)—নগরস্য পুরঃ (নগরের সম্মুখে)। পুরঃ—পূর্ব্ব+অসি। **আতি** (আৎ)—সমুদ্রস্য উত্তরাৎ (সমুদ্রের উত্তরে)। উত্তরাৎ—উত্তর+আতি। **অতসু** (অতস্)—গ্রামস্য দক্ষিণতঃ (গ্রামের দক্ষিণে)। দক্ষিণতঃ=দক্ষিণ+অতসু।

৮৮। **এনপা দ্বিতীয়া চ**—এনপ্‌ প্রত্যয়ান্ত শব্দের যোগে ষষ্ঠী ও দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—দক্ষিণেন গ্রামস্য (or গ্রামম্)—To the south of the village.

প্রয়োগঃ—দক্ষিণেন বৃক্ষবাটিকাম্ আলাপ ইব শ্রূয়তে—(শ)

৮৯। **তৃপ্ত্যর্থানাং বিভাষা করণে**—তৃপ্ত্যর্থ ধাতুর করণকারকে বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয়। যথা—অগ্নিঃ কাষ্ঠানাং (or কাষ্ঠৈঃ) ন তৃপ্যতি—Fire is not appeased by fuel. **প্রয়োগঃ**—অপাং হি তৃপ্তায় ন বারি-ধারা, স্বাদুঃ সুগন্ধিঃ স্বদতে তুষারা—(নৈষধচরিতম্)।

৯০। **তুল্যার্থৈরতুলোপমাভ্যাং তৃতীয়ান্যতরস্যাম্**—তুলা ও উপমা শব্দ ভিন্ন তুল্যার্থে (তুল্য, সদৃশ, সম, সমান) শব্দের যোগে ষষ্ঠী ও তৃতীয়া বিভক্তি হয়। যথা—**তুল্য শব্দযোগে**—বিনয়স্য (or বিনয়েন) তুল্যো গুণো নাস্তি—There is no virtue like modesty. জ্ঞানস্য (or জ্ঞানেন) সমং ধনং নাস্তি—There is no wealth like knowledge. **সমান শব্দযোগে**—তস্য (or তেন) সমানঃ কোঽপি নাস্তি। **প্রয়োগঃ**—ধর্ম্মেণ হীনাঃ

পশুভি: সমানা:—(হি)। **সদৃশ শব্দযোগে**—মূর্খা: পশূনাং (or পশুভি:) সদৃশা: ভবন্তি। তুলা ও উপমা শব্দের যোগে কেবল ষষ্ঠী বিভক্তি হয়। যথা—**তুলা**=বিষ্ণো: তুলা নাস্তি। **উপমা**—শিবস্য উপমা নাস্তি।

৯১। **চতুর্থী চাশিষ্যায়ুষ্য-মদ্র-ভদ্র-কুশল-সুখার্থ-হিতৈঃ**—আশীর্ব্বাদ বুঝাইলে আয়ুস্য (আয়ুবৃদ্ধি—long life), মদ্র (আনন্দ, মঙ্গল), ভদ্র (মঙ্গল, সৌভাগ্য—good fortune), কুশল, সুখ, অর্থ (ধন, ঐশ্বর্য্য—prosperity) এবং হিত-পর্য্যায় (শুভ, মঙ্গল—good) শব্দের যোগে ষষ্ঠী ও চতুর্থী বিভক্তি হয়। যথা—**আয়ুষ্য**—নৃপস্য (or নৃপায়) আয়ুষ্যং ভূয়াৎ—May the king live long. শিষ্যস্য (or শিষ্যায়)(সুখম্ or হিতং or ভদ্রং) ভূয়াৎ—May happiness attend the disciple.

N.B. আশীর্ব্বাদ বুঝাইলে নিরাময়, পথ্য, শম্ প্রভৃতি কুশলার্থ শব্দের যোগে ষষ্ঠী বিভক্তি হয়। যথা—রাজ্ঞঃ (or রাজ্ঞে) নিরাময়ং ভূয়াৎ ইত্যাদি।

৯২। **দূরান্তিকার্থৈঃ ষষ্ঠ্যন্যতরস্যাম্**—দূরার্থ ও অন্তিকার্থ (অন্তিক, নিকট, সমীপ) শব্দের যোগে ষষ্ঠী ও পঞ্চমী বিভক্তি হয়। যথা—গ্রামাৎ (or গ্রামস্য) দূরম্—Far from the village. নগরাৎ (or নগরস্য) অন্তিকম্—Near the town.

৯৩। **ষষ্ঠী হেতু প্রয়োগে**—হেতু শব্দের প্রয়োগ থাকিলে, নিমিত্ত-বোধক শব্দের উত্তর ষষ্ঠী বিভক্তি হয়। যথা—অন্নস্য হেতোর্ব্বসতি—He lives for food.

N. B. বৈয়াকরণেরা এস্থলে তৃতীয়াদি পাঁচ বিভক্তিরই বিধান করিয়াছেন।

৯৪। **সর্ব্বনাম্নস্তৃতীয়া চ**—হেতু শব্দের প্রয়োগ থাকিলে, নিমিত্ত বোধক সর্ব্বনাম শব্দের উত্তর ষষ্ঠী ও তৃতীয়া বিভক্তি হয়। যথা—কস্য হেতো: স আগত:, or কেন হেতুনা স: আগত: (কাহার জন্য সে আসিয়াছে)।

৯৫। নিমিত্তপর্য্যায়-প্রয়োগে সর্ব্বাসাং প্রায়দর্শনম্—নিমিত্ত পর্য্যায় শব্দের প্রয়োগে অর্থাৎ নিমিত্ত, হেতু, প্রয়োজন, কারণ প্রভৃতি শব্দের প্রয়োগে সর্ব্বনাম শব্দের উত্তর প্রায় সকল বিভক্তিই হয়। যথা—কো হেতুঃ, কং হেতুম্, কেন হেতুনা, কস্মৈ হেতবে, কস্মাৎ হেতোঃ, কস্য হেতোঃ, কস্মিন্ হেতৌ স আগতঃ।

প্রয়োগঃ—আজ্ঞাপয় কোঽসি ? কস্য হেতোঃ আগতোঽসি।—(দ)।

এইরূপ—কিং নিমিত্তং, কেন নিমিত্তেন ইত্যাদি। কিন্তু সর্ব্বনাম শব্দের প্রয়োগ না থাকিলে প্রথমা ও দ্বিতীয়া বিভক্তি হয় না, অবশিষ্ট পাঁচটি বিভক্তি হয়। যথা—জ্ঞানেন নিমিত্তেন হরিঃ সেব্য। এইরূপ জ্ঞানায় নিমিত্তায় ইত্যাদি।

Note—প্রতি-পুর্ব্বক ভা ধাতুর যোগে ষষ্ঠী বিভক্তির প্রয়োগ দেখা যায়। যথা—

প্রয়োগঃ—(১) সর্ব্বে চ 'তে' বেদাঃ প্রতিভাস্যন্তি—(ম)। (২) তৎ অদ্ভুতং 'মে' প্রতিভাতি—(ক)। (৩) শূন্যম্ ইব 'মে' প্রতিভাতি জগৎ—(কা)। (৪) বিচারমূঢ়ঃ প্রতিভাসি 'মে' ত্বম্—(রঘু)।

Exercise 12

1. *Translate into Sanskrit* :—

A. একটি হরিণ বৃক্ষের নীচে ঘুমাইতেছে। আমি তাহার নিকট সাহায্য লাভের আশায় সেখানে গিয়াছিলাম। নগরীর নিকট দিয়া নদী প্রবাহিত হইয়াছে। শ্যাম দরিদ্রকে দয়া করে।

B. 1. The rays of the sun are hot. 2. The milk of a cow is sweet. 3. This is our school. 4. I have a son named Yadu. 5. The beauty of the Himalayas is very charming (রমণীয়). 6. The river flows near (আন্তিক) the town.

2. *Correct the following sentences, giving reasons* :—

(১) অন্নস্য পচন্ বিপ্রঃ অত্র তিষ্ঠতি। (২) তব ইদং সুকরম্। (৩) হিমালয়ং উত্তরাৎ যক্ষস্য আবাসঃ। (৪) শিশনাং দুগ্ধস্য পানম্। (৫) পিতুঃ সেবমানঃ পুত্রঃ সুখং লভতে। (৬) ইদং মম দুষ্করম্।

অধিকরণ কারক—Locative Case

৯৬। **আধারোঽধিকরণম্**—ক্রিয়ার আধারকে অধিকরণ বলে। যথা—স গৃহে বর্ত্ততে—He is at home.

—ক্রিয়ার আধার কাহাকে বলে? যেখানে ক্রিয়াটি নিষ্পন্ন হয়, তাহাই সেই ক্রিয়ার আধার। যেমন, ছাত্রঃ আসনে উপবিশতি—ছাত্র আসনে বসিয়া আছে—এখানে বসা ক্রিয়াটি আসনের উপর নিষ্পন্ন হইতেছে, অতএব, আসন আধার বা অধিকরণ কারক। ইহা অন্যভাবেও বলা যায়—ক্রিয়ার আশ্রয়ভূত কর্ত্তা ও কর্ম্মের যে আধার তাহাই অধিকরণ কারক। যেমন—(১) শিশুঃ শয্যায়াং শেতে—এই বাক্যে শিশুঃ—কর্ত্তা, আধার শয্যা, (২) পাচকঃ স্থাল্যাম্ ওদং পচতি—এখানে ওদনং—কর্ম্মের আধার, অতএব শয্যা ও স্থালী ক্রমান্বয়ে কর্ত্তা ও কর্ম্মের আধার বা অধিকরণ কারক।

আধার তিন প্রকার, (১) ঐকদেশিক বা ঔপশ্লেষিক, (২) বৈষয়িক, (৩) অভিব্যাপক।

(১) **ঐকদেশিক**—(১) বনে সিংহঃ বসতি—বনের এক অংশে সিংহ বাস করে। (২) নদ্যাং স্নাতি—নদীর এক অংশে স্নান করিতেছে।

(২) **বৈষয়িক**—(১) বিদ্যায়াম্ মম অনুরাগঃ বিদ্যতে—বিদ্যাবিষয়ে আমার অনুরাগ আছে। (২) তস্য ধর্ম্মে মতিঃ অস্তি--ধর্ম্মবিষয়ে তাহার ইচ্ছা আছে। ধর্ম্মে বেদাঃ প্রমাণম্—ধর্ম্মবিষয়ে বেদই প্রমাণ।

(৩) **অভিব্যাপক**— ১) তিলেষু তৈলম্ অস্তি—তিলের সমস্ত অবয়ব ব্যাপিয়া তৈল আছে।

ইহা ছাড়া কেহ কেহ কাল ও লাক্ষণিক—এই দুই প্রকার অধিকরণের নাম করেন। যথা—

কালাধিকরণ—(১) বর্ষাসু বৃষ্টির্ভবতি—বর্ষাকালে বৃষ্টি হয়। (২) রাত্রৌ চন্দ্রঃ উদেতি—রাত্রিকালে চন্দ্র উদিত হয়। এইরূপ—একাদশ্যাঃ ন ভুঞ্জীত।

লাক্ষণিক—কোনও শব্দ শ্রবণ করিলেই হৃদয়ে যে বস্তুর উদয় হয়,

তাহাকে সেই শব্দের অভিধা অর্থ বলে। বৃক্ষ বলিলেই শাখাদিযুক্ত যে বস্তুর প্রতীতি হয়, তাহাই বৃক্ষ শব্দের অভিধা অর্থ। যে স্থানে অভিধা অর্থের দ্বারা বক্তব্য বিষয়ের বোধ হয় না, সেই স্থানে লক্ষণা অর্থ আশ্রয় করিতে হয়। যেমন, অঙ্গুল্যগ্রে করিশতম্ অস্তি—এখানে অঙ্গুল্যগ্রে শব্দের অর্থ অঙ্গুলির অগ্রভাগ, সেখানে একশত হস্তীর অবস্থান অসম্ভব, অতএব অঙ্গুলির অগ্রভাগ দ্বারা প্রদর্শিত স্থানই বুঝিতে হইবে। এইরূপ—স গঙ্গায়াং বসতি—সে গঙ্গার তীরে বাস করিতেছে।

সপ্তমী বিভক্তি—Seventh Case-ending

৯৭। **সপ্তম্যধিকরণে চ** (সপ্তমী+অধিকরণে=সপ্তম্যধিকরণে)—অধিকরণকারকে সপ্তমী বিভক্তি হয়। যথা—রামো গৃহে তিষ্ঠতি—Rama remains at home. বিপ্রো নদ্যাং স্নাতি—The Brahmin bathes in the river. এইরূপ—(১) শিশুঃ শয্যায়াং শেতে। (২) সিংহঃ বনে প্রতিবসতি। (৩) জলে মৎস্যাঃ সঞ্চরন্তি।

৯৮। **সাধ্বসাধুপ্রয়োগে চ**—(সাধু+অসাধু=সাধ্বসাধু)—সাধু ও অসাধু শব্দের প্রয়োগে সপ্তমী বিভক্তি হয়। যথা—সাধুঃ কৃষ্ণো মাতরি, অসাধুর্মাতুলে—Krishna is well-behaved towards his mother, but ill-behaved towards his maternal uncle.

৯৯। **নিমিত্তাৎ কর্ম্মযোগে**—নিমিত্ত যখন কোন ক্রিয়ার কর্ম্মের সহিত সমবায় বা সংযোগ সম্বন্ধে যুক্ত হয়, তখন সেই নিমিত্তবাচক শব্দে সপ্তমী বিভক্তি হয়। যথা—চর্ম্মণি দ্বীপিনং হন্তি, দন্তয়োর্হন্তি কুঞ্জরম্, কেশেষু চমরীং হন্তি, সীম্নি পুষ্কলকো হত। (মানুষ চর্ম্মের জন্য ব্যাঘ্র বধ করে; দন্তের জন্য হস্তী বধ করে; কেশের জন্য চমরী বধ করে এবং মৃগনাভির জন্য কস্তুরী বধ করে)।

উল্লিখিত উদাহরণে দ্বীপিনম্, কুঞ্জরম্, চমরীম্—এই তিনটি পদ

'হন্তি' ক্রিয়ার কর্ম্ম এবং পুষ্কলকঃ—'হতঃ' এই ক্রিয়ার কর্ম্ম। এই কর্ম্ম পদগুলির সহিত যথাক্রমে চর্ম্ম, কেশ ও সীমন্ ইহাদের সমবায় সম্বন্ধ থাকায় এবং এইগুলির জন্য হনন ক্রিয়ার অনুষ্ঠান হওয়ায় উহাদের উত্তরে সপ্তমী বিভক্তি হইতেছে

Hints—(a) কর্ম্মযোগে=কর্ম্মকারকের সহিত সমবায় সম্বন্ধ বা সংযোগ সম্বন্ধ থাকিলে নিমিত্তবোধক=ফলবোধক, যোগ=সমবায় সম্বন্ধ অথবা সংযোগ সম্বন্ধ। 'চর্ম্মণি দ্বীপিনং হন্তি' ইত্যাদি সমবায় সম্বন্ধের উদাহরণ। সংযোগ সম্বন্ধ হইলেও সপ্তমী বিভক্তি হয়। যথা—বস্ত্রেষু রজকম্ অবধীৎ কৃষ্ণঃ —Krishna killed the washerman for clothes.

(b) **নিমিত্তমিহ ফলম্। যোগঃ সংযোগ সমবায়াত্মকঃ।** নিমিত্ত অর্থে ফল বুঝিতে হইবে, যোগ অর্থে সংযোগ ও সমবায় সম্বন্ধ। অবয়ব ও অবয়বীর মধ্যে যে সম্বন্ধ, তাহাকে সমবায় সম্বন্ধ বলে। সকল স্থলে হেত্বর্থে তৃতীয়া বা চতুর্থী বিভক্তি হইতে পারিত, কিন্তু এই সূত্র দ্বারা সপ্তমী বিভক্তি হইল।

মুক্তাফলায় করিণং হরিণং **পলায়,**
সিংহং নিহন্তি **ভুজবিক্রমসূচনায়।**
কা নীতিরীতিরিয়তী রঘুবংশবীর।
শাখামৃগে জরতি যত্তব বাণমোক্ষঃ॥

বৈয়াকরণেরা বড় অক্ষরে মুদ্রিত পদগুলিকে অসাধু প্রয়োগ বলেন, আবার কেহ কেহ বলেন, তুমুন্-প্রত্যয়ান্ত পদ উহ্য করিয়া "ক্রিয়ার্থোপপদস্য চ কর্ম্মণি স্থানিনঃ" এই সূত্র দ্বারা চতুর্থী হইয়াছে।

১০০। **যস্য চ ভাবেন ভাবলক্ষণম্**—যে ক্রিয়ার কাল দ্বারা অন্য ক্রিয়ার কাল নির্দ্ধারিত হয়, তাহার উত্তর সপ্তমী বিভক্তি হয়। এই সপ্তমীকে **ভাবে সপ্তমী** বলে। ইংরাজিতে ইহাকে Nominative absolute বলে। যথা—(১) সূর্য্যে অস্তং গতে রামঃ গৃহং গতঃ—The sun having set

Rama went home. (২) রাত্রৌ আগতায়াম্ অহং চন্দ্রং দ্রক্ষ্যামি—I shall see the moon on the approach of night.

Note—যে বাক্যে ভাবে সপ্তমীর প্রয়োগ, হয় তাহাকে বিশ্লেষণ করিলে দুইটি বাক্য দেখিতে পাওয়া যায়। যথা, (১) সূর্য্যঃ উদিতঃ, (২) পথিকঃ প্রস্থিতঃ=সূর্য্যে উদিতে পথিকঃ প্রস্থিতঃ। এস্থানে সূর্য্যঃ ও পথিকঃ কর্ত্তা, এবং উভয়ের কাল দ্বারা প্রস্থানের কাল নিরূপিত হইয়াছে, সুতরাং উৎ+ই এই ক্রিয়ার কর্ত্তা, সূর্য্যের উত্তর সপ্তমী হইল এবং উদিত শব্দটি তাহার বিশেষণ বলিয়া সপ্তম্যন্ত হইল। যে ক্রিয়া অন্য ক্রিয়ার কাল নির্দ্দেশ করে, তাহা কর্ত্তৃবাচ্যে থাকিলে কর্ত্তার, কর্ম্মবাচ্যে থাকিলে কর্ম্মের ও ভাববাচ্যে থাকিলে (ক্রিয়াবোধক) ভাবের উত্তর সপ্তমী হয়। ভাব=কৃদন্ত ক্রিয়া।

যথা—সূর্য্যে উদিতে কমলং বিকসতি, গোপৈঃ গোষু দুহ্যমানাসু বালকাঃ আগচ্ছন্, শিশুনা রুদিতে জননী সমায়াতা।

এই সকল প্রয়োগে 'সূর্য্য' উৎ+ই ধাতুর কর্ত্তা, 'গো' দুহ্ ধাতুর কর্ম্ম ও 'রুদিত' পদটি রুদ্ ধাতুর উত্তর ভাববাচ্যে ক্ত প্রত্যয়ে নিষ্পন্ন।

প্রয়োগঃ—(১) সূর্যে চ অস্তাচলাবলম্বিনি উপাধ্যায়ঃ শিষ্যম্ অবোচৎ—(ম)। অথ জ্বলতি তস্মিন্ শমী কোটরে পাপবুদ্ধি-পিতা নিশ্চক্রাম—(প)।

১০১। **ষষ্ঠী চানাদরে** (চ+অনাদরে=চানাদরে)—ভাবে সপ্তমীর স্থলে ক্রিয়া দ্বারা অনাদর (অবজ্ঞা—disregard) বুঝাইলে অনাদৃতের উত্তর অর্থাৎ যাহাকে অনাদর করা যায়, তাহার উত্তর ষষ্ঠী ও সপ্তমী বিভক্তি হয়। যথা—রুদতি পুত্রে (or রুদতঃ পুত্রস্য) পিতা প্রতস্থে—পুত্র কাঁদিতে থাকিলেও (পুত্রের ক্রন্দন গ্রাহ্য না করিয়া) পিতা প্রস্থান করিলেন। পশ্যতো বকমূর্খস্য নকুলৈর্ভক্ষিতাঃ সুতাঃ=মূর্খ বক দেখিতে থাকিলেও নেউলেরা তাহার শাবক-গুলি ভক্ষণ করিয়াছিল।

১০২। **যতশ্চ নির্দ্ধারণম্**—জাতি, গুণ, ক্রিয়া অথবা সংজ্ঞার দ্বারা একজাতীয় অনেকের মধ্য হইতে একটিকে বাছিয়া পৃথক্ করিয়া লওয়ার

নাম নির্দ্ধারণ। যাহা হইতে নির্দ্ধারণ করা যায়, তাহার উত্তর ষষ্ঠী ও সপ্তমী বিভক্তি হয়। **নির্দ্ধারণ** একজাতীয় বস্তু বা ব্যক্তিসমূহের মধ্যে হইয়া থাকে। জাতি দুই প্রকার, পরাজাতি (Genus) ও অপরাজাতি (Species), কালিদাস, ভবভূতি, বাণ ইঁহারা পৃথক্ পৃথক্ ব্যক্তি, কিন্তু ইঁহারা সকলেই 'কবি' শ্রেণীর অন্তর্গত। সিংহ, ব্যাঘ্র, ভল্লুক ইহারা সকলেই পশু শ্রেণীর অন্তর্গত। 'কবি' ও 'পশু' এস্থানে **পরাজাতি** ; কালিদাস প্রভৃতি ব্যক্তি বা সিংহ প্রভৃতি প্রাণী **অপরাজাতি**। যখন পরাজাতি হইতে অপরাজাতিকে পৃথক্ করা হয় তখনই নির্দ্ধারণে ষষ্ঠী বা ৭মী হয়। ইহারই উদাহরণ 'কবীনাং (কবিষু) কালিদাসঃ শ্রেষ্ঠঃ'। পশূনাং (পশুষু) সিংহঃ শ্রেষ্ঠঃ। জাতি, গুণ, ক্রিয়া অথবা সংজ্ঞাভেদক ধর্ম্ম (Differentia) অপরাজাতিকে পরাজাতি হইতে পৃথক্ করে। যে স্থানে দুইটিই অপরাজাতির অন্তর্গত এবং কোনও বৈশিষ্ট্য বশতঃ তাহাদের ভেদ নির্ণয় করা প্রয়োজন হয়, তখন **'পঞ্চমী বিভক্তেঃ'** এই সূত্রানুসারে সে ক্ষেত্রে পঞ্চমী বিভক্তি ব্যবহৃত হয়। 'শৃগালাৎ ব্যাঘ্রো বলীয়ান্'—ইত্যাদি উহার উদাহরণ। ভাষ্যকার ও বোপদেবের মতে নির্দ্ধারণে পঞ্চমীও হইতে পারে। 'অজাত-মৃত-মূর্খেভ্যো মৃতাজাতৌ সুতৌ বরম্'—ইত্যাদি ইহার উদাহরণ। **জাতি দ্বারা**—নৃণাং (or নৃষু) দ্বিজঃ শ্রেষ্ঠঃ। পশূনাং (or পশুষু) সিংহো বলিষ্ঠঃ। **গুণ দ্বারা**— —গবাং (or গোষু) কৃষ্ণা বহুক্ষীরা—(বহু ক্ষীরং যস্যা সা, অর্থাৎ অধিক দুগ্ধবতী)। **ক্রিয়া দ্বারা**—গচ্ছতাং (or গচ্ছৎসু) ধাবন্তঃ শীঘ্রগামিনঃ— পথিকদিগের মধ্যে যাহারা দৌড়ায়, তাহারা শীঘ্র যায়। **সংজ্ঞা দ্বারা**— কবীনাং (or কবিষু) কলিদাসঃ শ্রেষ্ঠঃ।

১০৩। সাধু নিপুণাভ্যামর্চ্চায়াং সপ্তম্যপ্রতেঃ—

(ন প্রতি=অপ্রতি, সপ্তমী+অপ্রতেঃ=সপ্তম্যপ্রতেঃ)

অর্চ্চা (প্রশংসা) বুঝাইলে সাধু ও নিপুণ শব্দের যোগে সপ্তমী বিভক্তি হয়, কিন্তু প্রতি শব্দের যোগ থাকিলে সপ্তমী হয় না। যথা—ব্যাকরণে সাধুঃ—

This student is well up in grammar. রামঃ সাহিত্যে নিপুণঃ—Ram is strong in literature. **প্রয়োগঃ**—কো ভবান্? কস্যাং বিদ্যায়াং নিপুণঃ?—(দ)। কিন্তু প্রতি শব্দের যোগে সপ্তমী হয় না যথা—রামঃ মাতরং প্রতি সাধুঃ (নিপুণঃ)।

১০৪। **স্বামীশ্বরাধিপতি দায়াদ সাক্ষি প্রতিভূ প্রসূতৈশ্চ—**

স্বামিন্ (master), ঈশ্বর, অধিপতি (lord), দায়াদ (উত্তরাধিকারী), সাক্ষিন্ (witness), প্রতিভূ (জামিন) ও প্রসূত (জাত) শব্দের যোগে ষষ্ঠী ও সপ্তমী বিভক্তি হয়। যথা—দেবানাং (or দেবেষু) স্বামী or ঈশ্বরঃ or অধিপতিঃ—সকল দেবতার প্রভু। এইরূপ—সঃ বিবাদস্য (or বিবাদে) সাক্ষী—তিনি বিবাদের সাক্ষী। কৃষ্ণঃ যাদবানাং (or যাদবেষু) দায়াদঃ—কৃষ্ণঃ যাদবদের জ্ঞাতি। সঃ ব্যবহারস্য (or ব্যবহারে) প্রতিভূঃ—তিনি মোকদ্দমায় জামিন।

১০৫। **প্রসিতোৎসুকাভ্যাং তৃতীয়া চ**—প্রসিত ও উৎসুক শব্দের যোগে সপ্তমী ও তৃতীয় বিভক্তি হয়। যথা—স ধনেষু (or ধনৈঃ) প্রসিতঃ—He is greatly desirous of wealth.

১০৬। **অধ্বনো ব্যবধৌ প্রথমা চ**—ব্যবধান বুঝাইলে অধ্ববাচক (পথবাচক) শব্দের উত্তর সপ্তমী ও প্রথমা বিভক্তি হয়। যথা— গ্রামো বনাৎ পঞ্চসু ক্রোশেষু (or পঞ্চক্রোশাঃ)—গ্রাম হইতে বন পাঁচ ক্রোশ দূরে অবস্থিত।

১০৭। **ক্রিয়ামধ্যেঽধ্বকালাভ্যাং পঞ্চমী চ**—দুই ক্রিয়ার মধ্যবর্ত্তী অধ্ববাচক ও কালবাচক শব্দের উত্তর পঞ্চমী ও সপ্তমী বিভক্তি হয়। যথা—**অধ্ববাচক**—স ইহ স্থিত্বা ক্রোশে (or ক্রোশাৎ) লক্ষ্যং বিধ্যেৎ—সে এখানে থাকিয়া এক ক্রোশ দূরে লক্ষ্য ভেদ করিতে পারে। **কালবাচক**—সঃ অদ্য ভুক্ত্বা দ্ব্যহে (or দ্ব্যহাৎ) ভোক্তা—আজ ভোজন করিয়া দুই দিন পরে ভোজন করিবে।

১০৭। সপ্তমী-পঞ্চম্যৌ কারকমধ্যে—(পা)।

১০৮। **অধিকশব্দ যোগে পঞ্চমী চ**—অধিক শব্দের যোগে পঞ্চমী ও সপ্তমী বিভক্তি হয়। যথা—লোকে (or লোকাৎ) অধিকো হরিঃ—Hari is over man.

১০৯। **দূরান্তিকার্থেভ্যো দ্বিতীয়া-তৃতীয়া-পঞ্চম্যশ্চ**—দূরার্থ ও অন্তিকার্থ (নিকটার্থ) শব্দের উত্তর দ্বিতীয়া, তৃতীয়া, পঞ্চমী ও সপ্তমী বিভক্তি হয়। যথা—**দূরার্থ**—দূরম্ (or দূরেণ or দূরাৎ or দূরে) গ্রামস্য—গ্রাম হইতে দূরে।

অন্তিকার্থ—অন্তিকম্ (or অন্তিকেন or অন্তিকাৎ or অন্তিকে) নগরস্য নগরের নিকট—বিশেষণ হইলে উল্লিখিত বিভক্তি সকল হয় না। যথা—দূরো গ্রামঃ, দূরঃ পন্থাঃ।

১১০। **ক্তস্যেন্‌বিষয়স্য কর্ম্মণ্যুপসংখ্যানম্**—ভাববিহিত ক্ত-প্রত্যয়ান্ত শব্দের উত্তর অস্ত্যর্থ ইন্ প্রত্যয় হইলে তাহার যোগে কর্ম্মে সপ্তমী বিভক্তি হয়। যথা—অধীতী ব্যাকরণে—He is versed in grammar. অধি+ইঙ্+ক্ত=অধিত ; অধী+ইন্=অধীতিন্ (like গুণিন্) পুং ১মা, ১বঃ—অধীতী। **প্রয়োগঃ**—কৃতী শ্রুতী বৃদ্ধমতেষু ধীমান্। (ভট্টি)—তুমি বুদ্ধিমান্ এবং বৃদ্ধ পণ্ডিতগণের মত শুনিয়াছ ও তদনুযায়ী কার্য্য করিয়াছ।

১১১। **অবচ্ছেদে সপ্তমী**—অঙ্গীর কোন অঙ্গকে পৃথক্ ভাবে গ্রহণ করার নাম অবচ্ছেদ। অবচ্ছেদ বুঝাইলে অঙ্গবাচক শব্দের উত্তর সপ্তমী বিভক্তি হয়। যথা—(১) গৃহীত ইব কেশেষু মৃত্যুনা ধর্ম্মমাচরেৎ—(হি)। (২) দুঃশাসনঃ দ্রৌপদীং কেশেষু ধৃতবান্।

Note—A. স্নিহ্, বি+শ্বস্, রম্, মুচ্, অভি+লষ, বি+অব—হৃ বি+তৃ, বৃত্, অনু+রঞ্জ্, অপ+রাধ্ ও প্র+সদ্—এই ধাতুগুলির সাধারণতঃ কর্ম্মে সপ্তমী বিভক্তির প্রয়োগ দেখা যায়। যথা—**স্নিহ্**—ত্বয়ি স্নিহ্যতি মে হৃদয়ম্। **বি-শ্বস্**—স ময়ি বিশ্বসিতি। **রম্**—গুণিনি গুণজ্ঞো রমতে। **মুচ্**—রাজা মৃগে বাণান্ মুঞ্চতি। **অভি-লষ্**—তস্মিন্ বিষয়ে মম অভিলাষো

বিশ্বতে। **বি-অব-হৃ**—স ময়ি সাধু ব্যবহরতি। **বৃত্**—গুরুজনে বিনয়েন বর্ত্তিতব্যম্। **অনু-রঞ্জ্**—প্রজাঃ রাজনি হরিশ্চন্দ্রে দৃঢ়ম্ অনুরক্তাঃ। **প্র-সদ্**—দেব। ময়ি প্রসীদ। **অপ-রাধ্**—কস্মিন্ অপি পূজার্হে' অপরাদ্ধা শকুন্তলা—(শ)।

B. যোগ্যতা (fitness) বুঝাইলে যোগ্য ব্যক্তির উত্তর সপ্তমী বিভক্তি হয়। যথা—ত্রৈলোক্যস্যাপি প্রভুত্বং ত্বয়ি যুজ্যতে—(হি)।

১১২। **নিবৃত্তৌ চ প্রবৃত্তিবৎ ক্রিয়ায়াঃ**—ক্রিয়া প্রবৃত্তি (affirmative use) স্থলে যে কারকের বিধান হইয়াছে; ক্রিয়া-নিবৃত্তি (negative use) স্থলেও সেই সেই কারক হইয়া থাকে। যেমন—**কর্ত্তৃকারক**—মেঘো বর্ষতি, মেঘো ন বর্ষতি। নদী বহতি ; নদী ন বহতি। **কর্ম্মকারক**—চন্দ্রং পশ্যতি, চন্দ্রং ন পশ্যতি। জলং পিবতি ; জলং ন পিবতি। **করণকারক**—হস্তেন গৃহ্লাতি ; হস্তেন ন গৃহ্লাতি। **সম্প্রদানকারক**—রাজা বিপ্রায় ধেনুং দদাতি ; **অপাদানকারক**——বৃক্ষাৎ ফলং পতিত; ফলং ন পততি। **অধিকরণ-কারক**—গৃহে তিষ্ঠতি ; গৃহে ন তিষ্ঠতি।

১১৩। **বিবক্ষাবশাৎ কারকাণি**—যে স্থলে যে কারক বিহিত হইল, বিবক্ষা-বশতঃ অর্থাৎ বক্তার ইচ্ছানুসারে তাহার অন্যথাভাব (এক কারকের স্থলে অন্য কারক) লক্ষিত হইয়া থাকে।

(১) **কর্ম্মকারকে অধিকরণ বিবক্ষা**—গৃহং গচ্ছতি ; এ স্থলে গৃহে গচ্ছতি। গৃহং প্রবিশতি ; এ স্থলে গৃহে প্রবিশতি। (২) **সম্প্রদানকারকে কর্ম্ম-বিবক্ষা**—পুষ্পেভ্যঃ স্পৃহয়তি (স্পৃহেরীপ্সিতঃ—এই সূত্র দ্বারা সম্প্রদান-কারক স্থলে) পুষ্পাণি স্পৃহয়তি। (৩) **সম্প্রদানে অধিকরণ বিবক্ষা** অরয়ে কুপ্যতি (ক্রুধদ্রুহের্ষ্যাসূয়ার্থানাং যং প্রতি কোপঃ—এই সূত্র দ্বারা সম্প্রদান কারক) এ স্থলে, 'অরৌ কুপ্যতি'। (৪) **সম্প্রদানে ষষ্ঠী বিবক্ষা**—(i) অজ্ঞাত কুলশীলস্য বাসো দেয়ো ন কস্যচিৎ (হি)। (ii) বরম্ অস্মাকং ভগবান্ প্রযচ্ছতু (বি)—এই দুই স্থলে সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তি স্থলে সম্বন্ধ বিবক্ষায় ষষ্ঠী হইয়াছে।

N.B. মনে রাখিতে হইবে সাধারণ লেখক বা ছাত্রদের পক্ষে এইরূপ বিবক্ষা দোষাবহ।

১৭৪। অপাদান সম্প্রদান করণাধার কর্ম্মণাম্।
কর্ত্তুশ্চান্যোন্যসন্দেহে পরমেকং প্রবর্ত্ততে॥

অপাদান, সম্প্রদান, করণ, আধার (অধিকরণ), কর্ম্ম ও কর্ত্তা ইহাদের পরস্পরের প্রাপ্তির সন্দেহ হইলে অর্থাৎ একপদে দুই-তিনটি কারক হইবার সম্ভাবনা থাকিলে, এই শ্লোকে কারকগুলির নাম যেরূপ ক্রমানুসারে সজ্জিত আছে সন্দিগ্ধ স্থলে তাহাদের পূর্ব্ববর্ত্তী কারক না হইয়া পরবর্ত্তী কারক হইবে।

গৃহং প্রবিশ্য নির্গচ্ছতি—এ স্থলে গৃহ শব্দের উত্তর কোন্ বিভক্তি হইবে ? 'প্রবিশ্য' এই ক্রিয়ার যোগে গৃহ শব্দের উত্তর কর্ম্মকারকে দ্বিতীয়া বিভক্তির প্রাপ্তি এবং 'নির্গচ্ছতি' এই ক্রিয়ার যোগে অপাদান কারকে পঞ্চমী বিভক্তির প্রাপ্তি আছে, অতএব, কর্ম্মকারক ও অপাদান কারক এই দুইটির মধ্যে কোন্‌টি হইবে ? উল্লিখিত শ্লোক অনুসারে কর্ম্মকারক হইবে। কারণ উল্লিখিত শ্লোক কর্ম্মকারক পরে এবং অপাদান কারক পূর্ব্বে নির্দ্দিষ্ট আছে। এইরূপ—**গঙ্গাং গত্বা স্নাতি**—এস্থলে অধিকরণ ও কর্ম্মের প্রাপ্তি ছিল, উল্লিখিত নিয়মানুসারে কেবল কর্ম্মকারকই হইল। এইরূপ অন্যত্রও সন্দিগ্ধ স্থলে ক্রমনির্দ্দিষ্ট কারকের মধ্যে পরবর্ত্তী কারক হইবে।

Exercise 13

GROUP A

1. *Translate into Sanskrit :—*

A. ব্রাহ্মণগণ গঙ্গায় স্নান করিবেন। সূর্য্য উদিত হইলে অন্ধকার দূরীভূত হয়। ছাত্রগণের মধ্যে যদু অঙ্কশাস্ত্রে নিপুণ। এই সরোবরে অনেক পদ্মফুল ফুটিয়াছে। অনুগত লোকের প্রতি ভাল ব্যবহার করিবে।

B. 1. The sun sets in the west (পশ্চিমায়াং দিশি). 2. He came in the morning. 3. I saw many poor men on the road. 4. My brother is sitting on the seat (আসনে). 5. He is not well-behaved (অসাধুঃ) towards his sisters. 6. While the traveller was travelling the sun went down. 7. Of all animals, the elephant is the largest. 8. Are you lord of this country ? 9. He stood surety (প্রতিভূঃ) for my debt. 10. The girl is very expert (প্রবীণা) in singing.

2. Correct the following sentences, giving reasons :—

(১) ছাত্রাঃ বিদ্যালং তিষ্ঠন্তি। (২) মৎস্যাঃ সলিলং সঞ্চরন্তি। (৩) নর দন্তাভ্যাং করিণং হন্তি। (৪) যাদবঃ সহোদরায় অসাধু আসীৎ। (৫) বিপদে আগতে বন্ধু সহায়ো ভবতি। (৬) চন্দ্রঃ উদেতি অন্ধকারঃ পলায়তে। (৭) স বস্ত্রায় রজকং হতবান্। (৮) পিতা স্বর্গং গতে অহং বারাণসীং গতবান্। (৯) নরাণাং ক্ষত্রিয়ঃ শূরঃ। (১০) ধেনুভিঃ কৃষ্ণা ধেনবঃ বহুক্ষীরাঃ ভবন্তি।

GROUP B

1. Translate into Sanskrit :—

1. There was a king named Harishchandra. 2. O boy, come here. 3. O king, be kind to me. 4. Rama sits between (অন্তরা) you and me. 5. God is kind to all. 6. Speak gently to the poor. 7. Knowledge cannot be acquired without (বিনা) labour. 8. There are trees on both sides (উভয়তঃ) of the river.

2. Correct the following sentences, giving reasons :—

(১) দরিদ্রাণাং প্রতি সদয়ো ভব। (২) শ্যামঃ রামস্য নিকষা তিষ্ঠতি। (৩) হিমালয়গিরেঃ অভিতঃ বহুঃ বনং বিদ্যতে। (৪) বিদ্যায়াং বিনা কুতঃ সুখং ভবতি? (৫) অস্য পর্ব্বতস্য পরিতঃ বৃক্ষা বর্ত্তন্তে। (৬) সুশীলা ছাত্রাঃ সাধুঃ পঠন্তি।

3. Account for the case-endings of the bolds words in the following, referring to the rules :—

(১) বিদ্বান্ **সভাং** পূজিতঃ। (২) **শিশুভ্যো** রোচতে পয়ঃ। (৩) গৃহীত ইব **কেশেষু** মৃত্যুনা ধর্ম্মমাচরেৎ—(হ)। (৪) অলং মহীপাল। তব **শ্রমেণ**—(র)। (৫) জননী জন্মভূমিশ্চ **স্বর্গাদপি** গরীয়সী। (৬) **চর্ম্মণি** দ্বীপিনং হন্তি **দন্তয়োর্হন্তি** কুঞ্জরম্। (৭) **বন্ধোঃ** স্মরতি বান্ধবঃ। (৮) **ভরতায়** প্রদাতব্যমিদং রাজ্যমকণ্টকম্। (৯) **অনেন** সদৃশো লোকো ন ভূতো ন ভবিষ্যতি—(হ)। (১০) প্রীতঃ প্রতস্থে **মুনিরাশ্রমায়**—(ভ)। (১১) রাজা কুপ্যতি **শত্রুভ্যঃ**। (১২) মনস্বিনা দরিদ্রস্য **বনাদন্যং** কুতঃ সুখম্—(হি)। (১৩) **অজাতমৃতমূর্খেভ্যো** মৃতাজাতৌ সুতৌ বরম্। যতস্তৌ **স্বল্পদুঃখায়** যাবজ্জীবং জড়ো দহেৎ—(পা)। (১৪) **লোভেন** বুদ্ধিশ্চলতি লোভো জনয়তে তৃষাম্—(হি)। (১৫) **দুর্জ্জনেন** সমং বৈরং প্রীতিঞ্চাপি ন কারয়েৎ—(হি)। (১৬) **আকৃত্যা** সুন্দরঃ শিশুঃ। (১৭) **প্রাসাদাৎ** প্রেক্ষতে রাজা। (১৮) **ভক্তির্জ্ঞানায়** কল্পতে। (১৯) নমঃ **শিবায়** শান্তায় কারণত্রয়হেতবে। (২০) পুত্রবধং ক্বাপি ন **হিতায়**—(ভো)। (২১) স **পরৈরিহ**ন্যতে মূঢ়ো নীলবর্ণশৃগালবৎ—(প)। (২২) যাদৃশী **ভাবনা** যস্য সিদ্ধির্ভবতি তাদৃশী—(প)। (২৩) **নেত্রবক্ত্র বিকারৈশ্চ** লক্ষ্যতেঽন্তর্গতং মনঃ—(হি)। (২৪) অজ্ঞাতকুলশীলস্য বাসো দেয়ো ন **কস্যচিৎ**—(হি)। (২৫) মম পারে **সমুদ্রস্য** লঙ্কা নাম মহাপুরী—(রা)।

CHAPTER II

বিশেষণ—Adjectives

LESSON I

১। **বিশেষণ**—যাহা দ্বারা বিশেষ্যের গুণ বা অবস্থা প্রকাশিত হয় তাহাকে বিশেষণ বলে। বিশেষণ পদ সাধারণতঃ বিশেষ্য পদের পূর্ব্বে বসে। যথা—সুন্দরঃ শিশুঃ, সুন্দরী বালিকা, সুন্দরং পুষ্পম্।

২। সংস্কৃতে বিশেষ্য পদের যে লিঙ্গ, যে বিভক্তি ও যে বচন হয়, বিশেষণ পদেরও সেই লিঙ্গ, সেই বিভক্তি ও সেই বচন হইয়া থাকে।

বিশেষ্যস্য হি যল্লিঙ্গং বিভক্তি বচনে চ যে।
তানি সর্ব্বাণি যোজ্যানি বিশেষণ পদেষ্বপি॥

লিঙ্গভেদ :—(১) উত্তমঃ পুরুষঃ, (২) উত্তমা বাণী, (৩) উত্তমং গৃহম্।

দ্রষ্টব্য :—উপরের উদাহরণে 'পুরুষ' পুংলিঙ্গ, এইজন্য বিশেষণ 'উত্তমঃ' পুংলিঙ্গ হইল। 'বাণী' স্ত্রীলিঙ্গ, এইজন্য 'উত্তমা' স্ত্রীলিঙ্গ হইল এবং 'গৃহম্' ক্লীবলিঙ্গ, এইজন্য 'উত্তমম্' ক্লীবলিঙ্গ হইল। এইরূপ—

পুংলিঙ্গ—মহান্ পাদপঃ, প্রিয়ঃ তনয়ঃ, বিশালঃ আলয়ঃ, উজ্জ্বলঃ আলোকঃ। **স্ত্রীলিঙ্গ**—মহতী বৃষ্টিঃ, প্রিয়া তনয়া, বিশালা নদী, উজ্জ্বলা তড়িৎ। **ক্লীবলিঙ্গ**—মহৎ অরণ্যম্, প্রিয়ম্ অপত্যম্, বিশালং গগনম, উজ্জ্বলং নক্ষত্রম্। **বিভক্তিভেদে**—সুশীলঃ শিশুঃ, সুশীলম্ শিশুম্, সুশীলেন শিশুনা, সুশীলায় শিশবে, সুশীলাৎ শিশোঃ, সুশীলস্য শিশোঃ, সুশীলে শিশৌ, হে সুশীল শিশো।

উপরের উদাহরণগুলিতে বিশেষ্য শিশু পদে যে যে বিভক্তি হইয়াছে বিশেষণ 'সুশীল' পদেও সেই সেই বিভক্তি হইয়াছে।

বচনভেদে—অন্ধঃ জনঃ (A blind man), অন্ধৌ জনৌ (Two blind men), অন্ধাঃ জনাঃ (Many blind men)।

Exercise 15

1. Translate into Sanskrit :—

1. I shall give you a nice picture (আলেখ্যম্). (2) The old man is not poor. 3. Our king is just and kind. 4. This is a big mango tree. 5. Kindness is a great virtue. 6. It is not a dark night. 7. He is a very wicked man. 8. Many learned men were present there.

2. Correct the following sentences, giving reasons :—

(১) সুশীলঃ ছাত্রা বিদ্যালয়ং গচ্ছন্তি। (২) জ্ঞানী নরাঃ সাধুং ভাষন্তে। (৩) বন্যঃ বরাহাঃ বিচরন্তি। (৪) শ্বেতঃ ধেনু ক্ষেত্রে বিচরতি। (৫) বৃক্ষে শতং ফলে বিদ্যতে। (৬) নীলঃ উৎপলম্ পশ্য। (৭) মহান্ জনাঃ দরিদ্রঃ প্রতি দয়াং কুর্বন্তি। (৮) ধার্ম্মিকঃ নরপতেঃ সুশীলঃ প্রজা তিষ্ঠন্তি। (৯) সমৃদ্ধাঃ লোকানাং সুন্দরাঃ গৃহানি পশ্য।

3. Fill up the blanks with suitable adjectives :—

মম—পুত্রাঃ। নরপতেঃ—প্রজাঃ।—বৃক্ষাৎ—ফলানি।—ছাত্রাণাম্—পুস্তকানি। —ব্রাহ্মণানাম্ গৃহাণি। প্রাতঃ—পবনঃ বহতি।

LESSON II

Adjectives—*Continued*

১। একটি বাক্যে দুই বা দুইয়ের অধিক পদে একটি পুংলিঙ্গ ও অপরটি স্ত্রীলিঙ্গ হইলে তাহাদের সাধারণ বিশেষণ পদটি পুংলিঙ্গ হইবে এবং বিশেষ্যের সংখ্যা অনুসারে বিশেষণ পদের বচন হইবে। অর্থাৎ বিশেষ্য দুই সংখ্যা হইলে বিশেষণে দ্বিবচন এবং বিশেষ্য বহু সংখ্যা হইলে বিশেষণে বহুবচন হইবে। যথা—

দ্বিবচন—ব্রাহ্মণঃ ব্রাহ্মণী চ ধার্ম্মিকৌ। সিংহঃ সিংহী চ ভীষণৌ। শিবঃ দুর্গা চ পুজনীয়ৌ। **বহুবচনঃ**—ব্রাহ্মণাঃ ব্রাহ্মণী চ ধার্ম্মিকাঃ। সিংহৌ সিংহী চ ভীষণাঃ।

২। যদি একটি বাক্যে দুই বা দুইয়ের অধিক বিশেষ্য পদের মধ্যে একটি ক্লীবলিঙ্গ থাকে, অপরগুলি পুংলিঙ্গ বা স্ত্রীলিঙ্গ হয়, তবে বিশেষণ পদটি ক্লীবলিঙ্গ হয়, এবং বিশেষ্যের বচন অনুসারে বিশেষণ পদের বচন, অথবা বিকল্পে একবচন হয়। যথা :—

দ্বিবচনঃ—বৃক্ষঃ পত্রং চ পুরাতনে or পুরাতনম্। ছাত্রঃ অপত্যং চ প্রিয়ে or প্রিয়ম্। নদী জলং চ সুন্দরে or সুন্দরম্। **বহুবচনঃ**—নদী সরোবরঃ জলং চ সুন্দরাণি or সুন্দরম্। ছাত্রঃ অপত্যানি চ প্রিয়াণি or প্রিয়ম্। মাতা পিতা অপত্যং চ পালনীয়ানি or পালনীয়ম্।

প্রয়োগ :—

(*a*) বিপদি **ধৈর্য্য**মথাভ্যুদয়ে **ক্ষমা**, সদসি **বাক্‌পটুতা** যুধি **বিক্রম**।
যশসি **চাভিরুচির্ব্যসনং** শ্রুতৌ, প্রকৃতি-সিদ্ধ**মিদং** হি মহাত্মনাম্।
—(হি)

(*b*) **তৃণানি ভূমিরুদকং বাক্** চতুর্থী চ সুনৃতা।
এতান্যপি সত্যাং গেহে নোচ্ছিদ্যন্তে কদাচন ॥—(হি)

৩। **বিধেয় বিশেষণ**—পূর্ব্বে বলা হইয়াছে প্রত্যেক বাক্যে দুইটি অংশ থাকে, একটির নাম উদ্দেশ্য অপরটির নাম বিধেয়। বিশেষণ পদটি বিধেয় রূপে ব্যবহৃত হইলে তাহাকে **বিধেয় বিশেষণ** বলে। বিধেয় বিশেষণ বিশেষ্য পদের পরে বসে। যথা—(১) রামচন্দ্রঃ **দয়ালুঃ** আসীৎ। (২) ত্বম্ **সুশীলঃ** ভব। (৩) বয়ম্ **সুখিনঃ** ভবামঃ।

৪। **প্রকৃতি-বিকৃতি**—(প্রকৃতি—original, বিকৃতি—transformation), বাক্যের মধ্যে উদ্দেশ্য বিধেয় স্থলে প্রকৃতি-বিকৃতি ভাব থাকিলে প্রকৃতির অনুসারেই ক্রিয়া, বচন ও পুরুষ হইয়া থাকে। যেমন—(১) একঃ বৃক্ষঃ পঞ্চ নৌকাঃ ভবতি। (২) পঞ্চ বৃক্ষা একা নৌকা ভবন্তি। (৩) সুবর্ণ কুণ্ডলানি ভবতি। (৪) কাশাঃ কটঃ কর্ত্তব্যাঃ।

৫। **ক্রিয়া-বিশেষণ**—বিশেষণ পদ যখন ক্রিয়ার গুণ বা অবস্থা প্রকাশ

করে, তখন তাহাকে ক্রিয়া-বিশেষণ বলে। ক্রিয়া-বিশেষণ ক্লীবলিঙ্গ ও দ্বিতীয়ার একবচনান্ত হয় এবং ক্রিয়াপদের পূর্ব্বে বসে। যথা—

প্রয়োগ ঃ—(১) তৎ 'মন্দং মন্দম্' উপগচ্ছামি—(হি)। (২) সা তু দীর্ঘম্ উষ্ণং চ নিশ্বস্য প্রত্যুবাচ—(বাসবদত্তা)। (৩) তদাকর্ণ্য মকরঃ 'সানন্দম্' আহ—(প)। (৪) করুণং পরিদেবয়ন্ পাপবুদ্ধিপিতা নিশ্চক্রাম—(হি)। (৫) 'মন্দং মন্দং' নুদতি পবনঃ—(মেঘদূতম্)।

৬। **বিশেষণীয় বিশেষণ**—যে পদ বিশেষণ পদকে বিশেষিত করে, তাহাকে বিশেষণীয় বিশেষণ বলে। বিশেষণীয় বিশেষণ, বিশেষণ পদের পূর্ব্বে বসে। ক্রিয়া-বিশেষণের মতই ইহার উত্তর ক্লীবলিঙ্গের দ্বিতীয়ার একবচন হয়। সংস্কৃত ব্যাকরণে বিশেষণীয় বিশেষণ নামে কোন পৃথক্ বিশেষণ নাই।

(১) অয়ং ছাত্রঃ 'অত্যন্তং' সুশীলঃ। ইদং ফলং 'নিতান্তং' মধুরম্। এখানে 'অত্যন্তম্' ও নিতান্তম্ এই দুইটি বিশেষণীয় বিশেষণ।

৭। **ক্রিয়া-বিশেষণীয় বিশেষণ**—যে পদ ক্রিয়া-বিশেষণকে বিশেষিত করে, তাহা ক্রিয়া-বিশেষণীয় বিশেষণ। ক্রিয়া-বিশেষণের মতই ইহার উত্তর ক্লীবলিঙ্গে দ্বিতীয়ার একবচন হয়। যথা—অয়ং ছাত্রঃ 'পরমং' দ্রুতং লিখতি।

দ্রষ্টব্য ঃ—(ক) সুন্দর, ভৃশ, মধুর, পরম, মন্দ, দ্রুত, ত্বরিত, ধীর, ভীষণ, করুণ, সুখ, দুঃখ, নিপুণ, সময়, নির্দ্দয়, সদয়, সাদর, সবিনয়, সত্বর, অবিরত, সহর্ষ, সানন্দ, সবেগ, অকারণ, নির্ভয় প্রভৃতি বহু শব্দ ক্রিয়া-বিশেষণ প্রভৃতি রূপে ব্যবহৃত হইতে পারে।

(খ) নিম্নের অব্যয়গুলি ক্রিয়া-বিশেষণরূপে ব্যবহৃত হয়। যথা—বৃথা, তুষ্ণীম্, উচ্চৈঃ, নূনম্, কথম্, পুনঃ, সহসা, অতীব, শনৈঃ, ঝটিতি, দ্রাক্, ভৃশম্ (excessively), নিতরাম্, সুতরাং, সুষ্ঠু, সম্যক্।

দ্রষ্টব্য :—ক্রিয়া-বিশেষণ, বিশেষণের বিশেষণ ও ক্রিয়া-বিশেষণের বিশেষণ—এ সমস্তই ইংরাজীতে Adverb রূপে ব্যবহৃত হয়।

N. B.—কখন কখন সংস্কৃতে বিশেষণ পদটি বিশেষ্যের মত ব্যবহৃত হয়।

যথা—(১) বুভুক্ষিতঃ কিং ন করোতি পাপম্। (২) যা নিশা সর্ব্বভূতানাং তস্যাং জাগর্ত্তি সংযমী। (৩) মূকং করোতি বাচালং পঙ্গুং লঙ্ঘয়তে গিরিম্—(গী)। (৪) আসতাং কৃপণা এতে মা ভূৎ স্বকুলসংক্ষয়ঃ—(কথা)। (৫) অবজানন্তি মাং মূঢ়া মানুষীং তনুমাশ্রিতম্—(গী)।

Exercise 16

1. Translate into Sanskrit :—

1. You will see him very soon. 2. The king of Magadha is very learned. 3. The child is crying piteously. 4. The student is going to school slowly. 5. The girl is laughing loudly. 6. My son will come home soon. 7. Leave this house immediately. 8. My father is always (সর্ব্বদা) very busy. 9. I am perfectly happy. 10. The boy is sitting sadly.

2. Correct the following sentences, giving reasons :—

(১) দেবশ্চ দেবী চ পূজনীয়ঃ। (২) বৃক্ষশ্চ লতা চ পত্রাণি চ সুন্দরী ভবতি। (৩) রাজা হরিশ্চন্দ্রঃ দানশীলম্ আসীৎ। (৪) ইমে নদ্যঃ সরোবরশ্চ সুন্দরাণি দৃশ্যন্তে। (৫) বৎস, ত্বং দয়ালবঃ ভব।

LESSON III

Adjectives—*Continued*

Comparison of Adjectives

১। ইংরাজীতে যেমন Adjectiveএর উত্তর 'er' যোগ করিয়া Comparative degree এবং 'est' যোগ করিয়া Superlative degree করিতে হয়, সংস্কৃতেও সেইরূপ দুইয়ের মধ্যে একের উৎকর্ষ বুঝাইতে হইলে বিশেষণের উত্তর **তর** বা **ঈয়স্** এবং অনেকের মধ্যে একের উৎকর্ষ বুঝাইতে হইলে বিশেষণের উত্তর **তম** বা **ইষ্ঠ** প্রত্যয় হয়। যথা—

Positive—Great—**গুরুঃ**, Comparative—Greater—**গুরুতরঃ** or **গরীয়ান্** (গুরু+ঈয়স্=গরীয়স্ , পুং, ১মা) বঃ, like লঘীয়স্)। Superlative—Greatest—**গুরুতমঃ** or **গরিষ্ঠঃ**। এইরূপ—Strong **বলবান**, Stronger—**বলবত্তরঃ** or **বলীয়ান্**, Strongest—**বলবত্তমঃ** or **বলিষ্ঠঃ**। Dear—**প্রিয়ঃ**, Dearer—**প্রিয়তরঃ** or **প্রেয়ান্** (প্রিয়+ঈয়স্=প্রেয়স্, পুং ১মা ১বঃ, like লঘীয়স্) ; Dearest—**প্রিয়তমঃ** or **প্রেষ্ঠঃ**।

(১) সূর্য্যঃ পৃথিব্যাঃ **বৃহত্তরঃ**। (২) জননী জন্মভূমিশ্চ স্বর্গাদপি **গরীয়সী**।

Note—ক্রিয়া ও অব্যয়ের উত্তর হইলে তর ও তম স্থলে তরাম্ ও তমাম্ হয়। যেমন—পচতি—পচতিতরাম, পচতিতমাম্। জল্পতি—জল্পতিতরাম্, জল্পতিতমাম্। উচ্চৈঃ—উচ্চৈস্তরাম্, উচ্চৈস্তমাম্। বি—নিতরাম্, নিতমাম্।

N.B.—A. ঈয়স্ ও ইষ্ঠ প্রভৃতির সাহায্যে একপদ (single word) গঠন করিতে হইলে বাক্য এই প্রকার হইয়া থাকে। যথা—**অয়ম্ অনয়োঃ** অতিশয়েন গুরু=গরীয়ান্ ; **ইয়ং এষাং** অতিশয়েন লঘু=লঘিষ্ঠা। অনয়ো ও এষাং দ্বিবচনান্ত ও বহুবচনান্ত শব্দ, সুতরাং যথাক্রমে ঈয়স্ ও ইষ্ঠ হইয়াছে। অয়ং ও ইয়ং পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ বলিয়া সাধিত শব্দ দুইটি যথাক্রমে পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ হইয়াছে।

B. ঈয়স্ ও ইষ্ঠ প্রত্যয় করিলে শব্দের অনেক পরিবর্ত্তন হয়। কোথায় কিরূপ পরিবর্ত্তন হয়, তাহা তদ্ধিত প্রকরণে জানিতে পারিবে। এখানে শিক্ষার্থীদিগের সুবিধার জন্য ঈয়স্ ও ইষ্ঠ প্রত্যয়ান্ত কতকগুলি শব্দের তালিকা দেওয়া হইল।

C. ঈয়স্ প্রত্যয়ান্ত শব্দগুলি পুংলিঙ্গে লঘীয়স্, ক্লীবলিঙ্গে পয়স্ ও স্ত্রীলিঙ্গে 'ঈ' হইয়া নদী শব্দের মত রূপ হইবে, এবং ইষ্ঠ প্রত্যয়ান্ত শব্দগুলি পুংলিঙ্গে নর, ক্লীবলিঙ্গে ফল, স্ত্রীলিঙ্গে 'আ' হইয়া লতা শব্দের মত রূপ হইবে।

Positive	Comparative	Superlative
প্রিয় (dear)	প্রেয়স্	প্রেষ্ঠ
দীর্ঘ (long)	দ্রাঘীয়স্	দ্রাঘিষ্ঠ
উরু (great, wide)	বরীয়স্	বরিষ্ঠ
গুরু (great, heavy)	গরীয়স্	গরিষ্ঠ
বৃদ্ধ (old, wise)	বর্ষীয়স্, জ্যায়স্	বর্ষিষ্ঠ, জ্যেষ্ঠ
পটু (clever, able)	পটীয়স্	পটিষ্ঠ
প্রশস্য (praiseworthy)	শ্রেয়স্, জ্যায়স্	শ্রেষ্ঠ, জ্যেষ্ঠ
অন্তিক (near)	নেদীয়স্	নেদিষ্ঠ
অল্প (little, small)	অল্পীয়স্	অল্পিষ্ঠ, কনিষ্ঠ
দূর (far, distant)	দবীয়স্	দবিষ্ঠ
দৃঢ় (hard)	দ্রঢ়ীয়স্	দ্রঢ়িষ্ঠ
বলবৎ (strong)	বলীয়স্	বলিষ্ঠ
বহু (many, much)	ভূয়স্	ভূয়িষ্ঠ
*বৃন্দারক (superior, fine)	বৃন্দীয়স্	বৃন্দিষ্ঠ
স্ফির (much)	স্ফেয়স্	স্ফেষ্ঠ
বাঢ় (much, well)	সাধীয়স্	সাধিষ্ঠ
মৃদু (mild, soft)	ম্রদীয়স্	ম্রদিষ্ঠ
হ্রস্ব (short)	হ্রসীয়স্	হ্রসিষ্ঠ
কৃশ (thin, lean)	ক্রশীয়স্	ক্রশিষ্ঠ
ক্ষিপ্র (quick, rapid)	ক্ষেপীয়স্	ক্ষেপিষ্ঠ
ক্ষুদ্র (small)	ক্ষোদীয়স্	ক্ষোদিষ্ঠ

'বৃন্দারকঃ সুরে পুংসি, মনোজ্ঞ শ্রেষ্ঠয়োস্ত্রিষু'—মেদিনী।

*প্রভূতং প্রচুরং প্রাজ্যমদভ্রং বহুলং বহু।

পুরুহং পুরু ভূয়িষ্ঠং স্ফিরং ভূয়শ্চ ভূরি চ॥'—অমরঃ

Positive	Comparative	Superlative
বহুল (much)	বংহীয়স্	বংহিষ্ঠ
স্থূল (big, bulky)	স্থবীয়স্	স্থবিষ্ঠ
স্থির (calm, firm)	স্থেয়স্	স্থেষ্ঠ
যুবন্ (young)	যবীয়স্, কনীয়স্	যবিষ্ঠ, কনিষ্ঠ
পৃথু (large)	প্রথীয়স্	প্রথিষ্ঠ
লঘু (light)	লঘীয়স্	লঘিষ্ঠ
পাপিন্ (sinful)	পাপীয়স্	পাপিষ্ঠ
মহৎ (great)	মহীয়স্	মহিষ্ঠ
মায়াবিন্ (illusive)	মায়ীয়স্	মায়িষ্ঠ
মেধাবি (wise)	মেধীয়স্	মেধিষ্ঠ

প্রয়োগ ঃ—(১) ন চ নিষেধনীয়াঃ **গরীয়সাং** গিরঃ—(দশকুমার)। (২) যতির্ব্রশিষ্ঠো যমিনাং **বরিষ্ঠঃ**—(ভট্টি)। (৩) কন্যা মলয়বত্যাখ্যা স্বসা মেহস্তি **কনীয়সী**—(কথা)। (৪) মত্তঃ **পরতরং** নান্যৎ কিঞ্চিদস্তি ধনঞ্জয়!—(গী)।

দ্রষ্টব্যঃ—(১) বাংলায় ঈয়স্ প্রত্যয়ের ব্যবহার কম, He is my younger brother—ইহার বাংলায় 'সে আমার কনীয়ান ভ্রাতা' না বলিয়া 'সে আমার কনিষ্ঠ ভ্রাতা' এইরূপ বলা হয়। বলা বাহুল্য, বাংলায় ইহা চলিলেও সংস্কৃতে চলিবে না। অতএব অনুবাদের সময় সাবধান হইতে হইবে। (২) "যুধিষ্ঠিরঃ শ্রেষ্ঠতমঃ কুরূণাম্" ইত্যাদি প্রয়োগ থাকা বশতঃ বহু বৈয়াকরণের মতে ঈয়স্ প্রত্যয়ান্ত শব্দের উত্তর ফিরিয়া ঈয়স্ ও ইষ্ঠ প্রত্যয়ান্ত শব্দের উত্তর ফিরিয়া ইষ্ঠ না হইলেও ইহাদের উত্তর তর ও তম প্রত্যয় হইতে বাধা নাই, কিন্তু ছাত্রদের পক্ষে এরূপ প্রয়োগ না করাই ভাল।

Exercise 17

1. *Translate into Sanskrit* :—

A. তিনি আমার অপেক্ষা বয়সে বড়। সূর্য্য চন্দ্র হইতে বড়। সর্ব্বাপেক্ষা বুদ্ধিমান বালককে পুরস্কার দাও। হরির কনিষ্ঠ ভ্রাতা বৃন্দাবন গিয়াছে। এই দ্রব্যটি অত্যন্ত লঘু।

B. 1. Hari is my younger brother. 2. Suresh is wiser than Yadu. 3. Yadaba is the stronger of all the boys. 4. He sang (গৈ) the sweetest song in the meeting. 5. Iron is the most useful of all the metals. 6. Learning is superior to riches. 7. Go to bathe (স্না) in the nearest tank. 8. This is the shortest of all the essays (প্রবন্ধ-পুং). 9. The elephant is the largest of all the animals. 10. My elder brother is not older than you.

2. *Correct the following sentences, giving reasons* :—

(১) যদু কৃষ্ণাৎ বলিষ্ঠঃ আসীৎ। (২) অয়ং তরুঃ তস্মাৎ তয়োঃ দ্রাঘিষ্ঠঃ। (৩) সর্ব্বেষু ছাত্রেষু শ্যামঃ কনীয়ান। (৪) গুণেষু বিনয়ঃ শ্রেষ্ঠঃ। (৫) পর্ব্বতেষু হিমালয়ঃ উচ্চতরঃ ভবতি। (৬) সকলেষু পশুষু সিংহঃ বলবান্।

LESSON IV

বিশেষ্য ও বিশেষণ সম্বন্ধে বিশেষ নিয়ম

১। ভাবার্থে বিহিত কৃৎ ও তদ্ধিত প্রত্যয়ান্ত শব্দসমূহ বিশেষ্য। যথা—পাকঃ, ত্যাগঃ, ভক্তিঃ, জয়ঃ, লয়ঃ, গুরুত্বম, গৌরবম্, গরিমা, নীলিমা, শৈত্যম, সৌন্দর্য্যম্।

২। সমাহার দ্বিগু ও বিশেষ্যপদ ঘটিত দ্বন্দ্বসমাসান্ত পদসমূহ বিশেষ্য। যথা—ত্রৈলোক্যম্, হরিহরৌ, পুষ্পফলে।

৩। সমূহার্থে ও স্বার্থে বিহিত প্রত্যয়ান্ত শব্দসমূহ প্রায়ই বিশেষ্য। যথা—সমূহার্থে—জনতা, স্ত্রৈণম্। স্বার্থে—মাল্যম, দেবতা।

৪। তৎপুরুষ সমাসের উত্তর পদ বিশেষ্য ও বিশেষণ হইলে তদনুসারে

সমাসান্ত পদটিও বিশেষ্য ও বিশেষণ হয়। যথা—বিশেষ্যঃ—রাজপুরুষঃ, অগ্নিশিখা, গঙ্গাজলম্ ; বিশেষণ :—গ্রামগতঃ, ব্যাঘ্রহতঃ, নখচ্ছিন্নঃ।

৫। বহুব্রীহি, অধিকাংশ উপপদ তৎপুরুষ এবং অব্যয়ীভাব ও দ্বিগু প্রভৃতি যখন বহুব্রীহির ন্যায় অন্যপদার্থ প্রধান হয় তখন এই সকল সমাসান্ত পদ বিশেষণ হয়। যথা,—বহুব্রীহি—পীতাম্বরঃ, সভার্য্যঃ, অসিহস্তঃ : উপপদ—তৎপুরুষ—ললাটন্তপঃ, উদরম্ভরিঃ ; অব্যয়ীভাব—উপদশঃ, লোহিতগঙ্গম্ ; দ্বিগু—দশগবধনঃ, পঞ্চহস্তপ্রমাণম্।

৬। সমাসান্ত প্রত্যয়, নানার্থে বিহিত তদ্ধিত প্রত্যয়, শীলার্থ কৃৎ, অস্ত্যর্থঃ, ঈষদূনার্থে বিহিত তদ্ধিত প্রত্যয়, ময়ট্ প্রত্যয় প্রভৃতি নিষ্পন্ন শব্দ বিশেষণ। সমাসান্ত—পদ্মগন্ধিঃ, বিশালক্ষঃ, প্রতীপ। নানার্থ তদ্ধিত—আর্ষম, হৈমন্তিকঃ ; আতিথেয়ঃ, জলীয়ম্, চাক্ষুষম্। শীলার্থ কৃৎ—অনুজীবী, উষ্ণভোজী। অস্ত্যর্থ—দণ্ডী, ধনবান্। মাংসঃ, লোমশঃ। ঈষদূনার্থ—ঋষিকল্পঃ। ময়ট্—হিরণ্ময়ী, জলময়ম্।

৭। কর্ত্তৃবাচ্যে প্রত্যয়ান্ত শব্দ কর্ত্তার ও কর্ম্মবাচ্যে প্রত্যয়ান্ত শব্দ কর্ম্মের বিশেষণ। যথা—কর্ত্তৃবাচ্যে—**রামঃ** গ্রামং **গতঃ** অথবা **গতবান্**। কর্ম্মবাচ্যে বালকেন **নদী দৃষ্টা**, বালকৈঃ **ব্যাকরণম্ পঠনীয়ম্**।

৮। বিশেষ্যের প্রয়োগ না থাকিলে অর্থাৎ বিশেষ্য উহ্য হইলে বিশেষণই বিশেষ্যের স্থানীয় হইয়া থাকে। যথা—**দরিদ্রান্** পালয় ; **বিদ্বাংসঃ** পুজনীয়াঃ, বুভুক্ষিতঃ কিং ন করোতি পাপম্ ; মূকং করোতি বাচালং পঙ্গুং লঙ্ঘয়তে গিরিম্—ইত্যাদি।

"বিশেষণমাত্র-প্রয়োগো বিশেষ্য প্রতিপত্তৌ"—বামনঃ।

CHAPTER III

LESSON I

সংখ্যাবাচক শব্দ—Numerals

১। এক, দ্বি, ত্রি প্রভৃতি শব্দ সংখ্যা প্রকাশ করে বলিয়া ইহাদিগকে সংখ্যাবাচক শব্দ বলে। এক হইতে অষ্টাদশন্ পর্য্যন্ত সংখ্যাবাচক শব্দগুলি বিশেষণরূপে ব্যবহৃত হয়। অবশিষ্ট সংখ্যাবাচক শব্দ **বিশেষ্য** ও **বিশেষণ** দুইই হয়। যখন সংখ্যা বুঝায় তখন বিশেষ্য এবং যখন সংখ্যাবিশিষ্ট পদার্থকে (সংখ্যেয়কে) বুঝায় তখন বিশেষণ হয়। যথা—

বিশেষ্যরূপে—(১) ফলানাং বিংশতিঃ। (২) বৃক্ষাণাম্ শতম্।

বিশেষণরূপে—(১) বিংশতিঃ ফলানি। (২) শতং বৃক্ষাঃ।

প্রয়োগ ঃ—শতং সুতানাং পিতুরস্তু তে শুভে—(ম)।

Cardinals

One—এক—একঃ (পুং), একা (স্ত্রী), একম্ (ক্লী)।

Two—দ্বি—দ্বৌ (পুং), দ্বে (স্ত্রী), দ্বে (ক্লী)।

Three—ত্রি—ত্রয়ঃ (পুং), তিস্রঃ (স্ত্রী), ত্রীণি (ক্লী)।

Four—চতুরঃ—চত্বারঃ (পুং), চতস্রঃ (স্ত্রী), চত্বারি (ক্লী)।

Note.—এক শব্দ একবচনান্ত, দ্বি শব্দ দ্বিবচনান্ত, ত্রি ও চতুর্ শব্দ বহুবচনান্ত ; বিশেষ্যের লিঙ্গ অনুসারে ইহাদের লিঙ্গ নির্ণীত হয়। যথা—

পুং	স্ত্রী	ক্লী
একঃ পুরুষঃ	একা নারী	একং ফলম্
দ্বৌ পুরুষৌ	দ্বে নার্য্যৌ	দ্বে ফলে
ত্রয়ঃ পুরুষাঃ	তিস্রঃ নার্য্যঃ	ত্রীণি ফলানি
চত্বারঃ পুরুষাঃ	চতস্রঃ নার্য্যঃ	চত্বারি ফলানি

Cardinals—*Continued*

5—পঞ্চ (পঞ্চন্), 6—ষট্ (ষষ্), 7—সপ্ত (সপ্তন্), 8—অষ্ট or অষ্টৌ (অষ্টন্), 9—নব (নবন্), 10—দশ (দশন্), 11—একাদশ (একাদশন্), 12—দ্বাদশ (দ্বাদশন্), 13—ত্রয়োদশ (ত্রয়োদশন্), 14—চতুর্দ্দশ (চতুর্দ্দশন্), 15—পঞ্চদশ (পঞ্চদশন্), 16—ষোড়শ (ষোড়শন্), 17—সপ্তদশ (সপ্তদশন্), 18—অষ্টাদশ (অষ্টাদশন্)।

Note.—**পঞ্চন্** হইতে **অষ্টাদশন্** পর্য্যন্ত শব্দগুলির রূপ তিন লিঙ্গেই সমান এবং ইহারা সর্ব্বদা বহুবচনান্ত। যথা—

পুং	স্ত্রী	ক্লী
পঞ্চ পুরুষাঃ	পঞ্চ স্ত্রিয়ঃ	পঞ্চ ফলানি
ষট্ পুরুষাঃ	ষট্ স্ত্রিয়ঃ	ষট্ ফলানি

Note.—**একাদশন্**—এক ও দশন্ এই দুইটি শব্দ মিলিত হইয়া একাদশন্ হইয়াছে। একশ্চ দশ চ—একাদশ (দ্বন্দ্ব সমাস), অথবা একাধিক দশ—একাদশ—(মধ্যপদলোপী কর্ম্মধারয়)। এইরূপ—দ্বাদশন্, ত্রয়োদশন্, চতুর্দ্দশন্, পঞ্চদশন্, ষোড়শন্, সপ্তদশন্, অষ্টাদশন্।

LESSON II

Numerals (Cardinals)—*Continued*

19—ঊনবিংশতিঃ or একোনবিংশতিঃ, 20—বিংশতি, 21—একবিংশতি, 22—দ্বাবিংশতি, 23—ত্রয়োবিংশতি, 24—চতুর্বিংশতি, 25—পঞ্চবিংশতিঃ 26—ষড়্বিংশতিঃ, 27—সপ্তবিংশতিঃ, 28—অষ্টাবিংশতিঃ, 29—ঊনত্রিংশৎ, or নববিংশতিঃ or একোনবিংশৎ, 30—ত্রিংশৎ, 31—একত্রিংশৎ 32—দ্বাত্রিংশৎ, 33—ত্রয়স্ত্রিংশৎ, 34—চতুস্ত্রিংশৎ, 35—পঞ্চত্রিংশৎ, 36—ষট্ত্রিংশৎ, 37—সপ্তত্রিংশৎ, 38—অষ্টাত্রিংশৎ, 39—নবত্রিংশৎ, *or*

ঊনচত্বারিংশৎ or একোনচত্বারিংশৎ, 40—চত্বারিংশৎ, 41—একচত্বারিংশৎ, 42—দ্বিচত্বারিংশৎ or দ্বাচত্বারিংশৎ, 43—ত্রিচত্বারিংশৎ, 44—চতুশ্চত্বারিংশৎ, 45—পঞ্চচত্বারিংশৎ, 46—ষট্চত্বারিংশৎ, 47—সপ্তচত্বারিংশৎ, 48—অষ্টচত্বারিংশৎ, or অষ্টাচত্বারিংশৎ, 49—নবচত্বারিংশৎ, or ঊনপঞ্চাশৎ, একোনপঞ্চাশৎ, 50—পঞ্চাশৎ, 51—একপঞ্চাশৎ, 52—দ্বিপঞ্চাশৎ or দ্বাপঞ্চাশৎ, 53—ত্রিপঞ্চাশৎ, or ত্রয়ঃপঞ্চাশৎ, 54—চতুঃপঞ্চাশৎ, 55—পঞ্চ-পঞ্চাশৎ, 56—ষট্পঞ্চাশৎ, 57—সপ্তপঞ্চাশৎ, 58—অষ্টপঞ্চাশৎ, or অষ্টাপঞ্চাশৎ, 59—নবপঞ্চাশৎ, or ঊনষষ্টিঃ or একোনষষ্টিঃ. 60—ষষ্টিঃ, 61—একষষ্টিঃ, 62—দ্বিষষ্টিঃ or দ্বাষষ্টিঃ, 63—ত্রিষষ্টিঃ or ত্রয়ষষ্টিঃ, 64—চতুঃষষ্টিঃ, 65—পঞ্চষষ্টিঃ, 66—ষট্ষষ্টিঃ, 67—সপ্তষষ্টি, 68—অষ্টষষ্টিঃ 69—নবষষ্টি or ঊনসপ্ততিঃ, or একোনসপ্ততি, 70—সপ্ততিঃ, 71—একসপ্ততিঃ, 72—দ্বিসপ্ততিঃ, or দ্বাসপ্ততিঃ, 73—ত্রিসপ্ততিঃ, or ত্রয়ঃসপ্ততিঃ, 74—চতুঃসপ্ততিঃ, 75—পঞ্চসপ্ততিঃ, 76—ষট্সপ্ততিঃ 77—সপ্তসপ্ততিঃ, 78—অষ্টসপ্ততিঃ or অষ্টাসপ্ততিঃ, 79—নবসপ্ততিঃ or ঊনাশীতিঃ or একোনাশীতিঃ, 80—অশীতিঃ, 81—একাশীতিঃ. 82—দ্বাশীতিঃ, 83—ত্র্যশীতিঃ, 84—চতুরশীতিঃ, 85—পঞ্চাশীতিঃ, 86—ষড়শীতিঃ, 87—সপ্তাশীতিঃ, 88—অষ্টাশীতিঃ, 89—নবাশীতিঃ or ঊননবতিঃ, or একোননবতিঃ, 90—নবতিঃ, 91—একনবতিঃ, 92—দ্বিনবতিঃ or দ্বানবতিঃ, 93—ত্রিনবতিঃ or ত্রয়োনবতিঃ, 94—চতুর্নবতিঃ, 95—পঞ্চনবতিঃ, 96—ষণ্ণবতিঃ, 97—সপ্তনবতিঃ, 98—অষ্টনবতিঃ, or অষ্টানবতিঃ, 99—নবনবতিঃ ro ঊনশতম্ or একোনশতম্, 100—শতম্ or একশতম্ ।

One hundred and one—একাধিকং শতম্ or একাধিকশতম্। One hundred and two—দ্ব্যধিকং শতম্। One hundred and three—ত্র্যধিকং শতম্। One hundred and four—চতুরধিকং শতম্। One hundred and twenty—বিংশত্যধিকং শতম্। Two hundred

—দ্বেশতে or দ্বিশতম্ or দ্বিশতী।* Three hundred—ত্রীণি শতানি or ত্রিশতম্ or ত্রিশতী। Five hundred—পঞ্চশতানি or পঞ্চ শতম্ or পঞ্চশতী। Thousand—দশ শতানি or দশশতম্ or সহস্রম্। Three thousand—ত্রীণি সহস্রাণি or ত্রিসহস্রম্। Ten thousand—অযুতম্, দশ সহস্রাণি, দশ সহস্রম্।

A lakh—লক্ষম্ ('লক্ষ' শব্দ বিকল্পে স্ত্রীলিঙ্গও হয়)। যথা—লক্ষা। Ten lakhs—নিযুতম্। A crore—কোটিঃ।

Note.—ঊনবিংশতি—ঊনা বিংশতি=(কর্ম্মধারয়); একোনবিংশতি একেন ঊনা=একোনা, ৩য়া তৎপুরুষ, একোনা বিংশতি—একোনবিংশতি (কর্ম্মধারয়)।

ঊনবিংশতি হইতে **নবনবতি** পর্য্যন্ত সংখ্যাবাচক শব্দগুলি স্ত্রীলিঙ্গ এবং একবচনান্ত হইয়া থাকে। ইংরাজী dozen, score ইত্যাদি শব্দের ন্যায় ইহারাও **Singular in form but plural in sense.**

এইরূপ—শত, সহস্র, অযুত প্রভৃতি শব্দও ক্লীবলিঙ্গ একবচনান্ত এবং **বহুত্ববোধক**।

এই সকল শব্দ একবচনান্ত হইলেও ইহারা যাহাদের সংখ্যা প্রকাশ করে, সেই সকল বিশেষ্যপদ বহুবচনান্ত হইয়া থাকে। বিশেষ্যের লিঙ্গ ও বচন অনুসারে ইহাদের রূপের কোন পরিবর্ত্তন হয় না। যথা—

1.	ঊনবিংশতিঃ পুরুষাঃ	ঊনবিংশতিঃ স্ত্রিয়ঃ	ঊনবিংশতিঃ ফলানি
2.	সপ্তবিংশতি বৃক্ষাঃ	সপ্তবিংশতি লতাঃ	সপ্তবিংশতি পত্রাণি
3.	পঞ্চাশৎ বালকাঃ	পঞ্চাশৎ বালিকাঃ	পঞ্চাশৎ অপত্যানি
4.	নবনবতিঃ মনুষ্যাঃ	নবনবতিঃ নদ্যঃ	নবনবতি ফলানি

*দ্বে শতে—এখানে শত শব্দের দুইবার অবৃত্তি বুঝাইতেছে, অতএব দ্বি শব্দটি শত শব্দের বিশেষণ, দ্বিশতম্—দ্বিগুণিতং শতম্ (মধ্যপদলোপী কর্ম্মধারয়), দ্বিশতী—দ্বয়োঃ শতয়োঃ সমাহারঃ—সমাহার।

Note—উপরের উদাহরণগুলিতে উনবিংশতি প্রভৃতি শব্দ বিশেষণভাবে ব্যবহৃত হইয়াছে, কিন্তু এগুলি আবার বিশেষ্যরূপেও ব্যবহৃত হয়। যেমন—

(১) পুরুষাণাম্ উনবিংশতিঃ। (২) স্ত্রীণাং সপ্ততিঃ। (৩) ফলানাং নবনবতিঃ। (৪) ধেনূনাং পঞ্চাশৎ। (৫) নদীনাং শতম্। (৬) বিহগানাম্ অশীতিঃ।

Note—**আবৃত্তি** বুঝাইলে অর্থাৎ উনবিংশতি প্রভৃতি শব্দের দ্বিত্ব বা বহুত্ব বুঝাইলে ইহাদের উত্তর দ্বিবচন বা বহুবচন হইতে পারে। (ক)

(১) দুই কুড়ি=দ্বে বিংশতি। (২) তিন কুড়ি=তিস্রঃ বিংশতয়ঃ। (৩) দুই কুড়ি পাখী—Two score of birds. বিহগানাং বিংশতিদ্বয়ং or দ্বে বিংশতী বিহগানাম্। (৪) অনেক কুড়ি ফল—Many score of fruits—ফলানাং বিংশতয়ঃ।

Note—উনবিংশতি প্রভৃতি ইকারান্ত সংখ্যাবাচক শব্দের রূপ **মতি** শব্দের মত। উনত্রিংশৎ প্রভৃতি অৎভাগান্ত সংখ্যাবাচক শব্দগুলির রূপ **ভূভৃৎ** শব্দের মত। শত, সহস্র, অযুত, লক্ষ ও নিযুত শব্দের রূপ ফল শব্দের মত।

Note—বাংলায় পৌনে, সাড়ে এবং সওয়া শব্দগুলি সংস্কৃতে **পাদোন**

(ক) বিংশতি হইতে সংখ্যাবাচক শব্দগুলি একবচনান্ত হইয়া সংখ্যাবাচক (Collective noun) ও সংখ্যেয়বাচক (Adjective) উভয়রূপেই ব্যবহৃত হইতে পারে। যেমন—নরাণাং বিংশতি (সংখ্যাবাচক), বিংশতি নরাঃ (সংখ্যেয়বাচক)। সংখ্যায় আবৃত্তি বুঝাইলে বিংশতি প্রভৃতি সমস্ত সংখ্যাবাচক শব্দ বিশেষ্যই থাকে, কদাচ বিশেষণ হয় না এবং দ্বিবচন ও বহুবচন হয়। যথা—দ্বে বিংশতি নরাঃ বা নার্য্যঃ এইরূপ প্রয়োগ হইবে না।

"বিংশত্যাদেরনাবৃত্তৌ বহুত্বেঽপ্যেকবচনম্ (ক্রমদীশ্বর)।

গোয়ীচন্দ্র বলেন, 'যদা অমী বিংশত্যাদিশব্দাঃ সংখ্যেবৃত্তয়ো ভবন্তি তদা অমীষাম আবৃত্ত্যভিধানশক্তির্নাস্তি ; ন হি ভবতি। দ্বে বিংশতী পুরুষাঃ, তিস্রো বিংশতয়ঃ স্ত্রিয়ঃ ইতি।"

(পাদেন ঊনঃ), **সার্দ্ধঃ** (অর্দ্ধেন সহ) ও **সপাদঃ** (পাদেন সহ) শব্দ দ্বারা প্রকাশ করিতে হয়। যেমন—

(১) পৌনে পাঁচ টাকা=পাদোন পঞ্চ মুদ্রাঃ। (২) সাড়ে পাঁচ টাকা=সার্দ্ধপঞ্চ মুদ্রাঃ। (৩) সওয়া পাঁচ টাকা=সপাদ-পঞ্চমুদ্রাঃ।

Note—সংস্কৃতে 'অঙ্কস্য বামা গতিঃ' অঙ্কের গতি বাম দিকে সুতরাং বৃহৎ সংখ্যা প্রকাশ করিতে হইলে দক্ষিণ দিক হইতে আরম্ভ করিয়া, ছোট সংখ্যাগুলির ক্রমশঃ উত্তর, অধিক ইত্যাদি শব্দের যোগে বাম দিকের বৃহত্তম সংখ্যাবাচক শব্দের সহিত সমান করিতে হয়। যেমন—

১২৫৪৭=সপ্তচত্বারিংশদধিক পঞ্চশতোত্তর-দ্বাদশসহস্রাণি।

Exercise 18

1. Translate into Sanskrit :—

1. Two boys are coming. 2. Three men went there. 3. Read the four Vedas. 4. Five girls pluck (চিন্বন্তি) flowers. 5. There are eight Basus (বসু-পুং). 6. Collect (আ-হৃ) nine fruits for the guest. 7. He has three sons and four daughters. 8. The enemy burnt (দহ্) twenty five towns. 9. The house-holder (গৃহস্থ) fed (ভোজয়ামাস) thirty five blind men. 10. The king brought forty-nine horses.

2. Correct the following sentences, giving reasons :—

(১) উদ্যানে বিংশতয়ঃ বৃক্ষাঃ বিদ্যন্তে। (২) গগনে চত্বারিংশতানি তারকাঃ পশ্য। (৩) সপ্ত পঞ্চাশতঃ নরা সভায়াম্ আগতাঃ। (৪) দশানি ফলানি আনয়। (৫) বিদ্যালয়ে ত্রিংশতঃ ছাত্রাঃ কাব্যং পঠন্তি। (৬) তস্মিন্ নগরে সপ্ততয়ঃ নূতনাণি গৃহাণি নির্ম্মিতানি অভবন্।

LESSON III

Numerals—*Continued*

Ordinals

1st—প্রথমঃ, (ক) 2nd—দ্বিতীয়ঃ, 3rd—তৃতীয়ঃ, 4th—চতুর্থ তুর্য্যঃ, তুরীয়ঃ, 5th—পঞ্চমঃ, 6th—ষষ্ঠঃ, 7th—সপ্তমঃ, 8th—অষ্টমঃ, 9th—নবমঃ, 10th—দশমঃ, 11th—একাদশঃ, 12th—দ্বাদশঃ, 13th—ত্রয়োদশঃ, 14th—চতুর্দ্দশঃ, 15th—পঞ্চদশঃ, 16th—ষোড়শঃ, 17th—সপ্তদশঃ, 18th—অষ্টাদশঃ, 19th—ঊনবিংশঃ, or ঊনবিংশতিতমঃ, 20th—বিংশঃ or বিংশতিতমঃ, 21st—একবিংশঃ or একবিংশতিতমঃ, 22nd—দ্বাবিংশঃ or দ্বাবিংশতিতমঃ, 23rd—ত্রয়োবিংশঃ or ত্রয়োবিংশতিতমঃ, 24th—চতুর্ব্বিংশঃ, চতুর্ব্বিংশতিতমঃ, 25th—পঞ্চবিংশঃ or পঞ্চবিংশতিতমঃ, 26th—ষড়্বিংশঃ or ষড়বিংশতিতমঃ, 27—সপ্তবিংশঃ or সপ্তবিংশ-তিতমঃ, 28th—অষ্টাবিংশ or অষ্টাবিংশতিতমঃ, 29th—ঊনত্রিংশ or ঊনত্রিংশত্তমঃ, 30th—ত্রিংশঃ, ত্রিংশত্তমঃ, 40th—চত্বারিংশঃ or চত্বারিংশত্তমঃ, 50th—পঞ্চাশঃ or পঞ্চাশত্তমঃ, 60th—ষষ্টিতমঃ, 70th—সপ্ততিতমঃ, 80th—অশীতিতমঃ, 90th—নবতিতমঃ, 100th—শততমঃ, 1000th—সহস্রতমঃ, 10000th—অযুততমঃ।

Note.—'পূরণ' অর্থে এক শব্দের উত্তর প্রত্যয় হয় না। পূরণ অর্থে দ্বি শব্দের উত্তর তীয় প্রত্যয় হয়। যেমন, দ্বিতীয়ঃ (দ্বি+তীয়), তৃতীয়, তুর্য্য ও তুরীয় এই তিনটি শব্দ নিপাতনসিদ্ধ। দ্বিতীয় ও তৃতীয় শব্দ ৪র্থী, ৫মী ও সপ্তমীর একবচনে বিকল্পে সর্ব্বনাম হয়। যথা—দ্বিতীয়স্মৈ, দ্বিতীয়ায় ইত্যাদি।

(ক) 'প্রথম' শব্দ পূরণবাচক নয়। (প্রথ—অম=প্রথম) প্রথ ধাতুর উত্তর অম প্রত্যয় করিয়া এই পদ হইয়াছে। এই শব্দ সমস্ত সংখ্যাবাচক শব্দের আদি বলিয়া উহার পূর্ব্ববর্ত্তী সংখ্যার অভাবে কোন সংখ্যাকে পূর্ণ করে না বলিয়া উহার উত্তর পূরণার্থ প্রত্যয় হয় না।

2. পুরণ অর্থে চতুর্ ও ষষ্ শব্দের উত্তর থুট্ (থ) হয়। যথা—চতুর্থঃ, ষষ্ঠঃ।

প্রয়োগ ঃ—(১) ষষ্ঠে কালে সদা বিপ্রো ভুঙ্‌ক্তে তৈঃ সহ সুব্রত (ম)
(২) ইদং চতুর্থং বরয়ামি তে বরম্—(ম)

3. পুরণ অর্থে পঞ্চন্, সপ্তন্, নবন্ ও দশন্ শব্দের উত্তর মট্ (ম) হয়। যথা—পঞ্চমঃ, সপ্তমঃ, অষ্টমঃ, নবমঃ, দশমঃ।

4. একাদশন্ হইতে অষ্টাদশন্ পর্য্যন্ত শব্দগুলির উত্তর পুরণার্থে ডট্ (অ) হয়। যথা—একাদশানাং পুরণঃ=একাদশঃ। এইরূপ—দ্বাদশঃ, ত্রয়োদশঃ ইত্যাদি।

5. ঊনবিংশতি হইতে সংখ্যাবাচক শব্দগুলির উত্তর ডট্ (অ) ও তমট হয়। যথা, ঊনবিংশঃ (ডট্), ঊনবিংশতিতমঃ (তমট্)।

6. ষষ্টি প্রভৃতি শব্দের উত্তর তমট্ (তম) হয়। যথা, ষষ্টিতমঃ, সপ্ততিতমঃ। কিন্তু অন্য কোন সংখ্যাবাচক শব্দ পুর্ব্বে থাকিলে ডট্ ও তমট্ হয়। যথা—একষষ্টঃ বা একষষ্টিতমঃ ; দ্বিষষ্টঃ বা দ্বিষষ্টিতমঃ ইত্যাদি।

7. শত প্রভৃতি শব্দের উত্তর তমট প্রত্যয় হয়। যথা—শততমঃ, সহস্রতমঃ, অযুততমঃ ইত্যাদি।

পূরণবাচক শব্দের রূপ

(১) পুরণবাচক শব্দ সকল বিশেষণ, তিন লিঙ্গেই প্রযুক্ত হয়। প্রথম শব্দের রূপ নর শব্দের ন্যায়, কেবল প্রথমার বহুবচনে প্রথমে, প্রথমাঃ এইরূপ হয়। স্ত্রীলিঙ্গে প্রথম-আ=প্রথমা শব্দের রূপ লতা শব্দের ন্যায় এবং ক্লীবলিঙ্গে ফল শব্দের ন্যায় রূপ হইবে। মনে রাখিতে হইবে—প্রথম শব্দ পুরণবাচক নয়।

(২) দ্বিতীয় ও তৃতীয় শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে আ হইয়া দ্বিতীয়া ও তৃতীয়া শব্দের রূপ লতা শব্দের মত হইবে।

(৩) চতুর্থ হইতে অযুততম পর্য্যন্ত পুরণবাচক শব্দগুলির রূপ পুংলিঙ্গে নর শব্দের ন্যায় এবং ক্লীবলিঙ্গে ফল শব্দের ন্যায় হইবে।

LESSON IV
Numeral Adverbs

সুচ্ প্রত্যয়-নিষ্পন্ন :—সকৃৎ (once), দ্বিঃ (twice), ত্রিঃ (thrice), চতুঃ (four times) ।

কৃত্বসুচ্ প্রত্যয়-নিষ্পন্ন :—পঞ্চকৃত্বঃ (five times), সপ্তকৃত্বঃ (seven times), শতকৃত্বঃ (hundred times) ।

ধাচ্ প্রত্যয়-নিষ্পন্ন :—একধা (in one way), দ্বেধা, দ্বিধা (in two ways), ত্রিধা (in three ways), চতুর্ধা (in four ways), পঞ্চধা (in five ways), ষড় ধা or ষোঢ়া (in six ways), সপ্তধা (in seven ways) ।

শস্ প্রত্যয়-নিষ্পন্ন :—একশঃ (one by one), দ্বিশঃ (two by two), পঞ্চশঃ (five by five), শতশঃ (by hundred), সহস্রশঃ (by thousand), বহুশঃ (by many) উল্লিখিত সমস্ত শব্দই অব্যয় ।

প্রয়োগ :—

N. B.—সুচ্ ও কৃত্বসুচ্ প্রভৃতি প্রত্যয়ান্ত শব্দের অধিকরণে ষষ্ঠী বিভক্তি হয় । যথা—স **দিবসস্য** দ্বিঃ, পঞ্চকৃত্বঃ নবধা বা জপতি ।

Exercise 20

1. Translate into Sanskrit :—

1. The students left the class one by one. 2. The Brahmin eats once (সকৃৎ) a day. 3. I visited (সংদৃষ্টবান্) the place many times 4. You dined (ভুজ্) twice yesterday. 5. The king defeated (পরা-জি) the enemies seven times. 6. There are fruits of five kinds in the basket. 7. Sunday is the seventh day of the week. 8. Rama was the first son of Dasaratha. 9. Yadu reads in the ninth class. 10. Hari will come on the fifth day.

2. *Correct the following sentences, giving reasons* :—

(১) যদোঃ প্রথমী কন্যা। (২) তব ষষ্ঠমঃ পুত্রঃ। (৩) মহারাজস্য দ্বিতীয়াঃ কন্যা। (৪) পঞ্চমে শ্রেণ্যাঃ প্রথমঃ ছাত্রঃ। (৫) হরেঃ ষষ্ঠাঃ সুতো মৃতা। (৬) পুস্তকস্য ষষ্টিঃ অধ্যায়ঃ। (৭) বিদ্যালয়স্য দ্বাবিংশতিঃ ছাত্রায় পারিতোষিকং দেহি। (৮) রামায়ণস্য সপ্ততিং শ্লোকং পঠ। (৯) বৈশাখস্য চতুর্ব্বিংশতি দিবসে স আগতঃ। (১০) স দিবা পঞ্চকৃত্বঃ ভুঙ্‌ক্তে।

3. *Compose sentences, using the following words* :—

পঞ্চধা, শতশঃ, একাদশঃ and বিংশতিতমী।

CHAPTER IV

সর্ব্বনাম-Pronouns

১। **সর্ব্বাদীনি সর্ব্বনামানি**—সর্ব্ব প্রভৃতি শব্দকে সর্ব্বনাম বলে। কয়েকটি সর্ব্বনাম পদ সাধারণতঃ বিশেষ্য পদের পরিবর্ত্তে ব্যবহৃত হয়। যথা—রামো বনং জগাম; **সঃ** রাবণং জঘান। এখানে **সঃ** সর্ব্বনামটি রামের পরিবর্ত্তে ব্যবহৃত হইয়াছে।

২। নিম্নে প্রচলিত সর্ব্বনাম শব্দগুলির অর্থ লক্ষ্য কর :—

সর্ব্ব, বিশ্ব—All, whole, উভ, উভয়—Both, সম, সিম—All, নেম—Half, এক—One, একতর—One of two. একতম—One of many, দ্বি—Two, অন্য—Another, অন্যতর—Either of the two, ইতর—Other, পূর্ব্ব—East, Former, Eastern, পর—Next, অন্তর—Outer, দক্ষিণ—South, Southern, উত্তর—North, Northern, অবর—Another, West, Inferior, কতর—Who or Which of two, কতম—Who or Which of many, যতর—Who or Which of two, যতম—Who or Which of many, ততর—That one of two,

ত্তম—That one of many*, অধর—Low, Under, স্ব—One's own, তদ্—He, She, It, যদ্—Who, Which, That, এতদ্—He, This, She, কিম্—Who, Which, What, ইদম্—He, She, This, অদস্—He, She, That, যুষ্মদ্—You, অস্মদ্—I, ভবৎ—You, Your, yours.

৩। সংস্কৃতে কয়েকটি সর্ব্বনাম আছে, যেগুলি ইংরাজীর Pronoun নয়। যেমন, পূর্ব্ব—East, former, দক্ষিণ—South, উত্তর—North, অপর—West.

৪। এক অর্থে এক সংখ্যা (one) বুঝাইলে একবচনান্ত, কিন্তু কেহ কেহ (some) অর্থে বহুবচনান্ত হয়। যথা—একে বদন্তি—Some say.

৫। যুষ্মদ্, অস্মদ্ ও ভবত্ শব্দ ভিন্ন সর্ব্বনাম শব্দ সকল **বিশেষ্য** (substantive) ও **বিশেষণ** (adjective) উভয়রূপেই ব্যবহৃত হয়।

সর্ব্বস্য হি পরীক্ষ্যন্তে স্বভাবা নেতরে গুণাঃ।
অতীত্য হি গুণান্ সর্ব্বান্ স্বভাবো মূর্দ্ধ্নি বর্ত্ততে ॥—(হি)।

এখানে **সর্ব্বস্য** বিশেষ্যরূপে এবং **সর্ব্বান্** বিশেষণরূপে ব্যবহৃত হইয়াছে।

৬। **সর্ব্ব, বিশ্ব, সকল** (all) এই অর্থে সর্ব্বনাম হয়, কাহারও নাম বুঝাইলে সর্ব্বনাম হয় না। যেমন—

(১) সর্ব্বে দেবাঃ মহাদেবম্ অর্চ্চন্তি। (২) সর্ব্বস্মিন্ দেশে বৈশ্যাঃ বর্ত্তন্তে। (৩) বিশ্বে দেবাঃ স্বর্গে রমন্তে।

অন্য অর্থে ইহাদের রূপ নর শব্দের মত। যথা—**'সর্ব্বায়'** ক্ষিতিমূর্ত্তয়ে নমঃ।

এখানে 'সর্ব্ব' শব্দের অর্থ **'শিব'** অতএব, 'সর্ব্বস্মৈ' না হইয়া **'সর্ব্বায়'** হইল।

* ডতর ও ডতম এই দুইটি প্রত্যয় কিম্, যদ্, তদ্, ও এক শব্দের উত্তর প্রযুক্ত হইয়া কতর, কতম, যতর, যতম, ততর, ততম, একতর, একতম, এই সর্ব্বনামগুলি হয়।

(ক) 'সম' শব্দের অর্থ যখন সকল (all), তখন সর্ব্বনাম, কিন্তু যখন তুল্য (similar, equal) অর্থ হয়, তখন সর্ব্বনাম নয়।

৭। **পূর্ব্ব, পর, অপর, অধর, অবর, দক্ষিণ** এবং **উত্তর** এই কয়টি শব্দ, দিক, দেশ ও কালবাচক হইলে অর্থাৎ পূর্ব্বদিক, পূর্ব্বদেশ, পূর্ব্বকাল ইত্যাদি বুঝাইলে সর্ব্বনাম হয়। যথা—

(১) সূর্য্যঃ **পূর্ব্বস্যাং** দিশি উদেতি। (২) রামঃ **দক্ষিণস্মিন্** দেশে বসতি। (৩) অহম্ **অপরস্মিন্** কালে যাস্যামি। (৪) **উত্তরস্যাং** দিশি হিমালয়ো নাম পর্ব্বতোঽস্তি। (৫) **দক্ষিণস্যাং** দিশি ব্রহ্মপুরাভিধেয়ং নগরম্ আসীৎ —(বে)।

N.B.—দিগ্‌বাচক পশ্চিম শব্দ সর্ব্বনাম নয়। যথা—রবিঃ পশ্চিমায়াং (**পশ্চিমস্যাম্** নহে) দিশি অস্তং যাতি—The sun sets in the west. দক্ষিণ শব্দের অর্থ যখন প্রবীণ বা চতুর (able, clever), তখন সর্ব্বনাম হয় না। যেমন—শাস্ত্রে দক্ষিণায় (প্রবীণায়) বিপ্রায় ধেনুং দেহি।

৮। **স্ব** শব্দ আত্মা (self) এবং আত্মীয় (one's own) অর্থে '**স্ব**' শব্দ পুংলিঙ্গ অ-কারান্ত দেব শব্দের মত। যথা—

(১) স্বস্মৈ (আত্মনে) রোচতে। (২) স্বস্মৈ (আত্মীয়ায়) দীয়তাম্।

Note—ইংরাজীতে **himself, herself, myself, thyself,** প্রভৃতি **Reflexive Pronoun**গুলি nominative হইলে সংস্কৃতে আত্মন্ শব্দ এবং স্বয়ম্ এই অব্যয়ের দ্বারা অনুবাদ করা হয়। আত্মন্ শব্দ পুংলিঙ্গ এবং 'স্বয়ম্' শব্দ অব্যয়। যথা—He comes himself—স **স্বয়ম্** আগচ্ছতি। Objective রূপে ব্যবহৃত হইলে স্ব ও আত্মন্ শব্দ দ্বারা অনুবাদ করা হয়। যথা—He knows himself—স **আত্মানং** বেত্তি।

৯। **উভ** ও **উভয়** শব্দের একই অর্থ; কিন্তু উভ শব্দ দ্বিবচনান্ত এবং উভয় শব্দ একবচনান্ত। উভয় দল (group or band) বুঝাইলে উভয় শব্দ বহুবচনান্তও হয়। যথা—

(১) **উভৌ** বালকৌ ক্রীড়তঃ। (২) **উভৌ** রামস্য সদৃশৌ—(রা)। (৩) সেনয়োরুভয়োর্মধ্যে রথং স্থাপয় মেঽচ্যুত—(গী)। (৪) এতৎ **উভয়ম্** অনুপপন্নম্। (৫) **উভয়ঃ** দেবাসুরগণঃ সমুদ্রং মমন্থুঃ। (৬) **উভয়ে** দেবাসুরাঃ যুদ্ধং চক্রুঃ।

Note—উভ শব্দের স্ত্রীলিঙ্গে উভ+আ=উভা (like লতা) এবং উভয় শব্দের স্ত্রীলিঙ্গে উভয়+ঈ=উভয়ী (like নদী)।

১০। **ভবৎ** শব্দের অর্থ আপনি (you), স্ত্রীলিঙ্গে ভবৎ+ঈ=ভবতী (like নদী), কিন্তু প্রথম পুরুষ। যথা—(১) আদিশতু **ভবান্**। (২) উপবিশন্তু **ভবন্তঃ**। (৩) অথ **ভবান্** কিং ব্রবীতি। (৪) কিমিতি **ভবান্** অত্র আহার পরিহারেণ তিষ্ঠতি— (হি)।

১১। **'ত্রিষু' তত্রভবান্ পূজ্যে অথৈবাত্রভবানপি**—সম্মান বুঝাইলে ভবৎ শব্দের পূর্ব্বে **তত্র** ও **অত্র** এই দুইটি পদ ব্যবহৃত হয়।

প্রয়োগ ঃ—(১) অসাধুদর্শী খলু **অত্রভবান্** কাশ্যপঃ, য ইমাম্ আশ্রয়ধর্ম্মে নিযুঙ্‌ক্তে— (শ)। (২) **অত্রভবান্** বশিষ্ঠঃ আজ্ঞাপয়তি—The worshipful Vashishtha orders. (৬) সীতে! তত্রভবাংস্তাত প্রব্রাজয়তি মাং বনম্—(রা)। (তত্রভবান্+তাতঃ=তত্রভবাংস্তাতঃ)।

১২। তত্রভবৎ ও অত্রভবৎ শব্দের উত্তর **ঈ** হইয়া তত্রভবতী ও অত্রভবতী এই দুইটি পদ হয়। যথা—(১) বাল্মীকেঃ আশ্রমে তত্রভবতী জানকী প্রতিবসতি স্ম। ভদ্রে! বৃক্ষসেচনাৎ এবং পরিশ্রান্তাম্ অত্রভবতীং লক্ষয়ে—(শ)।

Exercise 21

1. Translate into Sanskrit :—

1. All the students are saluting (প্র—নম্) their teacher. 2. We went to the temple (মন্দিরং—ক্লী) with our mother. 3. Both the boys were present. 4. The sus rises (উদেতি) in the east. 5. One man did

(কৃ) this hard work. 6. One of the two will go there. 7. One of the boys played there. 8. Two girls plucked (চি) flowers. 9. Other boys were crying. 10. Which of the two classes is better ?

3. *Correct the following sentences giving reasons :—*

(১) মম পিতা দক্ষিণায়াং দিশি গচ্ছতি। (২) সর্ব্বাৎ বৃক্ষাৎ পক্কানি পত্রাণি পতন্তি। (৩) সর্ব্বাঃ মুনয়ঃ বেদান্ পঠন্তি। (৪) বিশ্বাঃ দেবাঃ হরিম্ অর্চ্চন্তি। (৫) সবিতা পূর্ব্বাসাং দিশি সমুদিতঃ। (৬) অন্যাঃ জনাঃ তত্র ন আয়াতাঃ। (৭) অন্য পুষ্পং মহ্যং দেহি। (৮) ভানু পশ্চিমস্যাং দিশি অস্তং যাতি।

LESSON II

Pronouns—*Continued*

ইদমস্তু সন্নিকৃষ্টং সমীপতরবর্ত্তি চৈতদো রূপম্।
অদসস্তু বিপ্রকৃষ্টং তদিতি পরোক্ষে বিজানীয়াৎ॥

১। **ইদম্** শব্দের অর্থ সন্নিকৃষ্ট, অর্থাৎ নিকটবর্ত্তী ব্যক্তি বা বস্তুকে বুঝাইলে ইদম্ শব্দ প্রয়োগ করিতে হয়।

প্রয়োগ :—ইয়ম্ আর্য্যা অপি আর্য্যা মাণ্ডবী, বয়ম্ অপি বধূঃ শ্রুতকীর্ত্তিঃ —(উ)।

এতদ্ শব্দের অর্থ সমীপতরবর্ত্তী অর্থাৎ অত্যন্ত নিকটবর্ত্তী ব্যক্তি বা বস্তুকে বুঝাইতে হইলে এতদ্ শব্দের প্রয়োগ করিতে হয়।

প্রয়োগ :—এতে মম পুত্রাঃ শাস্ত্রবিমুখাঃ বিবেকরহিতাশ্চ—(প)।

অদস্ শব্দের অর্থ বিপ্রকৃষ্ট ; অর্থাৎ দূরবর্ত্তী ব্যক্তি বা বস্তুকে বুঝাইতে হইলে অদস্ শব্দের প্রয়োগ করিতে হয়।

প্রয়োগ :—(১) অথ সৌ রাজা তাং প্রতিজ্ঞাং শ্রুত্বা পরাং নিবৃত্তিম্ আজগাম—(প)। (২) ক চাসৌ পুরুষঃ শ্যামো যোঽসৌ মাং সঙ্কর্ষ হ ?—(ম)

তদ্ শব্দের অর্থ পরোক্ষ ; অর্থাৎ অনুপস্থিত (যাহা নিকটে নাই) এরূপ ব্যক্তি বা বস্তু নির্দ্দেশের জন্য **তদ্** শব্দের প্রয়োগ করিতে হয়।

প্রয়োগ ঃ—কাকো ব্রূতে—স বঞ্চকঃ ক আস্তে ?—(হি)।

২। **পুনরুক্তি (repetition)** বুঝাইলে অর্থাৎ (যে ব্যক্তির বা বস্তুর সম্বন্ধে একবার কিছু বলা হইয়াছে, তাহার সম্বন্ধে কিছু বলিবার প্রয়োজন হইলে) দ্বিতীয়া বিভক্তিতে, তৃতীয়া বিভক্তির একবচনে, ষষ্ঠী ও সপ্তমী বিভক্তির দ্বিবচনে **ইদম্** ও **এতদ্** শব্দের স্থানে **'এন'** আদেশ হয়। যথা— অনেন ব্যাকরণম্ অধীতম্, **এনং** ছন্দোঽধ্যাপয়—ইনি ব্যাকরণ অধ্যয়ন করিয়াছেন, ইঁহাকে ছন্দঃ পড়াও।

৩। যুষ্মদ্ শব্দের **ত্বা, তে, বাম্**, বঃ এবং অস্মদ্ শব্দের **মা, মে, নৌ, নঃ** এই আটটি শব্দ কোন **বাক্যের আদিতে,** অথবা **শ্লোকের চরণের আরম্ভে** কিংবা **চ, বা, এব, হ, অহ**—এই অব্যয় কয়টির যোগে ব্যবহৃত হয় না। যথা—

বাক্যের আদিতে—Come to us—অস্মাকং (not **নঃ**) নিকটম্ আগচ্ছ। Take your book—তব (not **তে**) পুস্তকং গৃহাণ।

শ্লোকের চরণের আরম্ভে—

অশুদ্ধ ঃ—"ত্বা স রক্ষতি যত্নেন মা স দ্বেষ্টি নিরন্তরম্।
তে দোষ এব নৈবাত্র মে দেষো বিদ্যতে সখে ॥"

শুদ্ধ ঃ—"ত্বাং স রক্ষিত যত্নেন মাং স দ্বেষ্টি নিরন্তরম্।
তবৈব দোষো নৈবাত্র মম দোষোঽস্তি কশ্চন।"

চ বা এব যোগে—

(১) তস্য চ মম (**not মে**) চ সখ্যম্ অস্তি। (২) তস্য মম (**not মে**) বা গৃহম্। (৩) ইদং পুস্তকং তব এব (**not তে এব**)।

৪। **মা, মে** প্রভৃতি পদগুলি সম্বোধন পদের অব্যবহিত পরেই ব্যবহৃত হয় না। যথা—বন্ধো! মম (**not মে**) গৃহম্ এতৎ—O friend ! this is my house. দেব ! অস্মান্ (**not নঃ**) পাহি—O God ! save us.

কিন্তু সম্বোধন পদের পর উহার কোন বিশেষণ থাকিলে মা, মে প্রভৃতি পদগুলি ব্যবহৃত হইতে পারে। যথা—হরে দয়ালো ! নঃ রক্ষ—O kind Hari ! protect us.

৫। **যত্তদোর্নিত্যসম্বন্ধঃ**—বাক্যমধ্যে **যদ্** শব্দের প্রয়োগ থাকিলে **তদ্** শব্দেরও প্রয়োগ করিতে হয়। অর্থাৎ বাক্যের প্রথমাংশে যদ্ শব্দের প্রয়োগ হইলে শেষাংশে তদ্ শব্দের প্রয়োগ করিতে হয়। কারণ সংস্কৃতে **যদ্** ও **তদ্** শব্দের **সম্বন্ধ নিত্য** (Correlatives)।

প্রয়োগ ঃ—

(১) বুদ্ধির্যস্য বলং তস্য—(হি)। (২) রাজদ্বারে শ্মশানে চ যস্তিষ্ঠতি স বান্ধবঃ—(হি)।

যদা যদা হি ধর্ম্মস্য গ্লানির্ভবতি ভারত।
অভ্যুত্থানমধর্ম্মস্য **তদা**ত্মানং সৃজাম্যহম্ ॥ (গী)।

৬। সর্ব্বনাম শব্দের উত্তর তদ্ধিত প্রত্যয় করিয়া নিম্নলিখিত বিশেষণ পদগুলি গঠন করা যায়।

মদীয়, মামক, মামকীন (my, mine) —মামকাঃ পাণ্ডবাশ্চৈব কিমকুর্ব্বত সঞ্জয়।—(গী)। অস্মদীয় (our, ours) ; যুষ্মদীয় (your, yours)—যুষ্মদীয়ং চ জলান্তে গৃহম্ (গ)। ভবদীয় (your, yours), অন্যদীয় (of another) তদীয় (his, its, their, her) ; স্বীয়, স্বকীয় (one's own), পরকীয় another's)।

৭। **কিম্** শব্দ Interrogative Pronoun) প্রশ্ন স্থলে ব্যবহৃত হয়। যথা—**কো** ভবান্—Who are you ? **কিং** তে পিতুর্নাম ?—What is your father's name ? **কা** ইয়ং বালিকা ?—Who is this girl ?

প্রয়োগ ঃ—

(১) কস্ত্বং কিমীহসে ? পক্ষীন্দ্র ! কিং বিষণ্ণোঽসি ?—(কথাসরিৎ)

৮। বিভিন্ন বিভক্তিযুক্ত কিম্ শব্দের উত্তর অনিশ্চয়ার্থে (Indefinite Pronoun গঠন করিতে হইলে) **চিৎ** ও **চন্** প্রত্যয় হয়। নিম্নের উদাহরণগুলি লক্ষ্য কর—

পুং	স্ত্রীং	ক্লীং
কশ্চিৎ নরঃ	কাচিৎ নারী	কিঞ্চিৎ ফলম্
কশ্চন নরঃ	কাচন নারী	কিঞ্চন ফলম্
কঞ্চিৎ নরম্	কাঞ্চিৎ নারীম্	কিঞ্চিৎ জলম্
কঞ্চন নরম্	কাঞ্চন নারীম্	কিঞ্চন জলম্

প্রয়োগ ঃ—

(১) দেব ! পৃচ্ছামি **কিঞ্চিৎ**—(হি)। (২) ত্বং **কস্মৈচিৎ** কিমপি ন প্রযচ্ছসি—(ভো)। (৩) অস্তি **কস্মিংশ্চিৎ** অধিষ্ঠানে জীর্ণধনো নাম বণিক-পুত্রঃ—(প)।

৯। যদ্, তদ্, এতদ্, কিম্ ও সর্ব্ব এই কয়েকটি সর্ব্বনাম পদের উত্তর দ, তস্, ত্র প্রভৃতি তদ্ধিত প্রত্যয় করিয়া নিম্নলিখিত অব্যয় পদগুলি হয়। যথা—

যদ্+দা=যদা (when), যদ্+থা=যথা (as), যদ্+তস্=যতঃ (because, since), যদ্+ত্র=যত্র (where), এইরূপ—তদ্—তদা (then), তথা (so), তর্হি (therefore), তদানীম্ (at that time), ততঃ, তত্র। এতদ্—অতঃ, অত্র। ইদম্—অতঃ (therefore), অত্র (here), ইহ (here), কিম্—কুতঃ (whence), কুত্র (where), কদা (when), ক্ব (where), কথম্ (how), সর্ব্ব—সদা, সর্ব্বদা (always), সর্ব্বত্র, সর্ব্বতঃ (everywhere).

প্রয়োগ :—

অহং স্বামিনং বিজ্ঞাপ্য **তথা** করিষ্যে, **যথা** স্বামী অস্য বধং বিধাস্যতি (প)।

১০। অস্মদ্ ও যুষ্মদ্ শব্দের পঞ্চমী বিভক্তির মৎ, ত্বৎ, অস্মৎ, যুষ্মৎ এই চারিটি পদের প্রয়োগ সাধারণতঃ দেখা যায় না। এই পদগুলির উত্তর 'তস্' প্রত্যয় করিয়া প্রয়োগ করিতে হয়। যেমন—মৎ+তস্=মত্তঃ, ত্বৎ+তস্=ত্বত্তঃ, অস্মৎ+তস্=অস্মত্তঃ, যুষ্মৎ+তস্=যুষ্মত্তঃ।

প্রয়োগ :—

(১) '**মত্তঃ**' পরতরং নান্যৎ কিঞ্চিদস্তি ধনঞ্জয়।—(গী)।

(২) '**মত্ত**'স্তং প্রাপ্যতাং সর্ব্বং পরিতুষ্টা দদামি তৎ—(চণ্ডী)।

Exercise 22

1. ***Translate into Sanskrit :—***

1. God portects (রক্ষ) all men. 2. We should read (পঠ্) the Ramayana. 3. The other day you fell down from a tree. 3. His parents (পিতরৌ) will be glad to hear(শ্রুত্বা) it. 5. Which of the boy made the noise (কোলাহলম্)? 6. My father has two beautiful horsese 7. This book is better than that. 8. Have you seen my mother? 9. My brother went to Benares. 10. Who created (সৃজ) the universe (বিশ্বম্)।

2. ***Correct the following sentences, giving reasnos :—***

(১) উভে নরাঃ গ্রামং গচ্ছন্তি। (২) মাং অন্নং বস্ত্রং চ দেহি। (৩) ইদম্ জলাশয়ে বহবঃ মৎস্যাঃ বসন্তি। (৪) তস্মিন্ অটব্যাং সিংহ শব্দায়তে। (৫) সর্ব্বাঃ বালকাঃ বিদ্যালয়ম্ আগতাঃ। (৬) অস্মৎ বৃক্ষাৎ দ্বৌ ফলে অপততঃ। (৭) মিত্র! নঃ রক্ষঃ। (৮) মে পুস্তকং দেহি। (৯) বঃ দোষঃ ন বিদ্যতে। (১০) স নারী তম্ শিশুং দুগ্ধং অযচ্ছৎ।

CHAPTER V

ক্রিয়া—Verbs

LESSON I

১। **ধাত্বর্থঃ ক্রিয়া**—ভূ, গম্ প্রভৃতিকে ধাতু বলে ; ধাতু সকলের অর্থকে **ক্রিয়া** বলে, অর্থাৎ যাহা দ্বারা বসা, খাওয়া, থাকা, যাওয়া, ঘুমান প্রভৃতি অর্থ প্রকাশ পায়, তাহাকে ক্রিয়া বলে।

অহং 'বসামি' ; স 'গচ্ছতি' ; ত্বং 'তিষ্ঠসি' ; রামঃ শ্যামং 'দৃষ্টবান্', এখানে 'বসামি', 'তিষ্ঠসি' ও 'দৃষ্টবান্' এই পদগুলি **ক্রিয়া**।

২। সংস্কৃতে ক্রিয়া দুই প্রকার ; **তিঙন্ত**-ক্রিয়া ও **কৃদন্ত**-ক্রিয়া।

(ক) ধাতুর উত্তর তি, তস্, অন্তি প্রভৃতি যোগ করিয়া যে সকল পদ গঠিত হয়, তাহাদিগকে **তিঙন্ত-ক্রিয়া** বলে। যথা—গচ্ছতি, পচতি, তিষ্ঠতি ইত্যাদি।

(খ) ধাতুর উত্তর ক্ত, ক্তবতু প্রভৃতি প্রত্যয় যোগ করিয়া যে সকল পদ গঠিত হয়, তাহাদিগকে **কৃদন্ত-ক্রিয়া** বলে। যথা—গতঃ, কৃতঃ, গতবান্, কৃতবান্ ইত্যাদি।

৩। ক্রিয়ার মধ্যে কতকগুলি ক্রিয়া **সমাপিকা** ও কতকগুলি **অসমাপিকা**।

(ক) যে ক্রিয়ার প্রয়োগে বাক্য সমাপ্ত হয়, অর্থাৎ আর কিছু বলিবার আকাঙ্ক্ষা থাকে না, তাহাকে **সমাপিকা** ক্রিয়া বলে। যথা—শিশুর্দুগ্ধং 'পিবতি' ; অহং গ্রামং 'গচ্ছামি'। এখানে **পিবতি** ও **গচ্ছামি** সমাপিকা ক্রিয়া।

(খ) যে ক্রিয়ার প্রয়োগে বাক্য অসম্পূর্ণ থাকে, অর্থাৎ আর কিছু বলিবার আকাঙ্ক্ষা থাকে, তাহাকে **অসমাপিকা** ক্রিয়া বলে। যথা—স গত্বা (সে যাইয়া), অহং গচ্ছন্ (আমি যাইতে যাইতে) ইত্যাদি। এখানে **গত্বা** ও **গচ্ছন্** অসমাপিকা ক্রিয়া।

তিঙন্ত-ক্রিয়া

৪। ধাতুর উত্তর নিম্নলিখিত দশটি বিভক্তি যোগ করিয়া **তিঙন্ত-ক্রিয়া** গঠন করা হয়।

(১) **লট্**—বর্ত্তমান কাল (Present Tense), (২) **লোট্**—অনুজ্ঞা (Imperative Mood), (৩) **লঙ্**—অনদ্যতন অতীত (Past Imperfect Tense), (৪) **বিধিলিঙ্**—বিধি প্রভৃতি অর্থবোধক (Potential Mood), (৫) **লৃট**—ভবিষ্যৎ কাল (Future Tense), (৬) **লিট্**—পরোক্ষ অনদ্যতন অতীত (Past Perfect Tense), (৭) **লুঙ্**—অতীত কাল (Aorist), (৮) **লুট্**—অনদ্যতন ভবিষ্যৎ (Future Tense), (৯) **আশীর্লিঙ্**—আশীর্ব্বাদ অর্থবোধক (Benedictive), (১০) **লৃঙ্**—ক্রিয়ার অনিষ্পত্তি-বোধক, (Conditional) সমুদয় **তিঙন্ত** পদই **সমাপিকা** ক্রিয়া।

৫। ধাতু তিন প্রকার, **পরস্মৈপদী, আত্মনেপদী** ও **উভয়পদী**। কর্ত্তৃবাচ্যে পরস্মৈপদী ধাতুর উত্তর পরস্মৈপদ ও আত্মনেপদী ধাতুর উত্তর আত্মনেপদ ও উভয়পদী ধাতুর উত্তর পরস্মৈপদ ও আত্মনেপদ হইয়া থাকে। যথা—**পরস্মৈপদী**—ছাত্রো বিদ্যালয়ং **গচ্ছতি**। **আত্মনেপদী**—রমেশো গৃহে **বর্ত্ততে**। **উভয়পদী**—বিপ্রো দেবং **যজতি** or **যজতে**।

(ক) এতদ্ভিন্ন কোন উপসর্গের যোগে অর্থবিশেষে কর্ত্তৃবাচ্যে পরস্মৈপদ ধাতুর আত্মনেপদও হইয়া থাকে। যথা, জি—জয়তি মহারাজঃ। **পরা-জি**—এস্থলে 'জি' ধাতু পরস্মৈপদী হইয়াও 'পরা' যোগে আত্মনেপদী হইল।

B.N.—তিঙন্ত-ক্রিয়া কর্ত্তৃ, কর্ম্ম, ভাব ও কর্ম্মকর্ত্তৃ—চারিটি বাচ্যে ব্যবহৃত হয়, তন্মধ্যে কর্ত্তৃবাচ্য ভিন্ন অপর সকল বাচ্যে কখনও পরস্মৈপদ ব্যবহার হয় না। কর্ত্তৃবাচ্যে যে ধাতুগুলি পরস্মৈপদী বলিয়া নির্দ্দিষ্ট মাত্র সেগুলির উত্তরই পরস্মৈপদ হয়। আত্মনেপদী ধাতু কেবল আত্মনেপদে ও উভয়পদী ধাতু আত্মনেপদ ও উভয়পদেই ব্যবহৃত হয়। সুতরাং প্রয়োগে আত্মনেপদী ক্রিয়ার

সংখ্যাই বেশী। প্রচলিত ব্যাকরণের পুস্তকসমূহে যে ধাতুরূপ দেওয়া থাকে তাহা কেবল কর্ত্তৃবাচ্যে ক্রিয়ার রূপ।

৬। ক্রিয়ার তিন পুরুষ—প্রথম পুরুষ, মধ্যম পুরুষ ও উত্তম পুরুষ। অস্মদ্ শব্দের প্রয়োগে উত্তম পুরুষ, যুষ্মদ শব্দের প্রয়োগে মধ্যম পুরুষ, এতদ্ভিন্ন সমস্ত শব্দের প্রয়োগে প্রথম পুরুষ হইয়া থাকে। যথা—অহং পশ্যামি, ত্বং পশ্যসি, শিশুঃ পশ্যতি।

দ্রষ্টব্য :—ভবৎ শব্দটির অর্থ তুমি বা আপনি। অর্থানুসারে মধ্যম পুরুষের ন্যায় হইলেও ইহা প্রথম পুরুষেই ব্যবহৃত হয়। যথা—ভবান্ কুত্র গচ্ছতি ('গচ্ছামি' নহে) ?

৭। একবচন, দ্বিবচন ও বহুবচন ভেদে প্রত্যেক পদে নয়টি করিয়া বিভক্তি আছে। সুতরাং পরস্মৈপদ ও আত্মনেপদের বিভক্তি সংখ্যা **আঠারটি**। লট্ প্রভৃতি বিভক্তির সর্ব্বসমেত পরস্মৈপদ ও আত্মনেপদের রূপের সংখ্যা **একশত আশীটি**।

৮। ক্রিয়া দুই প্রকার। **সকর্ম্মক** (**Transitive**) ও **অকর্ম্মক** (**Intransitive**)।

(ক) যে ক্রিয়ার কর্ম্ম থাকে, তাহাকে **সকর্ম্মক** ক্রিয়া বলে। যথা—

(১) শিশুঃ **দুগ্ধং** পিবতি। (২) অহং **চন্দ্রং** পশ্যামি। এখানে **'পিবতি'** ও **'পশ্যামি'** ক্রিয়ার যথাক্রমে 'দুগ্ধম্' ও 'চন্দ্রম্' কর্ম্ম। অতএব, এই দুইটি ক্রিয়া **সকর্ম্মক**।

(খ) যে ক্রিয়ার কর্ম্ম থাকে না, তাহাকে **অকর্ম্মক ক্রিয়া বলে**। যথা—
(১) রামঃ শেতে। (২) বালকঃ ক্রীড়তি। এখানে **'শেতে'** ও **'ক্রীড়তি'** **এই দুইটি ক্রিয়া অকর্ম্মক**।

সকর্ম্মক ধাতু

৯। **সংস্কৃতে সাধারণতঃ গমনার্থ, ভোজনার্থ, দর্শনার্থ, পঠনার্থ, পূজার্থ, বন্ধনার্থ, প্রার্থ্যর্থ, মোচনার্থ ও জ্ঞানার্থ প্রভৃতি ধাতু সকর্ম্মক**।

গমনার্থ—গম্ প্রভৃতি—রামো গৃহং গচ্ছিত। **ভোজনার্থ**—ভুজ্ প্রভৃতি—অতিথিঃ ফলানি ভুঙ্‌ক্তে। **দর্শনার্থ**—দৃশ্ প্রভৃতি—শিশুশ্চন্দ্রং পশ্যতি। **পঠনার্থ**—পঠ্ প্রভৃতি—মুনয়ো বেদান্ পঠন্তি। **পূজনার্থ**—পূজ্ প্রভৃতি—ব্রাহ্মণো বিষ্ণুং পূজয়তি। **বন্ধনার্থ**—বন্ধ্ প্রভৃতি—গোপালকো গাং বধ্নাতি। **প্রাপ্ত্যর্থ**—প্র-আপ্ প্রভৃতি—দরিদ্রো ধনং প্রাপ্নোতি। **মোচনার্থ**—মুচ্ প্রভৃতি—ব্যাধো বাণান্ মুঞ্চতি। **জ্ঞানার্থ**—জ্ঞা প্রভৃতি—পণ্ডিতঃ শাস্ত্রং জানাতি।

অকর্ম্মক ধাতু

Learn :—

"সত্তা-লজ্জা-স্থিতি-জাগরণং-বৃদ্ধি-ক্ষয়-ভয়-জীবন-মরণম্
নর্ত্তন-নিদ্রা-রোদন-বাসাঃ-স্পর্দ্ধা-কম্পন-মোদন-হাসাঃ।
শয়ন ক্রীড়া-রুচি-দীপ্ত্যর্থা ধাতব এতে কর্ম্মণি নোক্তা॥

১০। বিদ্যমানার্থ, লজ্জার্থ, স্থিতার্থ, জাগরণার্থ, বৃদ্ধ্যর্থ, ক্ষয়ার্থ, ভয়ার্থ, জীবনার্থ, হরণার্থ, নর্ত্তনার্থ, নিদ্রার্থ, রোদনার্থ, বাসার্থ, স্পর্দ্ধার্থ, ক্রম্পনার্থ, মোদনার্থ, হর্ষার্থ, হসনার্থ, শয়নার্থ, রুচ্যর্থ ও দীপ্ত্যর্থ ধাতু **অকর্ম্মক**। যথা—**বিদ্যমানার্থ**—ভূ প্রভৃতি, বৃষ্টির্ভবতি। **লজ্জার্থ**—লজ্জ্ প্রভৃতি, বালা লজ্জতে। **স্থিত্যর্থ**—স্থা প্রভৃতি, বৃদ্ধো গৃহে তিষ্ঠতি। **জাগরণার্থ**—জাগৃ প্রভৃতি, চৌরো রাত্রৌ জাগর্ত্তি। **বৃদ্ধ্যর্থ**—বৃধ্ প্রভৃতি, বিদুষাং যশো বর্দ্ধতে। **ক্ষয়ার্থ**—ক্ষি প্রভৃতি, পাপিনাং পুণ্যং ক্ষয়তি। **ভয়ার্থ**—ভী প্রভৃতি, নরঃ সর্পাৎ বিভেতি। **জীবনার্থ**—জীব্ প্রভৃতি, পুণ্যবান্ দীর্ঘং জীবতি। **মরণার্থ**—মৃ প্রভৃতি, সর্ব্বে জন্তবো ম্রিয়ন্তে। **নর্ত্তনার্থ**—নৃত্ প্রভৃতি, শিশবো নৃত্যন্তি। **নিদ্রার্থ**—নিদ্রা প্রভৃতি, রোগী দিবা নিদ্রাতি। **রোদনার্থ**—রুদ্ প্রভৃতি, জননী পুত্রশোকেন রোদিতি। **বাসার্থ**—বস্ প্রভৃতি, সিংহাঃ বনে বসন্তি। **স্পর্দ্ধার্থ**—স্পর্দ্ধ প্রভৃতি, মূর্খঃ বৃথা স্পর্দ্ধতে। **কম্পনার্থ**—কম্প্ প্রভৃতি, বৃক্ষঃ বায়ুনা কম্পতে। **মোদনার্থ**—মুদ্ প্রভৃতি, পণ্ডিতাঃ সদা

মোদন্তে। হসনার্থ—হস্ প্রভৃতি, শিশবো হসন্তি। শয়নার্থ—শী প্রভৃতি, শিশুঃ শয্যায়াং শেতে। ক্রীড়ার্থ—ক্রীড় প্রভৃতি, বালকাঃ ক্রীড়ন্তি। রুচ্যর্থ—রুচ্ প্রভৃতি, মহ্যং দধি রোচতে। দীপ্ত্যর্থ—দীপ্ প্রভৃতি, ভানুঃ গগনে দীপ্যতে।

Note :—কর্ম্মের স্পষ্ট উল্লেখ না থাকিলে যে সকল ধাতুকে সকর্ম্মক বলা হইয়াছে, তাহারাও অকর্ম্মক বলিয়া গণ্য হয়। যথা—বালকঃ অন্নং ভুঙ্‌ক্তে (সকর্ম্মক); বালকঃ ভুঙ্‌ক্তে (অকর্ম্মক)। উপসর্গ প্রভৃতির যোগে অর্থান্তর হইলে অকর্ম্মক ধাতুও সকর্ম্মক হইয়া থাকে। যথা—বালকো হসতি (অকর্ম্মক)। বালকো মাম্ উপহসতি (সকর্ম্মক)। অর্থান্তর না হইলে হয় না, যথা—স হসতি (অকর্ম্মক)।

দ্রষ্টব্য—ভালবাসা, অনুরক্ত হওয়া, বিরক্ত হওয়া, প্রসন্ন হওয়া, বিশ্বাস করা প্রভৃতি অর্থে, স্নিহ্, প্রী, অনু+রঞ্জ্, বি+রঞ্জ্, প্র+সদ্, বি+শ্বস্, প্রতি+ই প্রভৃতি ধাতু সংস্কৃতে অকর্ম্মক। ইংরাজী ভালবাসা প্রভৃতির পাত্র কর্ম্ম না হইয়া অধিকরণ অর্থাৎ সপ্তম্যন্ত হয়, যথা—পিতা পুত্রে স্নিহ্যতি (পুত্রং নহে), অহং ত্বয়ি বিশ্বসিমি ('ত্বাম্' নহে); দেবি, ময়ি প্রসীদ ('মাং' নহে)।

Exercise 23

I. Translate into Sanskrit :—

1. The boys of the school are good. 2. Yadu's brother is happy. 3. The girl brings (আ-নী) flowers. 4. Stars shine (রাজতে) at night. 5. We two are going to school. 6. The priest (পুরোহিতঃ) is worshipping (পূজ্ or অর্চ্চ্) the goddess Durga. 7. The poor get (লভ্ or প্র—অপ্) help from the rich. 8. Hermits (তপস্বিনঃ) read the Vedas in the hermitage. 9. The Brahmin will get (প্র—আপ্) help from the king. 10. He will go to Benares with his friend.

LESSON II

Verbs—*Continued*

দ্বিকর্ম্মক ধাতু

১। সংস্কৃতে কতকগুলি ধাতুর দুইটি কর্ম্ম থাকে। ইহাদিগকে **দ্বিকর্ম্মক** ধাতু বলে। এই দুইটি কর্ম্মের মধ্যে একটির নাম **মুখ্য কর্ম্ম** (Direct Object), অপরটির নাম **গৌণকর্ম্ম** (Indirect Object)।

২। ক্রিয়ার সহিত যাহার প্রধানভাবে অন্বয় থাকে, সেইটি **মুখ্য কর্ম্ম** এবং যাহা অন্য কারক হইতে পারিত অথচ কর্ম্মরূপে ব্যবহৃত হইয়াছে, তাহাকে **গৌণ কর্ম্ম** বা **অকথিত কর্ম্ম** বলে। যথা—গাং দুগ্ধং দোগ্ধি গোপঃ।

এখানে 'দুগ্ধম্' মুখ্য কর্ম্ম এবং 'গাম্' গৌণ কর্ম্ম, কারণ 'গাম্' স্থলে 'গাঃ', 'গোঃ' পঞ্চমীও হইতে পারিত। এইরূপ—

(১) তণ্ডুলৈঃ অন্নং পচতি = তণ্ডুলান্ অন্নং পচতি। (২) বৃক্ষাৎ পুষ্পং চিনোতি = বৃক্ষং পুষ্পং চিনোতি। (৩) পুত্রং গৃহে নয়তি = পুত্রং গৃহং নয়তি।

দুহ্যাচ্-পচ্-দণ্ড্-রুধি-প্রচ্ছি-চি-ব্রূ-শাসু-জি-মথ্-মুষাম্
কর্ম্মযুক্ স্যাদকথিতং তথা স্যান্নী-হৃ-কৃষ্-বহাম্॥

দুহাদি অর্থাৎ—দুহ্, যাচ্, পচ্, দণ্ড্ (to fine), রুধ্, **প্রচ্ছ্**, চি, ব্রূ, শাস্, জি, মথ্, মুষ্ ও **ন্যাদি** অর্থাৎ—নী, হৃ, কৃষ্ ও বহ্ ধাতু ও ইহাদের সমার্থক অন্য ধাতু দ্বিকর্ম্মক।

Examples

দুহ্ (to milk)—গোপঃ গাঃ দুগ্ধং দোগ্ধি। **যাচ্** (to beg)—**বিপ্রঃ** রাজানং বস্ত্রং যাচতে। **পচ্** (to cook)—পাচকঃ তণ্ডুলান্ অন্নং পচতি। **দণ্ড্** (to fine)—রাজা চৌরং দণ্ডয়তি। **রুধ্** (to confine, to obstruct) —স চৌরং কারাগারং রুণদ্ধি। **প্রচ্ছ্** (to ask)—**শিষ্যঃ গুরুং শাস্ত্রং পৃচ্ছতি**। **চি** (to collect)—বালিকা বৃক্ষং পুষ্পং চিনোতি। **ব্রূ** (to tell)—

বৃদ্ধা বালিকাম্ আখ্যানং ব্রবীতি। শাস্ (to instruct)—গুরুঃ শিষ্যং ধর্ম্মং শাস্তি। জি (to win, to conquer)—স দ্যূতকারং শতং জয়তি। মন্থ্ (to churn)—দেবাঃ সমুদ্রম্ অমৃতং মমন্থুঃ। মুষ্ (to steal)—চৌরঃ মাং শতং মুষ্ণাতি। নী (to take, to carry)—গোপঃ গাং গৃহং নয়তি। হৃ (to carry to)—স ভারং নগরং হরতি। কৃষ্ (to carry)—ভৃত্যঃ অজাং গৃহং কর্ষতি। বহ্ (to carry)—বালিকা খঞ্জং গৃহং বহতি।

Note : এক বস্তু অপর বস্তুতে পরিণত করা (প্রকৃতি-বিকৃতিভাব) বুঝাইলে প্রকৃতি ও বিকৃতি-বাচক উভয় বস্তুই কৃ-ধাতুর কর্ম্মরূপে ব্যবহৃত হয়। যথা—স্বর্ণং কুণ্ডলং করোতি।

Exercise 24

1. *Translate into Sanskrit :—*

1. The shepherd (মেষরক্ষকঃ) took (নী, হৃ, etc.) twenty sheep to the forest. 2. Some children plucked (চি) all the flowers of this plant. 3 The judge (বিচারকঃ) fined (দণ্ড্) him twentyfive rupees 4. An old beggar came to my father and begged (যাচ্) a cloth. 5. In ancient times (পুরা) grown up girls of every family used to milk (দুহ্) the cows. 6. He asked (প্রচ্ছ্) me ten questions. 7. The porter carried a heavy burden to your house. 8 The sages are plucking flowers from the tree. 9. The robber robbed him of his money. 10. The servant carried the load to the market.

2. *Correct the following sentences giving reasons.*

(১) ভৃত্যঃ ভারঃ গ্রামং বহতি। (২) বালিকা ধেনুং দুগ্ধং দোগ্ধি। (৩) বিপ্রঃ বৃক্ষে পুষ্পাণি চিনোতি। (৪) পিতা পুত্রে ধর্ম্মং শাস্তি।

LESSON III

Verbs—*Continued*

১। রূপের বিভিন্নতা অনুসারে ধাতু সকলের **দশটি গণ বা শ্রেণী** (Class) আছে। যথা—ভ্বাদি, অদাদি, জুহোত্যাদি (হ্বাদি), দিবাদি, স্বাদি, তুদাদি, রুধাদি, তনাদি, ক্র্যাদি এবং চুরাদি।

Learn :—

ভ্বাদ্যদাদী জুহোত্যাদি দিবাদি স্বাদিরেব চ।
তুদাদিশ্চ রুধাদিশ্চ তন-ক্র্যাদি-চুরাদয়ঃ॥

ভ্বাদি, অদাদি, জুহোত্যাদি, দিবাদি, স্বাদি, তুদাদি, রুধাদি, তনাদি, ক্র্যাদি ও চুরাদি—এই দশটি গণ। ধাতু পাঠে যে গণে ধাতুটি প্রথম পঠিত হইয়াছে তদনুসারে সেই গণের নাম হইয়াছে। যথা—ভূ-আদি=ভ্বাদি ইত্যাদি।

কাল—Tense

২। কোন কার্য্যের সময় নির্দ্দেশ করিয়া বলাকে কাল (Tense) বলে। কাল প্রধানতঃ **তিন প্রকার**। বর্ত্তমান, ভূত ও ভবিষ্যৎ।

সংস্কৃতে লট্ প্রভৃতি দশটি বিভক্তি দ্বারা এবং ক্ত, ক্তবতু, তব্য, অনীয় প্রভৃতি প্রত্যয় দ্বারা এই সমস্ত কালের অর্থ প্রকাশিত হয়।

৩। সাধারণতঃ বর্ত্তমান কালে (Present Tense-এ) লট্, অতীত কালে (Past Tense-এ) লঙ্ ও লিট্ এবং ভবিষ্যৎ কালে (Future Tense-এ) লৃট্ ও লুট্ ব্যবহৃত হইয়া থাকে।

বর্ত্তমান কাল—Present Tense

৪। **বর্ত্তমানে লট্**—যে ক্রিয়া এখন হইতেছে বা হইয়া থাকে, তাহার বর্ত্তমান কাল হয়। বর্ত্তমান কালে ধাতুর উত্তর লট্ বিভক্তির প্রয়োগ হয়। যথা—

(১) ছাত্রো বিদ্যালয়ং গচ্ছতি—The student is going to school. (২) ভানুঃ উদেতি—The sun rises. (৩) গিরয়ঃ তিষ্ঠন্তি—The mountains stand.

ভূত কাল—Past Tense

৫। যে ক্রিয়া হইয়া গিয়াছে, তাহাকে ভূত কাল বলা হয়। ভূত কালের ধাতুর উত্তর লঙ্, লুঙ্ ও লিট্ ব্যবহৃত হইয়া থাকে।

লঙ্—(১) 'আসীৎ' সকলরাজলক্ষণোপেতঃ সার্ব্বভৌম রাজা শূদ্রকো নাম—(হি)। (২) রামঃ শ্যামম্ 'অব্রবীৎ'—Ram said to shyama. **লুঙ্**—দশরথো নাম রাজা 'অভূৎ'—There was a king named Dasaratha. **লিট্**—(১) রামো নাম নরপতির্বভূব—There was a king named Rama. (২) স কুলীরকঃ তস্য বকস্য গ্রীবাং 'চিচ্ছেদ'—(হি)।

ভবিষ্যৎ কাল—Future Tense

৬। যে ক্রিয়া বর্ত্তমান সময়ের পরে হইবে, তাহার ভবিষ্যৎ কাল হয়। সাধারণ ভবিষ্যৎ কালে লৃট্ এবং অনদ্যতন ভবিষ্যৎ কালে লুট্ হয়। যথা—**লৃট্**—(১) রামো গৃহং 'গমিষ্যতি'—Rama will go home. রাজা পঞ্চত্বং 'যাস্যতি', অহম্ অনাথা 'ভবিষ্যামি', ইদানীং নাত্র 'স্থাস্যামি' —(হি)। **লুট্**—স পরশ্ব তত্র 'গন্তা'—He will go there day after to-morrow.

Exercise 25

1. *Translate into Sanskrit* :—

1. We see a bird on the top of the house. 2. We cannot drink the salt water of the sea. 3. Birds are returning (প্রতি—আ-বৃত or প্রতি—আ—গম্) to their nests. 4. Boys are asking (প্রচ্ছ্) the teacher their lessons. There is not a single rich man in the village. 6 The Barhmins are worshipping Vishnu. 7. Virtue protects the virtuous. 8. The boy gathers

fruit from the tree. The tree is shaking with the wind. 10 The pious man lives with the pious.

2. *Correct the following sentences, giving reasons :—*

(১) যদুঃ অদ্য মথুরাং জগাম। (২) হ্যঃ অহং গমিষ্যামি। (৩) শ্বঃ মে ভ্রাতা অলিখৎ। (৪) অতীতে মাসি উৎসবঃ ভবিষ্যতি।

LESSON IV

Verbs—*Continued*

লকারার্থ-নির্ণয়—Tenses and Moods

লট্—Present Tense

১। প্রবৃত্তোপরতশ্চৈব বৃত্তাবিরত এব চ।
নিত্যপ্রবৃত্তঃ সামীপ্যো বর্ত্তমানশ্চতুর্ব্বিধঃ॥

বর্ত্তমান সাধারণতঃ চারি প্রকার অর্থে হয়। (১) প্রবৃত্তোপরত (পূর্ব্বে হইত এখন হয় না)—যথা—স মাংসং ন ভক্ষয়তি। (২) বৃত্তাবিরত (পূর্ব্বে আরম্ভ হইয়াছে ও এখনও চলিতেছে)। যথা—ইহ কুমারাঃ ক্রীড়ন্তি। (৩) নিত্যপ্রবৃত্ত (যাহা নিত্য বা যাহার ব্যতিক্রম নাই—অর্থাৎ universal truth) যথা—সূর্য্যঃ তপতি। পর্ব্বতাঃ তিষ্ঠন্তি। সামীপ্য (অতীত বা ভবিষ্যৎ কালের সামীপ্য) যথা—কদা আগতোঽসি—এষোঽহম্ আগচ্ছামি, কদা গমিষ্যাসি? এষোঽহং গচ্ছামি। আগতঃ ও গমিষ্যসি=অতীত ও ভবিষ্যৎ কালের ক্রিয়া, ইহাদের সমীপে 'আগচ্ছামি' ও 'গচ্ছামি' ক্রিয়ার লট্ বিভক্তি থাকিলেও উহারা অতীত ও ভবিষ্যৎ কালই নির্দ্দেশ করিতেছে। **সকল প্রকারের বর্ত্তমান কালেই লট্ বিভক্তি হয়।**

২। আখ্যানাদিতে বা ইতিহাসে অতীত কালের অর্থ বুঝাইলে **লট্ বিভক্তির প্রয়োগ দেখা যায়।** যথা—অস্তি কস্মিংশ্চিদ্ বনে চণ্ডরবো নাম শৃগালঃ—(হি)—In a certain forest there lived a jackal Chandaraba by name.

৩। **যাবৎ-পুরা-নিপাতয়োর্লট্‌**—যাবৎ ও পুরা এই দুইটি নিশ্চয়ার্থক অব্যয়ের যোগে ভবিষ্যৎ কালে লট্‌ হয়। যথা—

(১) স যাবদ্‌ ভুঙ্‌ক্তে—He will surely eat. (১) শ্যামঃ পুরা গচ্ছতি—Shyama will surely go.

৪। প্রশ্নস্থলে (Interrogative sentence-এ) কখন কখন 'ভবিষ্যৎ' অর্থে লট্‌ বিভক্তির প্রয়োগ হয়। যথা—কিং করোমি, ক্ব গচ্ছামি—What shall I do and where I shall go ?

৫। **বিভাষাকদাকর্হ্যোঃ**—কদা ও কর্হি এই দুইটি অব্যয়ের প্রয়োগে ভবিষ্যৎকালে বিকল্পে লট্‌ হয়। যথা—

কদা গচ্ছামি or গমিষ্যামি ন জানে। কর্হি গচ্ছামি or গমিষ্যামি ন জানে—I do not know when I shall go

৬। **লট্‌ স্মে**—স্ম শব্দের যোগে অতীত কালে লট্‌ হয়। যথা—

(১) তত্র মণিভদ্রো নাম শ্রেষ্ঠী প্রতিবসতি স্ম—(প)।

(২) কস্মিংশ্চিদ্‌ দেশে ধর্ম্মবুদ্ধি পাপবুদ্ধিশ্চ দ্বে মিত্রে প্রতিবসতঃ স্ম—(প)।

N.B.—ইংরেজীতে Present Tense-এর নানাবিধ রূপ আছে। সংস্কৃতে অধিকাংশ স্থলে লট্‌ বিভক্তির প্রয়োগ করিয়া সেই সকল অর্থ প্রকাশ করা হয়। যথা—

1. I read the book—অহং পুস্তকং পঠামি—(*Present Indefinite*) 2. He is going to school—স বিদ্যালয়ং গচ্ছতি—(*Present Progressive*).

৭। ইংরেজীর Present Perfect Tense-এর Verb-কে সংস্কৃতে অনুবাদ করিতে হইলে সচরাচর অতীত কালবিহিত লঙ্‌, ক্তবতু কিংবা ক্ত প্রভৃতি প্রত্যয়ের প্রয়োগ করিতে হয়। যথা—

1. I have seen him—অহং তম্‌ অপশ্যম্‌। The sun has set—ভানুঃ অস্তং গতঃ।

Exercise 24

Translate into English :—

A. তিনি এখন গৃহে নাই। এই গ্রামের পার্শ্বে একটি নদী প্রবাহিত হইতেছে। তিনি প্রকৃতির শোভা দেখিয়া পরম আনন্দ অনুভব করেন। সমুদ্র দর্শনে কাহার না মন মুগ্ধ হয় ?

B. 1. The sun gives us heat and light. 2. The boys read the story (আখ্যান—ক্লীং) in their book. 3. Man earns (অর্জ্জ) money by labour. 4. The sun rises (উদেতি) in the east and sets (অস্তং যাতি) in the west. 5. There is no poet like Kalidas (কালিদাস ইব) in India. 6. The wolf (ব্যাঘ্রঃ) is killing (হন্) a deer. The hero is riding (আ—রুহ্) the horse. 8. Flowers blossom (বি+কস) in the spring. 9. There are many things in the house. 10. Trees become full of green leaves and flowers in that season.

LESSON V

Verbs—*Continued*

লোট্—Imperative Mood

১। আদেশ, উপদেশ, অনুরোধ, নিমন্ত্রণ, প্রার্থনা ও মঙ্গলাদি কামনা প্রভৃতি অর্থে লোট্ বিভক্তির প্রয়োগ হয়। যথা—

আদেশ—বিদ্যালয়ং গচ্ছ। **উপদেশ**—অনৃতং মা বদ। **অনুরোধ**—অত্র উপবিশতু ভবান্। **নিমন্ত্রণ**—ইহ ভবান্ ভুঙ্‌ক্তাম্। **প্রার্থনা**—মহ্যং বস্ত্রং দেহি। **আশীর্ব্বাদ**—বৎস! চিরং জীব। **প্রশ্ন**—(১) কিং পঠামি ব্যাকরণম্ উত কাব্যম্? (২) ভগবন্! আজ্ঞাপয় কিং করবাণি?—(ম)।

২। আশীর্ব্বাদ অর্থে লোটের 'তু' ও 'হি' বিভক্তির স্থানে বিকল্পে 'তাৎ' হয় এবং এই অর্থে সাধারণতঃ মধ্যম ও প্রথম পুরুষে লোট্ বিভক্তির প্রয়োগ হয়। যথা—

(১) পরমেশ্বরো রাজানম্ অবতু or অবতাৎ—May God save the king. (২) চিরং জীব or জীবতাৎ—May you live long.

৩। সামর্থ্য (ability) বুঝাইলে লোট্ বিভক্তির প্রয়োগ হয়। যথা—অহং সিন্ধুম্ অপি শোষয়াণি—I can dry up even the ocean.

৪। Imperative Mood-এর verb-কে সংস্কৃতে লোট্ বিভক্তির দ্বারা অনুবাদ করিতে হয়। ইহা কেবল বর্ত্তমানকালে ব্যবহৃত হইয়া থাকে এবং কখন কখন ইহার কর্তৃপদ উহ্য (understood) থাকে। যথা—1. Come here—ইহ আগচ্ছ। 2. Go home—গৃহং গচ্ছ।

৫। Imperative Mood-এর First Person বা Third Person-এ আদেশ, উপদেশ প্রভৃতি বুঝাইতে হইলে ইংরেজীতে 'let' শব্দের প্রয়োগ হইয়া থাকে। এরূপ স্থলে সংস্কৃতে অনুবাদ করিবার সময় let-এর objectকে Nominative করিয়া ও ক্রিয়ার লোট্ বিভক্তির ব্যবহার করিয়া অনুবাদ করিতে হয়। যথা—

1. Let him go—স গচ্ছতু। 2. Let the boy read this book—অয়ং বালকঃ ইদং পুস্তকম্ পঠতু। 3. Let us go to school—বয়ং বিদ্যালয়ং গচ্ছামঃ।

লোটের কয়েকটি প্রয়োগ :—

(১) এতদ্ধনং বস্ত্রানি চ ময়া দত্তানি গৃহাণ—(প)। (২) ভোঃ শৃণুত শৃণুত, ধর্ম্মবুদ্ধিনা অপহৃতম্ এতদ্ধনম্ (হি)। (৩) জহি মাং সৌম্য বিস্রব্ধং প্রতিজ্ঞাং পরিপালয়—(রা)। (৪) গৃধ্রো ব্রূতে, দূরম্ অপসর—(হি)। (৫) ত্যজ দুর্জ্জনসংসর্গং ভজ সাধু-সমাগমম্—(হি)।

Exercise 27

1. Translate into Sanskrit :—

A. শীঘ্র বৃক্ষ হইতে অবতরণ কর। এস আমরা আজ হইতে একত্র বাস করি। তোমরা দুইজনে ইহাকে মাতার নিকট লইয়া

যাও। এই দেশে আর এখন আসিও না। অসাধু সংসর্গ ত্যাগ কর।

B. 1. May God protect you. 2. Long live our Emperor (সম্রাট্). 3. May the boy live for a long time (চিরম্) 4. My dear boys, go to school and read your lesson. 5. Give money to the poor. 6. Do not throw (মা ক্ষিপ্) stone to the frogs. 7. Let the cow graze (চরতু) in the field. 8. Children go and play in the garden. 9. Be dutiful to your parents. 10. Let us take rest here for a moment.

LESSON VI

Verbs—*Continued*

লিঙ্—Potential Mood

১। **বিধিনিমন্ত্রণামন্ত্রণাধীষ্টসম্প্রশ্নপ্রার্থনেষু লিঙ্**—বিধি প্রভৃতি অর্থ বুঝাইলে ধাতুর উত্তর লিঙ্ হয়। সাধারণতঃ বিধি অর্থে ইহার প্রয়োগ হয় বলিয়া ইহা **বিধিলিঙ্** নামে প্রচলিত, কিন্তু বিভক্তিটির নাম **লিঙ্**।

Note—বাংলায় 'Potential mood'-এর কর্ত্তায় ষষ্ঠী বিভক্তি হয়। যেমন, আমার যাওয়া উচিত, কিন্তু ইংরেজীতে—I should go—অহং গচ্ছেয়ম্। এখানে I Nominative Case, সংস্কৃতেও ইংরাজীর মত 'I' কর্ত্তৃকারক, প্রথমা বিভক্তি। এইরূপ—

(১) মাতার সেবা করা উচিত—মাতরং সেবেত ('মাতুঃ' নয়)।

(১) তোমার বিদ্যালয়ে যাওয়া উচিত—ত্বং বিদ্যালয়ং গচ্ছেঃ ('তব' নয়)।

বিধি দুই প্রকার—(১) **প্রবর্ত্তনা** ও (২) **নিবর্ত্তনা**।

সৎকার্য্যে প্রবৃত্তি-দানের নাম প্রবর্ত্তনা এবং অসৎ কার্য্য হইতে নিবারণের নাম নিবর্ত্তনা। যথা—

প্রবর্ত্তনা—(১) সত্য বদেৎ। (২) প্রিয়ং ব্রূয়াৎ। **নিবর্ত্তনা**—(১) অনৃতং মা বদেৎ। (২) ক্রোধং যত্নেন বর্জ্জয়েৎ।

২। বিধি (command), নিমন্ত্রণ (invitation), আমন্ত্রণ বা অনুমতি (permission), অনুরোধ (entreaty), প্রার্থনা (prayer), জিজ্ঞাসা (question) প্রভৃতি অর্থে লিঙের প্রয়োগ হয়। এই সকল অর্থে লোট্ বিভক্তিরও ব্যবহার দেখা যায়। যথা—

বিধি—গচ্ছেৎ ভবান—You may go. **নিমন্ত্রণ**—ইহ ভুঞ্জীত ভবান্—Please dine here. **আমন্ত্রণ**—ইহ ভবান্ আসীত—I ask you to sit here. **অনুরোধ**—মম পুত্রম্ অধ্যাপয়েদ্ ভবান্—I request you to teach my son. **প্রার্থনা**—ভোঃ, কিঞ্চিৎ ভোজনং লভেয়—Pray that, I may get some food. **অনুমতি**—ত্বম্ ইদম্ কুর্য্যাঃ—You may do this. **জিজ্ঞাসা**—কিং ভোঃ বেদম্ অধীয়ীয়, উত তর্কম্?—Sir, shall I learn the Vedas or Logic?

৩। **ইচ্ছার্থেষু লিঙ্‌লোটৌ**—সংস্কৃতে 'ইষ্', 'কম্' প্রভৃতি ইচ্ছার্থ ধাতুর প্রয়োগে লিঙ্ বা লোট্ হয়। যথা—ইচ্ছামি অত্র ভুঞ্জীত ভবান্—or ইচ্ছামি অত্র ভুঙক্তাম্ ভবান্—I wish that you will dine here

৪। **শকি লিঙ্ চ**—সামর্থ্য (ability) বুঝাইলে ধাতুর উত্তর লিঙ্ হয়। যথা—ভবান্ ভারং বহেৎ—You can carry the load.

৫। **যোগ্যতা** (fitness) বুঝাইলে লিঙের প্রয়োগ হয়। যথা—ত্বং সেনাং পরিচালয়েৎ—You are fit to lead the army.

৬। **হেতুহেতুমতোর্লিঙ্**—ক্রিয়াদ্বয়ের কার্য্যকারণভাব বুঝাইলে (একটি বাক্যে যদি দুইটি ক্রিয়া থাকে এবং তাহাদের একটি হেতু ও অপরটি ফল বুঝায়, তাহা হইলে) উভয় ক্রিয়ার লিঙ্ হয়। যথা—

যদি বৃষ্টিঃ ভবেৎ তর্হি শস্যং ভবেৎ—If it rains the crops will grow.

Note:—উপরের প্রয়োগ ভবিষ্যৎকালেই হয় অতএব, এরূপ স্থলে একবার লট্ হইতে পারে। যেমন—যদি বৃষ্টির্ভবিষ্যতি, তর্হি শস্যং ভবিষ্যতি।

৭। সম্ভাবনাবচনেষ্বযদ্‌যোগে বা সম্ভাবনা (possibility) বুঝাইলে ধাতুর উত্তর লিঙ্‌ বা লৃট্‌ ব্যবহৃত হয়। যথা—সম্ভাবয়ামি or মন্যে ভবান্‌ অত্র ভুঞ্জীত or ভোক্ষ্যসে—I expect or suppose that you will dine here.

Note—ইংরাজী Potential Mood ও Subjunctive Mood-এর verb-কে সংস্কৃতে অনুবাদ করিতে হইলে ধাতুর উত্তর লিঙের প্রয়োগ করিতে হয়, কিন্তু Subjunctive Mood ও লিঙ্‌ সর্ব্বাংশে এক নহে। কারণ Subjunctive Mood Independent Clauseএ ব্যবহৃত হয় না; কিন্তু লিঙ্‌ Independent ও Dependent এই উভয় Clauseএ ব্যবহৃত হইয়া থাকে। ইংরাজীতে যে সকল বাক্যে should, ought to, may. might, would, can, could প্রভৃতি থাকে, সেই সকল বাক্যের অনুবাদ বিধিলিঙ-এর সাহায্যে করা যায়। যথা—

1 One should tell the truth—সত্যং বদেৎ। 2. If Rama remains here, he should have accompany me—যদি অত্র রামো বর্ত্ততে, তর্হি ময়া সহ গচ্ছেৎ।

লিঙের কয়েকটি প্রয়োগ :—

(১) উপায়ং **চিন্তয়েৎ** প্রাজ্ঞস্তথাপায়ং চ চিন্তয়েৎ—(হি)। (২) আগতন্তু ভয়ং বীক্ষ্য **প্রতিকুর্য্যাদ্‌** যথোচিতম্‌—(হি)। (৩) সত্যং **ব্রূয়াৎ** প্রিয়ং ব্রূয়াৎ মা ব্রূয়াৎ সত্যমপ্রিয়ম্‌—(চা)। (৪) সহসা **বিদধীত** ন ক্রিয়াম্‌—(কি)।

Exercise 28

1. *Translate into Sanskrit :—*

May, he live long. 2. May I go out sir. 3 One should tell the truth. 4 One should avoid anger carefully 5. A man always protect (রক্ষ) himself. 6. You should avoid bad company. 7. You should never quarrel with anybody. 8. If he comes here he would get money. 9. If Rama remains here he will earn wealth 10. A king should protect his subjects.

LESSON VII

Verbs — *Continued*

লঙ্, লিট্ ও লুঙ্ — Past Ten

১। অতীতকালে ধাতুর উত্তর লঙ্, লিট্ ও লুঙ্ হয়।

লঙ্—(১) তৌ দৃষ্ট্বা কাকোঽবদৎ (হি)। (২) ধারারাজ্যে সিন্ধুল-সংজ্ঞো রাজা চিরং প্রজা **পর্য্যপালয়ৎ**—(ভো)। (৩) যতিস্তু রাজ্যং ন **ঐচ্ছৎ**; যযাতিস্তু ভূভৃৎ **অভবৎ**—(বি)। (৪) **আসীদ্রাজা** নলো নাম বীরসেনসুতো বলী—(ম)।

লিট্—(১) রামো রাবণং **জঘান**। (২) পাপবুদ্ধিঃ গৃহং গত্বা স্বং জনকম্ **উবাচ**—(হি)। (৩) **দদর্শ** স হতং ভূমৌ ভ্রাতরং নকুলং তদা —(ম)।

লুঙ্—অদ্য প্রাতঃ বৃষ্টিঃ **অভূৎ**। (২) রাজা ভিক্ষুভ্যঃ অন্নম্ **অদাৎ**।

২। **অনদ্যতনে লঙ্**—অনদ্যতন অতীতে (যাহা আজিকার ঘটনা নয়) ধাতুর উত্তর লঙ্ হয়। অহং হ্যঃ যদুম্ অপশ্যম্—I saw Jadu yesterday.

৩। **পরোক্ষে লিট্**—যাহা অদ্যকার ঘটনা নয় এবং বক্তার পরোক্ষে ঘটিয়াছে, এরূপ বুঝাইলে ধাতুর উত্তর লিট্ হয়। রামো বনং জগাম—Rama went to the forest.

৪। **ভূতে লুঙ্**—সাধারণ অতীত কালে ধাতুর উত্তর লুঙ্ হয়। অহম্ ইদং কার্য্যম্ **অকার্য্যম্**—I did this work.

প্রাচীন বৈয়াকরণগণের মতে :—

অদ্যতন—গতা যা নিশায়াঃ প্রহরো গতায়াঃ,
আগামিনী যা প্রহরশ্চ তস্যাঃ।
দিনস্য চত্বার ইমে চ যামাঃ,
কালং বুধা হ্যদ্যতনং বদন্তি॥

পূর্ব্ব রাত্রির শেষ প্রহর (৩ ঘণ্টা), আগামিনী রাত্রির প্রথম প্রহর (৩ ঘণ্টা) ইহার সহিত যে দিবস, তাহাকেই পণ্ডিতগণ **অদ্যতন** কাল বলেন। (ন অদ্যতন = অনদ্যতন)।

Note: বক্তার পরোক্ষে অর্থাৎ চক্ষুর অগোচরে ক্রিয়া ঘটিয়াছে বুঝাইলে লিট্ হয়, সুতরাং উত্তম পুরুষে (Firsts Person-এ) লিটের প্রয়োগ হয় না। যেমন—অহং বনম্ অগচ্ছম্; এস্থলে 'অহং বনং জগাম' বলিলে ভুল হইবে।

Exceptions—সুপ্ত বা মত্ত অবস্থায় বক্তার চিত্তবিক্ষেপ (মনের চাঞ্চল্য —unsound state of mind) উপস্থিত হইলে উত্তম পুরুষে লিট্ হইতে পারে।

যথা—সুপ্তোঽহং কিং **বিললাপ**—Did I lament while I was asleep? এইরূপ—মত্তোঽহং কিং **বিচচার**?

৫। **অত্যন্তাপহ্নবে লিড় বক্তব্যঃ**—অত্যন্ত অপহ্নব অর্থাৎ সম্পূর্ণভাবে অস্বীকার: কোন প্রকৃত ঘটনাকে সম্পূর্ণরূপে অস্বীকার করা (total denial) বুঝাইলে উত্তম পুরুষের লিট্ হইতে পারে। যথা—ত্বং কলিঙ্গেষু স্থিতোঽস্মি -—তুমি কি কলিঙ্গ দেশে ছিলে? ন অহং কলিঙ্গান্ **জগাম**—আমি কলিঙ্গ দেশে গমন করি নাই।

৬। **মাঙি লুঙ্**—নিষেধবাচক মাঙ্ (মা) এই অব্যয়ের যোগে সর্ব্বকালে বিকল্পে লুঙ্ হয়। যথা—মাভূৎ দুঃখম্ or মা ভবতু দুঃখম্ or মা ভবিষ্যতি দুঃখম্।

প্রয়োগ:—

(১) অশ্ব! **মা ভৈষীঃ**—(প)। (২) রাজন্! অকার্য্যং **মা কৃথাঃ**—(বৃহৎ-কথা)। (৩) **মা ভূৎ** স্বকুলসংক্ষয়ঃ—(কথাসরিৎ)। (৪) বিষাদং **মা কৃথা** বীর! সপ্রাণোয়ংমরিন্দমঃ—(র)।

৭। **স্মোত্তরে লঙ্ চ**—নিষেধবাচক মাঙ্ (মা) এই অব্যয়ের সহিত 'স্ম' যোগ হইলে (অর্থাৎ স্ম যোগে) সর্ব্বকালে লুঙ্ ও লঙ্ হয়। যথা—লুঙ্—শোকঃ **মাস্ম ভূৎ**। লঙ্—শোকঃ **মাস্মভবৎ**।

৮। **ন মাঙ্‌ যোগে**—মা ও মাস্ম শব্দের যোগে লঙ্‌ ও লুঙ্‌ হইলে ধাতুর আদিতে 'অ' আগম হয় না। যথা—লুঙ্‌—মা ভূৎ। লঙ্‌—মাস্ম ভবৎ—এখানে, মা অভূৎ ও মাস্ম অভবৎ—এরূপ হইবে না।

৯। **লঙ্‌, লুঙ্‌ ও লৃঙ্‌ বিভক্তিতে** ধাতুর পূর্বে 'অ' আগম হয়। এই অকারকে কখনও উপসর্গের পূর্বে রাখিবে না। প্রথমে ধাতুর রূপ করিয়া লইবে, পরে উপসর্গের সহিত সন্ধির নিয়মানুসারে সন্ধি করিবে। ('উপসর্গ ও ধাতু' অধ্যায়ে ৪র্থ নিয়ম দেখ)।

Note: ইংরাজীর (1) Past Indefinite (2) Past Progressive (3) Past Perfect ও (4) Present Perfect Tenseএর verbকে সংস্কৃতে অনুবাদ করিতে হইলে লুঙ্‌ বা লিট্‌ অথবা ক্ত, ক্তবতু প্রভৃতি প্রয়োগ করিতে হয়।

Examples

1. Shyam went to Benares yesterday—শ্যামো হ্যঃ বারাণসীম্‌ অগচ্ছৎ (or গতঃ or গতবান্‌)। 2. Rama killed Ravana in the battle—রামঃ সংগ্রামে রাবণং জঘান। 3. They were going to school—তে বিদ্যালয়ম্‌ অগচ্ছন্‌ (বা গচ্ছন্তি স্ম)।

Exercise 29

Translate into Sanskrit :—

1. The boys saw the moon. 2. Krishna was the charioteer (সারথি-পুং) of Arjuna. 3. There was a battle at Kurukshettra in which the Pandavas were victorious (বিজয়িন্‌—পুং). 4. The snake ate up (ভক্ষ্‌) all the young ones (শাবক-পুং) of the birds. There were four blind men in the house. 6. God made (সৃজ্‌) the sun and the moon. 7. Yudhisthira (যুধিষ্ঠিরঃ) played (দিব্‌) at dice with the wicked Sakuni. 8. The boy passed the Matriculation Examination in the first division. 9. Ravana stole (অপ-হৃ) away Sita from the Dandaka forest (দণ্ডকারণ্য). 10. In ancient times there lived in Mithila a virtuous king Janaka by name.

LESSON VIII

Verbs—*Continued*

লৃট্ ও লুট্—Future Tense

১। ভবিষ্যৎকালে ধাতুর উত্তর লৃট্ ও লুট্ ব্যবহৃত হয়। যথা—অহং গৃহং গমিষ্যামি—I shall go home. রামঃ শ্বঃ বনং গন্তা—To-morrow Rama will go to the forest.

২। **অনদ্যতনে লুট্**—অনদ্যতনে (আজ ছাড়া) ভবিষ্যৎকালে লুট্ হয়। যথা—(১) অহং শ্বঃ গৃহং গন্তা—I shall go home to-morrow. (২) রামঃ শ্বঃ প্রভাতে নদ্যাং স্নাতা—To-morrow morning Rama will bathe in the river.

N. B. লুটের প্রয়োগ অল্প, কাব্যাদিতে দুই একটি পাওয়া যায়।

৩। **লট্ শেষে চ**—সাধারণ ভবিষ্যৎকালে লৃট্ হয়। যথা—(১) অদ্য রামঃ গৃহং যাস্যতি—Rama will go home to-day. (২) স নদ্যাং স্নাস্যতি—He will bathe in the river.

৪। ইংরাজীতে সাধারণতঃ ভবিষ্যৎকালে First Personএ 'shall' এবং Second ও Third Personএ 'will' ব্যবহার করা হয়। কিন্তু বক্তার স্থির-নিশ্চয়, সংকল্প, প্রতিজ্ঞা, আদেশ, উপদেশ প্রভৃতি বুঝাইলে First Personএ 'will' এবং Second ও Third Personএ 'shall' ব্যবহার করিতে হয়। এরূপ স্থলে ইংরেজী হইতে সংস্কৃতে অনুবাদ করিতে হইলে লৃট্ বিভক্তির সহিত 'এব', 'অপশ্যম্', 'ধ্রুবং', নূনং ইত্যাদি নিশ্চয়ার্থক অব্যয়ের যোগ করিতে হয়। যথা—

1. I will do this work—অহম্ ইদং কার্য্যং করিষ্যাম্যেব (করিষ্যামি+এব)। 2. You shall go soon—ত্বং শীঘ্রং গমিষ্যসি এব। 3. He shall read the Vedas—সোঽবশ্যং বেদান্ পঠিষ্যতি এব।

4. I will pass the examination—অহং ধ্রুবং পরীক্ষাম্ উত্তরিষ্যামি।
5. You shall not tell a lie—ত্বং নূনম্ অনৃতং ন বদিষ্যসি।

৫। ভবিষ্যৎকালে First Personএ will এবং Second ও Third Personএ shall ব্যবহৃত হইয়া প্রতিজ্ঞা, উপদেশ প্রভৃতি বুঝাইলে সংস্কৃতে অনুবাদ করিবার সময় কখনও কখনও লিঙের প্রয়োগ করা হয়। যথা—

1. I will help you to the best of my ability—অহং যথাশক্তি: তব সাহায্যং কুর্য্যাম্। 2. You shall not go there—ত্বং তত্র ন গচ্ছে:। 3. Such a wicked boy shall be punished—ঈদৃশ: দুষ্ট: বালক: দণ্ডনীয়: ভবেৎ।

৬। তা, তারৌ, তারস্ ইত্যাদি লুট্ বিভক্তির রূপ। যে ধাতু উত্তর লুট্ করিতে হইবে তাহার তৃচ্ প্রত্যয়ান্ত রূপটি স্মরণ কর। যেমন—গম্= গন্তৃ, তৃচ্ প্রত্যয়ান্ত শব্দের পুংলিঙ্গে প্রথমা বিভক্তির রূপ লুটের প্রথম পুরুষের রূপ, যথা—গন্তা, গন্তারৌ, গন্তারঃ। মধ্যম ও উত্তম পুরুষে, প্রথম পুরুষের একবচনের সহিত অস্ ধাতুর লটের মধ্যম ও উত্তম পুরুষের রূপ (অসি, স্থঃ, স্থ; অস্মি, স্বঃ, স্মঃ) যোগ কর, যথা—গন্তা—গন্তাসি, গন্তাস্থঃ, গন্তাস্থ; এবং গন্তাস্মি, গন্তাস্বঃ, গন্তাস্মঃ।

Exercise 30

1. Translate into Sanskrit :—

1. Rama will bathe (স্না) in the Ganges. 2. My brother will give the poor man a piece of cloth (বস্ত্র-খণ্ডম্). 3. The bird will come from its nest. 4. He will purchase (ক্রী) the old books. 5. Good man will do good to others. 6. To-morrow I shall rise (উৎ+স্থা) early and bathe in the river. 7 After that (ততঃ) I shall study (অধি+ই) for three hours (তিস্রঃ ঘটিকাঃ). 8. Come O Devadatta, we two shall play in the garden. 9. The mountains will stand (স্থা) and the rivers will flow on for ever.

LESSON IX

Verbs—*Continued*

লৃঙ্—Conditional Past

১। লিঙ্ নিমিত্তে লৃঙ্ ক্রিয়াতিপত্তৌ—ক্রিয়াদ্বয়ের অতিপত্তি অর্থাৎ অনিষ্পত্তি বুঝাইলে অতীত ও ভবিষ্যৎ কালে লৃঙ্ হয়। অর্থাৎ যদি একটি ক্রিয়া হইত, তাহা হইলে আর একটি ক্রিয়াও হইত, কিন্তু পূর্ব্বোক্তটি হয় নাই, তজ্জন্য শেষোক্তটিও হয় নাই—Had he come, I would have gone (*i.e.*, He did not come, so I too did not go)—যদি স আগমিষ্যৎ, তদা অহম্ অগমিষ্যম্।

এইরূপ—সুবৃষ্টিশ্চেৎ অভবিষ্যৎ তদা সুভিক্ষম্ অভবিষ্যৎ—Had there been good rain, there would have been plenty of food.

২। ইংরাজীর Subjunctive Mood-এ Past Tense-এর verb-কে সংস্কৃতে অনুবাদ করিতে হইলে লৃঙ্ বিভক্তির প্রয়োগ করিতে হয়। যথা—Had there been knowledge there would have been happiness—যদি জ্ঞানম্ অভবিষ্যৎ, তদা সুখম্ অভবিষ্যৎ। Conditional sentence-এ একটি বাক্য অপর একটি বাক্যের হেতুরূপে নির্দ্দিষ্ট হইলে উভয় বাক্যেই লিঙের প্রয়োগ হয়। (৭ সূত্র, বিধিলিঙ্) If Rama would come here, then he would get money—যদি অত্র রামঃ আগচ্ছেৎ, ততো ধনম্ আপ্নুয়াৎ।

৩। স্যৎ, স্যতাম্, স্যন্ ইত্যাদি—লৃঙ্ বিভক্তির রূপ। যেমন—লট্ বিভক্তির পূর্ব্বে 'স্য' যোগ করিলে লৃট্ বিভক্তি হয়, সেইরূপ লঙ্ বিভক্তির পূর্ব্বে 'স্য' যোগ করিলে লৃঙ্ হয়। যে কোনও ধাতুর লৃট্ বিভক্তির-রূপ করা সহজ। উভয় বিভক্তির পূর্ব্বেই 'স্য' আছে। যথা—গম্-স্যতি(লৃট্) =

গমিষ্যতি। গম্—স্যাৎ (লৃঙ্)=গমিষ্যৎ, লৃঙ্ বিভক্তিতে ধাতুর পূর্ব্বে 'অ' বসাইলেই 'অগমিষ্যৎ' এই লৃঙ্ বিভক্তির রূপ পাওয়া যাইবে।

আশীর্লিঙ—Benedictive

১। আশিষিলিঙ্‌লোটৌ—আশীর্ব্বাদ বুঝাইলে আশীর্লিঙ্ ও লোট্ হয়। লোটের বিষয় পূর্বেই বলা হইয়াছে। এখানে কেবল আশীর্লিঙের উদাহরণ দেওয়া হইল। যথা—

(১) চিরং জীব্যাঃ—May you live long. (২) ধার্ম্মিকাঃ সুখিনো ভূয়াসুঃ—May the pious be happy. (৩) রাজা সুখী ভূয়াৎ—May the king be happy

Exercise 31

1. *Translate into Sanskrit* :—

1. Had he accompanied me to the forest, I would have gone there. 2. Had they come to my house, I would have gone there. 3. Had your father been here, he would have given me a large sum of money. 4. Had I given him the picture, he would have been much pleased. 5. May the king be happy.

2. What is the difference in use between three past forms লঙ্, লুঙ্ and লিট্? Illustrate by examples.

3. Either show how লিঙ্ is used to express questions, or use লুঙ্ in connection with মা in a short sentence.

CHAPTER VIII

উপসর্গ ও ধাতু

প্রপরাপসমন্ববনির্দুরভিব্যধিসূদতিনিপ্রতিপর্য্যপয়ঃ।
উপ আঙিতি বিংশতিরেষ সখে! উপসর্গবিধিঃ কথিতঃ॥

১। প্র, পরা, অপ, সম্, অনু, অব, নির্, দুর্, অভি, বি, অধি, সু, উৎ (পাণিনির মতে উদ্), অতি, নি, প্রতি, পরি, অপি, উপ, আঙ্ এই কুড়িটি অব্যয়; ধাতুর পূর্ব্বে থাকিলে ইহাদিগকে উপসর্গ বলে।

N. B.—কেহ কেহ নিস্ ও দুস্ এই দুইটিকেও উপসর্গ বলেন। তাঁহাদের মতে উপসর্গ বাইশটি।

২। উপসর্গের যোগে অর্থান্তর হইলে অকর্ম্মক ধাতুও সকর্ম্মক হয়। যেমন—ভূ ধাতু অকর্ম্মক, বৃষ্টিঃ ভবতি। অনু+ভূ=সকর্ম্মক, পাপী দুঃখম্ অনুভবতি।

৩। ধাতুর পূর্ব্বে উপসর্গ থাকিলে কখনও ক্ত্বাচ্ প্রত্যয় করিবে না। এরূপ স্থলে ক্ত্বাচ্ না হইয়া ল্যপ্ হয়। যথা—নম্+ক্ত্বাচ্=নত্বা, প্র-নম্ +ল্যপ্=প্রণম্য or প্রণত্য (প্রণত্বা নয়)।

৪। ধাতুর সহিত যখন উপসর্গের যোগ হয়, তখন উপসর্গটি ধাতুর পূর্ব্বে বসে; লঙ্, লুঙ্, লৃঙ্ বিভক্তিতে ধাতুর পূর্ব্বে যে অকারের আগম হয়, তাহা উপসর্গের পরে বসিবে, পূর্ব্বে বসাইলে ভুল হইবে। যেমন--গম্ ধাতু লঙ্-এর ১ম পুঃ ১বঃ—অগচ্ছৎ। অনু+গম্+লঙ্ ১ম পুঃ, ১বঃ—অনু+ অগচ্ছৎ=অন্বগচ্ছৎ। (অ অনুগচ্ছৎ নয়)। এইরূপ—চর্+লঙ্ দ্= অচরৎ, সম্+অচরৎ=সমচরৎ (অসংচরৎ নয়)। তৃ+লঙ্-দ্=অতরৎ, বি-তৃ+লঙ্ দ্=বি+অতরৎ=ব্যতরৎ (অবিতরৎ নয়)।

৫। কতকগুলি ধাতুর পূর্ব্বে প্রায়ই কতকগুলি নির্দ্দিষ্ট উপসর্গের ব্যবহার দেখিতে পাওয়া যায়। যথা—

আ+রভ্ (to begin)—আরভতে, আ+চক্ষ্ (to say)—আচষ্টে, আ+শন্স্ (to expect)—আশংসতে ; আ+চম্ (to drink)—আচামতি অধি+ই (to read)—অধীতে, পরা+অয়্ (to run away)—পলায়তে।

৬। উপসর্গেণ ধাত্বর্থো বলাদন্যত্র নীয়তে।
প্রহারাহার-সংহার-বিহার-পরিহারবৎ ॥

উপসর্গ ধাতুর অর্থকে বলপূর্ব্বক অন্যদিকে লইয়া যায়। হৃ—হরণে (**to take things from one place to another**) এই ধাতুটি বিভিন্ন উপসর্গের সহিত যুক্ত হইয়া নিম্নলিখিত পৃথক্ পৃথক্ অর্থ প্রকাশ করে। যথা—প্র+হৃ—প্রহার করা (to beat), আ+হৃ—আহার বা সংগ্রহ করা (to collect or to eat), সম্+হৃ—সংহার, শেষ বা একত্র করা (to kill, to gather etc.), বি+হৃ—বিহার করা (to walk), পরি+হৃ—পরিত্যাগ করা (to give up)।

নিম্নে আরও কয়েকটি উদাহরণ দেওয়া হইল :—

অট্—to go, অটতি ; পরি+অট্=to roam, পর্য্যটতি।

অয়্—to go, অয়তে। পরা+অয়্—পলায়তে—to fly, to run away.

(১) মৃগঃ ব্যাধভয়াৎ পলায়তে।

(২) তে সমন্তাৎ পলায়ন-ক্রিয়াং কুর্ব্বন্তি স্ম (প)—They took to their heels to all directions.

অর্থ—to seek, অর্থয়তে। প্র+অর্থ—প্রার্থয়তে ; সম্+অর্থ—সমর্থয়তে to approve. (১) ত্বং কিং প্রার্থয়সে ? (২) অহম্ এতৎ ন সমর্থয়ে।

অস্—to throw, অস্যতি।

অপ+অস্—to abandon, সাধুঃ খলম্ অপাস্যতি—An honest man abandons the artful man.

অভি+অস্—to practise, অভ্যস্যতি। মুনিঃ যোগম্ অভ্যস্যতি।

নির্+অস্—to check, to expel ; নিরস্যতি।

শিক্ষকঃ দুষ্টং ছাত্রং বিদ্যালয়াৎ নিরস্যতি—The teacher expels a wicked boy from the school.

আপ্—to obtain, to pervade, আপ্নোতি।

প্র+আপ্—to get, to gain—বিপ্রঃ নৃপাৎ ধনং প্রাপ্নোতি।

বি+আপ্—to occupy, to pervade—ব্যাপ্নোতি।

মেঘঃ আকাশং ব্যাপ্নোতি।

আস্—to sit, to stay, আস্তে।

অধি+আস্—to occupy, to dwell in. (সকর্মক), অধ্যাস্তে।

উপ+আস্—to worship, উপাস্তে। ব্রাহ্মণঃ বিষ্ণুম্ উপাস্তে।

ই (ইণ্)—to go, এতি, অব+ই—to know, অবৈতি—অহং বেদান্ অবৈমি—I know the Vedas. অবৈমি সৌভাগ্যমদেন বঞ্চিতম্।

উৎ+ই—to rise, উদেতি, সূর্য্যঃ পূর্ব্বস্যাং দিশি উদেতি। উপ্+ই—to approach, উপৈতি। উদ্যোগিনং পুরুষসিংহমুপৈতি লক্ষ্মীঃ—(হি)। প্রতি+ই—to, প্রত্যেতি, খলবচনে ন কোঽপি প্রত্যেতি।

অপ+ই—to go away, স গৃহাৎ অপৈতি—He goes away from the house.

ই (ইঙ্)—অধি+ই to read, ছাত্রঃ শাস্ত্রমধীতে।

ইষ্ (তুদাদি)—to wish, লট্, লোট্, লঙ্ ও বিধিলিঙে ইষ্ ধাতু স্থানে ইচ্ছ হয়।

মুনয়ঃ পার্থিবং সুখনং ন ইচ্ছন্তি—The sages do not wish for worldly happiness.

প্র+ইষ্+ণিচ্=প্রেষি, to send, প্রেষয়তি। মহর্ষিঃ কণ্বঃ পতিগৃহে শকুন্তলাং প্রেষয়মাস—The great sage Kanva send Sakuntala to her husband's home.

ঈক্ষ্—**to see,** ঈক্ষতে, অপ্+ঈক্ষ্—to wait, অপেক্ষতে।

পরি+ঈক্ষ্—to examine, to test, পরীক্ষতে। গুরুঃ শিষ্যং পরীক্ষতে—The preceptor examines the pupil.

প্রতি+ঈক্ষ্—to wait, প্রতিক্ষতে—প্রতীক্ষস্ব কানিচিৎ দিনানি।

অব+ঈক্ষ্—to inspect, to examine, to look to, অবেক্ষতে ভগবতি বসুন্ধরে! শ্লাঘ্যাং দুহিতরম্ অবেক্ষস্ব জানকীম্—(উ)।

উপ–ঈক্ষ্—to neglect, to disregard, উপেক্ষতে। ধনী দরিদ্রম্ উপেক্ষতে—A rich man disregards a poorman.

কম্প্—**to shake**—বায়ুনা বৃক্ষঃ কম্পতে।

কৃ—**to do,** করোতি, অনু+কৃ—to imitate, অনুকরোতি, শিষ্যঃ গুরুম্ অনুকরোতি—The disciple imitates the preceptor.

প্রতি+কৃ—to remedy, প্রতিকরোতি, আগতন্তু ভয়ং বীক্ষ্য প্রতিকুর্য্যাৎ যথোচিতম্—(হি)।

ক্ষিপ্—**to throw,** ক্ষিপতি, সম্+ক্ষিপ্—to sketch, to abridge, সংক্ষিপতি।

অধি+ক্ষিপ্—to rebuke, to abuse

নি+ক্ষিপ্—to throw, to deposit, নিক্ষিপতি, বালকো লোষ্ট্রং নিক্ষিপতি—The boy throws a stone.

গম্—**to go,** গচ্ছতি, অনু+গম্—to follow, অনুগচ্ছতি, পত্নী পতিম্ অনুগচ্ছতি। আ+গম্—to come, to return, আগচ্ছতি, আগচ্ছতি যদা লক্ষ্মীর্নারিকেল-ফলাম্বুবৎ।

অধি+গম্—to obtain, to get, অধিগচ্ছতি, নির্ম্মমো নিরহঙ্কারঃ স শান্তিমধিগচ্ছতি—(গী)। পরিশ্রমী ছাত্রঃ বিদ্বান্ অধিগচ্ছতি।

অব+গম্—to know, to understand, অবগচ্ছতি।

উৎ+গম্—to rise up, উদ্গচ্ছতি। পক্ষিণঃ আকাশম্ উদ্গচ্ছন্তি—

The birds rise up into the sky. নির্+গম্—to go out, নির্গচ্ছতি ।
উপ্+গম্—to go, to approach, উপগচ্ছতি, তস্মন্দং মন্দম্ উপগচ্ছামি—(হি)। প্রতি-আ+গম্—to return, প্রত্যাগচ্ছতি, রামঃ সীতয়া সহ অযোধ্যাং প্রত্যাজগাম। উপ-আ+গম্—উপগচ্ছতি—to obtain.

সম্+গম্—to be proper, to acompany—সঙ্গচ্ছতে। সাধুঃ সাধুনা সঙ্গচ্ছতে।

গ্রহ্—to take, গৃহ্লাতি, এতদ্ধনং বস্ত্রাণি চ ময়া দত্তানি গৃহাণ (প)।

অনু—গ্রহ্—to favour. অনুগৃহ্লাতি। গুরো! বিদ্যাদানেন মাম্ অনুগৃহাণ।

নি+গ্রহ্—to punish. নিগৃহ্লাতি, রাজপুরুষঃ অপরাধিনং নিগৃহ্লাতি।

বি+গ্রহ্—to quarrel, to make war. অহো! তব সমুদ্রেণ সহ বিগ্রহঃ।—(প)।

সম্+গ্রহ্—to collect, বৎস! উদ্যানং গত্বা ফলানি সংগৃহাণ।

চর্—(1)—to walk. (2) to practise, চরতি। তস্মাদ্ধর্ম্মং চরিষ্যামি ধর্ম্মো হি পরমা গতিঃ—(ম)।

আ+চর্—to behave, আচরতি, সজ্জনাঃ সর্ব্বেষু সাধু আচরন্তি।

আ+চর্—to practise, যদ্ যদাচরতি শ্রেষ্ঠস্তত্তদেবেতরো জনঃ—(ম)।

সম্+চর্—to move, সঞ্চরতি। অনু+চর্—to follow, অনুচরতি।

বি+চর্—to walk, বিচরতি, তত্র সীতে! ময়া সার্দ্ধং বনেষু বিচরিষ্যসি—(রা)। পরি+চর্-to serve, শিষ্যো গুরুং পরিচরতি।

উপ+চর্—to worship, উপচরতি—গিরিশমুপচচার প্রত্যহং সা সুকেশী-(কু)। সম্-আ+চর্—to do, ধার্ম্মিকাঃ পুণ্যং সমাচরন্তি।

চি—to pluck, চিনোতি, বিপ্রঃ পুষ্পাণি চিনোতি।

সম্+চি—to collect, সঞ্চিনোতি। কৃপণঃ অর্থং সঞ্চিনোতি।

নির্+চি—to determine, এবং নিশ্চিত্য স বিদেশং গতঃ।

জি—to conquer, to win, জয়তি।

পরা—জি—to conquer, to defeat.

জীব্—to live, জীবতি। অনু+জীব্—to depend for life, অনুজীবতি, অনুজীবিনাং কুতঃ কুশলম্ (হি)।

জ্ঞা—to know, জানাতি, কো হি রঘুপতেশ্চরিতং মহিমানং চ ন জানাতি—(উ)। অনু+জ্ঞা—to permit; to order, অনুজানাতি। অনুজানিহি, পিঙ্গলকসমীপং গচ্ছামি—(হি)।

অব+জ্ঞা—to hate, to disregard, ধনী দরিদ্রম্ অবজানাতি।

প্রতি+জ্ঞা—(আত্মনেপদী)—to promise, প্রতিজানীতে। কেনচিদ্ বৃদ্ধশৃগালেন এতৎ প্রতিজ্ঞাতম্—(হি)।

অপ+জ্ঞা—to deny, অপজানীতে (আত্মনেপদী)। স শতম্ অপজানীতে—He denies (the debt of) one hundred (rupees).

জ্ঞা+ণিচ্—জ্ঞাপি, to inform, বিজ্ঞাপয়তি।

বি+জ্ঞাপি—to inform, বিজ্ঞাপয়তি।

তপ্—to shine, তপতি, অনু+তপ্—অনুতপতি, to repent

পরি+তপ্—to be sorrowful, to repent.

তৃ—to cross, তরতি, বি+তৃ—to give, বিতরতি। (১) রাজা দরিদ্রেভ্যো ধনং বিতরতি—The king gives money to the poor. বিতরতি গুরুঃ প্রাজ্ঞে বিদ্যাং যথৈব তথা জড়ে—(উ)।

সম+তৃ—to swim, to cross, সন্তরতি। সাহসী যুবা নদীং সন্তরতি।

অব+তৃ—to descend, to alight, অবতরতি। (১) অবতরতি আর্য্য সুমন্ত্র! স্যন্দনাৎ—(উ)। (২) বানরো বৃক্ষাৎ অবাতরৎ।

দা—to give, দদাতি, আ+দা=to take (আত্মনেপদী) আদত্তে, ব্রাহ্মণো যজমানেভ্যো দক্ষিণাম্ আদত্তে।

দিশ্—to grant, উৎ+দিশ্—to aim at, বালকঃ বিদ্যালয়ম্

উদ্দিশ্য গতঃ। আ+দিশ্—to command; অহং যুষ্মান্ আদিশামি।

ধা—to hold, দধাতি, ধত্তে।

বি+ধা-to perform, to accomplish, বিদধাতি, বিধত্তে।

(১) সহসা বিদধীত ন ক্রিয়াম্ (কি)—One should not do any work rashly. (২) ন জানে ক্রুদ্ধঃ স্বামী কিং বিধাস্যতি—(হি)

অব+ধা—to be attentive, অবধত্তে গুরুজনবচনে অবহিতো ভব।

অভি+ধা—to say, to speak, অভিধাতি, সেনাপতে! কিং ময়া কর্ত্তব্যং তদ্ অভিধীয়তাম্—(হি)।

পরি+ধা—to put on, পরিধত্তে, বালিকা বস্ত্রং পরিধত্তে।

প্রতি-বি+ধা—to remedy, প্রতিবিধত্তে।

সম্+ধা—to make peace. শত্রুণা ন হি সন্দধ্যাৎ (হি)।

নম্—to bend, to bow; নমন্তি ফলিনো বৃক্ষাঃ।

প্র+নম্—to bow, প্রণম্য মাতরং পশ্চাৎ প্রণমেৎ পিতরং গুরুম্।

নী—to take to, to carry to, নয়তি, ভো বক! মাম্ অপি তত্র নয়—(হি)।

আ+নী—to bring, বিপ্রঃ দেবপূজার্থং পুষ্পাণি আনয়তি।

প্র+নী—to marry, পরিণয়তি, নলো দময়ন্তীং পরিণীতবান্।

প্র+নী—to compose, to write, প্রণয়তি, ইদং পদ্যং কেন প্রণীতম্?

অনু+নী—to entreat, অনুনয়তি, শকুন্তলা দুষ্মন্তম্ অনুনীতবতী।

নির্+নী—to ascertain, নির্ণয়তি, অস্য কারণং নির্ণীয়তাম্।

অপ+নী—to remove, অপনিয়তি, মম দুঃখম্ অপনয়তু ভবান্।

পত্—to fall, উৎ+পত্—to fly, উৎপততি। বিহগাঃ গগনে উৎপতন্তি।

প্র-নি+পত্—to salute, to bow down, মন্ত্রী রাজানং প্রণিপততি।

নি—পত্—to fall, নিপততি, স ভূতলে নিপপাত।

আ+পত্—to happen, আপততি, নাথ ! কষ্টম্ আপতিতম্—(হি)

পদ্—to go, to attain পদ্যতে।

আ+পদ্—to happen, to get, আপদ্যতে।

বি+পদ্—to suffer, বিপদ্যতে, ধার্ম্মিকো ন বিপদ্যতে।

প্র+পদ—to get, যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহম্—(গী)

উৎ+পদ্—to be born, উৎপদ্যতে, বীজাৎ অঙ্কুরঃ উৎপদ্যতো।

উপ+পদ্—to be proper, উপপদ্যতে।

ভূ—to be, অনু+ভূ—to feel, অনুভবতি। ধার্ম্মিকঃ সুখম্ অনুভবতি।

প্র+ভূ—issue, to arise, প্রভবতি, লোভাৎ ক্রোধঃ প্রভবতি—(গী)।

উৎ+ভূ—to be born, উদ্‌ভবতি। বীজাৎ অঙ্কুরঃ উদ্‌ভবতি।

পরা+ভূ—to defeat, পরাভবতি, বলবান্ দুর্ব্বলং পরাভবতি।

পরি+ভূ—to defeat, সর্পঃ আহ, কথয় কস্মাৎ তে পরিভবঃ—(প)।

সম্+ভূ—(1) to be possible, (2) to happen, (3) to be born, সম্ভবতি, ধর্ম্ম-সংস্থাপনার্থায় সম্ভবামি যুগে যুগে—(গী)।

অভি+ভূ—to defeat, to conquer, রাজা শত্রুম্ অভিভবতি।

মন্—to think, মন্যতে, স আত্মানং পণ্ডিতং মন্যতে।

অব+মন্—to disregard, সাধবঃ কম্ অপি ন অবমন্যন্তে।

অনু+মন্—to permit, অনুমন্যতে, মাতঃ ! অনুমন্যস্ব, অহং বিদেশং যামি।

মন্ত্র্—to consult, মন্ত্রযতে, রাজা মন্ত্রিভিঃ সহ মন্ত্রয়তে।

নি+মন্ত্র্—to invite, নিমন্ত্রয়তে, অহং ভবন্তং নিমন্ত্রয়ে।

আ+মন্ত্র্—(to wish farewell at parting) আমন্ত্রয়তে।

রম্—to sport, to play, রমতে। যত্র নার্য্যস্তু পূজ্যন্তে রমন্তে তত্র দেবতাঃ—(মনু)। বি+রম্—to stop, to rest (পরস্মৈপদী), বিরমতি, ছাত্রঃ অধ্যয়নাৎ বিরমতি। উপ+রম্—to die. পিতরি উপরতে চ অখিলাম্ এতাং পৃথ্বী ধর্ম্মতঃ সশাস—(বি)।

রুহ্—to grow, রোহতি।

আ+রুহ্—to ascend, to mourn, রাজা গিরিম্ আরোহতি।

অব+রুহ্—to descend, অবরোহতি, ময়ূরাঃ পর্ব্বতাৎ অবরোহন্তি।

"অবরোহতি" শৈলাগ্রং তড়িত্বানিব তোয়দঃ। (বি)।

প্র+রুহ্—to be born, প্ররোহতি, মরুভূমৌ পাদপাঃ প্ররোহতি।

অধি+রুহ্—to ascend= যোদ্ধা গিরিম্ অধিরোহতি।

লপ্—to talk, আ+লপ্—to talk, আলপতি।

প্র+লপ্—to talk incoherently, প্রলপতি, নির্ব্বোধ ইব কথং প্রলপসি?

বি+লপ্—to lament, বিলপতি, জননী পুত্রশোকেন বিলপতি।

অপ+লপ্—to belie, অপলপতি, কথং সত্যম্ অপলপসি?

বদ্—to speak, বি+বদ্—to quarrel, to dispute (আত্মনেপদী)

অপ+বদ্—to blame, অপবদতে, দুর্জ্জনঃ সাধুম্ অপবদতে।

প্রতি+বদ্—to speak in reply, প্রতিবদতি।

বহ্—to carry, বহতি, গর্দ্দভো ভারং বহতি।

উৎ+বহ্; বি+বহ্—to marry, উদ্বহতি। নোদ্বহেৎ কপিলাং কন্যাম্ (মনু)।

বিশ্—to enter. বিশতি।

নি+বিশ্—to dwell, to enter, নিবিশতে। রামো গৃহং নিবিশতে।

প্র+বিশ্—to enter, নহি সুপ্তস্য সিংহস্য মুখে প্রবিশন্তি মৃগাঃ—(প)

উপ+বিশ্—to sit, উপবিশতি, অস্মিন্ আসনে উপবিশতু ভবান্।

বৃ—to choose, বৃণোতি, বৃণুতে। সকৃদ্ বৃতো ময়া ভর্ত্তা ন দ্বিতীয়ং বৃণোম্যহম্ (ম)—I have chosen my husband once for all and I shall not chose a second one.

আ+বৃ—to cover, আবৃণোতি, মেঘঃ সূর্য্যম্ আবৃণোতি।

পরি+বৃ—to surround, পরিবৃণোতি, রাজা সচিবৈঃ পরিবৃতঃ সিংহাসনে উপবিশতি। বি+বৃ—to describe, বিবৃণোতি, দূতঃ সর্ব্বং বিবৃণোতি।

বৃত্—to exist, to be, বর্ত্ততে।

প্র+বৃত্—to be engaged, to commence, প্রবর্ত্ততে, স চ সর্ব্বকার্য্যেষু স্বেচ্ছাতঃ প্রবর্ত্ততে—(হি)।

অনু+বৃত্—to follow, অনুবর্ত্ততে, সাধুঃ ধর্ম্মপথম্ অনুবর্ত্ততে।

নি+বৃত্—to return, to stop, to desist, নিবর্ত্ততে, যং প্রাপ্য ন নিবর্ত্ততে তদ্ধাম পরমং পদম্—(গী)।

পরি+বৃত্—to change, চক্রবৎ পরিবর্ত্তন্তে দুঃখানি চ সুখানি চ—(হি)।

শ্রম্—to take pains, to be tired, শ্রাম্যতি।

বি+শ্রম্—to rest, বিশ্রাম্যতি। পরি+শ্রম্—to labour.

শ্বস্—to breathe, শ্বসিতি।

বি+শ্বস্—'বিশ্বসিতি'—to believe.

সদ্—to go, to sit down, to rest, সীদতি। সীদন্তি মম গাত্রাণি মুখঞ্চ পরিশুষ্যতি—(গী.) প্র+সদ্—(অকর্ম্মক) to favour, to be pleased, প্রসীদতি ; দেবি ! প্রসীদ ; বিজয়য়তাং শূদ্রকো মহারাজঃ—(হি)। বি+সদ্—to be sorry, বিষীদতি, মা বিষীদত—(হি)।

অব+সদ্—to be weary, to be exhausted, অবসীদতি, পরিশ্রমেণ মম শরীরম্ অবসীদতি—My body is tired out of labour.

আ+সদ্—to get, আসীদতি, পথিকঃ একং সরোবরম্ আসসাদ।

নি+সদ্—to sit down, নিষীদতি, অস্মিন্ আসনে নিষীদতু ভবান্।

সৃ—to go. সরতি।

অনু+সৃ—to follow, অনুসরতি, ভৃত্যঃ প্রভুম্ অনুসরতি।

নির্+সৃ—to come out, নিঃসরতি ; যাবদয়ং ব্যাঘ্রো বনাৎ ন নিঃসরতি তাবৎ মঙ্গলং মোচয়িতুং যত্নঃ ক্রিয়তাম্ (হি)।

অপ্‌ + সৃ—to go away, অপসরতি, দূরম্‌ অপসর, নোচেৎ হন্তব্যোঽসি ময়া—(হি) উপ + সৃ—to approach, to advance, উপসরতি। অনন্তরং যাবৎ উপসৃত্য পশ্যতি ব্রাহ্মণঃ তাবৎ বালকঃ সুস্থঃ স্বপিতি—(হি)।

স্থা—(i) to stay, to stand, (ii) to stop, রাজদ্বারে শ্মশানে চ যস্তিষ্ঠতি স বান্ধবঃ (হি)।

অনু + স্থা—to do, to perform, সজ্জনাঃ সৎকার্য্যম্‌ অনুতিষ্ঠতি।

প্র + স্থা—to start, to set out, প্রতিষ্ঠতে (আত্মনেপদী)।

অব + স্থা—to remain, (আত্মনেপদী)। অত্র ক্ষণম্‌ অবতিষ্ঠস্ব।

উৎ + স্থা—to rise, to stand up, উত্তিষ্ঠতি, স আসনাৎ উত্তিষ্ঠতি।

উপ + স্থা—to worship, to unit with, to make friends etc. উপতিষ্ঠতে (আত্মনেপদী)। (১) স আদিত্যম্‌ উপতিষ্ঠতে—He worships the sun god. (২) গঙ্গা সাগরম্‌ উপতিষ্ঠতে—The Ganges unites herself with the sea. (৩) পণ্ডিতঃ পণ্ডিতম্‌ উপতিষ্ঠতে—One learned man makes friends with another learned man.

অধি + স্থা—to sit upon, to ascend to, to live, অধিষ্ঠতি—হরিঃ বৈকুণ্ঠম্‌ অধিষ্ঠতি—Hari lives in Baikuntha.

স্মৃ—to remember, স্মরতি।

বি + স্মৃ—to forget, বিস্মরতি, কথং মাং বিস্মরসি ?

হৃ—to steel, to carry. হরতি, হরতে। (১) রাবণঃ সীতাং জহার। (২) ভৃত্যঃ গ্রামম্‌ অজাং হরতি (or হরতে)।

আ + হৃ—to collect, to fetch, আহরতি, বালিকা উদ্যানাৎ পুষ্পাণি আহরতি।

অপ + হৃ—to rob, to remove, চৌরঃ মম সর্ব্বস্বম্‌ অপহরতি।

উপ + হৃ—to offer, to give presents, উপহরতি, (১) ব্রাহ্মণঃ দেবৈ্য কুসুমানি উপহরতি।

· বি + অব্ + হৃ—to use, to do, to behave, ব্যবহরতি, ভবতু, ইদানীং সময়োচিতং ব্যবহরামি (হি)।

পরি + হৃ—to give up. পরিহরতি, সর্ব্বদা অসাধুসংসর্গং পরিহরেৎ। বি + আ + হৃ—to speak, ব্যাহরতি, বালিকা মধুরং বচনং ব্যাহরতি। সম্ + হৃ –(1) to kill, (2) to withhold, (3) to bind or collect together, সংহরতি। ন হি সংহরতি জ্যোৎস্নাং চন্দ্রশ্চাণ্ডালবেশ্মনি (হি)। The moon does not withhold its light from the house of a Chandala. উপ-সম্ + হৃ—to withhold, to conclude, ছেত্তুঃ পার্শ্বগতাচ্ছায়াং নোপসংহরতি দ্রুমঃ (হি)। উৎ + হৃ—(1) to save, (2) to quote—উদ্ধরতি (১) ভগবন্! বিপদ্‌ভ্যঃ মাম্ উদ্ধর। (২) ছাত্রঃ হিতোপদেশাৎ একাং কবিতাম্ উদ্ধরতি। বি + হৃ—(1) to work, (2) to sport, বিহরতি, সাধুঃ সাধুভিঃ সহ বিহরতি।

Exercise 32

A. তিনি গভীর বনে প্রবেশ করিয়াছিলেন। আপনি এই আসনে উপবেশন করুন। কখনও অসৎ কার্য্যে প্রবৃত্ত হইও না। সাধুগণ পুণ্যকার্য্যের অনুষ্ঠান করেন। যদু গৃহ হইতে বহির্গত হইয়াছে। মহারাজ শূদ্রকের জয় হউক। বিদ্যা বিনয় দান করে। আমি বন্ধুর সহিত বেড়াইতে যাইব।

B. 1. The students bow down (প্র + নম্) to their teacher. 2. The Pandavas (পাণ্ডবাঃ) married (পরি + নী) Draupadi (দ্রৌপদী —স্ত্রী). 3. The physician (চিকিৎসক) ascertained (নির্ + নী) the cause of the disease. 4. A devotee never suffers (বি + পদ্) from any distress. 5. Many rivers issue (প্র + ভূ) from the Himalayas. 6. Nobody enters (প্র + বিশ্) into the den (গুহা—স্ত্রী) of a lion. 7. By orders of his preceptor for the disciple sat (উপ + বিশ্) on his own seat.

2. *Explain and illustrate* :

অব্ + জ্ঞা, সম্ + বিশ্, অব্ + রুহ্, অধি + ক্ষিপ্, প্রতি + পদ্, উৎ + বহ্, উপ্ + রম্।

CHAPTER VII

ণিজন্ত, সনন্ত, যঙন্ত ও নামধাতু

Lesson 1

ণিজন্ত ধাতু—Causative Verbs

১। **প্রেরণ** (কাহাকেও দিয়া কোন কাজ করাইয়া লওয়া) অর্থে ধাতুর উত্তর **ণিচ্** প্রত্যয় হয়। ণিচ্ প্রত্যয়ের **ই** থাকে। ণিচ্ প্রত্যয়ান্ত ধাতুকে **ণিজন্ত** ধাতু বলে। ণিচ্ প্রত্যয় দ্বারা অকর্ম্মক ধাতুও সকর্ম্মক হয়। সংস্কৃতে Causative Verb প্রস্তুত করিতে হইলে ধাতুর উত্তর ণিচ্ প্রত্যয় করিতে হয়। ণিজন্ত ধাতু উভয়পদী। ণিজন্ত ধাতুর রূপ ভ্বাদিগণীয় ধাতুর মত রূপ হয়।

পচ্ (পাক করা) পচতি = পাক করিতেছে, পচ্ + ণিচ্ = **পাচি** (পাক করান) = **পাচয়তি** = পাক করাইতেছে। গম্ (গমন করা), গচ্ছতি। **গম্** = ণিচ্ = গমি (গমন করান)—গময়তি।

অণিজন্ত—পুত্রঃ বিদ্যালয়ং গচ্ছতি—The son goes to school. ণিজন্ত —পিতা পুত্রং বিদ্যালয়ং গময়তি—The father causes his son to go to school.

২। **প্রযোজক ও প্রযোজ্য** কর্ত্তা—অপরের দ্বারা কার্য্য করাইয়া লওয়ার নাম **প্রেরণ**। যে ব্যক্তি অপরকে কোন কার্য্যে নিযুক্ত করে, তাহাকে **প্রযোজক** কর্ত্তা এবং যাহাকে নিযুক্ত করা হয়, তাহাকে **প্রযোজ্য** কর্ত্তা বলে। অর্থাৎ ণিজন্ত ক্রিয়ার কর্ত্তাকে প্রযোজক কর্ত্তা বলে এবং অণিজন্ত অবস্থায় যেটি কর্ত্তৃকারক থাকে, ণিজন্ত অবস্থায় সেইটিকে প্রযোজ্য কর্ত্তা বলে। প্রযোজ্য কর্ত্তায় সাধারণতঃ তৃতীয়া বিভক্তি হয়।

অণিজন্ত—শিশুঃ অন্নং খাদতি—The child eats food. **ণিজন্ত**—মাতা **শিশুনা অন্নং খাদয়তি**—The mother causes the child to eat food. **অণিজন্ত**—ভূপঃ ভৃত্যং ত্যজতি—The king dismisses his servant. **ণিজন্ত**—সচিবঃ ভূপেন ভৃত্যং ত্যাজয়তি—The minister causes the king to dismiss his servant.

৩। গতি-বুদ্ধি প্রত্যবসানার্থ-শব্দকর্ম্মাকর্ম্মকাণামণিকর্ত্তা স ণৌ—গত্যর্থ, বুদ্ধ্যর্থ, প্রত্যবসানার্থ (পানার্থ ও ভোজনার্থ), শব্দ-কর্ম্মক (শব্দ, পদ, বাক্য, গ্রন্থ প্রভৃতি কর্ম্ম হইলে) ও অকর্ম্মক ধাতুর প্রয়োগে প্রযোজ্য কর্ত্তায় দ্বিতীয়া বিভক্তি হয়।

Note : 1. **গত্যর্থ** (এক স্থান হইতে স্থানান্তরে সংক্রমণের নাম গতি। (গতি + অর্থ) = গম্, যা প্রভৃতি গমনার্থ ধাতু এবং প্র-বিশ্, আ + রুহ্ প্রভৃতি প্রবেশার্থ ও আরোহণার্থ ধাতু।

2. **বুদ্ধ্যর্থ**—(বুদ্ধি + অর্থ) বুধ্, জ্ঞা, বিদ্ প্রভৃতি জ্ঞানার্থ ধাতু, দৃশ্, শ্রু প্রভৃতি দর্শনার্থ ও শ্রবণার্থ ধাতু। চক্ষুঃ প্রভৃতি পাঁচটি ইন্দ্রিয়—জ্ঞানেন্দ্রিয় ইহাদের ও মনের কার্য্য বোধ।

3. **প্রত্যবসানার্থ**—প্রত্যবসান = পান ও ভোজন—পানার্থ ও ভোজনার্থ (অদ্, খাদ্, ভক্ষ্ ধাতু ভিন্ন) ভুজ্, অশ্ প্রভৃতি ভোজনার্থ ও পা যেট পানার্থ ধাতু।

4. **শব্দ-কর্ম্মক**—শব্দ, বাক্য, পদ, গ্রন্থ, শাস্ত্র, উপদেশ প্রভৃতি যখন কর্ম্ম হয়।

5. **অকর্ম্মক**—অকর্ম্মক ধাতুর বিষয় পূর্ব্বেই বলা হইয়াছে। এখানে হ্বে, ক্রন্দ্ ও শব্দায় ধাতু-ভিন্ন অকর্ম্মক ধাতু।

Examples I

"শত্রূনগময়ৎ স্বর্গং বেদার্থং স্বানবেদয়ৎ।
আশয়চ্চামৃতং দেবান্ বেদমধ্যাপয়দ্ বিধিম্॥
আশয়ৎ সলিলে পৃথ্বীং যঃ স মে শ্রীহরির্গতিঃ॥"

অণিজন্ত (Primitive)	ণিজন্ত (Causative)
শত্রবঃ স্বর্গম্ অগচ্ছন্	শ্রীহরিঃ শত্রূন্ স্বর্গম্ অগময়ৎ

* ৩। গমনাহার-বোধার্থ শব্দার্থাকর্ম্ম ধাতুষু।
অণিজন্তেষু যঃ কর্ত্তা স্যাণিজন্তেষু কর্ম্ম তৎ।

যে (আত্মীয়াঃ ভক্তাঃ) বেদার্থম্ অবিদুঃ শ্রীহরিঃ স্বান্ বেদার্থম্ অবেদয়ৎ।
দেবাঃ অমৃতম্ আশ্নন্ শ্রীহরিঃ দেবন্ অমৃতম্ আশয়ৎ।
বিধিঃ বেদম্ অধ্যৈত শ্রীহরিঃ বিধিং বেদম্ অধ্যাপয়ৎ।
পৃথ্বী সলিলে আস্ত শ্রীহরিঃ পৃথ্বীং সলিলে আসয়ৎ।

Examples II

অণিজন্ত (Primitive)	ণিজন্ত (Causative)
(১) গত্যর্থ—রামঃ গ্রামং গচ্ছতি	শ্যামঃ রামং গময়তি।
প্রাপ্ত্যর্থ—পুত্রঃ অর্থং প্রাপ্নোতি	পিতা পুত্রম্ অর্থং প্রাপয়তি।
(২) বুদ্ধ্যর্থ—শিষ্যঃ ধর্ম্মং বুধ্যতে	গুরুঃ শিষ্যং ধর্ম্মং বোধয়তি।
শ্রবণার্থ—সঃ সংগীতং শৃণোতি	গায়কঃ তং সংগীতং শ্রাবয়তি।
দর্শনার্থ—শিশুঃ চন্দ্রং পশ্যতি	মাতা শিশুং চন্দ্রং দর্শয়তি।
গ্রহণার্থ—বিপ্রঃ বস্ত্রং গৃহ্লাতি	রাজা বিপ্রং বস্ত্রং গ্রাহয়তি।
(৩) ভোজনার্থ—মুনিঃ ফলানি ভুঙক্তে	রাজা মুনিং ফলানি ভোজয়তি।
পানার্থ—শিশুঃ দুগ্ধং পিবতি	মাতা শিশুং দুগ্ধং পায়য়তি।
(৪) শব্দকর্ম্মক—শিষ্যঃ গ্রন্থং পঠতি	গুরুঃ শিষ্যং গ্রন্থং পাঠয়তি।
(৫) অকর্ম্মক—শিশুঃ শেতে	মাতা শিশুং শায়য়তি।

Note :—বৈয়াকরণগণ গ্রহ্, আপ্, লভ্, প্রভৃতি ধাতুকেও গত্যর্থ ধাতুর মধ্যে গ্রহণ করিয়া থাকেন। (১) অজিগ্রহৎ তং জনকো ধনুস্তৎ—(ভট্টি)।

(২) অযাচিতারং ন হি দেবদেশম্ অদ্রিঃ সুতাং গ্রাহয়িতুং শশাক—(কু)

শিষ্য উপাধ্যায়াদ্ বিদ্যাং গৃহ্লাতি=বিদ্যা উপাধ্যায়াৎ আগচ্ছতি; শিষ্যস্তাং ধরতি, অতএব, গ্রহণের মধ্যে দুইটি ব্যাপার আছে: একটি গমন, অন্যটি ধারণ। যে স্থানে গ্রহ্ প্রভৃতি ধাতুর প্রযোজ্য কর্ত্তায় তৃতীয়া বিভক্তি হয়, বুঝিতে হইবে—সে স্থানে তাহাদের গত্যর্থ স্বীকৃত হয় নাই।

৬। নীবহ্যোর্ন—নী ও বহ্ ধাতু গত্যর্থ ধাতু হইলেও ইহাদের প্রযোজ্য কর্ত্তায় দ্বিতীয়া বিভক্তি হয় না, তৃতীয়া বিভক্তিই হয়। যথা—

অণিজন্ত--ভৃত্যঃ ভারং নয়তি (or বহতি)—The servant carries

a load. **ণিজন্ত**—প্রভুঃ ভৃত্যেন ভারং নায়য়তি (or বাহয়তি)—The master causes the servant to carry a load.

(ক) নিয়ন্তৃ-কর্ত্তৃকস্য বহেরনিষেধঃ—সারথি কর্ত্তা হইলে বহ্ ধাতুর প্রযোজ্য কর্ত্তায় দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—

অশ্বাঃ রথং বহন্তি—Horses draw the chariot.—সারথিঃ অশ্বান্ রথং বাহয়তি—The charioteer makes the horses draw the chariot.

৫। **আদিখাদ্যোর্ন**—ভোজনার্থ ধাতুর মধ্যে অদ্ ও খাদ্ ধাতুর প্রযোজ্য কর্ত্তায় দ্বিতীয়া বিভক্তি হয় না, তৃতীয়া বিভক্তিই হয়। যথা—

পুত্রঃ অন্নম্ অত্তি or খাদতি—The son eats food. মাতা পুত্রেণ অন্নম আদয়তে or খাদয়তি—The mother causes the son to eat food.

(অদেঃ প্রতিষেধঃ—ভক্ষণার্থ অদ্ ধাতু ণিজন্ত হইলে পরস্মৈপদী হয় না।)

(ক)—ভক্ষেরহিংসার্থস্য ন—হিংসা (injury) না বুঝাইলে ভক্ষ্ ধাতুর প্রযোজ্য কর্ত্তায় দ্বিতীয়া বিভক্তি হয় না, তৃতীয়া হয়।

অহিংসার্থে—বালকঃ অন্নং ভক্ষয়তি—মাতা বালকেন অন্নং ভক্ষয়তি—The mother causes the son to eat food. ভক্ষ্ ধাতু **হিংসা অর্থে প্রযুক্ত** হইলে প্রযোজ্য কর্ত্তায় দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—মার্জ্জারঃ মূষিকং ভক্ষয়তি—স মার্জ্জারং মূষিকং ভক্ষয়তি—He causes the cat to eat the rat.

৬। হ্বে, ক্রন্দ্ ও শব্দায় ধাতুর শব্দ কর্ম্মক হইলেও ইহাদের প্রযোজ্য কর্ত্তায় দ্বিতীয়া বিভক্তি হয় না ; তৃতীয়া বিভক্তিই হয়। যথা—

অণিজন্ত (Primitive)	**ণিজন্ত** (Causative)
দেবদত্তঃ হ্বয়তি	যজ্ঞদত্তঃ দেবদত্তেন হ্বায়য়তি।
গোপালঃ ক্রন্দতি	কৃষ্ণঃ গোপালেন ক্রন্দয়তি।
দেবদত্তঃ শব্দায়তে	যজ্ঞদত্তঃ দেবদত্তেন শব্দায়য়তি।

৭। **হৃক্রোরন্যতরস্যাম্**—হৃ ও কৃ ধাতুর প্রযোজ্য কর্ত্তায় বিকল্পে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—

ভৃত্যো ভারং হরতি—The servant carries the load. প্রভুর্ভৃত্যং (or ভৃত্যেন) ভারং হারয়তি—The master causes the servant to carry the load. **অণিজন্ত**—কুম্ভকারঃ ঘটং করোতি—The potter makes a water-pot. **ণিজন্ত**—রামঃ, কুম্ভকারং (or কুম্ভকারেণ) ঘটং কারয়তি—Rama causes the potter to make a water-pot.

N. B.—হৃ ধাতুটি দ্বিকর্ম্মক ও গত্যর্থ। গত্যর্থ ধাতু ণিজন্ত হইলে প্রযোজ্য কর্ত্তার কর্ম্মসংজ্ঞা হয়, সুতরাং 'ভৃত্যঃ গৃহং ভারং হরতি' এইরূপ বাক্যের ণিজন্তরূপে প্রভুঃ ভৃত্যং গৃহং ভারং হারয়তি বাক্যে একই ক্রিয়ায় তিনটি কর্ম্ম পাওয়া যায়।

৮। **অভিবাদিদৃশোরাত্মনেপদে বেতি বাচ্যম্**—অভি-পূর্ব্বক বদ্‌ধাতু ও দৃশ্ ধাতু ণিজন্ত হইয়া আত্মনেপদে ব্যবহৃত হইলে তাহাদের প্রযোজ্য কর্ত্তায় বিকল্পে দ্বিতীয়া হয়; অর্থাৎ একবার দ্বিতীয়া এবং একবার তৃতীয়া হয়। যথা—

অণিজন্ত—শিশুশ্চন্দ্রং পশ্যতি—The child sees the moon. **ণিজন্ত**—মাতা শিশুং (or শিশুনা) চন্দ্রং দর্শয়তে—The mother causes the child to see the moon. **অণিজন্ত**—বিপ্রঃ দেবম্ অভিবাদয়তে—The Brahmin bows down to the god. **ণিজন্ত**—রাজা বিপ্রং (or বিপ্রেণ) দেবম্ অভিবাদয়তে—The king makes the Brahmin bow down to the god.

কিন্তু ণিজন্ত অভি-পূর্ব্বক বদ্ (বাদি) ধাতু ও দৃশ্ ধাতু আত্মনেপদে প্রযুক্ত না হইয়া যদি পরস্মৈপদে প্রযুক্ত হয়, তবে তাহাদের প্রযোজ্য কর্ত্তায় যথাক্রমে তৃতীয়া ও দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—

অণিজন্ত—পুত্রঃ পিতরম্ অভিবাদয়তি—The son salutes his father. **ণিজন্ত**—মাতা পুত্রেণ পিতরম্ অভিবাদয়তি—The mother causes her son to salute his father. **অণিজন্ত**—পুত্রঃ চন্দ্রং পশ্যতি। **ণিজন্ত**—মাতা পুত্রং চন্দ্রং দর্শয়তি।

৯। চুরাদিগণীয় ধাতুর উত্তর ণিচ্ প্রত্যয় করিলে রূপের কোন পরিবর্ত্তন হয় না। কেবল 'প্রেরণ' অর্থই বুঝায়। যথা—

রামঃ অর্থং চোরয়তি—Rama steals wealth. গোবিন্দঃ রামেণ অর্থং চোরয়তি—Govinda causes Rama to steal wealth.

১০। কোন কোন স্থলে প্রেরণার্থ না থাকিলেও ণিচ্-এর প্রয়োগ দেখিতে পাওয়া যায়। যথা—

তত্র বাসং ন কারয়েৎ (কুর্য্যাৎ)—One should not live there. এই প্রকার ণিচ্‌কে **স্বার্থে** ণিচ্ বলা হয়।

আবার কোন কোন স্থলে প্রেরণার্থ থাকিলেও ণিচ্-এর প্রয়োগ হয় না। যথা—স্বয়ং দুঃখাভিভূতোঽপি দুঃখমেবাকরোৎ পরে (ম) (অকরোৎ =অকারয়ৎ, অজনয়ৎ)—Though himself afflicted with pain yet he caused pain in others. এই শেষোক্ত প্রকারের ণিচ্‌কে **অন্তর্ভূতার্থ ণিচ্** বলে।

Note—দ্বিকর্ম্মক ধাতুর বিষয় পূর্ব্বেই বলা হইয়াছে। দ্বিকর্ম্মক ধাতুর প্রয়োগে প্রযোজ্য কর্ত্তায় পূর্ব্বোক্ত নিয়মানুসারে কার্য্য হইয়া থাকে।

অণিজন্ত (Primitive)	**ণিজন্ত** (Causative)
(১) বিপ্রঃ রাজানং ধনং যাচতি	স বিপ্রেণ রাজানং ধনং যাচয়তি।
(২) ভৃত্যঃ ভারং গ্রামং হরতি।	প্রভুঃ ভৃত্যং (or ভৃত্যেন) ভারং গ্রামং হারয়তি।
(৩) রামঃ অজাং গ্রামং নয়তি।	স রামেণ অজাং গ্রামং নায়য়তি।
(৪) দেবদত্তঃ ভারং গ্রামং বহতি।	যজ্ঞদত্তঃ দেবদত্তেন ভারং গ্রামং বাহয়তি।

কতিপয় ণিজন্তক্রিয়া

(লট্—3rd person, sing.)

1

অদ্ (to eat)—আদয়তে আস্ (to be)—ভাবয়তি, প্র-আপ্ (to get) —প্রাপয়তি, আস্ (to sit)—আসয়তি, ই (ইণ, to go)—গময়তি, প্রতি+

ই (to know)—প্রত্যায়য়তি, অধি+ই (to study)—অধ্যাপয়তি, প্র+ইক (to send)—প্রেষয়তি, ঋ (to go)—অর্পয়তি, কৃ (to do)—কারয়তি, ক্রী (to buy)—ক্রাপয়তি, খ্যা (to tell)—খ্যাপয়তি, গম্ (to go)—গময়তি, গ্রহ্ (to take)—গ্রাহয়তি, ঘট্ (to happen)—ঘটয়তি, ঘ্রা (to smell)—ঘ্রাপয়তি, চি (to collect)—চায়য়তি, চাপয়তি, জন্ (to be born)—জনয়তি, জাগৃ (to wake)—জাগরয়তি, জি (to conquer)—জাপয়তি, জ্ঞা (to know)—জ্ঞাপয়তি, জ্ঞা (to kill, to see, to please) —জ্ঞপয়তি, তৃ (to cross)—তারয়তি, দন্শ (to bite)—দংশয়তি, দা (to give)—দাপয়তি, দীপ (to shine)—দীপয়তি, দুষ্—দূষয়তি, 'চিত্ত-বিরাগ' অর্থে—দোষয়তি or দূষয়তি। দৃশ্ (to see)—দর্শয়তি, দ্রু (to melt)—দ্রাবয়তি, নশ্ (to be lost)—নাশয়তি, নী (to lead)—নায়য়তি, পচ্ (to cook)—পাচয়তি, পঠ্ (to read)—পাঠয়তি, পত্ (to fall) —পাতয়তি, পা (to drink)—পায়য়তি, পা (to protect)—পালয়তি, বুধ্ (to know)—বোধয়তি, ব্রূ (to speak)—বাচয়তি, ভন্জ (to break)—ভঞ্জয়তি।

Note—ভী (to fear) লট্+তি=বিভেতি। (১) কর্ত্তা স্বয়ং ভয় দেখাইলে—ভী+ণিচ্=(ভীষি or ভাপি)-লট্-তে=ভীষয়তে or ভাপয়তে। সর্পঃ শিশুং ভীষয়তে or ভাপয়তে।

(২) অন্য বস্তু দ্বারা ভয় দেখাইলে—ভী+ণিচ্ (=ভায়ি)-লট্-তি=ভায়য়তি। স সর্পেণ শিশুং ভায়য়তি।

II

ভুজ্ (to eat)—ভোজয়তি, ভূ (to be)—ভাবয়তি, মুচ্ (to leave) —মোচয়তি, মুহ্ (to swoon)—মোহয়তি, মৃ (to die)—মারয়তি, যা (to go)—যাপয়তি, যুজ্ (to oin)—যোজয়তি, রম্ (to sport)—রময়তি, রুচ্ (to be pleased)—রোচয়তি, রুহ (to grow)—রোহয়তি,

or রোপয়তি, লিখ্ (to write)—লেখয়তি, বদ্ (to tell) বাদয়তি, বন্দ্ (to adore)—বন্দয়তি, বচ্ (to speak)—বাচয়তি।

Note.—রঞ্জ্ ধাতু (to colour, to please) ভ্বাদিগণীয় উভয়পদী লট্—রজতি, রজতে। ণিচ্ করিলে—মৃগয়ার্থে (to hunt)—রজয়তি, মৃগয়া-ভিন্ন অর্থে—রঞ্জয়তি। (১) ব্যাধঃ মৃগান্ রজয়তি—The hunter hunts the deer. (২) স তৃণদানেন মৃগান রঞ্জয়তি—He pleases the deer by giving grass.

III

বস্ (to dwell)—বাসয়তি, বিশ্ (to enter)—বেশয়তি, শদ্—(to decay)—শাতয়তি, গমনার্থে—শাদয়তি, শম্ (to cease)—শময়তি (১) শী (to lie down)—শায়য়তি, শ্রু (to hear) শ্রাবয়তি, স্তু (to praise) স্তবয়তি, স্থা (to stay)—স্থাপয়তি, স্না (to bathe)—স্নাপয়তি or স্নপয়তি, বি+স্মি—বিস্মায়য়তি, হন (to kill)—ঘাতয়তি, হৃ (to take away)—হারয়তি, হ্রী (to be ashamed)—হ্রেপয়তি।

(১) সুতপ্তমপি পানীয়ং শময়ত্যেব পাবকম্—(হি)।

Note :—শম্ ধাতু দিবাদিগণীয় পরস্মৈপদী, ইহার অর্থ প্রশমন বা উপশম (to cease)। লট্-শাম্যতি, ণিচ্ করিলে "শময়তি"। কেহ কেহ বলেন, দর্শন ও শ্রবণ অর্থে 'শাময়তি' এই পদ হয়। একটি চুরাদিগণীয় শম্ ধাতুও আছে তাহার রূপও "শাময়তি"। নিম্নের প্রয়োগগুলি লক্ষ্য কর :—

(ক) অকর্দমমিদং তীর্থং ভরদ্বাজ! **নিশাময়** (রা)—O Bharadwaj see this place of bathing is free from mud. (খ) **নিশাময়** তদুৎপত্তিং বিস্তরাদ্ গদতো মম (চণ্ডী)—I am telling you its origin in details listen to me.

Exercise 33

1. *Translate into Sanskrit* :—

A. তিনি আমাকে একটি গল্প শুনাইবেন। পিতা পুত্রকে গ্রামে লইয়া যাইতেছেন। গুরু ছাত্রকে বেদ পড়াইতেছেন। প্রভু ভৃত্যকে দিয়া ভার বহাইতেছেন। দেবদত্ত আমাকে জাগাইয়া দিয়াছিল।

B. (i) The rich man made his cook cook some fish. (ii) Show me your pen. (iii) The servant has lighted the lamp. (iv) The nurse caused the boy to sleep. (v) The cowboy made the cows go home. (vi) His mother made him go to school in the morning. (vii) The house-holder is causing the milk made to put the milkpot on the floor (viii) The preceptor caused his disciples to read (পাঠি) the sacred Ramayana. (ix) The master (প্রভুঃ) made his servent carry (বাহি) this load.

2. *Correct the following sentences* :—

(a) প্রভুঃ সেবকং ভারম্ নায়য়তি। (b) শিক্ষকঃ ছাত্রেণ বেদান্ অপাঠয়ৎ। (c) পিতা পুত্রেণ গ্রামং গময়তি। (d) পিতা পুত্রেণ ধনং প্রাপয়তি। (e) রাজা ব্রাহ্মণম্ ওদনম্ আপায়ৎ।

LESSON II

সনন্ত ধাতু—Desiderative Verbs

১। 'ইচ্ছা' অর্থে ধাতুর উত্তর **সন্** প্রত্যয় হয়। 'সন্' প্রত্যয়ের **'স'** থাকে। সন্-প্রত্যয়ান্ত ধাতুকে **সনন্ত ধাতু** বলে। সনন্ত ধাতুর রূপ ভ্বাদিগণীয় ধাতুর মত হয়। ণিজন্ত ধাতুর মত সনন্ত ধাতুও একটি স্বতন্ত্র ধাতু। যেমন—পাতুম্ ইচ্ছতি—পা + সন্ = পিপাস্ (পিপাস্ + লট্-তি) = **পিপাসতি**—(wishes to drink). লোট্—পিপাসতু, লঙ্—অপিপাসৎ, বিধিলিঙ—পিপাসেৎ।

Note.—যে ধাতুর উত্তর সন্ করিতে হইবে তাহাকে তুম্ প্রত্যয়ান্ত অসমাপিকা ক্রিয়া করিয়া ও ইষ্ ধাতু হইতে সমাপিকা ক্রিয়া নিষ্পন্ন করিয়া সনন্ত ক্রিয়ার বাক্য গঠিত হইয়া থাকে। সমাপিকা ক্রিয়ার যে বিভক্তি, পুরুষ ও বচন থাকে, সনন্ত ধাতুর উত্তরও সেই বিভক্তি, বচন ও পুরুষ হইয়া থাকে।

২। **আশঙ্কায়াং সন্ বক্তব্যঃ**—আশঙ্কা (imminent possibility) বুঝাইলে কখনও কখনও ধাতুর উত্তর সন্ প্রত্যয় হয়। যথা—

(১) অয়ং রোগী মুমূর্ষতি—The patient is apprehended to die.

(২) ইদং গৃহং পিপতিষতি—The house is about to fall down.

৩। ধাতুটি যে পদী, সনন্ত হইলে সেই পদীই হয়, অর্থাৎ সাধারণতঃ পরস্মৈপদী ধাতু সনন্ত হইলে পরস্মৈপদী, আত্মনেপদী ধাতু সনন্ত হইলে আত্মনেপদী এবং উভয়পদী ধাতু সনন্ত হইলে উভয়পদীই হয়। যেমন—

পরস্মৈপদী—পঠ্ + সন্ + লট্-তি = পিপঠিষতি (wishes to read)

আত্মনেপদী—লভ্ + সন্ + লট্-তে = লিপ্সতে (wishes to get)

উভয়পদী—নী + সন্ + লট্-তি-তে = নিনীষতি or নিনীষতে।

৪। জ্ঞা, শ্রু, স্মৃ ও দৃশ্ ধাতু সনন্ত হইলে আত্মনেপদী হয়। যথা, জ্ঞা—জ্ঞাতুম্ ইচ্ছতি—(wishes to know)—জিজ্ঞাসতে। (অনু পূর্ব্বক সনন্ত জ্ঞা ধাতু পরস্মৈপদী—অনুজিজ্ঞাসতি।) শ্রু—শ্রোতুম্ ইচ্ছতি (wishes to hear)—শুশ্রূষতে। (আ অথবা প্রতিপূর্ব্বক সনন্ত শ্রু-ধাতু পরস্মৈপদী আশুশ্রূষতি, প্রতিশুশ্রূষতি।) স্মৃ—স্মর্ত্তুম্ ইচ্ছতি (wishes to remember).—সুস্মূর্ষতে। দৃশ্—দ্রষ্টুম্ ইচ্ছতি (wishes to see)—দিদৃক্ষতে।

৫। গুপ্, তিজ্, কিত্, মান্ ও বধ্—এই কয়েকটি ধাতুর উত্তর স্বার্থে (ধাতুর যে অর্থে সেই অর্থে, ইচ্ছার্থে নয়) সন্ প্রত্যয় হয়। যথা—

গুপ্—জুগুপ্সতে (censures), তিজ্—তিতিক্ষতে (forgives), কিত্—চিকিৎসতি (cures), মান্—মীমাংসতে (decides), বধ্—বীভৎসতে (becomes disgusted).

৬। সনন্ত ধাতুর উত্তর ভিন্ন ভিন্ন কৃৎ-প্রত্যয় করিয়া বিশেষ্য ও বিশেষণ পদ গঠন করা হয়। যথা—পা + সন্—পিপাস্ + অ, স্ত্রী আ = পিপাসা (বিশেষ্য). পা + সন্ + পিপাস্ + উ = পিপাসুঃ (বিশেষণ)। লভ্ + সন্ = লিপ্স্ + উ = লিপ্সুঃ (বিশেষণ)। এইরূপ—জিজ্ঞাসা (বি),

জিজ্ঞাসুঃ (বিণ), শুশ্রূষা (বি), শুশ্রূষুঃ (বিশেষণ)। **প্রয়োগ :**—প্রিয়সখীং বসুমতীং **দিদৃক্ষুঃ** প্রিয়ংবদা সহ ভর্ত্রা পুষ্পপুরম্ অগমৎ—(দ)।

হন্+সন্=জিঘাংস্+উ=জিঘাংসুঃ (বিশেষণ), হন্+সন্=জিঘাংস্+অ স্ত্রী আ=জিঘাংসা (বিশেষ্য)।

কতিপয় সনন্ত ক্রিয়া

(লট্—3rd person, sing.)

অদ্—জিঘৎসতি, আপ্—ঈপ্সতি, আস্—আসিসিষতে, ই (ইণ্)—জিগমিষতি, ই (ইঙ্)—with অধি, অধিজিগাংসতে, কৃ—চিকীর্ষতি-তে, ক্রম্—চিক্রমিষতি or চিক্রংসতে, ক্রী—চিক্রীষতি-তে, ক্রীড়্—চিক্রীড়িষতি, গম্—জিগমিষতি, সম্+গম্—সঞ্জিগংসতে, গৈ—জিগাসতি, গ্রহ্—জিঘৃক্ষতি-তে, ঘ্রা—জিঘ্রাসতি, চর্—চিচরিষতি, চল্—চিচলিষতি, চি—চিচীষতি-তে, or চিকীষতি-তে, জন্—জিজনিষতে, জি—জিগীষতি, জীব—জিজীবিষতি, জ্ঞা—জিজ্ঞাসতে, ডী—ডিডয়িষতে, তৃ—তিতীর্ষতি or তিতরিষতি, or তিতরীষতি, ত্যজ—তিতক্ষ্যতি, ত্রৈ—তিত্রাসতে, দন্শ—দিদংক্ষতি, দহ্—দিধক্ষতি, দা (দাণ) দিৎসতি, দা (দাঞ্)—দিৎসতি-তে, দুহ্—দুধুক্ষতি-তে, দৃশ্—দিদৃক্ষতে, ধা—ধিৎসতি-তে, ধৃ—দিধীর্ষতি, ধৈ—দিধ্যাসতি, নদ্—নিনদিষতি, নম্—নিনংসতি, নশ্—নিনশিষতি or নিনঙ্ক্ষতি, নী—নিনীষতি-তে, নৃৎ-নিনর্ত্তিষতি or নিনৃৎসতি, পচ্—পিপক্ষতি-তে, পঠ্—পিপঠিসতি-তে পত্—পিপতিষতি, পদ্—পিৎসতে, পা—পিপাসতি, পূ—পিপবিষতে, প্রচ্ছ্—পিপৃচ্ছিষতি, বুধ্—বুভুৎসতে, ব্রূ or বচ্—বিবক্ষতি, ভিদ্—বিভৎসতি-তে, ভূ—বুভূষতি, মা—মিৎসতি, মুচ্—মুমুক্ষতি, মৃ—মুমূর্ষতি, যজ্—যিজক্ষতি-তে, —যিযাষতি, যুজ্—যুযুক্ষতি-তে, রভ্—রিপ্সতে, রম্—রিরংসতে রু—রুরূষতি, রুধ্—রুরুৎসতি, রুহ্—রুরুক্ষতি, লভ্—লিপ্সতে, লিখ্—লিলিখিষতি, or লিলেখিষতি, বস্ (to live)—বিবৎসতি, বস্ (to wear)—বিবসিসতে, বিদ্ (to know)—বিবদিষতি, বিশ্—বিবক্ষতি,

বৃত্—বিবর্ত্তিষতে, শী—শিশয়িষতে, শুভ্—শুশোভিষতে, শ্রু—শুশ্রূষতে, শ্রি—শিশ্রীষতি, সিচ্—সিসিক্ষতি-তে, সৃজ্—সিসৃক্ষতি, সেব্—সিসেবিষতে, স্তু—তুষ্টূষতি-তে. স্থা—তিষ্ঠাসতি, স্না—সিস্নাসতি, স্বপ্—সুষুপ্সতি, স্মৃ—সুস্মূর্ষতে, হন্-জিঘাংসতি, হা (to leave)—জিহাসতি, হৃ—জিহীর্ষতি-তে। হু—জুহূষতি, হেব—জুহূষতি-তে।

Exercise 34

1. Translate into Sanskrit :—

A রাজা দেশ জয় করিতে ইচ্ছা করেন। শিক্ষক আমাকে দুইটি প্রশ্ন জিজ্ঞাসা করিতে ইচ্ছা করিয়াছিলেন। ধার্ম্মিক ব্যক্তি অর্থ পাইতে ইচ্ছা করেন না। তিনি জলপান করিতে ইচ্ছা করেন। ব্যাধ মৃগ বধ করিতে ইচ্ছা করে।

B. I wish to read the Vedas. 2 All men wish to get money. 3. The hunter wishes to kill the beasts. 4. The king wishes to give food to the poor. 5. Rama does not wish to go to school to-day. 6 Do you wish to take this flower ? 7. The king is crowned (অভিষিক্তঃ) to-day, God save (পাতু) the king. 8 There has been good rain (সুবৃষ্টিঃ) the country is prosperous now, and there is no fear of famine.

2. Give single Sanskrit word for each of the following :—

1. Wishes to kill. 2. Wishes to take. 3. Wishes to gaine. 4 Wishes to cross 5. Wishes to lie down 6. Wishes to ask. 7 Wishes to see. 8 Wishes to do. 9 Wishes to conquer. 10. Wishes to eat.

3 Substitute single word for. :—

(১) নেতুম্ ইচ্ছতি। (২) দাতুম্ ঐচ্ছৎ (৩) স্রষ্টুম্ ঐচ্ছৎ। (৪) ভোক্তুম্ ইচ্ছতু। (৫) জেতুম্ ইচ্ছতি। (৬) দগ্ধুম্ ইচ্ছতি। (৭) মোক্তুম্ ইচ্ছতি। (৮) হন্তুম্ ইচ্ছতি। (৯) গ্রহীতুম্ ইচ্ছতি।

4. Correct the following sentences, giving reasons :—

(১) ছাত্রো গুরুং নিনমিষতি। (২) অহং চন্দ্রং দিদৃক্ষামি। (৩) ত্বং ফলং বুভোক্ষিষতি। (৪) দরিদ্রঃ অর্থং লিপ্সতি। (৫) শিশুঃ শয্যায়াং শিশায়তি। (৬) ত্বং কিং ইপ্সতি। (৭) রাজা দরিদ্রেভ্যঃ ধনং দিদাসতি। (৮) উদ্যানপালকঃ বৃক্ষান্ সিষিচিষতে। (৯) সাহসী যুবা নদীং তিতর্ষতে।

LESSON III

যঙন্ত ধাতু—Frequentative Verbs

১। পৌনঃপুন্য (repetition) এবং অতিশয় (excessiveness) অর্থে একস্বর-যুক্ত অথচ আদিতে ব্যঞ্জনবর্ণ-বিশিষ্ট ধাতুর উত্তর যঙ্ হয়। যঙ্ প্রত্যয়ের 'য' থাকে। যঙন্ত্ ধাতু আত্মনেপদী হয়। যঙন্ত্ ধাতুর রূপ ভ্বাদিগণীয় ধাতুর ন্যায় হয়। যথা—পঠ্ + যঙ্ = পাপঠ্য + লট-তে = **পাপঠ্যতে**। ছাত্রঃ পুস্তকং পাপঠ্যতে—The student reads the book over again.

২। **নিত্যং কৌটিল্যে গতৌ**—কেবল কৌটিল্য অর্থে কুটিলভাবে গমন করা (to move in a zaigzag way) বুঝাইলে গত্যর্থ ধাতুর উত্তর যঙ্ প্রত্যয় হয়। যথা—ক্রম্—চঙ্ক্রম্যতে (কুটিলং ক্রামতি)। গম্—কুটিলং গচ্ছতি = জঙ্গম্যতে।

Note—অট্ (to roam), অশ্ (to eat) এবং অস্ (to be,) —এই তিনটি ধাতুর আদিতে স্বরবর্ণ থাকিলেও যঙ্ প্রত্যয় হয়। যথা **অট্**—অটাট্যতে, **অশ্**—অশাশ্যতে, **অস্**—বোভূয়তে।

কতিপয় যঙন্ত ক্রিয়া

(লট্—3rd person, sing)

কৃ—চেক্রীয়তে, কৃষ্—চরীকৃষ্যতে, ক্রম্—চঙ্ক্রম্যতে, ক্রী—চেক্রীয়তে, ক্রুধ্—চোক্রুধ্যতে, গম্—জঙ্গম্যতে, গৈ—জেগীয়তে, গ্রহ্—জরীগৃহ্যতে, ঘ্র—জেঘ্রীয়তে, চল্—চাচল্যতে, চি—চেচীয়তে, জন্—জাজায়তে or জঞ্জন্যতে, জি—জেজীয়তে, জ্ঞা—জাজ্ঞায়তে, জ্বল্—জাজ্বল্যতে, তপ্—তাতপ্যতে, তৃ—তেতীর্য্যতে, ত্যজ্—তাত্যজ্যতে, ত্রৈ—তাত্রায়তে, দন্শ—দন্দশ্যতে, দহ্—দন্দহ্যতে, দা—দেদীয়তে, দীপ্—দেদীপ্যতে, দুহ্—দোদুহ্যতে, দৃশ্—দরীদৃশ্যতে, নদ্—নানদ্যতে, নম্—নংনম্যতে, নশ্—নানশ্যতে, নী—নেনীয়তে, নৃত্—নরীনৃত্যতে, পচ্—

—পাপচ্যতে, পত্—পনীপত্যতে, পা—পেপীয়তে, প্রচ্ছ্—পরীপৃচ্ছ্যতে, বুধ্—বোবুধ্যতে, ভিদ্—বেভিদ্যতে, ভী—বেভীয়তে, মা—মেমীয়তে, মুচ্—মোমুচ্যতে, মুহ্—মোমুহ্যতে, যা—যাযায়তে, রম্—রংরম্যতে, রুদ্—রোরুদ্যতে, রুহ্—রোরুহ্যতে, লপ্—লালপ্যতে, লভ্—লালভ্যতে, লিহ্—লেলিহ্যতে, লুপ্—লোলুপ্যতে, বদ্—বাবদ্যতে, বিদ্—বেবিদ্যতে, বিশ্—বেবিশ্যতে, বৃত্—বরীবৃত্যতে, ব্যথ্—বাব্যথ্যতে, শী—শাশয্যতে, শুচ্—শোশুচ্যতে, শ্রু—শোশ্রূয়তে, সিচ্—সেসিচ্যতে, সৃজ্—সরীসৃজ্যতে, স্থা—তেষ্ঠীয়তে, স্তু—তোষ্টূয়তে, স্না—সাস্নায়তে, স্মৃ—সাস্মর্যতে স্বপ্—সাষুপ্যতে, হা—জেহীয়তে, হন্—জঙ্ঘন্যতে, জেঘ্নীয়তে, হস্—জহাস্যতে, হ্ব—জেহ্বীয়তে।

Note (a) গত্যর্থক হন্ ধাতু হইতে জঙ্ঘন্যতে এবং হিংসার্থক হন্ ধাতু হইতে জেঘ্নীয়তে পদ হয়। গত্যর্থ হন্ ধাতুর প্রয়োগ শিষ্ট বিরুদ্ধ।

(b) যঙন্ত ধাতুর উত্তর **শানচ্** প্রভৃতি কৃৎপ্রত্যয় করিয়া বিশেষণপদ গঠন করা যায়। যথা—**ক্রম্** · যঙ্=চঙ্ক্রম্য+শানচ্=চঙ্ক্রম্যমাণঃ।

ততঃ সঃ অন্ধঃ চঙ্ক্রম্যমাণঃ কূপেঽপতৎ (ম)। নম্+যঙ্=নংনম্য+শানচ্=নংনম্যনাঃ। নংনম্যমানঃ, ফলদিৎসয়েব চকাসিরে তত্র লতা বিলোলাঃ (ভট্টিঃ)। এইরূপ, জ্বল্+যঙ্=জাজ্বল্য+শানচ্=জাজ্বল্যমানঃ (প্রদীপঃ)।

Exercise 35

1. *Translate into Sanskrit :—*

A. মধ্যাহ্নকালে আমি বরাবর জলপান করি। বালকটি বারবার ব্যাকরণ পড়ে। শিশুটি পুনঃ পুনঃ কাঁদিতেছে। বালিকারা বারবার নৃত্য করিতেছে। রাম পুনঃ পুনঃ পুষ্পের আঘ্রাণ লইতেছে। ছাত্রটি পুঃন পুনঃ প্রশ্ন জিজ্ঞাসা করিতেছে।

B. 1. The cook is cooking [যঙন্ত of পচ্] rice again and again. 2. The king roams [যঙন্ত of অট্] in the large forest frequently. 3. The boy drinks [যঙন্ত of পা] milk again and

again. 4. The hunter kills [যঙন্ত of হন্] animals again and agin. 5. The teacher asks [যঙন্ত of প্রচ্ছ্] questions again and again. 6. Mosquitoes bit at night again and again.

2. *Substitute single word for :—*

(১) পুনঃ পুনঃ দীপ্যতে। (২) পুনঃ পুনঃ বর্ত্ততে। (৩) পুনঃ পুনঃ নৃত্যতি। (৪) পুনঃ পুনঃ পৃচ্ছতি।

3. *Correct the following sentences, giving reasons :—*

(১) শিশুঃ কথং ররুদ্যতে ? (২) ব্রাহ্মণঃ পুষ্পং জেঘ্রীয়তি। (৩) বালকঃ চন্দ্রং দীদৃশ্যতি। (৪) বন্ধুঃ গীতং শোশ্রূয়তি। (৫) গায়কঃ মধুরং গীতং জংগীয়তে। ভানুঃ গগনে তাতপ্যতে।

LESSON IV

নামধাতু—Nominal Verbs

১। শব্দকেই নাম বলে। সেই নাম অর্থাৎ শব্দের উত্তর বিশেষ বিশেষ অর্থে কতকগুলি প্রত্যয় হয় এবং শব্দটি ধাতুতে পরিণত হয়। এই সকল প্রত্যয়ান্ত শব্দকে **নামধাতু** বলে। নামধাতুর রূপ ভ্বাদিগণীয় ধাতুর মত হয়। যথা—পুত্র + কাম্য = **পুত্রকাম্য** (নামধাতু), পুত্রকাম্য + লট্ তি = পুত্রকাম্যতি (আত্মনঃ পুত্রম্ ইচ্ছতি)—He desires to have a son of his own.

২। **কাম্য**—নিজের ইচ্ছা বুঝাইলে শব্দের উত্তর **কাম্য** (কাম্যচ্) প্রত্যয় হয়। কাম্য-প্রত্যয়ান্ত ধাতু পরস্মৈপদী। যথা—(১) আত্মনঃ পুত্রম্ ইচ্ছতি = পুত্রকাম্যতি—He wishes to have wealth for his own sake. (৩) আত্মনঃ যশঃ ইচ্ছতি = যশস্কাম্যতি—He desires to acquire fame for his own glory.

Note—কাম্যচ্ প্রভৃতি প্রত্যয়ান্ত নামধাতুর উত্তর বিভিন্ন কৃৎ প্রত্যয় করিয়া বিশেষ্য ও বিশেষণ পদ ব্যবহার করা যায়। যেমন—পুত্র + কাম্য = পুত্রকাম্য (নামধাতু) অ, স্ত্রী—আ = পুত্রকাম্যা (পুত্রকামনা—Desire for son) প্রয়োগঃ—পুংসঃ কথং স্যাদিহ পুত্রকাম্যা (ভট্টি)।

৩। ক্যচ্—নিজের ইচ্ছা বুঝাইলে শব্দের উত্তর ক্যচ্ প্রত্যয় হয়। ক্যচ্ প্রত্যয়ের য থাকে। ক্যচ্ প্রত্যয়ান্ত ধাতু পরস্মৈপদী ও ক্যচ্ প্রত্যয় করিলে শব্দের অন্তস্থিত অকার স্থানে ঈকার, হ্রস্বস্বর দীর্ঘ এবং ঋ স্থানে রী হয়। যথা—আত্মনঃ পুত্রম্ ইচ্ছতি=পুত্রীয়তি—He wishes for a son of his own.

Note—অন্যসংক্রান্ত ইচ্ছা বুঝাইলে শব্দের উত্তর কাম্য ও ক্যচ্ প্রত্যয় হয় না। যেমন—পুত্রস্য পুত্রম্ ইচ্ছতি—এই বাক্যে পুত্রকাম্যতি বা পুত্রীয়তি এইরূপ পদ হইবে না।

৪। যাহার সহিত কোন বস্তুর তুলনা করা হয়, তাহাকে উপমান বলে। আচরণ অর্থে কর্ম্মবাচক ও অধিকরণবাচক উপমানের উত্তর ক্যচ্ প্রত্যয় হয় এবং অন্যান্য বিশেষ বিশেষ অর্থেও শব্দের উত্তর ক্যচ্ প্রত্যয় হয়। (১) শিষ্যং পুত্রম্ ইব আচরতি—**পুত্রীয়তি** শিষ্যম্—He treats his pupil as a son. (২) মিত্রং রিপুম্ ইব আচরতি—**রিপূয়তি** মিত্রম্। (৩) ভৃত্যম্ সখায়ম্ ইব আচরতি—**সখীয়তি** ভৃত্যম্—He looks upon servant as a friend. (৪) বনে গৃহে ইব আচরতি—**গৃহীয়তি** বনে—He considers a forest as home. (৫) গুরুং রাজানম্ ইব আচরতি—**রাজীয়তি** গুরুম্—He looks upon his preceptor as a king. (৬) গুরৌ রাজনি ইব আচরতি=**রাজন্যতি** গুরৌ—He so behaves towards his preceptor as towards the king. (৭) উপাধ্যায়ং পিতরম্ ইব আচরতি=**পিত্রীয়তি** উপাধ্যায়ম্—He considers his preceptor as father. (৮) অশনম্ (অন্নাদি ভোক্তুম্) ইচ্ছতি=অশনায়তি (He) wishes to eat. (৯) উদকং পাতুম্ ইচ্ছতি=উদন্যতি—(He) wishes to drink water.

ক্ষুধা, পিপাসা ও ধনলোভ বুঝাইলে অশন, উদক ও ধন শব্দের উত্তর ক্যচ্ হয় ও উক্ত শব্দসমূহ স্থানে অশনা, উদন্ ও ধনা আদেশ হয়

10

অশনায়তি = ক্ষুধ্যসি, উদন্যতি = পিপাসতি, ধনায়তি—ধনকাম্যতি। কিন্তু অনশম্, উদকম্ বা ধনমিব আচরতি ইচ্ছতি বা অশনীয়তি, উদকীয়তি ও ধনীয়তি।

৫। ক্যঙ্—আচরণ অর্থে কর্তৃবাচক উপমানের উত্তর ক্যঙ্ প্রত্যয় হয়। ক্যঙ্ প্রত্যয়ের 'য' থাকে। ক্যঙ্ প্রত্যয়ান্ত ধাতু আত্মনেপদী। ক্যঙ্ প্রত্যয় করিলে অন্তঃস্থিত অকার স্থানে আ হয়। অন্যান্য পরিবর্তন ক্যঙ্ প্রত্যয়ের তুল্য। নিম্নলিখিত উদাহরণগুলি লক্ষ্য কর :—

(১) পুত্র ইব আচরতি = পুত্রায়তে—He acts like a son. (২) শিষ্য ইব আচরতি = শিষ্যায়তে—He acts like a pupil. (৩) সখা ইব আচরতি = সখীয়তে—He acts like a friend. (৪) হংস ইব আচরতি = হংসায়তে—He acts like a swan. (৫) পয়ঃ ইব আচরতি = পয়ায়তে or পয়স্যতে—It acts like water. (৬) পিতা ইব আচরতি = পিত্রীয়তে—He acts like the father.

(ক) **'করণ'** অর্থে ক্যঙ্ প্রত্যয় :—

(১) শব্দং করোতি = শব্দায়তে—He makes a sound. (২) বৈরং করোতি = বৈরায়তে—He makes enmity (৩) কলহং করোতি = কলহায়তে—He quarrels.

(খ) 'অনুভব' অর্থে কঙ্ প্রত্যয় :—

(১) সুখম্ অনুভবতি—সুখায়তে—He feels pleasures. (২) দুঃখম্ অনুভবতি—দুঃখায়তে—He feels sorrow. (৩) কৃচ্ছ্রম্ অনুভবতি—কৃচ্ছ্রায়তে—He feels pain.

(গ) **'উদ্বমন'** অর্থে ক্যঙ্ প্রত্যয় :—(১) বাষ্পম্ উদ্বমতি = বাষ্পায়তে—It emits vapour. (২) ধূমম্ উদ্বমতি = ধূমায়তে—It emits smoke. (৩) ফেনম্ উদ্বমতি = ফেনায়তে—It gives out froth.

প্রয়োগঃ—বাষ্পায়তে নিপতিতা মম দৃষ্টিরস্মিন্। (বি)

(ঘ) উদ্গার-পূর্ব্বক চর্ব্বণ অর্থে রোমন্থ শব্দের উত্তর ক্যঙ্ প্রত্যয় হয়। উদ্গীর্য্যচর্ব্বয়তি = রোমন্থায়তে (গৌঃ)—(The cow) arumintes.

(ঙ) অভূততদ্ভাব (পূর্ব্বে ছিল না, এখন হইয়াছে) অর্থে ক্যঙ্ প্রত্যয় হয়। যথা—(১) অচপলঃ চপলঃ ভবতি=চপলায়তে, (২) অপণ্ডিতঃ পণ্ডিতঃ ভবতি=পণ্ডিতায়তে, (৩) অদুর্ম্মনাঃ দুর্ম্মনাঃ ভবতি=দুর্ম্মনায়তে, (৪) অসুমনাঃ সুমনাঃ ভবতি=সুমনায়তে, (৫) অমলিনঃ মলিনঃ ভবতি=মলিনায়তে।

(চ) তপস্ শব্দের উত্তর ক্যঙ্ হইলে উহা পরস্মৈপদী হয়। যথা—তপঃ করোতি=তপস্যতি।

৬। ণিচ্—'করণ' অর্থে শব্দের উত্তর ণিচ্ প্রত্যয় হয়। ণিচ্ প্রত্যয় হইলে কোন কোন শব্দের রূপের কিছু কিছু পরিবর্ত্তন হয়। যথা—(১) প্রশ্নং করোতি=প্রশ্নয়তি, (২) শব্দং করোতি=শব্দয়তি, (৩) মুখরং করোতি=মুখরয়তি, (৪) মিশ্রং করোতি=মিশ্রয়তি, (৫) পবিত্রং করোতি=পবিত্রয়তি, (৬) প্রমাণং করোতি=প্রমাণয়তি, (৭) মলিনং করোতি=মলিনয়তি, (৮) পৃথুং করোতি=প্রথয়তি, (৯) মৃদুং করোতি=ম্রদয়তি, (১০) দৃঢ়ং করোতি=দ্রঢ়য়তি, (১১) স্থূলং করোতি=স্থবয়তি, (১২) দূরং করোতি=দবয়তি, (১৩) অন্তিকং করোতি=নেদয়তি, (১৪) বহুলং করোতি=বংহয়তি, (১৫) হ্রস্বং করোতি=হ্রস্বয়তি, (১৫) ক্ষুদ্রং করোতি=ক্ষোদয়তি, (১৭) লঘুং করোতি=লঘয়তি, (১৮) ক্ষিপ্রং করোতি==ক্ষেপয়তি, (১৯) গুরুং করেতি=গবয়তি, (২০) অল্পং করোতি=অল্পয়তি or কনয়তি।

Note. (a) ণিচ্ হইলে স্থূল স্থানে স্থব্, দুর স্থান দব্ অন্তিক স্থানে নেদ এবং বহুল স্থানে বংহ হয়।

(b) ণিচ্ হইলে পৃথু, মৃদু ও দৃঢ় শব্দের ঋ স্থানে র ও অন্ত্যস্বরের লোপ হয় এবং ঈয়সু বা ইষ্ঠ প্রত্যয় পরে থাকিলে প্রিয় প্রভৃতি যেরূপ পরিবর্ত্তন হয় সেইরূপ পরিবর্ত্তন হইয়া থাকে।

Exercise 36

1. *Translate into Sanskrit :—*

A. শিক্ষক ছাত্রগণকে পুত্রের ন্যায় দেখেন। মহারাজ দশরথ পুত্র

কামনা করিয়াছিলেন। সকলেই যশ কামনা করে। প্রজারা রাজাকে পিতার ন্যায় দেখিত।

B. 1. Who does not wish for a son? 2. The sage treats her like his daughter. 3. The teacher looks upon his pupil as his own son. 4. The man desires to have a son. 5. The son bows down to his parents. 6 The old man behaves like a young man. 7. The king wishes to have a son.

2. Substitute single word for :—

(১) আত্মনঃ পুত্রম্ ইচ্ছতি। (২) আত্মনঃ যশঃ ইচ্ছতি। (৩) উদকং পাতুম্ ইচ্ছতি। (৪) রাজা ইব আচরতি। (৫) সুখম্ অনুভবতি। (৬) অশীঘ্রঃ শীঘ্রঃ ভবতি। (৭) প্রশ্নং করোতি। (৮) তপঃ করোতি। (৯) দূরং করোতি। (১০) বাষ্পম্ উদ্বমতি।

3. Correct the following sentences, giving reasons :—

(১) ভবান্ মাং নমস্যতে। (২) মুনয়ঃ তপোবনে তপস্যন্তে। (৩) শিক্ষকঃ শিষ্যং পুত্রয়তি। (৪) অনলঃ বাষ্পয়তি। (৫) অন্নং শিশু উন্মনায়তি। (৬) রামঃ অদ্য চপলায়তি। (৭) বিপ্রঃ গঙ্গাজলেন দ্রব্যং পবিত্রয়তে। (৮) বৃদ্ধ নরপতি পুত্রকাম্যতে। (৯) ধেনবঃ রোমন্থয়তি। (১০) অর্থাভাবাৎ দরিদ্রঃ দুঃখায়তি।

Model Questions

(ণিচ্, সন্, যঙ্ and নামধাতু)

1. What classes of verbs generally in their causative form convert the Agent (প্রযোজ্যকর্ত্তা) into the grammatical accusative (কর্ম্মসংজ্ঞা)? Adduce two suitable examples.

2. What is a নামধাতু? Show the use of a নামধাতু, or give an example of যঙন্ত root and explain its meaning.

3. Shorten the following sentences by putting suitable substitutes for underlined parts: (a) অয়ং রাজা শত্রুং হন্তুমিচ্ছতি। (b) স আত্মনঃ পুত্রমিচ্ছতি। (c) স মাম্ অন্নং ভোক্তুং প্রেরয়তি।

CHAPTER VIII

পরস্মৈপদ ও আত্মনেপদ

Introduction

পূর্ব্বে বলা হইয়াছে সংস্কৃত ভাষার ধাতুগুলি তিন ভাগে বিভক্ত—কতকগুলি ধাতু পরস্মৈপদী, কতকগুলি আত্মনেপদী এবং কতকগুলি উভয়পদী। পরস্মৈপদী ধাতুর উত্তর কেবল পরস্মৈপদের বিভক্তি হয়; আত্মনেপদী ধাতুর উত্তর কেবল আত্মনেপদের বিভক্তি হয় এবং উভয়পদী ধাতুর উত্তর পরস্মৈপদ ও আত্মনেপদের বিভক্তি হইয়া থাকে।

পরস্মৈপদী—স্থা (to stay)—তিষ্ঠতি, মুনিঃ আশ্রমে তিষ্ঠতি। রম্ (to sport)—রমতে, ভ্রমরঃ কমলে রমতে — The bee sports in the lotus. উভয়পদী—বহ্ (to carry) বহতি or বহতে, ভৃত্যঃ ভারং বহতি-তে—The servant carries the burden.

দ্রষ্টব্য ঃ—সংস্কৃত ব্যাকরণে এমন কতকগুলি নিয়ম আছে, যাহা দ্বারা অর্থ বিশেষে ও কোন উপসর্গের যোগে পরস্মৈপদী হয়; আত্মনেপদী ধাতু পরস্মৈপদী হয় এবং উভয়পদী ধাতু কেবল আত্মনেপদে বা কেবল পরস্মৈপদে ব্যবহৃত হইতে পারে। যেমন—

স্থা ধাতু পরস্মৈপদী, কিন্তু প্র-পূর্ব্বক স্থা ধাতু আত্মনেপদী। স্থা with প্র = (to start)—প্রতিষ্ঠতে, মুনিঃ আশ্রমায় প্রতিষ্ঠতে। রম্ ধাতু পরস্মৈপদী—রম্ with বি = বিরমতি, ছাত্রঃ অধ্যয়নাৎ বিরমতি। বহ্ ধাতু উভয়পদী, কিন্তু প্র-পূর্ব্বক বহ্ ধাতু কেবল পরস্মৈপদী—বহ্ with প্র = প্রবহতি, নদী প্রবহতি।

LESSON I

পরস্মৈপদ

১। ব্যাঙ্-পরিভ্যো রমঃ—(বি—আঙ্—পরিভ্য + রমঃ)—রম্ (to sport) ধাতু আত্মনেপদী, কিন্তু বি, আ ও পরি-পূর্ব্বক রম্ ধাতু পরস্মৈপদী।

যথা—বিরমতি (ceases), আরমতি (takes rest), পরিরমতি (becomes pleased). (১) ছাত্রঃ অধ্যয়নাৎ বিরমতি—The student desists from his study. (২) রাজা উদ্যানে আরমতি—The king takes rest in a garden. (৩) প্রারভ্য বিঘ্নবিহতা বিরমন্তি মধ্যাঃ (মুদ্রা)।

২। উপাচ্চ—(উপাৎ+চ)—উপ-পূর্ব্বক রম্ ধাতু পরস্মৈপদী। যথা—উপরমতি—এখানে 'উপরমতি'-এর অর্থ 'উপরময়তি (সন্তুষ্ট করিতেছে—pleases)।

এস্থলে উপ-পূর্ব্বক রম্ ধাতু সকর্ম্মক, কারণ ণিজন্ত না হইয়াও ণিজন্ত ধাতুর অর্থ প্রকাশ করিতেছে।

৩। বিভাষাঽকর্ম্মকাৎ—উপ-পূর্ব্বক রম্ ধাতু অকর্ম্মক হইলে বিকল্পে পরস্মৈপদী হয়। যথা—উপরমতি or উপরমতে (ceases)। ছাত্রঃ অধ্যয়নাৎ উপরমতি or উপরমতে—The student desists from his study.

৪। অনু-পরাভ্যাং কৃঞঃ—কৃ (to do) ধাতু উভয়পদী, কিন্তু অনু ও পরা-পূর্ব্বক কৃ-ধাতু কেবল পরস্মৈপদে ব্যবহৃত হয়। যথা—(১) শিষ্যঃ গুরুম্ অনুকরোতি—The pupil imitates his teacher. (২) স দানং পরাকরোতি—He rejects the gift

৫। অভি-প্রত্যতিভ্যঃ ক্ষিপঃ—(অভি—প্রতি—অতিভ্যঃ ক্ষিপঃ)—ক্ষিপ্ (to throw) ধাতু উভয়পদী, কিন্তু অভি, প্রতি ও অতি পূর্ব্বক ক্ষিপ্ ধাতু কেবল পরস্মৈপদে ব্যবহৃত হয়। যথা—অভিক্ষিপতি (throws, excels), প্রতিক্ষিপতি, অতিক্ষিপতি (throws)। স বিদ্যয়া বৃহস্পতিম্ অতিক্ষিপতি—He excels Vrihaspati in learning.

৬। প্রাদ্বহঃ (প্রাৎ+বহঃ)—বহ্। (to carry) ধাতু উভয়পদী কিন্তু প্র-পূর্ব্বক বহ্ ধাতু কেবল পরস্মৈপদে ব্যবহৃত হয়। যথা—নদী প্রবহতি—The river flows.

৭। পরের্মৃষঃ—(পরে+মৃষঃ)—দিবাদিগণীয় মৃষ্ ধাতু উভয়পদী,

কিন্তু পরি পূর্ব্বক মৃষ্‌ ধাতু কেবল পরস্মৈপদে ব্যবহৃত হয়। যথা—পরিমৃষ্যতি (Becomes angry)।

৮। **বুধ্‌-যুধ্‌-নশ্‌-জনেঙ্‌-প্রু-দ্রু-স্রুভ্যো ণেঃ**—ণিজন্ত ধাতু উভয়পদী কিন্তু বুধ্‌ (to know), যুধ্‌ (to fight), নশ্‌ (to be destroyed), জন্‌ (to be born), ইঙ (অধ্যয়নার্থ-অধি-পূর্ব্বক ই ধাতু—to study), প্রু (to obtain), দ্রু (to melt) ও স্রু (to flow) ধাতু ণিজন্ত হইলে কেবল পরস্মৈপদী হয়। যথা—

(১) বোধয়তি—Causes to understand. (২) যোধয়তি—Causes to fight. (৩) নাশয়তি—Destroys. (৪) জনয়তি—Causes to produces. (৫) অধ্যাপয়তি—Teaches. (৬) প্রাবয়তি—Causes to obtain. (৭) দ্রাবয়তি—Causes to melt. (৮) স্রাবয়তি—Causes to trickle

প্রয়োগ

(১) সূর্য্যঃ পঙ্কজং বোধয়তি—The sun causes the lotus to blossom.

(২) সেনাপতিঃ সৈনিকান্‌ যোধয়তি—The commander of the army causes the soldiers to fight. (৩) রবিঃ নৈশম্‌ অন্ধকারং নাশয়তি—The sun dispels the darkness of the night.

৯। **নিগরণ-চলনার্থেভ্যশ্চ**—নিগরণ (ভোজন—eating), চলন (কম্পন্‌—moving)। ভোজনার্থ ও চলনার্থ ধাতু ণিজন্ত হইলে কেবল পরস্মৈপদী হয়।

(১) নিগারয়তি—Causes to swallow. (২) ভোজয়তি—Feeds. (৩) আশয়তি—Causes to eat. (৪) চালয়তি—Causes to move. (৫) কম্পয়তি—Causes to shake. (৬) রাজা ব্রাহ্মণান্‌ ভোজয়তি—The king feeds the Brahmins. (৭) জননী পুত্রম্‌ আশয়তি—The mother feeds her son.

(ক) অদেঃ প্রতিষেধঃ—অদ্ ধাতু ভোজনার্থ, সেইজন্ম পূর্ব্বের সূত্রানুসারে কেবল পরস্মৈপদী হইবার কথা, কিন্তু এই নিয়ম অদ্ ধাতুর বেলায় খাটিবে না, অর্থাৎ ণিজন্ত অদ্ ধাতু (ক্রিয়ার ফল কর্ত্তৃগামী হইলে) কেবল আত্মনেপদী হইবে। যেমন—পুত্রেণ অন্নম্ আদয়তে—The mother causes her sons to eat food. কিন্তু ক্রিয়ার ফল কর্ত্তৃগামী না হইলে পরস্মৈপদী হয়। যথা—আদয়তি অন্নং বটুনা।

১০। **অণাবকর্ম্মকাচ্চিত্তবৎ-কর্ত্তৃকাৎ**—(অণৌ+অকর্ম্মকাৎ+চিত্তবৎ—কর্ত্তৃকাৎ)—যদি কোন অকর্ম্মক ধাতুর অণিজন্ত কালে প্রাণী কর্ত্তা থাকে তাহা হইলে সেই ধাতু ণিজন্ত হইলে কেবল পরস্মৈপদী হয়। যথা—

অণিজন্ত—পুত্রঃ শেতে—The son lies down. **ণিজন্ত**—মাতা পুত্রং শায়য়তি—The mother makes her son lie down.

উপরের উদাহরণে অণিজন্ত অবস্থায় শী-ধাতু অকর্ম্মক এবং উহার কর্ত্তা 'পুত্র' একটি প্রাণী, সেইজন্য ণিজন্ত অবস্থায় 'শায়ি' ধাতু কেবল পরস্মৈপদী হইল। এইরূপ :—(১) শিশুঃ জাগর্ত্তি (অণিজন্ত)। মাতা শিশুং জাগরয়তি (ণিজন্ত)—The mother causes the child to wake up. (২) পুত্রঃ ক্রীড়তি (অণিজন্ত)। জননী পুত্রং ক্রীডয়তি (ণিজন্ত)—The mother causes the son to play. কিন্তু প্রাণী কর্ত্তা না হইলে এই নিয়ম খাটে না অর্থাৎ কেবল পরস্মৈপদ না হইয়া পরস্মৈপদ ও আত্মনেপদ হয়। যথা—

অণিজন্ত—(১) জলং শুষ্যতি—Water dries up **ণিজন্ত**—ভানুঃ জলং শোষয়তি or শোষয়তে—The sun makes the water dry up

অণিজন্ত—(১) নদী বর্দ্ধতে—The river increases. **ণিজন্ত**—বর্ষাকালঃ নদীং বর্দ্ধয়তি or বর্দ্ধয়তে—The rainy season causes the river to increase.

উপরের উদাহরণ দুইটির মধ্যে প্রথম উদাহরণে অণিজন্ত অবস্থায় শুষ্ ধাতুর কর্ত্তা 'জল' প্রাণী নয় এবং দ্বিতীয় উদাহরণে বৃধ্ ধাতুর কর্ত্তা 'নদী

প্রাণী নয়। সেইজন্য ণিজন্ত অবস্থায় এই দুইটি ধাতু উভয়পদীই থাকিল। কারণ ণিজন্ত ধাতু সাধারণতঃ উভয়পদী।

Exercise 37

1. *Translate into Sanskrit :—*

A. দুষ্ট ব্যক্তি পাপকর্ম্ম হইতে বিরত হয় না। জননী পুত্র দুইটিকে খাওয়াইতেছেন। বৃদ্ধ রাজা পুত্রবিয়োগ দুঃখে প্রাণত্যাগ করিলেন। তিনি কোমল শয্যায় বিশ্রাম করিতেছেন। বালকটি অধ্যয়ন হইতে বিরত হইতেছে।

B. 1. A laborious (পরিশ্রমিন্-পুং) student never desists (বি+রম্) from his study. 2. The cultivators (কৃষক:) takes rest (আ+রম্) after his days' labour 3. The boys sport (পরি+রম্) in the afternoon. 4. A dutiful student often pleases (উপ+রম্) his teacher by his study. 6. Disciples (শিষ্য-পুং) imitate the conduct of their preceptor. 6. The householder (গৃহস্থঃ) rejects (পরা+কৃ) his old cloths. 7. The hunter throws (অভি+ক্ষিপ্) the sharp arrow. 8. The river flows (প্র+বহ্) swiftly in the rainy season.

2. *Correct the following :—*

(১) বৎস! ক্ষণং আরমস্ব। (২) দুর্জ্জনাঃ পাপকর্ম্মণঃ ন বিরমতে। (৩) বৈদ্যঃ রোগিণং শায়য়তে। (৪) জননী পুত্রেণ অন্নম্ আদয়তি। (৫) কবিঃ শিষ্যং কাব্যম্ অধ্যাপয়তে। (৬) বর্ষাসু নদ্যঃ প্রবহন্তে। (৭) পুত্রঃ পিতরম্ অনুকুরুতে। (৮) মিত্র! ক্ষণং বিরমস্ব। (৯) রাজা দশ ব্রাহ্মণান্ ভোজয়িষ্যতে। (১০) বায়ুঃ ইমান্ বৃক্ষান্ কম্পয়তে।

LESSON II

আত্মনেপদ

১। **বিপরাভ্যাং জেঃ**—জি (to conquer) ধাতু পরস্মৈপদী, কিন্তু বি ও পরা-পূর্ব্বক জি ধাতু আত্মনেপদী হয়। যথা—বিজয়তে—conquers. পরাজয়তে—defeats. (১) মহারাজঃ বিজয়তে—Victory attends the great king. (২) বীরঃ শত্রুম্ পরাজয়তে—The hero defeats his enemy.

২। **নেৰ্বিশঃ** (নেঃ + বিশঃ)—বিশ্ (to entry) ধাতু পরস্মৈপদী, কিন্তু নি-পূর্ব্বক বিশ্ ধাতু আত্মনেপদী। যথা—নি + বিশ্ লট্তে—নিবিশতে—enters. রামঃ গৃহং নিবিশতে—Rama enters his house.

৩। **পরি-ব্যবেভ্যঃ ক্রিয়ঃ**—(পরি-বি + অবেভ্যঃ)—ক্রী (to buy, to purchase) ধাতু উভয়পদী, কিন্তু পরি, বি ও অব-পূর্ব্বক ক্রী ধাতু আত্মনেপদী। যথা—পরিক্রীণীতে—buys বিক্রীণীতে—sells. অবক্রীণীতে—buys. তন্তুবায়ঃ বস্ত্রং বিক্রীণীতে—The weaver sells cloth.

৪। **আঙো দোহনাস্য-বিহরণে** (আঙঃ + দঃ + অনাস্য-বিহরণে)—আস্যবিহরণ = মুখবিস্তার, ন আস্য-বিহরণ = অনাস্য-বিহরণ (মুখবিস্তার-ভিন্ন) দা (to give) ধাতু উভয়পদী, কিন্তু আঙ্ (আ) পূর্ব্বক দা ধাতু মুখবিস্তার ভিন্ন অর্থে আত্মনেপদী হয়। আস্য (মুখ), বিহরণ (বিস্তার), যথা—আ + দা লট্-তে = আদত্তে—accepts, receives, ছাত্রঃ পারিতোষিকম্ আদত্তে—The student receives a prize.

প্রয়োগ :—সহস্রগুণমুৎস্রষ্টুম্ 'আদত্তে' হি রসং রবিঃ—(র)। মুখবিস্তার অর্থে পরস্মৈপদ হয়। যথা—মুখং ব্যাদদাতি সিংহঃ—The lion opens his mouth.

Note : উপরের সূত্রে আস্য-বিহরণ না বলিয়া কেবল বিহরণ (বিস্তার)

বলিলেই চলে। কারণ, "নদী কূলং ব্যাদদতি" ইত্যাদি স্থলেও পরস্মৈপদ হয়।

৫। **ক্রীড়োঽনু-সংপরিভ্যশ্চ** (ক্রীড়ঃ অনু-সম্-পরিভ্যঃ চ) ক্রীড়্ (to play) ধাতু পরস্মৈপদী, কিন্তু অনু-সম্, পরি ও আ-পূর্ব্বক ক্রীড়্ ধাতু আত্মনেপদী। যথা—অনুক্রীড়তে, সংক্রীড়তে—Plays. পরিক্রীড়তে, আক্রীড়তে—Plays. বালকাঃ সংক্রীড়ন্তে—The boys are playing.

প্রয়োগঃ—সংক্রীড়ন্তে মণিভিরমর-প্রার্থিতা যত্র কন্যাঃ। (মেঘ)

(ক) **সমোঽকূজনে** (সমঃ+অকূজনে)—কূজন (cooing, chirping) অর্থ ভিন্ন অন্য অর্থে সম্-পূর্ব্বক ক্রীড়্ ধাতু আত্মনেপদী হয়। 'কূজন বা অব্যক্ত শব্দ করা' অর্থে পরস্মৈপদী হয়। (১) সংক্রীড়তি চক্রম্—The wheel creaks. (২) বিহগাঃ সংক্রীড়ন্তি—The birds are chirping.

৬। **আশিষি নাথঃ**—নাথ (to bless, to ask) ধাতু উভয়পদী, কিন্তু আশিস্ (অভিলষিত বস্তুর প্রার্থনা) বুঝাইলে নাথ্ ধাতু আত্মনেপদী হয়। যথা—নাথতে—longs for, মোক্ষায় নাথতে মুনিঃ—The sage longs for salvation.

৭। **আঙি নু-প্রচ্ছ্যোঃ**—নু (to praise) ও প্রচ্ছ্ (to ask) ধাতু পরস্মৈপদী, কিন্তু আঙ্ (আ) পূর্ব্বক নু ও প্রচ্ছ্ ধাতু আত্মনেপদী হয়। যথা—আনুতে—howls, আপৃচ্ছতে—takes leave of, bids farewell.

(১) আনুতে শৃগালঃ—The jackal yells. (২) স বন্ধুম্ আপৃচ্ছতে—He takes leave of his friends. **প্রয়োগঃ**—আপৃচ্ছস্ব প্রিয়সখমমুম্—(মে)।

৮। **সমবপ্রবিভ্যঃ স্থঃ**—স্থা (to stay, to stand) ধাতু পরস্মৈপদী কিন্তু সম্, অব, প্র ও বি পূর্ব্বক স্থা ধাতু আত্মনেপদী হয়। যথা—সংতিষ্ঠতে—**relies upon.** অবতিষ্ঠতে—**remains.** প্রতিষ্ঠতে—**sets out, starts,** বিতিষ্ঠতে—**stands apart.**

(১) অত্র ক্ষণম্ অবতিষ্ঠস্ব—Remain here for a moment.
(২) রামঃ বনং প্রতস্থে—Rama started for the forest.

৯। প্রকাশন-স্থেয়াখ্যয়োঃ—নিজের অভিপ্রায়-প্রকাশ (disclosing one's intention) ও বিবাদে মধ্যস্থ নির্ণয় (accepting as umpire) এই দুই অর্থে স্থা ধাতু আত্মনেপদী হয়। যথা—

অভিপ্রায় প্রকাশ—দময়ন্তী নলায় তিষ্ঠতে—Damayanti waits patiently for Nala to disclose her intention. **বিবাদে মধ্যস্থ নির্ণয়**—ত্বয়ি তিষ্ঠতে বিবাদঃ—The dispute depends on you for decision.

১০। **উদোঽনূর্দ্ধকর্ম্মণি**—উদঃ + অনূর্দ্ধকর্ম্মণি (ন ঊর্দ্ধকর্ম্ম = অনূর্দ্ধকর্ম্ম, তস্মিন্) ঊর্দ্ধকর্ম্ম (উত্থান rising or getting up) ভিন্ন অর্থে উৎ-পূর্ব্বক স্থা ধাতু আত্মনেপদী হয়। যথা—যোগী মুক্তৌ উত্তিষ্ঠতে (যোগী মুক্তির জন্য চেষ্টা করিতেছেন)—The ascetic earnestly aspires for salvation. 'উত্থান' অর্থে পরস্মৈপদ হয়। যথা—স আসনাৎ উত্তিষ্ঠতি —He rises from his seat.

Note : চেষ্টা না বুঝাইলে উৎ-পূর্ব্বক স্থা ধাতুর উত্তর আত্মনেপদ হয় না; পরস্মৈপদই হয়। যথা—গ্রামাৎ শতম্ উত্তিষ্ঠতি (গ্রাম হইতে একশত টাকা উঠিয়াছে)—Hundred rupees are realised from the village). এখানে 'শতম্' এই কর্ত্তৃপদের কোন চেষ্টার পরিচয় নাই।

১১। **উপান্মন্ত্রকরণে** (উপাৎ + মন্ত্রকরণে)—মন্ত্রোচ্চারণ-পূর্ব্বক পূজা (Praising with hymns of prayer) অর্থে উপ-পূর্ব্বক স্থা ধাতু আত্মনেপদী হয়। যথা—ব্রাহ্মণঃ গায়ত্র্যা সূর্য্যম্ উপতিষ্ঠতে—The Brahmin worship the sun by reciting Gayatri.

প্রয়োগ :—যে সূর্য্যমুপতিষ্ঠন্তে মন্ত্রৈঃ সন্ধ্যাত্রয়ং দ্বিজাঃ—(ভট্টি)।

১২। **উপাদ্দেবপূজা-সঙ্গতিকরণ-মিত্রকরণ-পথিষু**—দেবপূজা (the worship of a god), সঙ্গতিকরণ (মিলন—uniting), মিত্রকরণ

(making friendship with) এই সকল অর্থে, অথবা পথবাচক শব্দ কর্ত্তা হইলে উপ-পূর্ব্বক স্থা ধাতু আত্মনেপদী হয়। যথা—

(১) দেবপূজা—বিপ্রঃ সূর্য্যম্ উপতিষ্ঠতে—The Brahmin worships the sun-god. (২) সঙ্গতিকরণ—গঙ্গা যমুনাম্ উপতিষ্ঠতে—The Ganges unites with the Yamuna. (৩) মিত্রকরণ—সাধবঃ সাধূন্ উপতিষ্ঠন্তে—The pious make friendship with the pious. (৪) পথবাচক কর্ত্তা—অয়ম্ পন্থাঃ উজ্জয়িনীম্ উপতিষ্ঠতে—This way leads to Ujjayini. প্রয়োগ :—(১) শতমখমুপতস্থে প্রাঞ্জলিঃ পুষ্পধন্বা (কু)। (২) অয়ে! বনদেবতা ইয়ং ফলকুসুমপল্লবার্ঘ্যেণ মাম্ উপতিষ্ঠতে (উ)।

১৩। বা লিপ্সায়াম্—লিপ্সা (লাভের ইচ্ছা—a desire for gain) বুঝাইলে উপ-পূর্ব্বক স্থা ধাতু বিকল্পে আত্মনেপদী হয়। ভিক্ষুকঃ ধনিনঃ দ্বারম্ উপতিষ্ঠতি or উপতিষ্ঠতে—A beggar waits at the door of a rich man (with the desire of getting something).

১৪। অকর্ম্মকাচ্চ (অকর্ম্মকাৎ+চ)—উপ-পূর্ব্বক স্থা ধাতু অকর্ম্মক হইলে আত্মনেপদী হয়। যথা—স ভোজনকালে উপতিষ্ঠতে—He is present at the dinner time. সকর্ম্মক হইলে পরস্মৈপদী হয়। ছাত্রঃ শিক্ষকম্ উপতিষ্ঠতি—The student comes to the teacher.

১৫। আঙো যম-হনঃ—যম্ (to stop) ও হন্ (to kill) ধাতু পরস্মৈপদী, কিন্তু অকর্ম্মক কিংবা স্বাঙ্গকর্ম্মক হইলে আঙ (আ) পূর্ব্বক যম্ ও হন্ ধাতু আত্মনেপদী হয়। যথা—

অকর্ম্মক—(১) শিশুঃ আহতে—The child strikes. (২) বৃক্ষঃ আযচ্ছতে—The tree spreads. স্বাঙ্গ-কর্ম্মক—(২) স হস্তম্ আযচ্ছতে—He spreads out his own hands. (২) বৃদ্ধঃ স্বশিরঃ আহতে—The old man strikes his own head. কিন্তু নিজের অঙ্গবাচক শব্দ ভিন্ন অন্য কিছু কর্ম্ম হইলে আত্মনেপদ না হইয়া পরস্মৈপদ হয়। যথা—

(১) ভৃত্যঃ কূপাৎ রজ্জুম্ আযচ্ছতি—The servant pulls up the rope from the well. (২) রাজা শত্রুম্ আহন্তি—The king strikes his enemy.

১৬। **উদ্‌বিভ্যাং তপঃ** (অকর্ম্মকাৎ স্বাঙ্গকর্ম্মকাচ্চ)—তপ্ (to shine, to heat) ধাতু পরস্মৈপদী, কিন্তু অকর্ম্মক কিংবা স্বাঙ্গকর্ম্মক (যেখানে কর্ত্তার নিজের কোন অঙ্গবাচক শব্দ কর্ম্ম হয়) হইলে উদ্ ও বি-পূর্ব্বক তপ্ ধাতু আত্মনেপদী হয়। যথা—

অকর্ম্মক—রবিঃ উত্তপতে or বিতপতে—The sun shines. **স্বাঙ্গকর্ম্মক**—স স্বপাদৌ উত্তপতে or বিতপতে—He warms his own legs. নিজের অঙ্গ কর্ম্ম না হইলে পরস্মৈপদী হয়। যথা—স্বর্ণকারঃ স্বর্ণম্ উত্তপতি or বিতপতি—The goldsmith heats gold.

১৭। **সমুদাঙ্‌ভ্যো যমোঽগ্রন্থে**—(সম্—উৎ—আঙ্ভ্যঃ—যমঃ—অগ্রন্থে)। সম্, উৎ ও আঙ্ পূর্ব্বক যম্ ধাতু গ্রন্থবাচক শব্দ কর্ম্ম না থাকিলে আত্মনেপদী হয়। যথা—(১) ক্ষেত্রপালঃ ধান্যানি সংযচ্ছতে—The farmer gathers paddy. (২) ভৃত্যঃ ভারম্ উদ্‌যচ্ছতে—The servant lifts up the load. কোন গ্রন্থ কর্ম্ম হইলে আত্মনেপদ না হইয়া পরস্মৈপদ হয়। যথা—শিষ্যঃ বেদম্ উদ্‌যচ্ছতি—The disciple tries hard to learn the Vedas.

১০। **উপাদ্ যমঃ স্বকরণে**—স্বকরণ (বিবাহ) অর্থে উপ-পূর্ব্বক যম্ ধাতু আত্মনেপদী হয়। যথা—উপযচ্ছতে—Marries.

(১) স কন্যাম্ উপযচ্ছতে—He marries a girl. (২) রামঃ সীতাম্ উপযেমে—Rama married Sita. **প্রয়োগ :**—সীতাং হিত্বা দশমুখরিপুর্নোপযেমে যদন্যাম্—(রঘু)।

Note—'স্বকরণ' শব্দের অর্থ কেবল বিবাহ নয়, যে কোন বস্তু গ্রহণ

(acceptance) অর্থে উপ-পূর্ব্বক যম্ ধাতু আত্মনেপদী হয়। যথা—শস্ত্রম্ উপযচ্ছতে—(He) receives the weapon.

১৯। সমোহকর্ম্মগমাদেঃ—(সমঃ + অকর্ম্মগমাদেঃ)—(ক) গম্ + আদি = গমাদি, গম্ প্রভৃতি অর্থাৎ (to go), ঋচ্ছ্ (to go), বিদ (to know), প্রচ্ছ্ (to ask), স্বৃ (to make sound), ঋ (to go), শ্রু (to here), দৃশ্ (to see)—এই কয়টি ধাতু সম্ পূর্ব্বক ও অকর্ম্মক হইলে আত্মনেপদী হয়। যথা—গম্—সঙ্গচ্ছতে—becomes fit, unites, ঋচ্ছ্—সমৃচ্ছতে—goes attains. বিদ্—সংবিত্তে—knows, recognises, প্রচ্ছ্. সম্পৃচ্ছতে—asks, invites, স্বৃ—সংস্বরতে—makes sound. ঋ—সমৃচ্ছতে— goes, attains, শ্রু—সংশৃণুতে—hears, listens to ; দৃশ্—সম্পশ্যতে—sees, takes notice of. (১) তব বচনং সঙ্গচ্ছতে—Your words fit in. (২) সাধুঃ সাধুনা সহ সঙ্গচ্ছতে—A good man unites with a good man. প্রয়োগঃ—হিতায় যঃ 'সংশৃণুতে' স কিং প্রভুঃ—(কি)।

কিন্তু উল্লিখিত ধাতু কয়টি সকর্ম্মক হইলে পরস্মৈপদী হয়। যথা—

(১) রামঃ বন্ধুং সংগচ্ছতি—Rama becomes united with his friend. (২) শিষ্যঃ গুরোঃ শাস্ত্রং সংশৃণোতি—The disciple hears the Shastra from his preceptor.

২০। নি-সমুপবিভ্যো হ্বঃ—(নিঃ সম্ + উপ-বিভ্যঃ—হ্বঃ)—হ্বে (to call) ধাতু উভয়পদী, কিন্তু নি, সম্, উপ ও বি-পূর্ব্বক হ্বে ধাতু আত্মনেপদী হয়। যথা—নিহ্বয়তে—calls, সংহ্বয়তে—speaks, উপহ্বয়তে—invites ; বিহ্বয়তে—calls out, speaks.

১৯ এর সূত্রটি পাণিনির তিনটি সূত্রের সার—পাণিনির সূত্র এই :—(১) সমোগমৃচ্ছিভ্যাম্। (২) বিদিপ্রচ্ছিস্বরতীনামুপসংখ্যানম্। (৩) অর্ত্তি শ্রুদৃশিভ্যশ্চেতি বক্তব্যম্।

২১। **স্পর্দ্ধায়ামাঙ্ঃ** (স্পর্দ্ধায়াম্+আঙঃ)—স্পর্দ্ধা (যুদ্ধের জন্য আহ্বান—challenge) অর্থে আঙ্ পূর্ব্বক হ্বে ধাতু আত্মনেপদী হয়। যথা—মল্লঃ মল্লম্ আহ্বয়তে—One wrestler challenges another wrestler. স্পর্দ্ধা না বুঝাইলে পরস্মৈপদ হয়। যথা—পিতা পুত্রম্ আহ্বয়তি— The father calls his son.

২২। **বৃত্তি-সর্গ-তায়নেষু ক্রমঃ**—ক্রম্ (to walk, to step) ধাতু উভয়পদী, কিন্তু বৃত্তি, অপ্রতিবন্ধ—(unobstructed progress), সর্গ (উৎসাহ—energy) ও তায়ন (বৃদ্ধি—increase, development) বুঝাইলে ক্রম্ ধাতু আত্মনেপদী হয়। যথা—(১) **বৃত্তি**-তস্য বুদ্ধিঃ শাস্ত্রেষু ক্রমতে—His intellect finds no impediment in understanding the *shastras.* (২) **সর্গ**—শিষ্যঃ অধ্যয়নায় ক্রমতে—The disciple shows energy for study. (৩) **তায়ন**—সাধূনাং শ্রীঃ ক্রমতে—The wealth of the good increases.

২৩। **উপ-পরাভ্যাম্**—ক্রম্ ধাতু উপ ও পরা পূর্ব্বক হইলেও এই সকল অর্থে (বৃত্তি, সর্গ ও তায়ন অর্থে) আত্মনেপদী হয়। যথা—উপক্রমতে, পরাক্রমতে।

(১) তস্য বুদ্ধিঃ শাস্ত্রেষু উপক্রমতে—His intelligence shines in the shastras. (২) বীরঃ যুদ্ধায় পরাক্রমতে—The hero braves the fight. (৩) সাধূনাং শ্রীঃ উপক্রমতে—Prosperity of the honest increases.

২৪। **আঙ্ উদ্গমনে**—(জ্যোতিরুদ্গমন ইতি বাচ্যম্—গ্রহ-নক্ষত্রাদি জ্যোতিঃপদার্থের উর্দ্ধগমন বুঝাইলে—to indicate upward progress of the luminaries such as planets, stars etc.) আঙ্ পূর্ব্বক ক্রম্ ধাতু আত্মনেপদী হয়। যথা—আক্রমতে রবিঃ—The sun rises. জ্যোতিঃ পদার্থ ভিন্ন অন্য পদার্থের উর্দ্ধগমন বুঝাইলে পরস্মৈপদী হয়। যথা—আক্রামতি ধূমঃ হর্ম্যতলাৎ—The smoke rises from the terrace.

২৫। বেঃ পাদবিহরণে—পদে-বিহরণ (ভ্রমণ, পা-ফেলা) অর্থে বি-পূর্ব্বক ক্রম্ ধাতু আত্মনেপদী হয়। যথা—সাধু বিক্রমতে অশ্বঃ—The horse trots well. পাদবিহরণ ভিন্ন অর্থে পরস্মৈপদ হয়। যথা—বিক্রমতি সন্ধিঃ—The joint splits.

২৬। প্রোপাভ্যাং সমর্থাভ্যাম্—(প্র+উপভ্যাং সমর্থাভ্যাম্)—আরম্ভ (Beginning) অর্থে প্র ও উপ-পূর্ব্বক ক্রম্ ধাতু আত্মনেপদী হয়। যথা—বালকঃ ভোক্তুং প্রক্রমতে or উপক্রমতে—The boy begins to eat.

আরম্ভ ভিন্ন অর্থে পরস্মৈপদী হয়। যথা—রামঃ নগরং প্রক্রামতি (গচ্ছতি)—Rama goes to the city. যদুঃ গ্রামম্ উপক্রামতি (আগচ্ছতি)—Jadu comes to the village.

Note—বৈয়াকরণগণ বলেন—উপসর্গবিহীন ক্রম্ ধাতুর উভয় পদ বিধান ২২ সূত্রে "বৃত্তিসর্গতায়নেষু ক্রমঃ" এই সকল অর্থ ভিন্ন অন্য অর্থে বুঝিতে হইবে, এই সকল অর্থে উপসর্গবিহীন ক্রম্ ধাতু কেবল আত্মনেপদী হইবে।

২৮। অপহ্নবে জ্ঞঃ—(to know) ধাতু পরস্মৈপদী, কিন্তু অপহ্নব (অস্বীকার করা = to deny) বুঝাইলে জ্ঞা-ধাতু আত্মনেপদী হয়। যথা—যদুঃ উত্তমর্ণস্য শতম্ অপজানীতে—Jadu denies (a debt of) one hundred rupees to a creditor.

২৯। সংপ্রতিভ্যামনাধ্যানে—(সম্-প্রতিভ্যাম্+অনাধ্যানে)—আ+ধ্যৈ+অনট্ = আধ্যান, চিন্তা বা স্মরণ, ন আধ্যান = অনাধ্যান (অস্মরণ)। স্মরণ ভিন্ন অর্থে সম্ ও প্রতি-পূর্ব্বক জ্ঞা-ধাতু আত্মনেপদী হয়। যথা—(১) স শতং সংজানীতে—He admits one hundred rupees. (২) রাজা দরিদ্রেভ্যঃ শতং প্রতিজানীতে—The king promises the poor a hundred rupees. চিন্তা বা স্মরণ বুঝাইলে জ্ঞা-ধাতু পরস্মৈপদী

২৬। প্রোপাভ্যামারম্ভে—সংক্ষিপ্তসার।

হয়। যথা—পুত্রঃ মাতরং (or মাতুঃ) সংজানাতি—The son is remembering his mother.

৩০। **অবাদ্ গ্রঃ**—তুদাদিগণীয় গৄ ধাতু (to devour, to swallow) পরস্মৈপদী, কিন্তু অব-পূর্ব্বক গৄ ধাতু আত্মনেপদী হয়। যথা—বিপ্রঃ মিষ্টান্নম্ অবগিরতে—The Brahmin swallows sweetmeats.

৩১। **সমঃ প্রতিজ্ঞানে**—প্রতিজ্ঞা (promise) অর্থে সম্ পূর্ব্বক তুদাদিগণীয় গৄ ধাতু আত্মনেপদী হয়। যথা—শতং সংগিরতে—He promises a hundred rupees.

৩২। **উদশ্চরঃ সকর্ম্মকাৎ**—(উদঃ+চরঃ)—চর্ (to walk) ধাতু পরস্মৈপদী, কিন্তু সকর্ম্মক উৎ-পূর্ব্বক চর্ ধাতু আত্মনেপদী হয়। যথা—শিষ্যঃ গুরুবচনম্ উচ্চরতে—(শিষ্য গুরুর আদেশ লঙ্ঘন করিতেছে)—The disciple transgresses the command of his preceptor.

অকর্ম্মক হইলে আত্মনেপদী হয় না। যথা—উচ্চরতি ধূমঃ—Smoke rises up.

৩৩। **সমস্তৃতীয়াযুক্তাৎ**—(সমঃ+তৃতীয়াযুক্তাৎ)—তৃতীয়ান্ত পদের যোগে সম্-পূর্ব্বক চর্ ধাতু আত্মনেপদী হয়। যথা—অশ্বেন সঞ্চরতে রাজা—The king rides on horseback.

Note—বৈয়াকরণের বলেন যে, এস্থানে করণে তৃতীয়ার গ্রহণ। সহার্থ প্রভৃতিতে তৃতীয়া হইলে হইবে না। যথা (১) পিতা পুত্রেণ সঞ্চরতি (পুত্রেণ—সহার্থে ৩য়া)। (২) পুণ্যেন সঞ্চরতি (পুণ্যেন=হেতৌ ৩য়া।)

৩৪। **জ্ঞা-শ্রু-স্মৃ-দৃশাং সনঃ**—সনন্ত জ্ঞা, শ্রু, স্মৃ ও দৃশ্ ধাতু আত্মনেপদী হয়। যথা—জিজ্ঞাসতে—wishes to know, শুশ্রূষতে—wishes to serve, সুস্মূর্ষতে—wishes to remember, দিদৃক্ষতে—wishes to see.

(১) **শিষ্যঃ ধর্ম্মং জিজ্ঞাসতে**—The disciple wishes to know

religion. (২) পুত্রঃ পিতরং শুশ্রূষতে—The son serves his father. (৩) স নষ্টং সুস্মূর্ষতে—He wishes to remember the lost thing. (৪) শিশুঃ চন্দ্রং দিদৃক্ষতে—The child wishes to see the moon.

প্রয়োগ ঃ—'শুশ্রূষস্ব' গুরূন্ কুরু প্রিয়সখীবৃত্তিং সপত্নীজনে—(শ)।

(ক) নানোর্জ্ঞঃ (ন+অনো+জ্ঞঃ)—অনু পূর্ব্বক জ্ঞা ধাতু সনন্ত হইলে আত্মনেপদী হয় না। যথা—অনুজিজ্ঞাসতি—enquires after.

(খ) প্রত্যাঙ্ভ্যাং শ্রুবঃ (প্রতি+আঙ্ভ্যাম্)—প্রতিঃ অথবা আঙ্ পূর্ব্বক শ্রু ধাতু সনন্ত হইলে আত্মনেপদী হয় না। যথা—

প্রতিশুশ্রূষতি, আশুশ্রূষতি—promises, gives word.

৩৫। ম্রিয়তের্লুঙ্লিঙোশ্চ (ম্রিয়তেঃ+লুঙ লিঙোঃ+চ)—লট্, লোট্, লঙ্, লিঙ্, লুঙ্ এবং আশীর্লিঙ্ বিভক্তি পরে থাকিলে মৃ ধাতু আত্মনেপদী হয়। যথা—

লট্—ম্রিয়তে, লোট্—ম্রিয়তাম্, লঙ্—অম্রিয়ত, লিঙ্—ম্রিয়েত, লুঙ্—অমৃত, আশীর্লিঙ—মৃষীষ্ট। প্রয়োগঃ—জায়ন্তে চ ম্রিয়ন্তে চ মদ্বিধাঃ ক্ষুদ্রজন্তবঃ—(হি)। এতদ্ভিন্ন স্থলে মৃ-ধাতু পরস্মৈপদী হয়। যথা—লিট্—মমার—লুট্—মর্ত্তা, লৃট্—মরিষ্যতি, লৃঙ্—অমরিষ্যৎ।

(১) রাজা দশরথঃ পুত্রবিচ্ছেদশোকেন মমার। (২) সর্ব্বে জন্তবো মরিষ্যন্তি।

৩৬। ভুজোঽনবনে (ভুজঃ+অনবনে)—অব+অনট্—অবন, ন অবন=অনবন, রক্ষা ভিন্ন অর্থাৎ খাওয়া বা ভোগ করা (to eat or to enjoy) অর্থে ভুজ্ ধাতু আত্মনেপদী হয়। (১) বানরঃ পক্কানি ফলানি ভুঙ্‌ক্তে—The monkey eats ripe fruits. (২) রাজা মেদিনীং বুভুজে—The king enjoyed the earth.

কিন্তু রক্ষা অর্থে পরস্মৈপদ হয়। যথা—রাজা মহীং ভুনক্তি—The king protects the earth.

Note—তুদাদিগণীয় ভুজ্ ধাতু আত্মনেপদী হয় না।

সংভুজতি বস্ত্রম্—He is folding the cloth.

৩৭। **প্রোপাভ্যাং যুজেরযজ্ঞপাত্রেষু** (প্র+উপাভ্যাং যুজেঃ+অযজ্ঞ-পাত্রেষু)—(স্বরাদ্যন্তোপসর্গাদিতি বক্তব্যম্) যজ্ঞপাত্রের প্রয়োগ ভিন্ন অন্য অর্থে (except with reference to sacrificial vessels) স্বরাদি ও স্বরান্ত উপসর্গের (অর্থাৎ কেবল সম্, নির্ ও দুর্ ভিন্ন অন্য উপসর্গের) পরস্থিত যুজ্ ধাতু আত্মনেপদী হয়। যথা—প্রযুঙ্‌ক্তে, নিযুঙ্‌ক্তে, উদ্‌যুঙ্‌ক্তে। (১) প্রভুঃ ভৃত্যং কর্ম্মণি নিযুঙ্‌ক্তে—The master employs the servant in work. (২) যুদ্ধায় উদ্‌যুঙ্‌ক্তে বীরঃ—The hero prepares himself for the war.

প্রয়োগঃ—অরণ্যযানে সুকরে পিতা মাং প্রাযুঙ্‌ক্ত (পিতা দশরথ আমাকে সহজসাধ্য বনগমনে নিযুক্ত করিয়াছেন।)—(ভট্টি)।

যজ্ঞপাত্রের প্রয়োগে যুজ্ ধাতু পরস্মৈপদী হয়। যথা—স যজ্ঞপাত্রং প্রযুনক্তি—He employs a sacrificial vessel.

৩৮। **স্বরিতঞিতঃ কর্ত্রভিপ্রায়ে ক্রিয়াফলে**—যদি কর্ত্তা স্বয়ং ক্রিয়ার ফলভাগী হয় (if the agent performs the act for his own benefit) তাহা হইলেও স্বরিত ঞিত্ ধাতু (সাধারণতঃ উভয়-পদী ধাতু) কেবল আত্মনেপদী হয়। যথা—বিপ্রঃ যজতে—The Brahmin sacrifices for his own benefit. কর্ত্তা স্বয়ং ক্রিয়ার ফলভাগী না হইলে পরস্মৈপদী হয়। পুরোহিতঃ যজতি—The priest sacrifices (for the benefit of some other persons.)

৩৯। **শপ উপালম্ভে**—উপালম্ভ (শপথ) অর্থে শপ্ ধাতু আত্মনেপদী হয়। যথা—কৃষ্ণায় শপতে গোপী—গোপী কৃষ্ণের অঙ্গ স্পর্শ করিয়া শপথ করিতেছে।

৪০। **ভাব-কর্ম্মণোঃ**—ভাববাচ্যে ও কর্ম্মবাচ্য সকল ধাতুরই

আত্মনেপদ হয়। যথা, ভাববাচ্যে—শিশুনা রুদ্যতে—The child is crying. কর্ম্মবাচ্যে—ময়া চন্দ্রঃ দৃশ্যতে—The moon is being seen by me.

৪১। কর্ম্মবাচ্যের মত কর্ম্ম-কর্ত্তৃবাচ্যেও আত্মনেপদ হয়। যথা—(১) ওদনঃ পচ্যতে—The rice is being cooked itself. (২) ভিদ্যতে কাষ্ঠম্— The timber is being split itself.

অতিরিক্ত

৪২। **গন্ধনাবক্ষেপণ-সেবন-সাহসিক্য-প্রতিযত্ন-প্রকথনোপ-যোগেষু কৃঞঃ**—গন্ধন (হিংসা), অবক্ষেপণ (ভৎর্সনা), সেবন (সেবা), সাহসিক্য (সহসা প্রবর্ত্তন), প্রতিযত্ন (সংস্কার), প্রকথন (বলা), উপযোগ (ধর্ম্মার্থ দ্রব্যাদি ত্যাগ)—এই সকল অর্থে কৃ ধাতু আত্মনেপদী হয়। যথা—**হিংসা**—রাজা শত্রুম্ উৎকুরুতে (রাজা শত্রুর প্রতি হিংসা প্রকাশ করিতেছেন)। **সেবা**—শিষ্যঃ গুরুম্ উপকুরুতে (শিষ্য গুরুর সেবা করিতেছে)। **সাহসিকতা**—চৌরঃ পরধনং প্রকুরুতে (চোর সাহস-পূর্ব্বক পরের অর্থ চুরি করিতেছে)। **সংস্কার**—রজকঃ পটস্য উপকুরুতে (রজক বস্ত্রের বর্ণ পরিবর্ত্তন করিতেছে)। **বলা**—শিষ্যঃ পদ্যানি প্রকুরুতে (শিষ্য পদ্যগুলি আবৃত্তি করিতেছে)। **ধর্ম্মার্থ ত্যাগ**—রাজা শতং প্রকুরুতে (রাজা ধর্ম্মার্থ একশত টাকা ব্যয় করিতেছেন)।

৪৩। অধেঃ প্রহসনে—প্রহসন (ক্ষমা বা অভিভব—forgiving or overpowering) এই অর্থে অধি-পূর্ব্বক কৃ ধাতু আত্মনেপদী হয়। যথা, ক্ষমা—রাজা শত্রুম্ অধিকুরুতে (রাজা শত্রুর প্রতি ক্ষমা প্রদর্শন করিতেছেন)। অভিভব—সবলঃ দুর্ব্বলম্ অধিকুরুতে (সবল দুর্ব্বলকে পরাভূত করিতেছে)।

৪৪। **বেঃ শব্দকর্ম্মণঃ**—শব্দ কর্ম্ম হইলে বি-পূর্ব্বক কৃ-ধাতুর আত্মনেপদ হয়। যথা—জম্বুকঃ স্বরান্ বিকুরুতে (শৃগাল শব্দ করিতেছে)।
শব্দকর্ম্ম না হইলে পরস্মৈপদ হয়। যথা—চিত্তং বিকরোতি ক্রোধঃ।

৪৫। **অকর্ম্মকাচ্চ**—অকর্ম্মক বি-পূর্ব্বক কৃ ধাতু আত্মনেপদী হয়। যথা—ছাত্রাঃ বিকুর্ব্বতে—The students act at will.

৪৬। **সম্মাননোৎসঞ্জনাচার্য্যকরণ-জ্ঞান-ভৃতি-বিগণন-ব্যয়েষু নিয়ঃ**—(১) সম্মানন (সম্মান—honouring), (২) উৎসঞ্জন (উৎক্ষেপণ—(lifting or throwing up), (৩) আচার্য্যকরণ (বেদগ্রহণার্থ আচার্য্য সমীপে নয়ন—initiating into sacred rites), (৪) জ্ঞান (proving or arriving at a conclusion), (৫) ভৃতি (বেতন—employing on wages), (৬) বিগণন (ঋণাদির পরিশোধ—paying off debts, taxes, etc.), (৭) ব্যয় (spending or applying to good use)—এই সকল অর্থে কর্ত্তা ক্রিয়ার ফলভাগী না হইলেও নী ধাতু আত্মনেপদী হয়। যথা—(১) সম্মানন—শিক্ষকঃ শিষ্যং শাস্ত্রেষু নয়তে—The teacher makes his disciple an object of veneration by teaching him the Shastras. (২) উৎসঞ্জন—স দণ্ডম্ উন্নয়তে—He lifts up the stick. (৩) আচার্য্যকরণ—গুরুঃ শিষ্যম্ উপনয়তে—The preceptor vests his disciple with the holy thread. (৪) জ্ঞান—স তত্ত্বং নয়তে—He proves the truth. (৫) ভৃতি—প্রভুর্ভৃত্যম্ উপনয়তে—The master supports his servant with wages. (৬) বিগণন—স করং বিনয়তে—He pays the tax. (৭) ব্যয়—রাজা ধনং বিনয়তে—The king spends his wealth for good purposes.

৪৭। **কর্ত্তৃস্থে চাশরীরে কর্ম্মণি**—কর্ম্ম কর্ত্তাতে অবস্থিত এবং অশরীরী (অবয়বহীন—An object without a body i.e. not concrete but abstract) হইলে বি-পূর্ব্বক নী ধাতু আত্মনেপদী হয়।

ধীরঃ ক্রোধং বিনয়তে—The wise man restrains his anger. এখানে কর্ম্ম ক্রোধম্; কর্ত্তা ধীরঃ, ক্রোধ সেই ধীরেতেই আছে বলিয়া কর্তৃস্থ এবং ক্রোধের কোনরূপ অবয়ব না থাকায় অশরীরী, এইজন্য 'বিনয়তে' এখানে আত্মনেপদ হইল। কর্ম্ম যদি কর্ত্তাতে অবস্থিত না হয় তবে আত্মনেপদ হয় না। যথা—পিতা পুত্রস্য ক্রোধং বিনয়তি—The father pacifies the anger of his son. এখানে কর্ম্ম ক্রোধ, কর্ত্তা পিতাতে অবস্থিত নয় বলিয়া আত্মনেপদ হইল না।

৪৮। **ভাসনোপসম্ভাষা-জ্ঞান-যত্ন বিমত্যুপমন্ত্রণেষু বদঃ**—বদ্ (to speak) ধাতু পরস্মৈপদী; কিন্তু নিম্নলিখিত অর্থে আত্মনেপদী হয়। যথা—

(১) **ভাসন** (পারদর্শিতা-প্রদর্শন)—শিষ্যঃ শাস্ত্রেষু বদতে—শিষ্য শাস্ত্রে পারদর্শিতা দেখাইতেছে। (২) **উপসম্ভাষা** (সান্ত্বনা)—প্রভুঃ ভৃত্যান্ উপবদতে—প্রভু ভৃত্যদিগকে সান্ত্বনা দিতেছেন (৩) **জ্ঞান**—দার্শনিকঃ দর্শনেষু বদতে—দার্শনিক দর্শনশাস্ত্রে জ্ঞান বিস্তার করিতেছেন। (৪) **যত্ন**—কৃষকঃ ক্ষেত্রে বদতে—কৃষক ক্ষেত্রকর্ষণের জন্য যত্ন করিতেছে। (৫) **বিমতি** (বিবাদ)—কৃষকাঃ ক্ষেত্রে বিবদন্তে—কৃষকগণ মাঠে বিবাদ করিতেছে। (৬) **উপমন্ত্রণ** (প্রার্থনা)—দরিদ্রঃ রাজানম্ উপবদতে—দরিদ্রঃ রাজার নিকট প্রার্থনা করিতেছে।

বি—বদ্+শানচ্=বিবদমানঃ। এবং বিবদমানৌ দ্বৌ অপি রাজকুলং গতৌ (প)।

৪৮। **ব্যক্তবাচাং সমুচ্চারণে**—অনেকগুলি লোক একসঙ্গে সুস্পষ্ট কথা বলিতেছে—এরূপ অর্থে বদ্ ধাতুর আত্মনেপদ হয়। যথা—সংবদন্তে ব্রাহ্মণাঃ—ব্রাহ্মণেরা একসঙ্গে পরস্পর কথা বলিতেছেন। মনুষ্যাদির সুস্পষ্ট কথা না বুঝাইলে আত্মনেপদ হয় না। যথা—সংপ্রবদন্তি খগাঃ—The birds are chirping.

৪৯। **অনোরকর্ম্মকাৎ** (অনোঃ+অকর্ম্মকাৎ)—অনু-পূর্ব্বক বদ্ ধাতু অকর্ম্মক হইলে আত্মনেপদী হয়। যথা—কৃষ্ণঃ রামস্য অনুবদতে—রাম

যেরূপ বলিতেছে, কৃষ্ণও সেইরূপ বলিতেছে। সকর্ম্মক হইলে পরস্মৈপদ হয়। যথা—রামঃ কৃষ্ণম্ অনুবদতি।

৫০। **বিভাষা বিপ্রলাপে**—বিপ্রলাপ (তর্ক করা) বুঝাইলে বি+প্র-পূর্ব্বক বদ্ ধাতু বিকল্পে আত্মনেপদী হয়। যথা—বৈদ্যাঃ বিপ্রবদন্তি or বিপ্রবদন্তে—চিকিৎসকেরা রোগের বিষয় লইয়া পরস্পর তর্ক করিতেছেন।

৫১। আশা অর্থে আ-পূর্ব্বক শন্স ধাতুর আত্মনেপদ হয়। যথা—

তদা নাশংসে (ন+আংশসে) বিজয়ায় সঞ্জয় (ম —হে সঞ্জয়! তখন আমি বিজয়ের আশা ত্যাগ করিয়াছি।

৫২। **অনুপসর্গাজ্ঞ্ঃ**—উপসর্গ না থাকিলে এবং ক্রিয়ার ফলভাগী হইলে জ্ঞা ধাতু আত্মনেপদী হয়। যথা—জানে তপসো বীর্য্যম্ (শ)—I know the power of penance.

Exercise 38

1. Translate into Sanskrit :—

A. রাম রাবণকে যুদ্ধে পরাজিত করিয়াছিলেন। আমি ধর্ম্মসম্বন্ধে জানিতে ইচ্ছা করিতেছি। রামচন্দ্র জনকের কন্যা সীতাদেবীকে বিবাহ করিয়াছিলেন। বৃদ্ধ লোকটির তিন পুত্র পরস্পর বিবাদ করে। তিনি দুষ্ট লোকের দমন ও শিষ্টের পালন করিয়া থাকেন।

B. 1. The old man entered (নি+বিশ্) his house 2. The book-seller will sell (বি+ক্রী) the old books. 3. Ramachandra went (প্র+স্থা) to the forest with Sita and Laksmana. 4. The master employs (নি+যুজ্) his servants in a piece of work. 5. In the morning the Brahmins are worshipping (উপ+স্থা) the gods. 6. Rama married (উপ+যম্) Sita, the daughter of the king Janaka. 7 The king enters into the flower-garden (পুষ্পোদ্যান-ক্রী)। 8. The Pandavas (পাণ্ডবাঃ) defeated the Kauravas (কৌরবান্) in the battle of Kurukshettra.

2· Distinguish between the following :—

(১) সঙ্করতি and সঙ্করতে। (২) ভুঙ্‌ক্তে and ভুনক্তি (৩) উত্তিষ্ঠতি and উত্তিষ্ঠতে। (৪) আদত্তে and আদদাতি (৫) সঙ্গচ্ছতে and

সমচ্ছতি। (৬) আহ্বয়তে and আহ্বয়তি। (৭) সংজানীতে and সংজানাতি। (৮) সংক্রীড়তে and সংক্রীড়তি। (৯) আক্রমতে and আক্রামতি। (১০) যজতে and যজতি।

3. Correct the following sentences, giving reasons :

(১) মম মিত্রং আসনাৎ উত্তিষ্ঠতে। (২) সমরে বীরাঃ বীরান্ আহ্বায়তি। (৩) সন্ধ্যাকালে সর্ব্বাণি সৈন্যানি শিবিরে নিবিশন্তি। (৪) প্রাতঃ বিহগাঃ বৃক্ষেষু সংক্রীড়ন্তে। (৫) ভীষণঃ ব্যাঘ্রঃ মুখং ব্যাদত্তে। (৬) ভূপতিঃ নলঃ দময়ন্তীম্ উপাযচ্ছৎ। (৭) বানরঃ পক্কফলানি ভুনক্তি। (৮) মুনিঃ প্রীতঃ সন্ আশ্রমং প্রতস্থৌ।

1. When do the roots যম্ and জি take in আত্মনেপদ? (C. U. 1928)

2. Show the use of রম্ in পরস্মৈপদ or স্থা in আত্মনেপদ in short sentence. (C. U. 1930)

3 Form a sentence to show the use of root ক্রম্ in 'পরস্মৈপদ' in the active voice. (C U. 1931)

4. Frame sentences to illustrate the use of the root বদ্ as আত্মনেপদী (C. U. 1940)

5. Frame sentences to illustrate the use of ক্রম্ preceded by আঙ্ and বদ্ preceded by সম্ in আত্মনেপদ (in the active). (C. U. 1941)

CHAPTER IX

বাচ্য—Voice

Introduction

১। ইংরেজীতে বাচ্য (Voice) দুই প্রকার, Active Voice—কর্তৃবাচ্য ও Passive Voice—কর্ম্মবাচ্য। ইংরাজীতে Intransitive Verb-এর (অকর্ম্মক ধাতুর) Passive Voice হয় না, সংস্কৃতে Transitive ও Intransitive এই দুই প্রকার Verb-এরই Passive Voice হয়। Intransitive Verb-এর Passive Voiceকে সংস্কৃতে **কর্ম্মবাচ্য** বলে এবং Transitive Verb-এর Passive Voiceকে সংস্কৃতে **ভাববাচ্য** (Impersonal Passive Voice) বলে।

২। বচ্ ধাতুর অর্থ বলা, বচ্+ণ্যৎ=**বাচ্য**—বক্তব্য, যেখানে যেটি প্রধান ব্যক্তব্য, সেখানে সেইটিই বাচ্য, যেখানে কর্ত্তার বিষয় প্রধানভাবে বক্তব্য, সেখানে **কর্তৃবাচ্য**, যেখানে কর্ম্মপদটি প্রধান বক্তব্য, সেখানে **কর্ম্মবাচ্য**। ভাব পদের অর্থ ক্রিয়া যেখানে ক্রিয়াপদটি প্রধান বক্তব্য, সেখানে **ভাববাচ্য**। প্রধানতঃ কর্ত্তা, কর্ম্ম ও ক্রিয়া লইয়াই বাক্য, সুতরাং সংস্কৃতে বাচ্য প্রধানতঃ তিনটি। (১) **কর্তৃবাচ্য**, (২) **কর্ম্মবাচ্য** ও (৩) **ভাববাচ্য**।

ইহা ছাড়া **কর্ম্ম-কর্তৃবাচ্য** নামে আর একটি বাচ্য আছে, তাহার প্রয়োগও সংস্কৃত সাহিত্যাদিতে দেখা যায়।

(১) ব্যাধঃ মৃগান হন্তি (কর্তৃবাচ্য), (২) ব্যাধেন মৃগাঃ হন্যন্তে (কর্ম্মবাচ্য) প্রথম বাক্যের অর্থ—ব্যাধ মৃগগুলিকে বধ করিতেছে। দ্বিতীয় বাক্যের অর্থ—মৃগগুলি ব্যাধ-কর্তৃক হত হইতেছে।

বাক্য দুইটির মূল অর্থ একই, কিন্তু ভাব-প্রকাশের ভঙ্গী বিভিন্ন।

প্রথম বাক্যে 'ব্যাধঃ' কর্তৃপদ ও বাক্যের উদ্দেশ্য। ব্যাধ কি করিতেছে?—মৃগান্ হন্তি—মৃগগুলিকে মারিতেছে, এখানে কর্ত্তাই প্রধান, ক্রিয়াপদ কর্ত্তার অধীন, অতএব কর্তৃবাচ্য।

দ্বিতীয় বাক্যে মৃগগুলি হত হইতেছে, এখানে কর্ম্মই প্রধান বক্তব্য ক্রিয়াপদ কর্ম্মের অধীন, কর্ম্ম 'মৃগাঃ' বহুবচনান্ত, প্রথম পুরুষ ; ক্রিয়াপদও প্রথম পুরুষের বহুবচনান্ত হইয়াছে, অতএব কর্ম্মবাচ্য।

কর্ত্তৃবাচ্যের বাক্যে কর্ম্মপদ থাকিলে তাহাকে কর্ম্মবাচ্যে পরিবর্ত্তন করা চলে। আবার কর্ম্মবাচ্যের বাক্যকে কর্ত্তৃবাচ্যে পরিবর্ত্তন করা চলে। যেমন—

(১) মুনিভিঃ বেদাঃ পঠ্যন্তে (কর্ম্মবাচ্য), (২) মুনয়ঃ বেদান্ পঠন্তি (কর্ত্তৃবাচ্য।)

যেখানে ভাব অর্থাৎ ক্রিয়াই প্রধান বক্তব্য, সেখানে ভাববাচ্য (Impersonal Passive Voice) হয়। যেমন—

(১) বালকাঃ রুদন্তি (কর্ত্তৃবাচ্য), (২) বালকৈঃ রুদ্যতে (ভাববাচ্য)।

ভাববাচ্যে কর্ত্তা যে কোন পুরুষের বা যে কোন বচনের হউক না কেন ক্রিয়াটি সর্ব্বদা প্রথম পুরুষের একবচনান্ত হইবে।

ভাববাচ্যের বাক্যে কর্ম্ম থাকে না, সাধারণতঃ অকর্ম্মক ধাতু লইয়া যে সকল বাক্য গঠিত হয়, সেইগুলিকে কর্ত্তৃবাচ্য হইতে ভাববাচ্যে আনা যায়। অবশ্য সকর্ম্মক ধাতু লইয়া বাক্য গঠন করিবার সময় যদি কর্ম্মের উল্লেখ না করা যায়, তবে সেগুলিও ভাববাচ্যে পরিবর্ত্তিত হইবে। যেমন—

(১) অতিথিঃভুঙ্‌ক্তে (কর্ত্তৃবাচ্য), (২) অতিথিনাভুজ্যতে (ভাববাচ্য)।

উপরের উদাহরণে 'ভুজ্' ধাতু সকর্ম্মক, কিন্তু কর্ত্তৃবাচ্যের বাক্যে কর্ম্মের উল্লেখ নাই বলিয়া ভাববাচ্যে পরিবর্ত্তন করা হইল। কর্ত্তৃবাচ্যের বাক্যকে যেমন ভাববাচ্যে পরিবর্ত্তিত করা চলে, সেইরূপ ভাববাচ্যের বাক্যকেও কর্ত্তৃবাচ্যে পরিবর্ত্তিত করা যায়। যেমন—

(১) শিশুভিঃ ক্রীড়্যতে (ভাববাচ্য), শিশবঃ ক্রীড়ন্তি (কর্ত্তৃবাচ্য)।

ক্রিয়া সকর্ম্মক হইলে কর্ত্তৃবাচ্যের বাক্যকে কর্ম্মবাচ্যে এবং ক্রিয়া অকর্ম্মক হইলে কর্ত্তৃবাচ্যের বাক্যকে ভাববাচ্যে পরিবর্ত্তিত করা যায়। কর্ম্মবাচ্য ও ভাববাচ্যের বাক্যকে কর্ত্তৃবাচ্যে পরিবর্ত্তিত করা যায়।

এই অধ্যায়ে বাচ্যের বিষয় বিস্তৃতভাবে আলোচনা করা হইবে।

LESSON I

কর্ত্তৃবাচ্য—Active Voice

১। কর্ত্তৃবাচ্য-প্রয়োগে তু প্রথমাকর্ত্তৃকারকে .
দ্বিতীয়ান্তং ভবেৎ কর্ম্মকর্ত্রধীনং ক্রিয়াপদম্॥

কর্ত্তৃবাচ্যে কর্ত্তৃকারকে প্রথমা বিভক্তি ও কর্ম্মকারকে দ্বিতীয়া বিভক্তি হয় এবং ক্রিয়াপদ কর্ত্তার অধীন হইয়া থাকে (অর্থাৎ কর্ত্তায় যে বচন, যে পুরুষ, ক্রিয়াও সেই বচন সেই পুরুষ হইয়া থাকে)।

Examples

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	বালক চন্দ্রং পশ্যতি	ত্বং চন্দ্রং পশ্যসি	অহং চন্দ্রং পশ্যামি
দ্বিবচন	বালকৌ চন্দ্রং পশ্যতঃ	যুবাং চন্দ্রং পশ্যথঃ	আবাং চন্দ্রং পশ্যাবঃ
বহুবচন	বালকাঃ চন্দ্রং পশ্যন্তি	যূয়ং চন্দ্রং পশ্যথ	বয়ং চন্দ্রং পশ্যামিঃ

কর্ম্মবাচ্য—Passive Voice

২। কর্ম্মবাচ্য-প্রয়োগে তু তৃতীয়া কর্ত্তৃকারকে।
প্রথমান্তং ভবেৎ কর্ম্ম কর্ম্মাধীনং ক্রিয়াপদম্॥

কর্ম্মবাচ্যে কর্ত্তৃকারকে তৃতীয়া বিভক্তি ও কর্ম্মকারকে প্রথমা বিভক্তি এবং ক্রিয়াপদ কর্ম্মের অধীন হইয়া থাকে (অর্থাৎ কর্ম্মে যে পুরুষ যে বচন ক্রিয়ারও সেই পুরুষ, সেই বচন হয়)।

Examples

কর্ত্তৃবাচ্য	কর্ম্ম	কর্ম্মবাচ্য
ছাত্রঃ গ্রন্থং পঠতি	(প্রথম পুরুষ, একবচন)	ছাত্রেন গ্রন্থঃ পঠ্যতে
ছাত্রঃ গ্রন্থান্ পঠতি	(প্রথম পুরুষ, বহুবচন)	ছাত্রেন গ্রন্থাঃ পঠ্যন্তে
রামঃ যুবাং পশ্যতি	(মধ্যম পুরুষ, দ্বিবচন)	রামেন যুবাং দৃশ্যেথে
সঃ মাং বদতি	(উত্তম পুরুষ, একবচন)	তেন অহম্ উদ্যে
সঃ অস্মান্ বদতি	(উত্তম পুরুষ, বহুবচন)	তেন বয়ম্ উদ্যামহে

দ্রষ্টব্য ঃ কর্ত্তৃবাচ্যে পরস্মৈপদী ধাতুর উত্তর পরস্মৈপদ, আত্মনেপদী ধাতুর উত্তর আত্মনেপদ এবং উভয়পদী ধাতুর উত্তর পরস্মৈপদ ও আত্মনেপদ উভয়ই হইয়া থাকে।

ভাববাচ্য—Impersonal Passive Voice

৩। ভাবে কর্ত্তুস্তৃতীয়া স্যাৎ কর্ম্মাভাবশ্চ সর্ব্বদা।
প্রথমপুরুষৈকৈক বচনান্তং ক্রিয়াপদম্॥

ভাববাচ্যে কর্ত্তৃকারকে তৃতীয়া বিভক্তি হয়, কর্ম্ম থাকে না এবং ক্রিয়াপদ সর্ব্বদা প্রথম পুরুষের একবচনান্ত (কৃদন্ত ক্রিয়া হইলে ক্লীবলিঙ্গ) হইয়া থাকে।

Examples

	কর্ম্মবাচ্য	ভাববাচ্য
(১)	শিশুঃ রোদিতি	শিশুনা রুদ্যতে
(২)	বৃষ্টিঃ ভবতি	বৃষ্ট্যা ভূয়তে
(৩)	বয়ং তিষ্ঠামঃ	অস্মাভিঃ স্থীয়তে
(৪)	রাজা চিরং জীবতু	রাজ্ঞা চিরং জীব্যতাম্।

৪। ভাবে কর্ম্মণি বাচ্যে চ সদা স্যাদাত্মনেপদম্
লড়াদিষু চতুর্ষ্বে যকরস্যাগমো ভবেৎ॥

কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে সর্ব্বদা আত্মনেপদ হয় এবং লট্, লোট্, লঙ্ ও লিঙে (বিধিলিঙে) মূল ধাতুর পর 'য' আগম হইয়া থাকে।

লট্—১ম পুঃ, ১ বঃ—দৃশ্—দৃশ্যতে, স্থা—স্থীয়তে, পা—পীয়তে। **লোট্**—দৃশ্—দৃশ্যতাম্, স্থা—স্থীয়তাম্, পা—পীয়তাম্. **লঙ্**—দৃশ্—অদৃশ্যত, স্থা—অস্থীয়ত, পা—অপীয়ত। **লিঙ্**—দৃশ্—দৃশ্যেত, স্থা—স্থীয়েত পা—পীয়েত।

৫। লট্, লোট্, লঙ্ ও লিঙ্ ভিন্ন বিভক্তিতে (লিট্, লুট্, লঙ্

প্রভৃতিতে) কর্ম্মবাচ্যে বা ভাববাচ্যে 'য' আগম হয় না ; কেবল আত্মনেপদ হয় যথা—

লৃট্—(১) বিপ্রঃ সূর্য্যং দ্রক্ষ্যতি (কর্তৃবাচ্য)। বিপ্রেণ সূর্য্যঃ দ্রক্ষ্যতে (কর্তৃবাচ্য)। (২) ধেনুঃ জলং পাস্যতি (কর্তৃবাচ্য)। ধেন্বা জলং পাস্যতে (কর্তৃবাচ্য)। (৩) বৃদ্ধঃ গৃহে স্থাস্যতি (কর্তৃবাচ্যে)। বৃদ্ধেন গৃহে স্থাস্যতে। (ভাববাচ্য)।

লিট্—(১) রামঃ বনং জগাম (কর্তৃবাচ্য)। রামেণ বনং জগ্মে (কর্তৃবাচ্য)। (২) সীতা পঞ্চবট্যাম্ উবাস (কর্তৃবাচ্য)। সীতয়া পঞ্চবট্যাম্ ঊষে (ভাববাচ্য)। (৩) রাবণঃ সীতাং জহার (কর্তৃবাচ্যে)। রাবণেন সীতা জহ্রে (কর্তৃবাচ্য)।

৬। কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে 'য' পরে থাকিলে হ্রস্ব ই-কারান্ত ও হ্রস্ব উকারান্ত ধাতুর যথাক্রমে হ্রস্ব ই স্থানে ঈ এবং হ্রস্ব উ স্থানে দীর্ঘ ঊ হয়। যথা, হ্রস্ব ই-কারান্ত—চি—চীয়তে, জি—জীয়তে। হ্রস্ব উ-কারান্ত—শ্রু-শ্রূয়তে, স্তু-স্তূয়তে। যথা— ১) বিপ্রৈঃ কুসুমানি চীয়ন্তে। (২) তেন গীতং শ্রূয়তে। (৩) বিপ্রৈঃ মহাদেবঃ স্তূয়তে।

৭। য পরে থাকিলে হ্রস্ব ঋ কারান্ত ধাতুর হ্রস্ব ঋ স্থানে রি ও দীর্ঘ ঋৃ-কারান্ত ধাতুর দীর্ঘ ঋৃ স্থানে ঈর্ হয়। হ্রস্ব ঋ-কারান্ত—কৃ—ক্রিয়তে, ধৃ—ধ্রিয়তে, মৃ—ম্রিয়তে। কিন্তু জাগৃ (to wake)—জাগর্য্যতে, স্মৃ (to remember) স্মর্য্যতে। দীর্ঘ ঋৃ কারান্ত—কৄ—কীর্য্যতে, তৄ—তীর্য্যতে, জৄ—জীর্য্যতে, দৄ—দীর্য্যতে। কিন্তু দীর্ঘ ঋৃকার পবর্গযুক্ত হইলে ঊর হয়। পৄ—পূর্য্যতে।

প্রয়োগঃ—(১) ভদ্রে! ক্রিয়তাং মে শ্লোকং সাহায্যম্ (প)। (২) গঙ্গাজলেন পূর্য্যতাম্ অয়ং ঘটঃ। (৩) শিশুভিঃ মাতা স্মর্য্যতে।

৮। য পরে থাকিলে সন্ধ্যক্ষরান্ত (এ, ঐ, ও, ঔ) ধাতুর সন্ধ্যক্ষর ওকার স্থানে আ হয়। যথা—ঐকারান্ত—ধৈ—ধ্যায়তে, ও-কারান্ত—শো—শায়তে।

৯। য পরে থাকিলে গা (গৈ—to sing), দা (to give), ধা (to hold),

পা (to drink), মা (to measure), হা—জুহোত্যাদি (to leave), সা (সো—দিবাদি—to finish) ও স্থা (to stay) ধাতুর আকার দীর্ঘ ঈ-কার হয়। গৈ—গীয়তে, দা-দীয়তে, ধা—ধীয়তে, পা-পীয়তে, মা—মীয়তে, হা—হীয়তে, সো—সীয়তে, স্থা—স্থীয়তে।

১০। য পরে থাকিলে সাধারণ আকারান্ত ধাতুর কোন পরিবর্ত্তন হয় না। যথা—যা (to go)—যায়তে, পা (to protect)—পায়তে, ভা (to shine)-ভায়তে, বা (to blow)—বায়তে, ঘ্রা (to smell)—ঘ্রায়তে।

১১। য পরে থাকিলে ধাতুর উপধা (অন্ত্যবর্ণের পূর্ববর্ত্তী) ন্ এর লোপ হয়। যথা—

গ্রন্থ্ (to tie)—গ্রথ্যতে, দন্শ্ (to bite)—দশ্যতে, ভ্রন্শ্-(to fall)-ভ্রশ্যতে, শন্স্ (to relate)—শস্যতে, স্বন্জ (to embrace)—স্বজ্যতে, মন্থ্ (to churn)—মথ্যতে, ভন্জ (to split)—ভজ্যতে, বন্ধ্ (to bind)—বধ্যতে, রন্জ (to be coloured)—রজ্যতে।

১২। য পরে থাকিলে ণিজন্ত (causative) ধাতুর অন্তস্থিত ই এর লোপ হয়। যথা—

স্থা + ণিচ্ = স্থাপি—স্থাপ্যতে, দৃশ + ণিচ্ = দর্শি—দর্শ্যতে, কৃ + ণিচ্ = কারি—কার্য্যতে, পচ্ + ণিচ্ = পাচি—পাচ্যতে, গম্ + ণিচ্ = গমি—গম্যতে, খাদ + ণিচ্ = খাদি—খাদ্যতে।

কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে কয়েকটি ধাতুর রূপ

(লট্—১ম পুঃ—১বঃ)

অস্ or ভূ—ভূয়তে, আস্—আস্যতে, ই—ঈয়তে, ইষ্—ইষ্যতে, অধি-ই—অধীয়তে, কৃ—ক্রিয়তে, কৄ + কীর্য্যতে, ক্রী—ক্রীয়তে, গম্—গম্যতে, গে—গীয়তে, গ্রন্থ্—গ্রথ্যতে, গ্রহ্—গৃহ্যতে, চি—চীয়তে, ছিদ্—ছিদ্যতে, জন্—জায়তে or জন্যতে, জাগৃ—জাগর্য্যতে, জি—জীয়তে, জ্ঞা—জ্ঞায়তে, তৄ—তীর্য্যতে, দন্শ্—দশ্যতে, দা—দীয়তে, দিব্—দীব্যতে, ধা—ধীয়তে, ধ—

ধ্রিযতে, দৃ—দীর্য্যতে, ধে—ধাযতে, পা (ভ্বাদি)—পীয়তে, পা (অদাদি —পায়তে, পৃ—পূর্যতে, প্রচ্ছ্—পৃচ্ছ্যতে, বন্ধ্—বধ্যতে, ব্রূ or বচ্—উচ্যতে, ভ্রস্জ—ভৃজ্জ্যতে, মন্থ্—মথ্যতে, মস্জ—মজ্জ্যতে, ভ্রন্শ—ভ্রশ্যতে, মা—মীয়তে, মৃ—ম্রিযতে, যজ্—ইজ্যতে, বদ্—উদ্যতে, বপ্—উপ্যতে বহ্—উহ্যতে, বস্—উষ্যতে, বৃ—ব্রিয়তে, ব্যধ্—বিধ্যতে, শন্স্—শস্যতে শাস্—শিষ্যতে, শী—শয্যতে, শ্রি—শ্রীয়তে, শ্রু—শ্রূযতে, স্তু—স্তূযতে সা—সীয়তে, স্ম—স্মর্য্যতে, স্বন্জ—স্বজ্যতে, স্বপ্—সুপ্যতে, হা—হীযতে হৃ—হ্রিযতে, হ্বে—হূযতে।

Exercise 39

1 Translate into Sanskrit (using কর্ম্মবাচ্য *or* ভাববাচ্য *) :—*

A. এই পুস্তকখানি গ্রহণ কর। বৃথা রাত্রি জাগরণ করিও না। যদুর পিতা অর্থাভাবে দুঃখিত হইয়াছেন। শিক্ষক মাধবকে চারিটি প্রশ্ন জিজ্ঞাসা করিয়াছিলেন। রাজা দুষ্ট প্রজাকে শাসন করিয়া থাকেন।

B. 1. Many flowers were plucked (চি) by the girls 2 The work was done (কৃ) by the servant. 3 The river is being crossed (তৃ) by a brave boy 4 A great noise was heard (শ্রু) by me in the street. 5. A man was bitten (দন্শ্) by a mad dog. 6 A friend is always protected (পা or রক্ষ্) by a friend.

2. Correct the following sentences, giving reasons :—

(১) অস্য পিত্রা পীড়িতেন অভূয়ন্ত। অধ্যাপকেন ত্রীন্ প্রশ্নান্ অপৃচ্ছন্ত। (২) অস্যাং শয্যায়াং শয্যতাং ভবান্। (৪) ছাত্রৈঃ পুস্তকানি গৃহ্যতে। (৫) ভবদ্ভিঃ কং স্মর্য্যতে ? (৬) মম ভৃত্যেন গুরুং ভারং বহতি। (৭) ব্যাধেন বনৈঃ ত্রয় মৃগা বিদ্ধতে। (৮) পক্ষিভিঃ রাত্রৌ নীড়েষু উষ্যতে। (৯) নরপতিনা সচিবাং আহূয়ন্তে। (১০) ভবতা কিং পৃচ্ছ্যতে ?

কর্ম্ম-কর্তৃবাচ্য—Passive-Active Voice

১৩। সংস্কৃত ভাষায় কখনও কখনও দেখা যায় কর্ম্ম কর্ত্তার অপেক্ষা না রাখিয়াই স্বয়ং সম্পন্ন হয়। যেমন—পাচকঃ অন্নং পচতি (পাচক অন্ন পাক করিতেছে) ; এখানে 'পাচকঃ' কর্ত্তা, 'অন্নম্' কর্ম্ম, কিন্তু এই অন্নই স্থানবিশেষে কর্ত্তা হইতে পারে, অর্থাৎ অন্ন যেন আপনা আপনিই পক্ক হইতেছে, কর্ত্তার অপেক্ষা রাখিতেছে না। যেমন-**অন্নং (স্বয়মেব) পচ্যতে**।

ক্রিয়মাণস্তু যৎ কর্ম্ম স্বয়মেব প্রসিধ্যতি।
সুকরৈঃ স্বৈগুর্ণৈঃ কর্ম্মকর্ত্তেতি তৎ বিদুঃ ॥

যে কর্ম্ম কর্ত্তার অনায়াস-সাধ্য বলিয়া, তৎকর্তৃক অনুষ্ঠিত হইয়াও যেন তাহার (কর্ত্তার) অপেক্ষা না করিয়া নিজেই সম্পন্ন হইল বলিয়া প্রতীয়মান হয়, তাহাকে **কর্ম্ম-কর্ত্তা** বলে। কর্ম্ম-কর্তৃবাচ্যে কর্ত্তায় প্রথমা বিভক্তি হয় এবং ক্রিয়াটি কর্ম্ম-বাচ্যের ক্রিয়ার ন্যায় হইয়া থাকে। যথা—(১) নরঃ বৃক্ষং ছিনত্তি (কর্তৃবাচ্য), নরেণ বৃক্ষঃ ছিদ্যতে (কর্ম্মবাচ্য), বৃক্ষঃ ছিদ্যতে (কর্ম্ম-কর্তৃবাচ্য)। (২) পাচকঃ ওদনং পচতি (কর্তৃবাচ্য) ; পাচকেন ওদনঃ পচ্যতে (কর্ম্মবাচ্য) ; ওদনঃ পচ্যতে (কর্ম্ম-কর্তৃবাচ্য) ; (৩) নরঃ কাষ্ঠং ভিনত্তি (কর্তৃবাচ্য) ; নরেণ কাষ্ঠং ভিদ্যতে (কর্ম্মবাচ্য) ; কাষ্ঠং ভিদ্যতে (কর্ম্ম-কর্তৃবাচ্য)।

প্রয়োগ :—(১) শুষ্ককাষ্ঠঞ্চ মূর্খশ্চ 'ভিদ্যতে' ন তু 'নম্যতে'।
(২) 'হীয়তে' হি মতিস্তাত ! হীনৈঃ সহ সমাগমাৎ।

এখানে 'ভিদ্যতে', 'নম্যতে' ও 'হীয়তে' কর্ম্ম-কর্তৃবাচ্যের উদাহরণ।

LESSON II

বাচ্য-পরিবর্ত্তন—Change of Voice

১৪। বাক্যকে এক বাচ্য হইতে অন্য বাচ্যে পরিবর্ত্তিত করার নাম **বাচ্য-পরিবর্ত্তন** বা **বাচ্যান্তর**। ক্রিয়াপদ সকর্ম্মক হইলে কর্তৃবাচ্যের বাক্যকে কর্ম্মবাচ্যে এবং অকর্ম্মক হইলে কর্তৃবাচ্যের বাক্যকে ভাববাচ্যে পরিবর্ত্তন করা

যায়। আবার কর্ম্মবাচ্যের ও ভাববাচ্যের বাক্যকেও কর্ত্তৃবাচ্যে পরিবর্ত্তিত করিতে পারা যায়।

১৫। বাচ্য-পরিবর্ত্তন করিতে হইলে কর্ত্তা, কর্ম্ম ও ক্রিয়া এবং কর্ত্তার বিশেষণ ও কর্ম্মের বিশেষণের পরিবর্ত্তন করিতে হয়। অন্য পদগুলির কোন পরিবর্ত্তন হয় না। অসমাপিকা ক্রিয়া ও তাহার কর্ম্মেরও কোন পরিবর্ত্তন হয় না।

কর্ত্তৃবাচ্য হইতে কর্ম্মবাচ্যে পরিবর্ত্তন

(১) রাজপুরুষঃ দুষ্টং লোকং প্রহরতি, রাজপুরুষেণ দুষ্টঃ লোকঃ প্রহ্রিয়তে, (২) যুবা পুস্তকং গৃহ্নাতি ; যূনা পুস্তকং গৃহ্যতে ; (৩) স ইমং বিষয়ং ন জানাতি ; তেন অয়ং বিষয়ঃ ন জ্ঞায়তে ; (৪) সখে ! ছিন্ধি তাবৎ মম বন্ধনম্, সত্বরং ত্রায়স্ব মাম (হি); (৫) সখে। ছিদ্যতাং তাবৎ মম বন্ধনম্, সত্বরং ত্রায়ৈ অহম্।

কর্ম্মবাচ্য হইতে কর্ত্তৃবাচ্যে পরিবর্ত্তন

(১) ময়া জ্ঞানবন্তঃ পূজ্যন্তে ; অহং জ্ঞানবতঃ পূজয়ামি, (২) দ্বিষদ্ভিঃ পুর্য্যঃ অধিক্রিয়তে, দ্বিষন্তঃ পুরীম্ অধিকুর্ব্বন্তি, (৩) কে হপি বধোপায়ঃ চিন্ত্যতাম্, কম্ অপি বধোপায়ং চিন্তয়।

কর্ত্তৃবাচ্য হইতে ভাববাচ্যে পরিবর্ত্তন

(১) ত্বং রাজা ভবিষ্যসি, অহং তব মন্ত্রী ভবিষ্যামি—ত্বয়া রাজ্ঞা ভবিষ্যতে, ময়া তব মন্ত্রিণা ভবিষ্যতে, (২) ক্ষীণা জনা নিষ্করুণা ভবন্তি (প), ক্ষীণৈঃ জনৈঃ নিষ্করুণৈঃ ভূয়তে—(৩) কস্মিংশ্চিৎ সরোবরে ভারণ্ডনামা পক্ষী একোদরঃ পৃথগ্-গ্রীবঃ প্রতিবসতি স্ম—(প), কস্মিংশ্চিৎ সরোবরে ভারণ্ডনাম্না পক্ষিণা একোদরেণ পৃথগ্গ্রীবেণ প্রত্যুষ্যতে স্ম।

ভাববাচ্য হইতে কর্ত্তৃবাচ্যে পরিবর্ত্তন

(১) তস্মিন্ বনে পিঙ্গলকনাম্না সিংহেন স্বভুজোপার্জ্জিত রাজ্যসুখম্ অনুভবতা আস্যতে, তস্মিন্ বনে পিঙ্গলকনামা সিংহঃ স্বভুজোপার্জ্জিত-রাজ্যসুখম্ অনুভবন্ আস্তে। (হি) (২) কলিঙ্গ বিষয়ে যজ্ঞস্থলাভিধেয়েন নগরেণ অভূয়ত ;

কলিঙ্গ-বিষয়ে যজ্ঞস্থলাভিধেয়ং নগরম্ আসীৎ (বে)। (৩) তেন উচ্যতে দেব! ভূয়তে মহত্যা বার্ত্তয়'—স ব্রূতে, দেব! অস্তি মহতী বার্ত্তা (হি)।

কর্ম্মবাচ্য হইতে ভাববাচ্যে পরিবর্ত্তন

কর্ম্মকর্ত্তৃবাচ্য	ভাববাচ্য
(১) কাষ্ঠং ভিদ্যতে	কাষ্ঠেন ভিদ্যতে
(২) ওদনং পচ্যতে	ওদনেন পচ্যতে

দ্বিকর্ম্মক ধাতুর বাচ্য-পরিবর্ত্তন

১৬। সংস্কৃতে কয়েকটি ধাতু আছে যাহাদের দুইটি করিয়া কর্ম্ম থাকে, ইহাদিগকে দ্বিকর্ম্মক ধাতু বলে। ইহার একটির নাম মুখ্যকর্ম্ম (Direct object) এবং অপরটির নাম গৌণ কর্ম্ম (Indirect object)। দুহ্, যাচ্, পচ্, দণ্ড্, রুধ্, প্রচ্ছ্, চি, ব্রূ, শাস্, জি, মন্থ্, নী, হৃ, কৃষ্ ও বহ্ এই কয়টি ধাতু এবং ইহাদের সমানার্থক ধাতুগুলি দ্বিকর্ম্মক। ক্রিয়া-প্রকরণে দ্বিকর্ম্মক ধাতুর বিস্তৃতভাবে আলোচনা করা হইয়াছে, এখানে কেবল বাচ্য-পরিবর্ত্তনের বিষয় আলোচিত হইবে।

১৭। বাচ্য-পরিবর্ত্তনের সময় দ্বিকর্ম্মক ধাতুকে দুই ভাগে বিভক্ত করিতে হয়। প্রথম ভাগ দুহ্ হইতে মুষ পর্য্যন্ত বারটি ধাতু, ইহাদের নাম দুহাদি (দুহ্ + আদি) আর দ্বিতীয় ভাগ নী, হৃ, কৃষ্, বহ্ এই চারিটি ধাতু ইহাদের নাম ন্যাদি (নী + আদি)। ন্যাদি ধাতুর সকলই সমানার্থক।

১৮। **দুহাদের প্রধানে**—দুহাদি ধাতুর (দুহ্ প্রভৃতি বারটি ধাতুর, কর্ম্মবাচ্যে গৌণ কর্ম্ম বা অপ্রধান কর্ম্মে প্রথমা বিভক্তি হয়। ক্রিয়াপদ ইহার অনুসরণ করে। মুখ্যকর্ম্মের কোন পরিবর্ত্তনই হয় না।

১৯। **ন্যাদেঃ প্রধানে**—ন্যাদি ধাতুর (নী-হৃ, কৃষ্ ও বহ্ ধাতুর) কর্ম্মবাচ্যে মুখ্য (প্রধান) কর্ম্মে প্রথমা বিভক্তি হয়। আর গৌণ কর্ম্মের কোন পরিবর্ত্তন হয় না। ক্রিয়াপদ মুখ্য কর্ম্মের অনুসরণ করে।

Learn :—গৌণে কর্ম্মণি দুহ্যাদেঃ প্রধানে নী-হৃ-কৃষ্-বহাম্।
বিভক্তিঃ প্রথমা জ্ঞেয়া দ্বিতীয়া স্যাত্তদন্যতঃ॥

Examples

Active	(দুহাদি)	Passive
দুহ্—গোপঃ গাং দুগ্ধং দোগ্ধি।		গোপেন গৌঃ দুগ্ধং দুহ্যতে।
যাচ্—দরিদ্রঃ রাজানং ধনং যাচতে।		দরিদ্রেণ রাজা ধনং যাচ্যতে।
পচ্—বিপ্রঃ তণ্ডুলান্ ওদনং পচতি।		বিপ্রেণ তণ্ডুলাঃ ওদনং পচ্যন্তে
চি—বালিকাঃ বৃক্ষান্ পুষ্পাণি চিম্বন্তি।		বালিকাভিঃ বৃক্ষাঃ পুষ্পাণি চীয়ন্তে

(ন্যাদি—নী, হৃ, কৃষ্, বহ্)

নী—ভৃত্যঃ ধেনুং গ্রামং নয়তি।	ভৃত্যেন ধেনুঃ গ্রামং নীয়তে।
হৃ—স ভারং গ্রামং হরতি।	তেন ভারঃ গ্রামং হ্রিয়তে।
কৃষ্—বালিকা বৃক্ষং শাখাং কর্ষতি।	বালিকয়া বৃক্ষং শাখা কৃষ্যতে।
বহ্—ভৃত্যঃ গ্রামং ভারং বহতি।	ভৃত্যেন গ্রামং ভারঃ উহ্যতে।

ণিজন্ত ধাতুর বাচ্য-পরিবর্ত্তন

Learn :—বুদ্ধিভক্ষার্থয়োঃ শব্দ কর্ম্মণাং চ নিজেচ্ছয়া।
প্রযোজ্য কর্ম্মণ্যেন্যেষাং ণ্যন্তানাং পাদয়ো মতাঃ॥

২০। ণিজন্ত ধাতুর বাচ্য পরিবর্ত্তন করিতে হইলে যে সকল ণিজন্ত ধাতুর প্রযোজ্য কর্ত্তায় কর্ম্মসংজ্ঞা বা দ্বিতীয়া বিভক্তি হয়, কর্ম্মবাচ্যে সেই সকল কর্ম্মভূত দ্বিতীয়ান্ত প্রযোজ্য কর্ত্তায় প্রথমা বিভক্তি হয এবং ক্রিয়াপদ তাহার অধীন হয়। যথা—

Active	Passive
(১) পিতা পুত্রং গ্রামং গময়তি।	(১) পিত্রা পুত্রঃ গ্রামং গম্যতে।
(২) গুরুঃ শিষ্যং ধর্ম্মং বোধয়তি।	(২) গুরুণা শিষ্যঃ ধর্ম্মং বোধ্যতে।
(৩) মাতা পুত্রম্ অন্নং ভোজয়তি।	(৩) মাত্রা পুত্রঃ অন্নং ভোজ্যতে।
(৪) গুরুঃ শিষ্যং বেদম্ অধ্যাপয়তি।	(৪) গুরুণা শিষ্যঃ বেদম্ অধ্যাপ্যতে।

Note :—বৈয়াকরণগণের মতে ভোজনার্থ, বোধার্থ ও শব্দকর্ম্মক ধাতুর প্রয়োগে (প্রযোজ্য কর্ত্তার দ্বিতীয়া বিভক্তি স্থলে) কর্ম্মবাচ্যে প্রযোজ্য কর্ত্তার অণিজন্ত অবস্থায় কর্ম্মে ইচ্ছামত প্রথমা বিভক্তি হইতে পারে। অর্থাৎ একবার প্রযোজ্য কর্ত্তায় আর একবার অণিজন্ত অবস্থায় কর্ম্মে প্রথমা বিভক্তি হয়। যেমন—

ভোজনার্থ--Active—মাতা শিশুম্ ওদনং ভোজয়তি। Passive—মাত্রা শিশুঃ ওদনঃ ভোজ্যতে *Or*, মাত্রা শিশুম্ ওদনঃ ভোজ্যতে।

বোধার্থ—Active—গুরুঃ শিষ্যং ধর্ম্মং বোধয়তি। Passive—গুরুণা শিষ্যঃ ধর্ম্মম্ বোধ্যতে *Or* গুরুণা শিষ্যং ধর্ম্মঃ বোধ্যতে।

শব্দকর্ম্মক—Active—গুরুঃ ছাত্রং বেদম্ অধ্যাপয়তি। Passive—গুরুণা ছাত্রং বেদম্ অধ্যাপ্যতে *Or* গুরুণা ছাত্রং বেদঃ অধ্যাপ্যতে।

২১। তৃতীয়া বিভক্ত্যন্ত প্রযোজ্য কর্ত্তার বাচ্য-পরিবর্ত্তনে কোন পরিবর্ত্তন হয় না, কিন্তু সাধারণ নিয়মানুসারে প্রযোজক কর্ত্তা, কর্ম্ম ও ক্রিয়ার পরিবর্ত্তন হয়। যথা—

কর্ত্তৃবাচ্য	কর্ম্মবাচ্য
(১) রাজা পাচকেন অন্নং পাচয়তি	(১) রাজ্ঞা পাচকেন অন্নং পাচ্যতে।
(২) মাতা পুত্রেণ অন্নং খাদয়তি।	(২) মাত্রা পুত্রেণ অন্নং খাদ্যতে।
(৩) প্রভুঃ ভৃত্যেন ভারং বাহয়তি	(৩) প্রভুনা ভৃত্যেন ভারঃ বাহ্যতে।

কৃদন্ত ক্রিয়ার বাচ্য-পরিবর্ত্তন

দ্রষ্টব্য—কৃদন্ত ক্রিয়ার বাচ্য পরিবর্ত্তনের বিষয় বৈয়াকরণগণের মতভেদ দেখা যায়। এখানে দুইটি মতের পৃথক্ উল্লেখ করা হইল।

1

২২। কর্তৃবাচ্যে ক্ত বা ক্তবতু-প্রত্যয়ান্ত পদের কর্ম্মবাচ্যে পরিবর্ত্তন কালে উহাকে কর্ম্মবাচ্যে ক্ত-প্রত্যয়ান্ত করিয়া কর্ম্মের বিশেষণ করিতে হয়; যেমন :—

(১) রামঃ বনং গতঃ or গতবান্ (active), রামেণ বনং গতম্ (passive).

(২) বালিকা বিদ্যালয়ং গতবতী or গতা (active), বালিকয়া বিদ্যালয়ঃ গতঃ (passive), অহং নদী দৃষ্টবান্ (active), ময়া নদী দৃষ্টা (passive),

২৩। কর্তৃবাচ্যে ক্ত বা ক্তবতু প্রত্যয়ান্ত পদের ভাববাচ্যে পরিবর্ত্তন করিতে হইলে যে ধাতুর উত্তর ক্ত বা ক্তবতু প্রত্যয় হইয়াছে, সেই ধাতুর উত্তর ভাববাচ্যে ক্ত-প্রত্যয় করিয়া ক্লীবলিঙ্গের একবচনান্ত করিতে হয়। যথা—

Active	Passive
(১) বালিকা হসিতবতী।	(১) বালিকয়া হসিতম্।
(২) কশ্চিৎ সর্পঃ মৃতঃ।	(২) কেনচিৎ সর্পেণ মৃতম্।

২৪। কর্ম্মবাচ্যে বা ভাববাচ্যে বিহিত কৃত্য-প্রত্যয় (তব্য, অনীয়, ণ্যৎ, যৎ ও ক্যপ্) এর কর্তৃবাচ্যে পরিবর্ত্তন করিতে হইলে অর্থানুসারে লট্ বা লিঙ্ (বিধিলিঙ্) এর প্রয়োগ করিতে হয়। যথা—

Passive	Active
(১) ময়া চন্দ্রঃ দ্রষ্টব্যঃ or দর্শনীয়ঃ	(১) অহং চন্দ্রং দ্রক্ষ্যামি or পশ্যেয়ম্
(২) ত্বয়া দেবঃ পূজ্যঃ or পূজনীয়ঃ	(২) ত্বং দেবং পূজয়েঃ or পূজয়িষ্যসি
(৩) শিশুভিঃ দুগ্ধং পেয়ম্	(৩) শিশবঃ দুগ্ধং পিবেয়ুঃ or পাস্যন্তি
(৪) বৃষ্ট্যা ভাব্যম্	(৪) বৃষ্টিঃ ভবেৎ or ভবিষ্যতি

II

Note :—উপরে যে নিয়ম ও উদাহরণগুলির উল্লেখ করা হইল, কৃদন্ত ক্রিয়ার বাচ্য-পরিবর্ত্তনের তাহাই অনেকের মত, কিন্তু কোন বৈয়াকরণ বলেন, ক্ত, ক্তবতু, তব্য, অনীয়, ণ্যৎ ও যৎ প্রভৃতি প্রত্যয়-নিষ্পন্ন পদ সমাপিকা নয়। এখানে ভূ বা অস্ ধাতু উহ্য আছে। যেমন--

(১) ছাত্রেণ বিদ্যালয়ঃ গন্তব্যঃ। (২) তেন গুরুঃ অর্চ্চনীয়ঃ।

এই দুইটি বাক্যে 'ভবতি' পদ উহ্য আছে অর্থাৎ—(১) ছাত্রেণ বিদ্যালয়ঃ গন্তব্যঃ (ভবতি)। (২) তেন গুরুঃ অর্চ্চনীয়ঃ (ভবতি)।

অতএব বাচ্য পরিবর্ত্তনে এইরূপ হইবে :—(১) ছাত্রেণ বিদ্যালয়েন গন্তব্যেন

(ভূয়তে)। (২) তেন গুরুণা অর্চ্চনীয়েন (ভূয়তে)। ক্ত ও ক্তবতুর বেলায়ও এই নিয়ম খাটিবে। যেমন—**ক্তবতু-প্রত্যয়ান্ত**—(১) ছাত্রঃ পাঠং পঠিতবান্ (Active), (২) বালিকা নদীং দৃষ্টবতী (Active).

এই দুইটি বাক্যের প্রত্যেকটিতে 'অভবৎ' ক্রিয়া উহ্য আছে' অতএব বাচ্য-পরিবর্ত্তনে এইরূপ হইবে—(১) ছাত্রেণ পাঠং পঠিতবতা(অভূয়ত)—(Passive), (২) বালিকয়া নদীঃ দৃষ্টবত্যা (অভূয়ত)—(Passive).

ক্ত-প্রত্যয়ান্ত—(১) রামেণ রাবণঃ হতঃ। (২) অস্মাভিঃ চন্দ্রঃ দৃষ্টঃ। উপরের দুইটি বাক্যে 'অভবৎ' ক্রিয়া উহ্য আছে।

অতএব বাচ্য-পরিবর্ত্তনে এইরূপ হইবে :—রামঃ রাবণেন হতেন (অভূয়ত)। (১) অস্মাভিঃ চন্দ্রেণ দৃষ্টেন (অভূয়ত)।

N. B. কৃদন্তক্রিয়ার বাচ্য-পরিবর্ত্তনের জন্য শ্রদ্ধাস্পদ অধ্যাপকগণের দ্বিবিধ মত উল্লিখিত হইল। প্রাচীন বৈয়াকরণগণ শেষোক্ত মতই সমর্থন করেন।

Exercise 40

1. *Translate into Sanskrit* (*using* কর্ম্মবাচ্য *or* ভাববাচ্য) :—

A. পরমেশ্বর আমাদিগকে বুদ্ধিবৃত্তি দান করিয়াছেন। দয়া মানবের সর্ব্বপ্রধান ধর্ম্ম। ভারতের দক্ষিণে সিংহল নামে একটি দ্বীপ আছে। অধ্যাপক আমাকে ন্যায়শাস্ত্র পড়াইয়াছিলেন। মাধব যাদবের বাড়ী গিয়াছিল। দেশ-কাল-পাত্র বিবেচনা করিয়া কাজ করা কর্ত্তব্য।

B. 1. A man was seen by me in the street (রথ্যা-স্ত্রী). 2. This city is called Calcutta. 3. These flowers are plucked by the Brahmin for worshipping the goddess Kali. 4. May he live (জীব্) long. 5. The old man was shivering (কম্প) with cold. 6. The sun and the moon are made (সৃজ্) by God. 7. Benares is regarded by the Hindus as a sacred place. 8. Duryodhana, the eldest son

of Dhritarastra was defeated (পরা·ভূ) by Bhima, in the battle of Kurukshettra. 9. A golden deer was seen by Sita, while staying in the forest. 10. Indrajit the son of Ravana, was killed by Lakshmana. 11. Shyama is respected and loved by all students. 12. A wise man never repents for what is lost or passed. 13. All should rise from bed early in the morning and bathe before sunrise. 14. The student was fined (দণ্ড্) one rupee for his fault. 15. The boy was asked a question by the teacher. 16. The cow is milked by the girl. 17. Ripe fruits were collected from the tree by the man. 18. Ram caused his brother to bring water from his pond. 19. Jadu causes a pot to be made by the potter. 20. Immense wealth was earned by him by dint of hard labour.

2. *Change the voice of the following Sentences* :—

(১) বৃত্তিং ভুঞ্জানানাং পণ্ডিতানাং পঞ্চশতী তিষ্ঠতি (প)। (২) দেব! শ্রূয়তাং মে তথ্যবচনম্ (প)। (৩) ভোঃ শ্রেষ্ঠিন্! মা ত্বং বৈরাগ্যং গচ্ছ (প)। (৪) ময়া ধর্ম্মশাস্ত্রাণি অধীতানি (হি)! (৫) ভদ্র! মহতী শঙ্কা মাং বাধতে (হি)। (৬) অয়ং তাবৎ স্বামী বাঙ্মধুরো বিষহৃদয়ো ময়া জ্ঞায়তে (হি)। (৭) অস্তি মগধদেশে চম্পকবতী নাম অরণ্যানী (হি)। (৮) ময়া ভবানুচরেণ সর্ব্বথা ভবিতব্যম্ (হি)। (৯) চটকা কথমপি প্রাণৈর্নবিযুক্তা (প)।

3. *Re-write the following Sentences, correcting all errors* :—

(১) এবং বিশ্বাস্য স মার্জ্জারঃ তরুকোটরে স্থিতম্। (২) হস্তিনা ক্রতে কস্তুম্, কুতঃ সমায়াতম্? (৩) আসীৎ বারাণস্যাং কর্পূরপুটেন নাম

রজকঃ। (৪) ইত্যুক্ত্বা সঃ অতীব চীৎকার কৃতঃ। (৫) দেব! কিমর্থঃ সর্ব্বপশুবধং ক্রিয়তে? (৬) তৈঃ বানরৈঃ বৃক্ষম্ আরুহ্য সর্ব্বে নীড়া ভগ্নবান্। (৭) বারং বারং শ্যেন কাকেন দধি খাদতি। (৮) দেবী! প্রসীদ, বিজয়স্থাম্ শূদ্রকেন মহারাজেন। (৯) শ্রূয়তাং ভবতা মম বচনানি। (১০) তৎ পরিজ্ঞায় মার্জ্জারঃ বহিঃ পলায়িতম্।

4. Explain clearly by examples the rules bearing on the change of voice of verb with double accusatives.

5. Change the voice in 'অগদঃ কিং ন পীয়তে'।

6. Show by examples how change of voice is effected from কর্ত্তৃবাচ্য to ভাববাচ্য and from কর্ম্মবাচ্য to কর্ত্তৃবাচ্য।

CHAPTER X

কৃৎপ্রত্যয়—Participles

১। ধাতুর উত্তর শতৃ, শানচ্, ক্ত, ক্তবতু, তব্য, অনীয় প্রভৃতি কতকগুলি প্রত্যয় হয় ; এই সকল প্রত্যয়কে কৃৎপ্রত্যয় বলে। কৃৎপ্রত্যয়-নিষ্পন্ন শব্দকে কৃদন্ত বলে। এই সকল প্রত্যয়ের যোগে বিশেষ্য, বিশেষণ ও ক্রিয়াবাচক বিশেষণ শব্দ গঠিত হয়। সংস্কৃতে কৃৎপ্রত্যয়ের দ্বারা ইংরাজীর Participles-এর অনুবাদ করা হয়।

LESSON 1

শতৃ ও শানচ্—Present Participles

১। কর্ত্তৃবাচ্যে বর্ত্তমানকালে পরস্মৈপদী ধাতুর উত্তর **শতৃ** ; আত্মনেপদী ধাতুর উত্তর **শানচ্** এবং উভয়পদী ধাতুর উত্তর **শতৃ** ও **শানচ্** প্রত্যয় হয়। শতৃ প্রত্যয়ের **অৎ** ও শানচ্ প্রত্যয়ের **'আন'** থাকে। লটের অন্তি বিভক্তি পরে থাকিলে যে ধাতুর যে সকল কার্য্য হয়, শতৃ প্রত্যয় করিলেও সেই ধাতুর সেই সকল কার্য্য হইয়া থাকে। লটের অন্তি বিভক্তিতে যে পদ হয় তাহার 'অন্তি' ভাগ ছাড়িয়া দিয়া তাহাতে 'অৎ' যোগ করিলেই শতৃ-প্রত্যয়ান্ত শব্দ গঠিত হয়। যেমন—

হস্ + শতৃ = হস্ + অৎ = হসৎ + পুং ১মা, ১ব—**হসন্** (smiling)

দৃশ্ + শতৃ = পশ্য + অৎ = পশ্যৎ + পুং ১মা, ১ব— **পশ্যন্** (seeing)

(১) রমেশঃ 'হসন্' গৃহং প্রবিশতি। (২) শিশুঃ চন্দ্রং 'পশ্যন্' নৃত্যতি।

৩। কোন ধাতুর উত্তর লট্ 'তে' বিভক্তি করিলে যদি ক্রিয়াপদে 'তে' ভাগের পূর্ব্বে অকার থাকে, তাহা হইতে উক্ত অকারের পর 'তে' স্থানে **মান** যোগ করিলেই উহার শানচ্ প্রত্যয়ান্ত রূপ গঠিত হয়। যথা, সেব্—সেবতে—সেবমান ; দীপ্—দীপ্যমান ; বুধ্—বুধ্যমান ইত্যাদি। (১) পিতরং সেবমানঃ পুত্রঃ সুখং লভতে। (২) গগনে দীপ্যমানং চন্দ্রং পশ্য।

৪। পূর্ব্বোক্ত নিয়মানুসারে যদি তে বিভক্ত্যন্ত ক্রিয়াপদ তে ভাগের পূর্ব্বে 'অ' না পাওয়া যায় তাহা হইলে লটের 'আতে' বিভক্তিতে যে ধাতুর যে সকল কার্য্য হয়, শানচ্ প্রত্যয় করিলেও সেই ধাতুর সেই সকল কার্য্য হইয়া থাকে এবং এইরূপ স্থলেই আতে স্থানে আন করিলেই শানচ্ প্রত্যয়ান্ত রূপ পাওয়া যায়।

কৃ + শানচ্ = কুরু + আন = কুর্ব্বাণ + পুং ১মা, ১ব, কুর্ব্বাণঃ (doing),

শী + শানচ্ = শে + আন = শয়ান + পুং ১মা ১ব, শয়ানঃ। (lying down).

(১) মাধবঃ শয়ানঃ পুস্তকানি পঠতি। (২) যাদবঃ কার্য্যং কুর্ব্বাণঃ গীতং গায়তি।

Note :—সমাপিকা ক্রিয়ার সহিত একই কালে নিষ্পন্ন অসমাপিকা ক্রিয়া কখনও কখনও কর্ত্তার বিশেষণরূপে ব্যবহৃত হয়। এরূপস্থলে উক্ত অসমাপিকা ক্রিয়ার ধাতুর উত্তর বর্ত্তমানকালে শতৃ বা শানচ্ প্রত্যয় করিতে হয়। অর্থাৎ বাঙ্গালার যে স্থলে যাইতে, করিতে করিতে ইত্যাদি প্রয়োগ হয়, সে স্থলে সংস্কৃতে উক্ত ক্রিয়ার ধাতুর উত্তর শতৃ ও শানচ্ প্রত্যয়ের প্রযোগ হয়। যথা—রাম হাসিতে হাসিতে যাইতেছে—রামঃ হসন্ যাতি।

৫। অকারের পর শান স্থলে মান হয়। যথা—সেব্—**সেবমান**, দীপ—**দীপ্যমান**, বুধ—**বুধ্যমান** ইত্যাদি।

৬। আস্ **ধাতুর** উত্তর শান স্থানে ঈন্ হয়। যথা—আস্—**আসীন** সিংহাসনে আসীনঃ নরপতিঃ সচিবম্ উবাচ।

৭। ক্রিয়ার লক্ষণ ও হেতু বুঝাইলে ধাতুর উত্তর শতৃ ও শানচ্ প্রত্যয় হয়। যথা—**লক্ষণ**—যবনাঃ শয়ানাঃ ভুঞ্জতে—The Javanas take their meals lying down. **হেতু**—অর্জয়ন্ বসতি—He lives here to earn money.

৮। কর্তৃবাচ্যে শতৃ ও শানচ্ প্রত্যয় করিয়া যে শব্দ নিষ্পন্ন হয়, তাহা কর্ত্তার বিশেষণ। যথা—গচ্ছন্ নরঃ, গচ্ছন্তী নরী, পতৎ ফলম্।

৯। শতৃ ও শানচ্ প্রত্যয়ান্ত শব্দ সকল বিশেষণ, সুতরাং বিশেষ্যের লিঙ্গ, বিভক্তি ও বচন প্রাপ্ত হয়।

১০। কর্ম্ম ও ভাববাচ্যে ধাতুর উত্তর শানচ্ প্রত্যয় হয়। কর্ম্ম ও ভাববাচ্যে লট্ প্রভৃতি চারি বিভক্তিতে যে ধাতুর যে সকল কার্য্য হয়, শানচ প্রত্যয় হইলেও সেই ধাতুর সেই সকল কার্য্য হইয়া থাকে। যথা—পা—পীয়মান, ভুজ্—ভুজ্যমান, দৃশ্—দৃশ্যমান, দা—দীয়মান, জ্ঞা—জ্ঞায়মান, কৃ—ক্রিয়মাণ।

১১। কর্ম্মবাচ্যে শানচ্ প্রত্যয়ান্ত শব্দ সকল কর্ম্মের বিশেষণ। যথা—(১) ত্বয়া দৃশ্যমানং চন্দ্রম্ অহং পশ্যামি। (২) ময়া গম্যমানাং নগরীং স গচ্ছতি। (৩) শিশুনা ভুজ্যমানং ফলং ত্বং পশ্যসি।

Note :—সংস্কৃতের শতৃ ও শানচ্ প্রত্যয় ইংরাজির Present Participle Adjectiveএর অনুরূপ। যথা—I saw Rama entering the house—অহং গৃহং প্রবিশন্তং রামম্ অপশ্যম্।

কখন কখন শতৃ ও শানচ্ প্রত্যয়ান্ত পদের দ্বারা ইংরাজীর while, when প্রভৃতির অর্থ প্রকাশ করা হয়। যথা—1. Wicked boys quarrel while reading—দুষ্টাঃ বালকাঃ পঠন্তঃ কলহং কুর্ব্বন্তি। 2. When he was going home, he met a lame man—গৃহং গচ্ছন্ স কঞ্চিৎ খঞ্জং নরম্ অপশ্যৎ।

হ্বাদি—হু—জুহ্বৎ, ভী—বিভ্যৎ, হা—জহৎ, ভৃ—বিভ্রৎ। দিবাদি—দিব্—দিব্যৎ, ব্যধ্—বিধ্যৎ, মুহ্—মুহ্যৎ, নশ্—নশ্যৎ, শম্—শাম্যৎ, কুপ্—কুপ্যৎ, জৃ—জীর্য্যৎ, নৃত্—নৃত্যৎ, ভ্রম্—ভ্রাম্যৎ, হৃষ্—হৃষ্যৎ, শ্লিষ্—শ্লিষ্যৎ। স্বাদি—সু—সুন্বৎ, শ্রু—শৃণ্বৎ, আপ্—আপ্নুবৎ, চি—চিন্বৎ, শক্—শক্নুবৎ। তুদাদি—তুদ্—তুদৎ, সৃজ্—সৃজৎ, কৄ—কিরৎ, ইষ্—ইচ্ছৎ, মস্জ্—মজ্জৎ, কৃত্—কৃন্তৎ, প্রচ্ছ্—পৃচ্ছৎ। মুচ্—মুঞ্চৎ, লিখ্—লিখৎ। রুধাদি—রুধ্—রুন্ধৎ, ভিদ্—ভিন্দৎ, ছিদ্—ছিন্দৎ, হিন্স্—হিংসৎ।

তনাদি—তন্—তন্বৎ, কৃ—কুর্ব্বৎ। ক্র্যাদি—ক্রী—ক্রীণৎ, অশ্—অশ্নৎ, বন্ধ্—বধ্নৎ, জ্ঞা—জানৎ, গ্রহ্—গৃহ্নৎ, মন্থ্—মথ্নৎ, মুষ্—মুষ্ণৎ। চুরাদি—চুর্—চোরয়ৎ, চিন্ত্—চিন্তয়ৎ, অর্চ্চ—অর্চ্চয়ৎ, কথ্—কথয়ৎ, ভক্ষ্—ভক্ষয়ৎ, গণ্—গণয়ৎ, পূজ্—পূজয়ৎ। ণিজন্ত—কারি—কারয়ৎ, অধ্যাপি—অধ্যাপয়ৎ, পালি—পালয়ৎ, স্থাপি—স্থাপয়ৎ, দর্শি—দর্শয়ৎ, দোহি—দোহয়ৎ, জনি—জনয়ৎ, জ্ঞাপি—জ্ঞাপয়ৎ, ঘাতি—ঘাতয়ৎ, বাহি—বাহ্—বাহয়ৎ, বোধি বোধয়ৎ।

ভ্বাদি—ভূ-ভবৎ, স্থা—তিষ্ঠৎ, পা—পিবৎ, ঘ্রা—জিঘ্রৎ, দৃশ্—পশ্যৎ, সদ্—সীদৎ, গৈ—গায়ৎ, জি—জয়ৎ, ধ্যৈ—ধ্যায়ৎ, দহ্—দহৎ, স্মৃ—স্মরৎ, চর্—চরৎ। অদাদি—অদ্—অদৎ, অস—সৎ, রুদ্—রুদৎ, ই—যৎ, যা—যাৎ, স্বপ্—স্বপৎ, শাস্—শাসৎ, জাগৃ—জাগ্রৎ, দ্বিষ্—দ্বিষৎ।

Note :—শতৃ-প্রত্যয়ান্ত শব্দগুলির রূপ পুংলিঙ্গে 'গচ্ছৎ' শব্দের মত কিন্তু যে সকল ধাতুর লট্-এর অন্তি বিভক্তিতে ন কারের লোপ হয়, তাহাদের অর্থাৎ জাগ্রৎ, জহৎ, শাসৎ, দদৎ, জুহ্বৎ, দধৎ, বিভ্রৎ, বিভ্যৎ প্রভৃতির রূপ ভূভৃৎ শব্দের ন্যায় হইবে। স্ত্রীলিঙ্গে ঈ হইয়া (গচ্ছৎ + ঈ = গচ্ছতী, দধৎ + ঈ = দধতী) নদী শব্দের মত রূপ হইবে।

শতৃ-প্রত্যয়ান্ত স্ত্রীলিঙ্গ শব্দের বিস্তৃত বিবরণ স্ত্রী-প্রত্যয়ে দ্রষ্টব্য।

আত্মনেপদী

কতিপয় শানচ্-প্রত্যয়ান্ত শব্দ

ভ্বাদি—ঈক্ষ্—ঈক্ষমাণ, লস্জ্—লজ্জমান, বৃধ্—বর্দ্ধমান, কম্প্—কম্পমান, রম্—রমমাণ, বেপ্—বেপমান, চেষ্ট্—চেষ্টমান, লভ—লভমান, ব্যথ্—ব্যথমান, ভাষ্—ভাষমাণ, বন্দ্—বন্দমান, শঙ্ক্—শঙ্কমান, যত্—যতমান, বৃত্—বর্ত্তমান, শুভ্—শোভমান, সহ—সহমান, সেব্—সেবমান। অদাদি—আস্—আসীন (sitting), অধি+ই—অধীয়ান, শী—শয়ান (lying

down)। দিবাদি—জন্—জায়মান, মন্—মন্যমান, বিদ্—বিদ্যমান, দীপ—দীপ্যমান, পদ্—পদ্যমান, যুধ্—যুধ্যমান, দৃ—দূয়মান, বুধ্—বুধ্যমান, পুর্—পূর্য্যমান। তুদাদি—মৃ—ম্রিয়মাণ, আ+দৃ—আদ্রিয়মাণ। রুধাদি—ভুজ্—ভুঞ্জান (eating or enjoying)। চুরাদি—অর্থ—অর্থয়মাণ, মন্ত্র্—মন্ত্রয়মাণ।

উভয়পদী ধাতুর উত্তর বিহিত

শতৃ ও শানচ্ প্রত্যয়ান্ত শব্দ

ভ্বাদি—নী—নয়ৎ, নয়মান, যজ—যজৎ, যজমান, বহ্—বহৎ, বহমান, ভজ্—ভজৎ, ভজমান, রাজ—রাজৎ, রাজমান, হৃ—হরৎ, হরমাণ। অদাদি—দুহ্—দুহৎ, দুহান, ব্রূ—ব্রুবৎ, ব্রুবাণ, স্তু—স্তুবৎ, স্তুবান। হ্বাদি—দা—দদৎ, দদান (giving); ধা—দধৎ, দধান, ভৃ—বিভ্রৎ, বিভ্রাণ। রুধাদি—রুধ্—রুন্ধৎ, রুন্ধান, ছিদ্—ছিন্দৎ, ছিন্দান, ভিধ্—ভিন্দৎ, ভিন্দান তনাদি—কৃ—কুর্ব্বৎ, কুর্ব্বাণ (doing), তন্—তন্বৎ, তন্বান। ক্র্যাদি—ক্রী—ক্রীণৎ, ক্রীণান, গ্রহ—গৃহ্ণৎ, গৃহ্ণাণ, জ্ঞা—জানৎ, জানান।

বিভিন্ন প্রয়োগ

১। স চ সর্ব্বদা পশূনাং বধং **বিদধান** এব আস্তে (হি)। (বি—ধা+শানচ্, পুং ১মা, ১ব: adj. to সঃ)

২। **আসীনাং** পর্ণশালায়াং (রা)। (আস্+শানচ=আসীন+স্ত্রী—আ, ২য়া, ১ব: adj.)

৩। অত্র চ মদ্দত্তাং বৃত্তিং **ভুঞ্জানানাং** পণ্ডিতানাং পঞ্চশতী তিষ্ঠতি (প)। (ভুঞ্জানানাম্—ভুজ্+শানচ্=ভুঞ্জান—৬ষ্ঠী বহুব:, adj. to পণ্ডিতানাম্)।

৪। **কুর্বন্নপি** ব্যলীকানি যঃ প্রিয়ঃ প্রিয় এব সঃ (কুর্বন্=কৃ+শতৃ=কুর্বৎ+পুং ১মা ২ব:)

৫। শ্রিয়ং দধানাং শরদং দদর্শ (ভট্টি) (দধানাম্ = ধা + শানচ্ = দধান স্ত্রী—আ, ২য়া ১বঃ adj. to শরদম্)।

৬। দৃষ্ট্বা শয়ানাং শকুনাঃ সমন্তাৎ পর্য্যবারয়ন্ (ম) (শয়ানাং = শী + শানচ্ = শয়ান + স্ত্রী আ, ২য়া ১বঃ)

৭। প্রিয়দর্শনোঽপি তত্রস্থঃ প্রতীক্ষমাণঃ তিষ্ঠতি (প) (প্রতীক্ষমাণঃ = প্রতি + ঈক্ষ্ + শানচ্, পুং ১মা ১বঃ adj. to প্রিয়দর্শনঃ)।

৮। এষোঽস্মি পর্য্যটন্ একদা গতো বিদেহেষু (দ) পর্য্যটন্ = পরি + অট্ + শতৃ, পুং ১মাঃ ১বঃ adj. to অস্মি = অহম্।

Exercise 41

1. Compose short sentences, using the following words :—

(১) গচ্ছন্তঃ, (২) ঈক্ষমাণা, (৩) ভাষমানা, (৪) ধ্যায়ন্তী (৫) স্মরন্, (৬) রুদতী, (৭) নৃত্যন্তী, (৮) ভক্ষয়ন্, (৯) শয়ানঃ।

Model :—(১) গৃহং গচ্ছন্তঃ বালকাঃ কলহং কুর্ব্বন্তি।
(২) চন্দ্রম্ ঈক্ষমাণা বালিকা হসতি।

2. Translate into Sanskrit :—

A. (১) তাহারা গান করিতে করিতে (গৈ) হাসিতেছে। (২) শিশুটি গান শুনিতে শুনিতে (শ্রু) নিদ্রিত হইল। দরিদ্রটি ক্ষুধার জ্বালায় কাঁদিতে কাঁদিতে আসিতেছে। (৪) আমরা তাহাদিগকে বাড়ী যাইতে দেখিয়াছি। যাহারা ব্যাকরণ পাঠ করিতেছে, তাহাদিকে ডাক। (৬) যে শিক্ষক ছাত্রদিগকে পড়াইতেছেন (অধ্যাপি), তিনি অত্যন্ত দয়ালু।

B. 1. Jadu fell down from a running (ধাবৎ) horse. 2. While going home I shall read this book. 3. He left the room while laughing. 4. I see three boys quarrelling on

the road. 5. The mother gave this while crying. 6. All men love those who do good deeds. 7. The bird saw from above tree the fowler coming. 8. I saw a boy swimming in the river. 9. They saw five birds flying in the sky. 10 The villagers saw a burning house at night. 11. I saw the thief enter the room. 12. Follow (অনু+সৃ) the boys who are laughing. 13. While running the child fell down on the ground. 14. The hunter killed a roaring (গর্জ্) lion in the forest. 15. The poor man sits on the ground shivering.

3. *Correct the following sentences, giving reasons* :—

(১) মাতরং স্মরন্ শিশবঃ ক্রন্দন্তি। (২) দেবং পূজয়ন্তঃ বিপ্রঃ আনন্দং লভতে। (৩) বয়ং গ্রামং গচ্ছন্ ভল্লুকম্ একম্ অপশ্যাম। (৪) উদ্যানে কুসুমানি চিম্বন্ বালিকা হসতি। (৫) গীতং শৃণ্বন্ আবাম্ সন্তুষ্টঃ অভবাব। (৬) সভায়াং নৃত্যন্ বালিকা গীতং গায়তি। (৭) ত্বয়া পশ্যমানং বস্তু ময়া গৃহ্যতে। (৮) ব্যাঘ্রাঃ পলায়মানঃ গভীরং বনম্ প্রাবিশন। (৯) উদ্যানে রুদন্তী কাচিৎ নারী নাম্ অবদৎ। (১০) শরং মুঞ্চন্তঃ ব্যাধঃ বনং যযৌ। (১১) বর্দ্ধন্তং রোগং ন উপেক্ষেত। (১২) শীতেন কম্পন্তং পথিকং বস্ত্রং যচ্ছ। (১৩) জননী বিদেশাৎ আগচ্ছন্ পুত্রং দৃশ্যন্তী হৃষ্টা ভবতি। (১৪) তব আগমনং প্রতীক্ষন্ অহম্ অত্র তিষ্ঠামি। (১৫) বানরাঃ বৃক্ষাৎ পতন্তং পক্কং ফলং খাদন্তি।

Model:—(১) মাতরং স্মরন্তঃ শিশবঃ ক্রন্দন্তি।

(২) দেবং পূজয়ন্ বিপ্রঃ আনন্দং লভতে

LESSON II

क्वसु, কানচ্—Perfect Participles

১। **লিটঃ কানজ্ বা ক্বসুশ্চ**—লিটের অর্থে **ক্বসু** ও **কানচ্** প্রত্যয় হয়। অতীতকালে কর্ত্তৃবাচ্যে পরস্মৈপদী ধাতুর উত্তর **ক্বসু**, আত্মনেপদী ধাতুর উত্তর **কানচ** এবং উভয়পদী ধাতুর উত্তর ক্বসু ও কানচ্ প্রত্যয় হয়।

'ক্বসু' প্রত্যয়ের 'বস্' এবং 'কানচ্' প্রত্যয়ের 'আন' থাকে। লিটের উত্তর পুরুষের দ্বিবচন 'ব' বিভক্তিতে যে ধাতুর যেরূপ কার্য্য হইয়া থাকে, 'ক্বসু' প্রত্যয় হইলে সাধারণতঃ সেই ধাতুর সেই সকল কার্য্য হয়। কানচ্ প্রত্যয় করিলে লিটের 'আতে' বিভক্তির ন্যায় কার্য্য হয়। যথা—

ক্বসু প্রত্যয়ান্ত—ভূ—বভূবস্, পচ্—পেচিবস্, গম্—জগ্মিবস্।

কানচ্ প্রত্যয়ান্ত—যুধ্—যুযুধান, কৃ—চক্রাণ, রুচ্—রুরুচান।

২। ক্বসু ও কানচ্ প্রত্যয়ান্ত শব্দ বিশেষণ। অতএব বিশেষ্যের লিঙ্গ, বচন ও বিভক্তি প্রাপ্ত হয়। যেমন—

(১) গ্রামং জগ্মিবান্ নরঃ। (২) পিতরং শুশ্রুবান্ পুত্রঃ। (৩) ভূমৌ নিষেদুষী নারী। (৪) কার্য্যং চক্রাণা বালিকা।

৩। ক্বসু প্রত্যয়ান্ত কতকগুলি শব্দের রূপ পুংলিঙ্গে বিদ্বস্ শব্দের ন্যায় এবং কতকগুলি জগ্মিবস্ শব্দের ন্যায়। স্ত্রীলিঙ্গে ইহাদের উত্তর 'ঈ' হইয়া নদী শব্দের মত রূপ হয়। কানচ্ প্রত্যয়ান্ত শব্দের রূপ পুংলিঙ্গে নর শব্দের ন্যায়, স্ত্রীলিঙ্গে 'আ' হইয়া লতা শব্দের ন্যায় এবং ক্লীবলিঙ্গে ফল শব্দের মত হয়।

Note.—ক্বসু ও কানচ্ প্রত্যয়ান্ত পদ বৈদিক ভাষায় বহুল পরিমাণে ব্যবহৃত হইত। সাধারণ সংস্কৃতে কখন কখন দুই-একটি প্রয়োগ দেখা যায়। এই দুইটি প্রত্যয়ের তেমন ব্যবহার নাই, ইহাদের বিস্তৃত আলোচনা করা হইল না।

LESSON III

স্যতৃ ও স্যমান—Future Participles

১। **স্যতৃ-স্যমানৌ ভবিষ্যতি**—ক্রিয়ার অসমাপ্তি বুঝাইলে ভবিষ্যৎ কালে কর্ত্তৃবাচ্যে পরস্মৈপদী ধাতুর উত্তর **স্যতৃ**, আত্মনেপদী ধাতুর উত্তর **স্যমান** ও উভয়পদী ধাতুর উত্তর **স্যতৃ** ও **স্যমান** প্রত্যয় হয়।

স্যতৃ প্রত্যয়ের 'স্যৎ' ও স্যমান প্রত্যয়ের 'স্যমান' থাকে। লৃট্ বিভক্তিতে ধাতুর যে সকল কার্য্য হয়, স্যতৃ ও স্যমান প্রত্যয় করিলে সেই সকল কার্য্য হইয়া থাকে। যথা—

স্যতৃ প্রত্যয়ান্ত—জ্ঞা + স্যতৃ = জ্ঞাস্যৎ, পুং ১মা ১বঃ = জ্ঞাস্যন্, এইরূপ, ভূ + স্যতৃ = ভবিষ্যৎ, গম্—গমিষ্যৎ, স্থা—স্থাস্যৎ, যা—যাস্যৎ ইত্যাদি।

স্যমান প্রত্যয়ান্ত—সেব্ + স্যমান = সেবিষ্যমাণ, এইরূপ, সহ্—সহিষ্যমাণ, কৃ—করিষ্যমাণ ইত্যাদি।

২। স্যতৃ ও স্যমান প্রত্যয়ান্ত শব্দ সকল **বিশেষণ**; সুতরাং বিশেষ্যের লিঙ্গ, বিভক্তি ও বচন প্রাপ্ত হয়। যথা—গমিষ্যন্ নরঃ (The man who will go)। এইরূপ—গমিষ্যন্তী নারী; পতিষ্যৎ ফলম্। বনং গমিষ্যন্ রামো মাতরং প্রণনাম—Rama who would just go to the forest saluted his mother.

৩। ভবিষ্যৎকালে কর্ম্মবাচ্যে ধাতুর উত্তর 'স্যমান' প্রত্যয় হয়। কর্ম্মবাচ্যে বিহিত স্যমান প্রত্যয়ান্ত শব্দ সকল কর্ম্মের বিশেষণ। যথা—

শিশুনা দ্রক্ষ্যমাণশ্চন্দ্রঃ; ময়া দ্রক্ষ্যমাণা নদী; ত্বয়া ভোক্ষ্যমাণং ফলম্।

Note.—শতৃ ও শানচ্ প্রত্যয়ান্ত শব্দের ন্যায় স্যতৃ ও স্যমান প্রত্যয়ান্ত শব্দও সমাপিকা ক্রিয়া নহে, অপর একটি সমাপিকা ক্রিয়ার সহিত এগুলির ব্যবহার হয়।

ইংরাজীতে যেখানে 'immediately before' এইরূপ অর্থ হয়, সেইখানেই স্যতৃ ও স্যমান ব্যবহার করিতে হয়। যথা—

Immediately before starting he drank a little water—প্রয়াণং করিষ্যন্ স কিঞ্চিৎ জলং পপৌ।

স্যতৃ ও স্যমান প্রত্যয়ান্ত শব্দ

স্যতৃ-প্রত্যয়ান্ত ঃ—ভূ—ভবিষ্যৎ, গম্—গমিষ্যৎ, স্থা—স্থাস্যৎ, পা—পাস্যৎ, শ্রু—শ্রোষ্যৎ, পত্—পতিষ্যৎ, জি—জেষ্যৎ, হন্—হনিষ্যৎ, যা—যাস্যৎ, দৃশ্—দ্রাক্ষ্যৎ।

স্যমান-প্রত্যয়ান্ত ঃ—বৃত্—বর্ত্তিষ্যমাণ, সেব্—সেবিষ্যমাণ, কৃ—করিষ্যমাণ, জন্—জনিষ্যমাণ, সহ্—সহিষ্যমাণ, ব্যথ্—ব্যথিষ্যমাণ।

Exercise 42

1. *Translate into Sanskrit* :—

(১) যে ছাত্রটি বিদ্যালয়ে যাইবে, সে খেলা করিতেছে। (২) তুমি যে গল্পটি (আখ্যানম্) বলিবে, তাহা আমি জানি। (৩) যদু যে পুস্তকখানি পাঠ করিবে, তাহা আমি দেখিব। (৪) যে লোকটি কার্য্য করিবে, তাহাকে ডাক। (৫) আমি যে ফলটি খাইব, তাহা উত্তম। (৬) যে বালিকাটি শ্যামের বাড়ীতে থাকিবে, সে এখন এখানে নাই। (৭) যে পুত্র কাশী যাইবে, সে মাতাকে প্রণাম করিতেছে। (৮) যে ভিক্ষুকটি খাদ্য প্রার্থনা করিবে, সে এখন দ্বারদেশে দণ্ডায়মান আছে।

1. A son who will go abroad should bow down to his father. 2. Those men who will hear songs have come. 3. Every boy who will work here to-day will get a reward.

4. I know the story which be told by you. 5. Tell the patient who will drink the medicine to lie down. 6. It will be given to him who will stay here. 7. Before going to the forest Rama met Sita. 8. The man who will see the sight is not present here. 9. Bring the fruits which will be eaten by me. 10. He will take care of those things which will be taken afterwards.

2. *Correct the following sentences, giving reasons :—*

(১) গীতং শ্রোষ্যৎ জনঃ আনন্দম্ অনুভবতি। (২) চন্দ্রং দ্রক্ষ্যৎ শিশুঃ হসতি। (৩) কার্য্যং করিষ্যন্তঃ ভৃত্যঃ বেতনং গ্রহীষ্যতি। (৪) বনং গমিষ্যতঃ রামঃ মাতরং প্রণমতি স্ম। (৫) শত্রুং জেষ্যতঃ বীরাঃ পুরস্কারং লপ স্যন্তে। (৬) গৃহে স্থাস্যতী নারী অন্নং পক্ষ্যতি।

3. *Compose short sentences using the following words :—*

গমিষ্যন্, করিষ্যমাণা, দাস্যন্, পাস্যন্তঃ and হনিষ্যতঃ।

LESSON IV

ক্ত, ক্তবতু (নিষ্ঠা)—Past Participles

১। **ক্ত, ক্তবতু নিষ্ঠা**—ক্ত ও ক্তবতু এই প্রত্যয় দুইটিকে **নিষ্ঠা** বলে। ধাতুর উত্তর অতীতকালে নিষ্ঠা প্রত্যয় হয়।

ক্তবতু (**Active Past Participle**)—অতীতকালে কর্তৃবাচ্যে সমস্ত ধাতুর উত্তর 'ক্তবতু' প্রত্যয় হয়। ক্তবতু প্রত্যয়ের 'তবৎ' থাকে। ক্তবতু প্রত্যয়ান্ত পদগুলি সমাপিকা ক্রিয়ারূপে ব্যবহৃত হয় এবং এইগুলি কর্তৃপদের বিশেষণ। পত্ + ক্তবতু = পতিতবৎ, পুং, ১ মা, ১বঃ = পতিতবান্, দৃশ + ক্তবতু = দৃষ্টবৎ, পুং, ১মা, ১ বঃ = দৃষ্টবান্, শ্রু + ক্তবতু = শ্রুতবৎ, পুং, ১মা, ১মঃ = শ্রুতবান্।

৩। ক্তবতু প্রত্যয়ান্ত শব্দগুলি পুংলিঙ্গে ও ক্লীবলিঙ্গে শ্রীমৎ শব্দের মত রূপ হয় এবং স্ত্রীলিঙ্গে 'ঈ' হইয়া নদী শব্দের মত রূপ হয়।

ক্তবতু প্রত্যয়ান্ত পদগুলি কর্তৃপদের বিশেষণ বলিয়া কর্তার লিঙ্গ, বিভক্তি ও বচন প্রাপ্ত হইয়া থাকে। যেমন—

পুংলিঙ্গে :—বালকঃ চন্দ্রং দৃষ্টবান্। বালকৌ চন্দ্রং দৃষ্টবন্তৌ। বালকাঃ চন্দ্রং দৃষ্টবন্তঃ।

স্ত্রীলিঙ্গে :—বালিকা চন্দ্রং দৃষ্টবতী। বালিকে চন্দ্রং দৃষ্টবত্যৌ। বালিকাঃ চন্দ্রং দৃষ্টবত্যঃ।

ক্লীবলিঙ্গে :—বৃক্ষাৎ ফলং পতিতবৎ। বৃক্ষাৎ ফলে পতিতবতী। বৃক্ষাৎ ফলানি পতিতবন্তি।

কতিপয় ক্তবতু প্রত্যয়ান্ত শব্দ

I

অদ্—জগ্ধবৎ, ক্ষিপ্—ক্ষিপ্তবৎ, দা—দত্তবৎ, অর্চ্চ্—অর্চ্চিতবৎ, ক্ষম্—খাতবৎ, আ-দা—আদত্তবৎ or আত্তবৎ*, অর্জ্জ্—অর্জ্জিতবৎ, খাদ্—খাদিতবৎ, অস্ (to be)—ভূতবৎ, খ্যা—খ্যাতবৎ, দুহ্—দুগ্ধবৎ, আপ্—আপ্তবৎ, গণ—গণিতবৎ, দৃশ্—দৃষ্টবৎ, আস্—আসিতবৎ, গম্—গতবৎ, ধা—হিতবৎ, ই—(to go)—ইতবৎ, গৈ—গীতবৎ, ধৃ—ধৃতবৎ, ই (ইঙ্ to read)—with অধি—অধীতবৎ, গ্রহ্—গৃহীতবৎ, ধ্যৈ—ধ্যাতবৎ, চল্—চলিতবৎ, নম্—নতবৎ, ইষ্ (to wish)—ইষ্টবৎ, চি—চিতবৎ, নশ্—নষ্টবৎ, ঈক্ষ্—ঈক্ষিতবৎ, চিন্ত—চিন্তিতবৎ, নী—নীতবৎ, কথ্—কথিতবৎ, ছিদ্—ছিন্নবৎ, পচ্—পক্কবৎ, কাঙ্ক্ষ—কাঙ্ক্ষিতবৎ, জন্—জাতবৎ, পঠ্—পঠিতবৎ, কুপ্—কুপিতবৎ, জি—জিতবৎ, পত্—পতিতবৎ, কূজ্—কূজিতবৎ, জ্ঞা—জ্ঞাতবৎ, পা—পীতবৎ, কৃ—

* স্বরান্ত উপসর্গ পূর্ব্বে থাকিয়া দা ধাতুর উত্তর ক্ত ক্তবতু প্রত্যয় হইলে দা ধাতুর স্থানে বিকল্পে দত্ ও ত্ হয়।

কৃতবৎ, তষ—তষ্টবৎ, পূজ্—পূজিতবৎ, কৃষ্—কৃষ্টবৎ, তৃপ্—তৃপ্তবৎ, প্রচ্ছ্—পৃষ্টবৎ, ক্রন্দ্—ক্রন্দিতবৎ, তৄ—তীর্ণবৎ, বন্ধ্—বদ্ধ, ক্রী—ক্রীতবৎ, ত্যজ্—ত্যক্তবৎ, ব্রূ—উক্তবৎ, ক্রীড়্—ক্রীড়িতবৎ, ত্রৈ—ত্রাণবৎ, ত্রাতবৎ; ভী—ভীতবৎ, ক্রুধ্—ক্রুদ্ধবৎ, দংশ্—দষ্টবৎ, ভুজ্—ভুক্তবৎ, ক্ষম্—ক্ষান্তবৎ, দহ্—দগ্ধবৎ।

II

ভূ-ভূতবৎ, লূ—লূনবৎ, সৃজ্—সৃষ্টবৎ, মন্—মতবৎ, বচ্—উক্তবৎ, স্তু—স্তুতবৎ, মন্ত্র্—মন্ত্রিতবৎ, বদ্—উদিতবৎ, স্থা—স্থিতবৎ, মুচ্—মুক্তবৎ, বপ্—উপ্তবৎ, স্না—স্নাতবৎ, যজ্—ইষ্টবৎ, বস্—উষিতবৎ, স্মৃ—স্মৃতবৎ, রক্ষ্—রক্ষিতবৎ, বিশ্—বিষ্টবৎ, স্বপ্—সুপ্তবৎ, রুদ্—রুদিতবৎ, শাস্—শিষ্টবৎ, হন্—হতবৎ, রুহ্—রূঢ়বৎ, শী—শয়িতবৎ, হ্রু—হুতবৎ, লভ্—লব্ধবৎ, শ্রু—শ্রুতবৎ, হ্বে—হূতবৎ, লিখ্—লিখিতবৎ, সিচ—সিক্তবৎ।

ক্তবতু প্রত্যয়ের সাহায্যে বাক্য-সংযোজন

Combination of Sentences with the help of ক্তবতু

ক্তবতু প্রত্যয়ের দ্বারা দুইটি বাক্যকে একটি বাক্যে পরিণত করা যায়। যেমন—

বাক্যদ্বয়ঃ—রামঃ বনং গতবান্। মুনয়ঃ তম্ অপশ্যন্। **একবাক্যঃ**—বনং গতবন্তং রামং মুনয়ঃ অপশ্যন্। **বাক্যদ্বয়ঃ**—ব্রাহ্মণাঃ গঙ্গায়াং স্নাতবন্তঃ। তে গৃহম্ আগচ্ছন্। **একবাক্যঃ**—গঙ্গায়াং স্নাতবন্তঃ ব্রহ্মণাঃ গৃহম্ আগচ্ছন্। **বাক্যদ্বয়ঃ**—ছাত্রঃ ব্যাকরণং পঠিতবান্। স গৃহং গতবান্। **একবাক্যঃ**—ব্যাকরণং পঠিতবান্ ছাত্রঃ গৃহং গতবান্। **বাক্যদ্বয়ঃ**—রাজা দেবম্ অর্চ্চিতবান্। স বিপ্রেভ্যঃ গাঃ অযচ্ছৎ। **একবাক্যঃ**—দেবম্ অর্চ্চিতবান্ রাজা বিপ্রেভ্যঃ গাঃ অযচ্ছৎ। **বাক্যদ্বয়ঃ**—বৃক্ষাৎ পক্কানি ফলানি পতিতবন্তি। তানি

অতিথয়ে প্রযচ্ছ। **একবাক্য :**—বৃক্ষাৎ পতিতবন্তি পক্কানি ফলানি অতিথয়ে প্রযচ্ছ।

ক্ত—Passive Past Participle

৪। অতীতকালে সকর্ম্মক ধাতুর উত্তর কর্ম্মবাচ্যে ক্ত প্রত্যয় হয়। ক্ত প্রত্যয়ের 'ত' থাকে। কর্ম্মবাচ্যে ক্ত প্রত্যয়-নিষ্পন্ন শব্দ কর্ম্মের বিশেষণ, অতএব কর্ম্মের লিঙ্গ, বিভক্তি ও বচন প্রাপ্ত হয়। ক্ত-প্রত্যয়ান্ত পদগুলি সমাপিকা ক্রিয়ার মত ব্যবহৃত হয়। যেমন—

কৃ+ক্ত=কৃতঃ, দৃশ্+ক্ত=দৃষ্টঃ, পঠ্+ক্ত=পঠিতঃ।

N. B.—ক্ত-প্রত্যয়ান্ত শব্দগুলি বিশেষণ বলিয়া পুংলিঙ্গে 'দেব' শব্দের ন্যায়, স্ত্রীলিঙ্গে আকারান্ত হইয়া 'লতা' শব্দের ন্যায় এবং ক্লীবলিঙ্গে 'ফল' শব্দের ন্যায় রূপ হইবে। যেমন—

পুংলিঙ্গে :—ছাত্রেণ গ্রন্থঃ পঠিতঃ। ছাত্রেণ গ্রন্থৌ পঠিতৌ। ছাত্রেণ গ্রন্থাঃ পঠিতাঃ।

স্ত্রীলিঙ্গে :—ময়া নদী দৃষ্টা। ময়া নদ্যৌ দৃষ্টে। ময়া নদ্যঃ দৃষ্টাঃ।

ক্লীবলিঙ্গে :—তেন বনং দৃষ্টম্। তেন বনে দৃষ্টে। তেন বনানি দৃষ্টানি।

কর্ত্তৃবাচ্যে ক্ত

৫। **গত্যর্থাকর্ম্মকশ্লিষ্-শীঙ-স্থাস্-বস্-জন্-রুহ্-জীর্য্যতিভ্যশ্চ—**

(গতি+অর্থ+অকর্ম্মক+শ্লিষ-স্থা+আস্-বস্-রুহ্-জীর্য্যতিভ্যঃ+চ)।

গত্যর্থ ধাতু (verbs denoting motion), অকর্ম্মক ধাতু এবং শ্লিষ্ (to embrace), শী (to lie down), স্থা (to stand), আস্ (to sit), বস্ (to dwell), জন্ (to produce), রুহ্ (to come out) ও জৄ (to grow old)—এই কয়টি ধাতু উপসর্গযোগে সকর্ম্মক হইলেও ইহাদের উত্তর কর্ত্তৃবাচ্যে ক্ত প্রত্যয় হয়।

কর্ত্তৃবাচ্যে ক্ত-নিষ্পন্ন শব্দ কর্ত্তার বিশেষণ, অতএব কর্ত্তার লিঙ্গ, বিভক্তি ও বচন প্রাপ্ত হয়। যেমন—

গত্যর্থধাতু :—(১) রামঃ বনং গতঃ—Rama went to the forest. (২) সঃ গৃহং প্রস্থিতঃ—He went home. (৩) ছাত্রঃ বিদ্যালয়ং প্রস্থিতঃ—The student went to school.

অকর্ম্মকধাতু :—বৃদ্ধঃ মৃতঃ—The old man died. বালিকা ভীতা—The girl feared. বৃক্ষাৎ ফলং পতিতম্—The fruit fell from the tree. **শ্লিষ্**—পিতা পুত্রম্ আশ্লিষ্টঃ—The father embraced his son. **শী**—শিশুঃ শয্যাম্ অধিশয়িতঃ—The child lay on the bed. **স্থা**—হরিঃ বৈকুণ্ঠম্ অধিষ্ঠিতঃ—Hari resided in Baikuntha. **আস্**—ব্রাহ্মণঃ শিবম্ উপাসিতঃ—The Brahmin worshipped Siva. **বস্**—(১) রামঃ বনম্ অধ্যুষিতঃ—Rama resided in the forest. (২) বিপ্রঃ একাদশীম্ (একাদশ্যাং বা) উপোষিতঃ—The Brahmin fasted on the eleventh day of the moon. **জন্**—লক্ষ্মণঃ রামম্ অনুজাতঃ—Lakshmana was born after Rama. **রুহ্**—বানরঃ বৃক্ষম্ আরূঢ়—The monkey climbed up the tree. **জৄ**—বিশ্বমনুজীর্ণঃ—(He) grew old after the universe.

Note.—স্মৃ ধাতুর উত্তরও কর্ত্তৃবাচ্যে ক্ত প্রত্যয়ের প্রযোগ দেখা যায়। যথা—মধুকর! বিস্মৃতোঽসি এনাং কথম্ (শ)—O bee! how have you forgotten her (Sakuntala).

৬। **নপুংসকে ভাবে ক্তঃ**—সকল ধাতুর উত্তর ভাববাচ্যে ক্ত প্রত্যয হয়। ভাববাচ্যে ক্ত-নিষ্পন্ন শব্দ যখন সমাপিকা ক্রিয়ার ন্যায় ব্যবহৃত হয়, তখন সর্ব্বদাই ক্লীবলিঙ্গের প্রথমার একবচনান্ত হয়। যথা—

বালকেন রুদিতম্—The boy cried. তেন মৃতম্—He died. তৈঃ সুপ্তম্—They slept. বালিকাভিঃ হসিতম্—The girl laughed.

Note.—সাধারণতঃ অকর্ম্মক ধাতুর উত্তর ভাববাচ্যে ক্ত প্রত্যয় হয় কিন্তু কর্ম্মের উল্লেখ না থাকিলে সকর্ম্মক ধাতুর উত্তরও ভাববাচ্যে ক্ত প্রত্যয় হয়। ভাববাচ্যে ক্ত প্রত্যয়ান্ত পদ সমাপিকা ক্রিয়ারূপে ব্যবহৃত হইলে সর্ব্বদাই ক্লীব-লিঙ্গের প্রথমার একবচনে ব্যবহৃত হয়।

ভাববাচ্যে বিহিত প্রত্যয়ান্ত পদ বিশেষ্য, কিন্তু প্রয়োজনানুসারে কখনও এইরূপ বিশেষ্যের উত্তর অচ্ (অর্শ আদিত্বাৎ) প্রত্যয় করিয়া বিশেষণ করিয়া লইতে হয়। যথা—

ভুজ্+ভাবে ক্ত—ভুক্ত=ভোজন, ভুক্ত+অচ্=ভুক্ত।

ভুক্তাঃ ব্রাহ্মণাঃ—Those Brahmins who have eaten.

ভাবে ক্ত-প্রত্যয়ান্ত পদগুলি ক্রিয়াবাচক বিশেষ্য (verbal noun) রূপে ব্যবহৃত হইলে অকারান্ত ক্লীবলিঙ্গ 'ফল' শব্দের মত ইহাদের রূপ হয় এবং ইহাদের উত্তর একবচন, দ্বিবচন ও বহুবচন হয়। যেমন—

শয়িতম্—Sleeping. শয়িতম্—শয়িতে, শয়িতানি। এইরূপ—জল্পিতম্—Speech. জীবিতম্—Life. হসিতম্—Laugh. গতম্—Going.

৭। **মতি-বুদ্ধি-পূজার্থেভ্যশ্চ**—যে সকল ধাতুর অর্থ মতি (মন্ প্রভৃতি—to think, to wish), বুদ্ধি (to know) এবং পূজা (to honour, to adore), তাহাদের উত্তর বর্ত্তমানকালে ক্ত প্রত্যয় হয়। বর্ত্তমানকাল-বিহিত ক্ত প্রত্যয়ের প্রয়োগে কর্ত্তায় ষষ্ঠী বিভক্তি হয়। যেমন—

রাজ্ঞাং মতম্—The kings' wish. রাজ্ঞাং বুদ্ধম্—The kings' thought. স সর্ব্বেষাং পূজিতঃ—All worship him.

ক্ত-প্রত্যয়ের সাহায্যে বাক্য-সংযোজন

Combination of Sentences with the help of ক্ত

(১) **বাক্যদ্বয়** :—ছাত্রাঃ বিদ্যালয়ং গতাঃ। তে ব্যাকরণম্ অপঠন্। **একবাক্য** :—বিদ্যালয়ং গতাঃ ছাত্রঃ ব্যাকরণম্ অপঠন্। (১) **বাক্যদ্বয়** :—

—বালিকাভিঃ চিতানি পুষ্পাণি, তৈঃ পুষ্পৈঃ মহাদেবং পূজয়। **একবাক্য** :—

বালিকাভিঃ চিত্রৈঃ পুষ্পৈঃ মহাদেবম্ পূজয়। (৩) **বাক্যদ্বয়** :—যুষ্মাভিঃ পুস্তকানি অধীতানি। ময়া তানি পুস্তকানি গৃহীতানি। **একবাক্য**—যুষ্মাভিঃ অধীতানি পুস্তকানি ময়া গৃহীতানি।

বিভিন্ন প্রয়োগ

(১) ততঃ স্বর্গং গতঃ পক্ষী বিমানবরমাশ্রিতঃ (ম)—Then the bird mounting on the great aerial car went to heaven. (২) সিতারবিন্দপ্রচয়েষু লীনাঃ (ম)—(Bees) were sitting on the white lotuses. (৩) নদীতটাৎ স শ্যেনেন হৃতঃ (প)—He was stolen by a hawk from the bank of the river. (৪) যদ্ভবিষ্যশ্চ ধীবরৈঃ প্রাপ্তঃ ব্যাপাদিতশ্চ—Yadbhabishya was seized and killed by the fishermen. (৫) বানরেণ হতো রাজা বিপ্রাশ্চৌরেণ রক্ষিতাঃ (প,—The king was kilned by the monkey and the Brahmins were saved by the thief.

কতিপয় ক্ত-প্রত্যয়ান্ত শব্দ

অদ্—অন্ন, জগ্ধ, অর্চ্চ্—অর্চ্চিত, অর্জ্জ্—অর্জ্জিত, অশ্ (to pervade)—অষ্ট, অশ্ (to eat)—অশিত, অস্ (to be)—ভূত, অস্ (to throw)—অস্ত, আপ—আপ্ত, আস্—আসিত, ই (ইণ)—ইত, অধি+ই অধীত, ইষ্—ইষ্ট, ঈক্ষ্—ঈক্ষিত, কথ্—কথিত, কুপ্—কুপিত, কৃ-কৃত, কৃষ্—কৃষ্ট, কৄ—কীর্ণ, ক্রম্—ক্রান্ত, ক্রী—ক্রীত, ক্রুধ্—ক্রুদ্ধ, ক্লম্—ক্লান্ত, ক্লিশ্—ক্লিষ্ট, ক্লিশিত, ক্ষম্—ক্ষান্ত, ক্ষি—ক্ষীণ, ক্ষিত, ক্ষিপ্—ক্ষিপ্ত, ক্ষৈ—ক্ষাম, ক্ষুধ্—ক্ষুধিত, খন্—খাত, খিদ্—খিন্ন, গম্—গত, গাহ্—গাঢ়, গুহ্—গূঢ়, গৈ—গীত, গৄ—গীর্ণ গ্রন্থ্—গ্রথিত, গ্রস্—গ্রস্ত, গ্রহ্—গৃহীত, ঘ্রা—ঘ্রাত, ঘ্রাণ, চিন্ত্—চিন্তিত, চুর্—চোরিত, ছিদ্—ছিন্ন, জন্—জাত, জাগৃ—জাগরিত, জি—জিত, জীব্—জীবিত, জৄ—জীর্ণ, ডী—ডীন, ডয়িত, তপ্—তপ্ত, তুষ্—তুষ্ট, তৃপ্—তৃপ্ত, তৃষ্—তৃষিত, তৄ—তীর্ণ, ত্যজ্—ত্যক্ত, ত্রৈ—ত্রাণ, ত্রাত, দন্‌শ—দষ্ট, দহ্—দগ্ধ, দা—দত্ত,

আ+দা—আদত্ত or আত্ত, দিব্ (to sport)—দ্যূন (played), দ্যূত (gambling), দিশ্—দিষ্ট, দুহ্—দুগ্ধ, দুষ্—দুষ্ট, আ+দৃ—আদৃত, দৄ—দীর্ণ, দ্বিষ্—দ্বিষ্ট, ধা—হিত, ধাব্—ধাবিত (run out), ধৌত (washed) ; ধৃ—ধৃত, ধ্যৈ—ধ্যাত, ধ্বংস—ধ্বস্ত, নম্—নত, নশ্—নষ্ট, নিন্দ্—নিন্দিত, নী—নীত, নৃত্—নৃত্ত, পা (to drink)—পীত, পা (to protect)—পাত, পালি—পালিত, পিষ্—পিষ্ট, পীড়্—পীড়িত, পুষ্—পুষ্ট, পূ—পূত, পবিত, পূজ্—পূজিত, পূর্—পূর্ণ, পূরিত, প্রচ্ছ্—পৃষ্ট, প্রী—প্রীত, বন্ধ—বদ্ধ, বুধ্—বুদ্ধ, ব্রূ or বচ্—উক্ত, ভন্‌জ—ভগ্ন, ভাষ্—ভাষিত, ভিদ্—ভিন্ন, ভী—ভীত, ভুজ্—ভুক্ত, ভ্রংশ্—ভ্রষ্ট, ভ্রম্—ভ্রান্ত, ভ্রস্‌জ—ভৃষ্ট, মন্—মত, মন্থ্—মথিত, মস্‌জ—মগ্ন, মা—মিত, মুহ্—মুগ্ধ, মূঢ়, যজ্—ইষ্ট, যুজ্—যুক্ত, রু—রুত, রুজ্—রুগ্ণ, রুদ্—রুদিত, রুধ্—রুদ্ধ, রুহ্—রূঢ়, লভ্—লব্ধ, লিখ্—লিখিত, লিহ্—লীঢ়, লী—লুন, লু—লূন, বদ্—উদিত, বপ্—উপ্ত, বস্—(to live). উষিত, অধি+বস্—অধ্যুষিত, বস্ (to wear)—বসিত, বহ্—ঊঢ়, বিদ (to know)·বিদিত, বিদ্—(to get) বিত্ত (wealth), বিশ্—বিষ্ট, বৃত্—বৃত্ত, বৃষ্—বৃষ্ট, বৃধ্—বিদ্ধ, ব্যাধ্—বৃদ্ধ, শপ্—শপ্ত, শম্—শান্ত, শাস্—শিষ্ট, শিক্ষ্—শিক্ষিত, শী—শয়িত, শুধ্—শুদ্ধ, শুভ্—শোভিত, শুষ্—শুষ্ক, শ্রম্—শ্রান্ত, শ্রি—শ্রিত, শ্রু—শ্রুত, সহ্—সোঢ়, সিচ্—সিক্ত, সৃ—সৃত, সৃজ্—সৃষ্ট, স্তু—স্তুত, স্তৃ—স্তীর্ণ, স্নিহ্—স্নিগ্ধ, স্পৃশ্—স্পৃষ্ট, স্ফায়—স্ফীত, স্মি—স্মিত, স্মৃ—স্মৃত, স্বপ্—সুপ্ত, হন্—হত, হা—হীন্, হিনস্—হিংসিত, হু—হুত, হৃ—হৃত, হৃষ্—হৃষ্ট, হ্বে—হূত।

Exercise 43

1. *Translate into Sanskrit* (*using* ক্ত *or* ক্তবতু) :—

1. The sage was worshipped by the king. 2. The bird sitting (উপ+বিশ্) on the branch of the tree was killed (হন্) by the fowler. 3. The Brahmin bathed (স্না) in the

Ganges. 4. Ripe fruits dropped down from the tree and were collected (আ+হৃ+or সম্+গ্রহ্) by the byos. 5. Nakula and Sahadeva were born (জন্) after Yudhisthira. 6. The king ascended (আ+রুহ্) the throne. 7. Wise men do not repent (অনু+তপ্) for what is past. 8. The hole was filled (পূর্) up by the thief. 9. Being called (আ+হ্বে) by him he arrived there soon. 10. Five hundred men assembled on the occasion of that great festival. 11. Arjuna went to heaven and won the weapon called Pasupata from Mahadeva. 12. Vyas, the great sage, composed the great epic Mahabharata.

2. Correct the following sentences, giving reasons :—

(১) দ্বিজাঃ কালীম্ অর্চ্চিতবত্যঃ। (২) দরিদ্রাঃ মাং বস্তুং যাচিতবান্। (৩) তৈঃ পক্কানি ফলানি প্রাপ্তাঃ। (৪) ময়া তস্য মধুরং গীতং শ্রুতবান্। (৫) শিক্ষকঃ মাং প্রশ্নং পৃষ্টন্। (৬) সর্পো তং দষ্টঃ। (৭) চৌরাঃ মম সর্ব্বং চোরয়িতম্। (৮) তেন ভীষণং বনং গতঃ। (৯) ময়া অয়ং সংবাদঃ জ্ঞাতবান্। (১০) রোগিণঃ শয্যায়াং শয়িতবান্।

LESSON V

কৃত্য-প্রত্যয়—Potential Passive Participles.

১। * **কৃত্য-প্রত্যয়—তব্য, অনীয়, ণ্যৎ, যৎ ও ক্যপ্**—এই পাঁচটি প্রত্যয়কে সংস্কৃত ব্যাকরণে কৃত্য-প্রত্যয় বলে। এই পাঁচটি প্রত্যয় ভবিষ্যৎকালে

* তব্যানিয়ৌ ণ্যৎ যৎ ক্যপ্ পঞ্চৈতে কৃত্যসংজ্ঞকাঃ।
ভাবে কর্ম্মণি চৈতে স্যুঃ লক্ষ্যতেঽন্যত্রকুত্রচিৎ॥

এবং অনুজ্ঞা ও ঔচিত্য (ইহা হওয়া উচিত, ইহা করা উচিৎ ইত্যাদি) অর্থে কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে ব্যবহৃত হয়। সাধারণতঃ বিধিলিঙের অর্থে এই প্রত্যয়গুলি হইয়া থাকে। কর্ম্মবাচ্যে কৃত্য-প্রত্যয়গুলি কর্ম্মের বিশেষণরূপে ব্যবহৃত হয়। আবার কখনও কখনও সমাপিকা ক্রিয়ারূপে ব্যবহৃত হয়। কর্ম্মের বিশেষণরূপে ব্যবহৃত হইলে ইহারা কর্ম্মের লিঙ্গ, বিভক্তি ও বচন প্রাপ্ত হয়।

কৃত্য-প্রত্যয়ান্ত পদগুলি পুংলিঙ্গে **দেব** শব্দের ন্যায়, স্ত্রীলিঙ্গে আকারান্ত হইয়া **লতা** শব্দের ন্যায় এবং ক্লীবলিঙ্গে ফল শব্দের ন্যায় রূপ হইবে। ভাববাচ্যে কৃত্য-প্রত্যয়ান্ত শব্দ সর্ব্বদা ক্লীবলিঙ্গ ও প্রথমা বিভক্তির একবচনান্ত হয়। কৃত্য-প্রত্যয়ান্ত শব্দ সর্ব্বদা ক্লীবলিঙ্গ ও প্রথমা বিভক্তির একবচনান্ত হয়। কৃত্য-প্রত্যয়ান্ত পদের কর্তৃকারকে '**কৃত্যানাং কর্ত্তরি বা**' এই সূত্রানুসারে বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয়। যথা—

(১) ময়া চন্দ্রঃ দ্রষ্টব্যঃ or মম চন্দ্রঃ দ্রষ্টব্যঃ। (২) ছাত্রেণ পুস্তকং পঠনীয়ম or ছাত্রস্য পুস্তকং পঠনীয়ম্। (৩) ত্বয়া গ্রন্থঃ পাঠ্যঃ or তব গ্রন্থঃ পাঠ্যঃ। (৪) ময়া দরিদ্রায় ধনং দেয়ম্ or মম দরিদ্রায় ধনং দেয়ম্।

২। **তব্য, অনীয়**—ভবিষ্যৎকালে বা ঔচিত্য অর্থে কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে সকল ধাতুর উত্তর তব্য ও অনীয় প্রত্যয় হয়। যথা—

(১) রাজ্ঞা দরিদ্রেভ্যঃ ধনং দাতব্যম্ or দানীয়ম্—Money should be given to the poor by the king. (২) ত্বয়া এতৎ কর্ত্তব্যম্ or করণীয়ম —This should be done by you. (৩) তেন অত্র স্থাতব্যম্—He should stay here. (৪) শিশুনা শয্যায়াং শয়িতব্যম্—The child will have to lie on the bed.

কতিপয় তব্য ও অনীয় প্রত্যয়ান্ত শব্দ

অর্চ্চ্ (ভ্বাদি)—অর্চ্চিতব্য, অর্চ্চনীয়, অর্চ্চ্ (চুরাদি)—অর্চ্চয়িতব্য, অর্চ্চনীয়, আপ্—আপ্তব্য, আপনীয়, ই—এতব্য, অয়নীয়, অধি-ই—অধ্যেতব্য, অধ্যয়নীয়,

ঈক্ষ্—ঈক্ষিতব্য, ঈক্ষণীয়, কথ্—কথয়িতব্য, কথনীয় ; কৃ—কর্ত্তব্য, করণীয় ; ক্রী—ক্রেতব্য, ক্রয়ণীয় ; ক্ষম্—ক্ষন্তব্য, ক্ষমনীয় ; গম্—গন্তব্য, গমনীয়, গ্রহ্—গ্রহীতব্য, গ্রহণীয় ; চি—চেতব্য, চয়নীয় ; চিন্ত্—চিন্তয়িতব্য, চিন্তনীয়, ছিদ্—ছেত্তব্য, ছেদনীয় ; জি—জেতব্য, জয়নীয় ; জীব্—জীবিতব্য, জীবনীয় ; জ্ঞা—জ্ঞাতব্য, জ্ঞনীয় ; ত্যজ্—ত্যক্তব্য, ত্যজনীয়, দা—দাতব্য, দানীয় ; দৃশ্—দ্রষ্টব্য, দর্শনীয় ; নী—নেতব্য, নয়নীয় ; পঠ্—পঠিতব্য, পঠনীয় ; পা—পাতব্য, পানীয় ; পালি—পালিয়িতব্য, পালনীয়, পূজ্—পূজয়িতব্য. পূজনীয়, প্রচ্ছ্—প্রষ্টব্য, প্রচ্ছনীয়, বস্—বস্তব্য, বসনীয়, বুধ্—বোদ্ধব্য, বোধনীয়, বৃত্—বর্ত্তিতব্য, বর্ত্তব্য ; ব্রূ or বচ্—বক্তব্য, বচনীয় ; ভক্ষ্—ভক্ষয়িতব্য, ভক্ষণীয় ; ভিদ্—ভেত্তব্য, ভেদনীয় ; ভী—ভেতব্য, ভয়নীয় ; ভুজ্—ভোক্তব্য, ভোজনীয় ; ভূ—ভবিতব্য, ভবনীয় ; ভৃ—ভর্ত্তব্য, ভরণীয় ; মন্—মন্তব্য, মননীয় ; যজ্—যষ্টব্য, যজনীয় ; যাচ্—যাচিতব্য, যাচনীয় ; রক্ষ্—রক্ষিতব্য, রক্ষণীয়, রুদ্—রোদিতব্য, রোদনীয়, লভ্—লব্ধব্য, লভনীয়, বন্দ্—বন্দিতব্য, বন্দনীয় ; বহ্—বোঢ়ব্য, বহনীয় ; বাঞ্ছ্—বাঞ্ছিতব্য, বাঞ্ছনীয়, বিশ্—বেষ্টব্য, বেশনীয় ; শিক্ষ্—শিক্ষিতব্য, শিক্ষণীয়, শী—শয়িতব্য, শয়নীয় ; শুভ্—শোভিতব্য, শোভনীয় ; শ্রু—শ্রোতব্য, শ্রবণীয়, সহ্—সহিতব্য, সোঢ়ব্য, সহনীয় ; সৃজ্—স্রষ্টব্য, সর্জ্জনীয়, সেব্—সেবিতব্য, সেবনীয় ; স্তু—স্তোতব্য, স্তবনীয়, স্থা—স্থাতব্য, স্থানীয়, স্পৃহ্—স্পৃহয়িতব্য, স্পৃহণীয় ; স্মৃ—স্মর্ত্তব্য, স্মরণীয় ; হন্—হন্তব্য, হননীয় ; হস—হসিতব্য, হসনীয় ; হু—হোতব্য, হবনীয় ; হৃ—হর্ত্তব্য, হরণীয়।

Note.—বস্ (to live) ধাতুর উত্তর কর্তৃবাচ্যে তব্য প্রত্যয় হয় এবং তখন 'বাস্তব্য' এই পদ হয়। যথা—আসীৎ কল্যাণকটকবাস্তব্যো ভৈরবো নাম ব্যাধঃ (হি)—There was a hunter, a resident of Kalyanakataka named Bhairaba.

৩। ণ্যৎ—ঋহলোর্ণ্যৎ—কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে ভবিষ্যৎকালে বা 'ঔচিত্য' অর্থে ঋকারান্ত ও ব্যঞ্জনবর্ণান্ত ধাতুর উত্তর 'ণ্যৎ' হয়। ণ্যৎ

প্রত্যয়ের 'য' থাকে। যথা—**ঋকারান্ত**—কৃ+ণ্যৎ—কার্য্য, এইরূপ, স্মৃ—স্মার্য্য, হৃ—হার্য্য, ধৃ—ধার্য্য, সৃ—সার্য্য। **ব্যঞ্জনবর্ণান্ত**—ত্যজ—ত্যাজ্য, মন্—মান্য, সিচ্—সেচ্য, ভজ্—ভাজ্য, বুধ্—বোধ্য, বহ্—বাহ্য, হস্—হাস্য, ছিদ্—ছেদ্য, ভিদ্—ভেদ্য,—শ্বস্—শ্বাস্য, গ্রহ্—গ্রাহ্য, বচ্—বাচ্য, 'শব্দ' অর্থে বচ্—বাক্য, ভুজ্—ভোজ্য, 'ভোগ্য' অর্থে ভুজ্—ভোগ্য, মন্—মান্য, যুজ্—যোজ্য, 'অর্হ' অর্থে যুজ্-যোগ্য, নি-যুজ্—নিযোজ্য (ভৃত্য), নি-যুজ—নিয়োগ্য (প্রভু—master), হস্—হাস্য।

প্রয়োগ ঃ—ত্যাজ্যো দুষ্টঃ প্রিয়োঽপি—(রঘু)।

৪। **যৎ—অচো যৎ**—কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে স্বরান্ত ধাতুর উত্তর যৎ প্রত্যয় হয়। যৎ প্রত্যয়ের 'য' থাকে। যথা—চি—যৎ—চেয়। এইরূপ জি—জেয়, নী—নেয়, শ্রু—শ্রব্য, ভূ—ভব্য।

(১) নরপতিনা শত্রুর্জ্জেয়—The enemy should be conquered by the king. (২) ময়া পুষ্পাণি চেয়ানি—The flowers should be plucked by me.

৫। 'যৎ' পরে থাকিলে ধাতুর অন্তস্থিত আকার ও খন্ ধাতুর অন্ ভাগের স্থানে একার হয়। যথা—দা+যৎ—দেয়। এইরূপ, পা—পেয়, ধা—ধেয়, গৈ (গা)—গেয়, মা—মেয়, হা—হেয়, স্থা—স্থেয়, জ্ঞা—জ্ঞেয়, খন্—খেয়।

৬। কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে প-বর্গান্ত ধাতু এবং শক্ ধাতু ও সহ্ ধাতুর উত্তর যৎ প্রত্যয় হয়। যথা—শপ্—শপ্য, রভ্—রভ্য, লভ্—লভ্য, রম্—রম্য, গম্—গম্য, নম্—নম্য, শক্—শক্য, সহ্—সহ্য।

৭। **ক্যপ্**—কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে ই, দৃ, কৃ, শাস্ ও স্তু প্রভৃতি ধাতুর উত্তর ক্যপ্ প্রত্যয় হয়। ক্যপ্ প্রত্যয়ের 'য' থাকে। যথা, ই—ইত্য দৃ—দৃত্য, ভৃ—ভৃত্য, কৃ—কৃত্য, শাস্—শিষ্য, স্তু—স্তুত্য।

৮। ভাববাচ্যে সুবন্ত পদের পরবর্ত্তী হন্ ধাতুর উত্তর ক্যপ্ হয়। ন স্থানে ত হয় এবং স্ত্রীলিঙ্গে আ হয়। যথা—আত্মহত্যা, ব্রহ্মহত্যা।

Note.—(ক) তব্য, অনীয়, ণ্যৎ, যৎ ও ক্যপ্ প্রত্যয়কে 'কৃত্য' প্রত্যয় বলে। ভবিষ্যৎকালে এবং ঔচিত্য ও অনুজ্ঞা অর্থে (অর্থাৎ যেখানে বিধিলিঙের প্রয়োগ করিতে হয়) কৃত্য প্রত্যয়ের প্রয়োগ হয়। যথা—**ভবিষ্যৎ কালে**—ত্বয়া তত্র গন্তব্যম্, বালকেন ক্রীড়িতব্যম্। **ঔচিত্য অর্থে**—পরনিন্দা ন কর্ত্তব্যা, অসৎসঙ্গঃ পরিহর্ত্তব্যঃ ; দরিদ্রেভ্যঃ ধনং দেয়ম্। **অনুজ্ঞা অর্থে**—ত্বয়া ইহ ভোক্তব্যম্।

(খ) কর্ম্মবাচ্যে কৃত্য-প্রত্যয় নিষ্পন্ন শব্দ সকল কর্ম্মের বিশেষণ, সুতরাং কর্ম্মের লিঙ্গ, বিভক্তি ও বচন প্রাপ্ত হয়। যথা—বালকেন চন্দ্রঃ দ্রষ্টব্যঃ ; ত্বয়া কাশী গন্তব্যা ; ময়া ফলানি ভোক্তব্যানি ; তেন কার্য্যং করণীয়ম্ ; ছাত্রৈঃ পুস্তকানি পাঠ্যানি ; দ্বিজেন হরিঃ স্তুত্যঃ।

(গ) ধাতুর উত্তর কৃত্য প্রত্যয় হইলে কর্ত্তায় ৩য়া বা ষষ্ঠী বিভক্তি হয়। যথা—ময়া গৃহং গন্তব্যম্ or মম গৃহং গন্তব্যম্।

(ঘ) ভাববাচ্যে কৃত্য প্রত্যয়-নিষ্পন্ন শব্দ সকল যখন সমাপিকা ক্রিয়ারূপে ব্যবহৃত হয় তখন ক্লীবলিঙ্গের প্রথমার একবচনান্ত হয়। যথা—ময়া স্নাতব্যম্, ত্বয়া স্নাতব্যম্, তেন গন্তব্যম্।

বিভিন্ন প্রয়োগ

(১) ত্বয়া অস্মদ্ পরিজনো রক্ষণীয়ঃ (প)—Our relatives should be protected by you.

(২) কথমহং শস্তভক্ষকঃ সিংহেন ব্যাপাদয়িতব্যঃ ? (হি)—Why should I who am a vegetarian, be killed by the lion.

(৩) যদ্যন্নং নাস্তি, তদা সুপ্রীতেনাপি বচসা তাবদতিথিঃ পূজ্যঃ (হি)—If there be no food, a guest should be entertained even by sweet words.

(৪) রাজন্! আশ্রমমৃগোঽয়ং ন হন্তব্যঃ, ন হন্তব্যঃ (শ)—O king! It is a stag of the hermitage, it must not be killed ; it must not be killed.

(৫) দুর্জ্জনঃ পরিহর্ত্তব্যো বিদ্যয়ালঙ্কৃতোঽপি সন্--(হি)—A wicked men should be shunned though he may be endowed with learning.

(৬) উপায়েন হি যচ্ছক্যং ন তচ্ছক্যং পরাক্রমৈঃ (হি)—What can be achieved by a device can never be done by valour.

Exercise 44

1. Translate into Sanskrit :—

1. The order of the teacher should not be disobeyed (লঙ্ঘ). 2. The rich man should gvie (দা) money to the poor. 3. We should not abandon (ত্যজ) our religion. 4. Those sweet songs of the birds should be heard (শ্রু) by you. 5. Your master should be served (সেব) by you. 6. Those flowers should be plucked by you. 7. Always shun (পরি-ত্যজ্) the company of the wicked. 8. Pomes should be first selected (সম+গ্রহ্) then read (পঠ্) by all students. 9. You should not go (গম্) alone in this drak night. 10. This tree should not be felled as it yields sweet fruits. 11. A true friend should help his friend when danger comes. 12. You should not go there without my orders.

2. Correct the following sentences, giving reasons :—

(১) গুণিনাং পূজা কর্ত্তব্যা। (২) কদাপি মিথ্যা ন বক্তব্যা। (৩) রাজা দরিদ্রেভ্যঃ ধনানি দেয়ম্। (৪) সর্ব্বদা দুর্জ্জনসংসর্গঃ পরিত্যাজ্যম্। (৫)

অহং ত্বয়া সহ ন গন্তব্যম্। (৬) ব্যবসায়েন ময়া অর্থ লভমে। (৭) তেন মধুরং গীতং গেয়ঃ। (৮) অহম অনৃতং বচনঃ ন কথয়িতব্যঃ। (৯) শিশবঃ পূর্ণ চন্দ্রঃ দ্রষ্টব্যঃ। (১০) ছাত্রাঃ প্রশ্নঃ প্রষ্টব্যাঃ।

LESSON VI

ক্ত্বা and ল্যপ্ (যপ্)

Indeclinable Past Participles

১। **সমানকর্তৃকয়োঃ পূর্ব্বকালে**—এক বাক্যে দুইটি ক্রিয়ার এক কর্তা হইলে 'অনন্তর' অর্থে পূর্ব্ব-বোধক ধাতুর উত্তরে ক্ত্বা প্রত্যয় হয়। ক্ত্বা প্রত্যয়ের 'ত্বা' থাকে। ক্ত্বা প্রত্যয়ান্ত শব্দগুলি অব্যয় এবং অসমাপিকা ক্রিয়ারূপে ব্যবহৃত হয়। যথা—

পুত্রঃ গৃহং গত্বা মাতরং প্রণমতি—এখানে গমন করা ও প্রণাম করা এই দুইটি ক্রিয়ার কর্তা একজন—'পুত্রঃ' এবং পূর্ব্ব ক্রিয়া—গমনক্রিয়া-বোধক গম্ ধাতুর উত্তর ক্ত্বাচ্ হইল। যথা—কৃ+ক্ত্বা=কৃত্বা, গম্+ক্ত্বা=গত্বা, ক্রী+ত্বা=ক্রীত্বা, শ্রু+ক্ত্বা=শ্রুত্বা, পত্+ত্বা=পতিত্বা।

প্রয়োগঃ—(১) সোঽপি শ্রদ্ধেয়ং বচঃ তস্য শ্রুত্বা 'রত্নমালাং 'দত্ত্বা' প্রাহ—(প)। (২) দিনান্তরে তত্র 'গত্বা' দীনারম্ একং 'দৃষ্টা' গৃহীত্বা চ চিন্তিতবান্ (পা)। (৩) ব্রজ ভরত 'গৃহীত্বা' পাদুকে তং মদীয়ে—(ভট্টি)।

২। **অলং খল্বোঃ প্রতিষেধয়োঃ প্রাচাং ক্ত্বা**—নিষেধার্থক অলম্ ও খলু শব্দের যোগে ধাতুর উত্তর বিকল্পে ত্বা প্রত্যয় হয়। যথা—অলং ভূত্বা or অলং ভোজনেন (No need of eating). খলু গত্বা or খলু গমনেন (No need of going).

Note—সহজ কথায় বাঙ্গালায় যেখানে যাইয়া, আসিয়া, বলিয়া, দেখিয়া ইত্যাদি বুঝায় এবং ইহাদের অর্থ যাইবার পর, আসিবার পর, বলিবার পর, ইত্যাদি অনন্তরার্থ বুঝায় সংস্কৃতে সেইখানেই ধাতুর উত্তর ত্বা প্রত্যয় হয়।

ল্যপ্

৩। **সমাসেঽনঞ্‌ পূর্ব্বে ক্ত্বো ল্যপ্।**—নঞ্‌ ভিন্ন অন্য কোন অব্যয় পদের সহিত সমাস হইলে ধাতুর উত্তর ক্ত্বা প্রত্যয় না হইয়া ল্যপ্ প্রত্যয় হয়। অর্থাৎ ধাতুর পূর্ব্বে নঞ্‌ ভিন্ন অপর কোন উপসর্গ থাকিলে ক্ত্বাচ্ প্রত্যয়ের স্থানে ল্যপ্ হয়। ল্যপ্ প্রত্যয়ের 'য' থাকে। ল্যপ্ প্রত্যয়ান্ত শব্দগুলি অব্যয় ও অসমাপিকা ক্রিয়া। যথা—

আ—দা + ল্যপ্ = আদায়, বি—ক্রী + ল্যপ্ = বিক্রীয়, আ—নী + ল্যপ্ = আনীয়।

প্রয়োগ ঃ—(১) স কুঠারম্ 'আদায়' বনে কাষ্ঠার্থং গতঃ—(প)। (২) অহং শক্তুশরাবং 'বিক্রীয়' দশ কপর্দ্দকান্ প্রাপ্নোমি—(হি)। (৩) সঞ্জীবকম্ 'আনীয়' দর্শনং কারিতবন্তৌ—(হি)।

কিন্তু ধাতুর পূর্ব্বে নঞ্‌ থাকিলে ক্ত্বা হয়, ল্যপ্ হয় না। যেমন—অদৃষ্ট্বা, অপীত্বা, অদত্ত্বা, অক্রীত্বা ইত্যাদি।

প্রয়োগ ঃ—দেশান্তরম্ 'অদৃষ্ট্বা' কাং শিষ্টজনবার্ত্তাং কথয়িষ্যসি (প)। (২) অয়ং তাবৎ স্বামী পিঙ্গলকঃ পানীয়ম্ অপীত্বা পরাবৃত্য উপবিষ্টঃ (হি)।

ল্যপ্ প্রত্যয়ের দুই-একটি নিয়ম

১। ল্যপ পরে থাকিলে তন্, মন্ প্রভৃতি ধাতুর ন্ স্থানে ত হয়। যথা—আ—হন্ + ল্যপ্ = আহত্য, সম্—মন্ + ল্যপ্ = সম্মত্য, বি—তন্ + লপ্ = বিতত্য।

২। ল্যপ্ পরে থাকিলে যম্, রম্ প্রভৃতি ধাতুর স্থানে বিকল্পে ত হয়। যেমন—সম্—যম্ + ল্যপ্ = সংযম্য, সংযত্য, বি—রম্ + ল্যপ্ = বিরম্য, বিরত্য ; প্র—নম্ + ল্যপ্ = প্রণম্য, প্রণত্য, আ—গম্ + ল্যপ্ = আগম্য, আগত্য

৩। ল্যপ্ পরে থাকিলে হ্রস্ব স্বরান্ত ধাতুর পরে 'ত' আগম হয়। যেমন—

আ—দৃ+ল্যপ্ = আদৃত্য। বি—জি+ল্যপ্ = বিজিত্য। দীর্ঘ স্বর হইলে—সম্—ভূ+ল্যপ্ = সম্ভূয়, বি—নী+ল্যপ = বিনীয়।

৪। ল্যপ্ পরে থাকিলে শী ধাতু স্থানে শয়, প্রচ্ছ্ ধাতু স্থানে পৃচ্ছ এবং গ্রহ্ ধাতু স্থানে গৃহ হয়। যেমন—অধি—শী+ল্যপ্ = অধিশয্য, আ—প্রচ্ছ্+ল্যপ্ = আপৃচ্ছ্য। সম্—গ্রহ্+ল্যপ্ = সংগৃহ্য, নি—গ্রহ্+ল্যপ্ = নিগৃহ্য।

Wherefor—কিমর্থম্, কথম্। *Wherefor* have you come?—কিমর্থম্ (বা কথম্) আগতোঽসি?

Wherever—যত্র যত্র, কুত্রাপি। The obedient servant follows his master *wherever* he goes—যত্র যত্র প্রভুর্গচ্ছতি বশংগতঃ (বিধেয়ঃ) ভৃত্যঃ তম্ অনুসরতি।

Whither—কুত্র, ক। *Whither* shall I live?—কুত্র অহং বৎস্যামি?

With—সহ, সার্দ্ধম্, সমম্, সাকম্। *With* hunger—ক্ষুধয়া, *With* joy—সানন্দম্, সাহ্লাদম্। *With* care—যত্নেন।

Within—মধ্যে, অভ্যন্তরে। He will return *within* a month—স মাসাভ্যন্তরে প্রত্যাগমিষ্যতি।

Without—ঋতে, বিনা, অপহায়, অন্তরেণ, বর্জ্জয়িত্বা—There is no happiness *without* virtue—ধর্ম্মং বিনা (বা ঋতে বা অন্তরেণ) সুখং নাস্তি।

Yes—অথকিম্, বাঢ়ম্, এবম্। Will you go to walk? *Yes*—ত্বং কিং ভ্রমিতুং গমিষ্যসি? অথকিম্।

Yesterday—পূর্ব্বেদ্যুঃ, হ্যঃ। My friend came here *yesterday*—মম বন্ধুঃ পূর্ব্বেদ্যুঃ (or হ্যঃ) অত্র আগতঃ।

Yet—তথাপি, অধুনাপি, অদ্যাপি, পরন্তু, কিন্তু। Jadu has not *yet* come—যদু অদ্যাপি (or অধুনাপি) ন আগতঃ।

Exercise 48

1. *Translate into Sanskrit* :—

1. They lived together for a long time and thus became friends. 2. Abhimanyu (অভিমন্যুঃ) was simultaneously attoked by seven warriors. 3. The life of a good man is for the good of others. 4. In ancient times there was a king named Shivi (শিবিঃ) । 5. Hari will not come to school as he is ill. 6. Without learning you cannot have happiness. 7. The king distributed (বি—ভজ্) a hundred rupees (শত রজতমুদ্রাঃ) among the beggars. 8. Go and do this work at once otherwise you will be punished. 9. After my fathers death I became very helpless (অসহায়ঃ) and wandered from place to place for shelter. 10. The pupils learnt the lessons according to the instruction of the teacher. 11. Always speak the truth. 12. As he is poor he cannot help you. 13. I have often forbidden you to go there. 14. Go home otherwise your mother will be very sorry. 15. Henceforth do not come to my house again.

2. *Correct the following sentences, giving reasons* :—

(১) ত্বং অধুনাম্ বিদ্যালয়ং যাহি। (২) মম পিতা কুত্রং গতবান্। (৩) মম মিত্রঃ কদামপি মৃষাঃ বাক্যং ন বদতি। (৪) তস্য প্রতি মম ভক্তিং আসীৎ। (৫) কুত্রোঽয়ং গমিষ্যামি? (৬) শিক্ষকঃ ছাত্রেষু অতীবম্ অকুপ্যৎ। (৭) পুরাং অত্র গৃহে একঃ সন্ন্যাসী অবসৎ। (৮) দেহি মাং ধনম্, অন্যথামহং নিবেদয়িষ্যামি।

CHAPTER III

স্ত্রী-প্রত্যয়—Feminine Suffixes

লিঙ্গ প্রধানতঃ তিন প্রকার—পুংলিঙ্গ, স্ত্রীলিঙ্গ ও ক্লীবলিঙ্গ। পুংলিঙ্গ বিশেষ্য, বিশেষণ, সর্ব্বনাম শব্দকে স্ত্রীলিঙ্গে পরিবর্ত্তিত করিতে হইলে সাধারণতঃ পুংলিঙ্গ শব্দের উত্তর আ, ঈ এই দুই প্রকার প্রত্যয় যোগ করিতে হয়। অশ্ব (পুংলিঙ্গ), অশ্ব+আ=অশ্বা (স্ত্রীলিঙ্গ), মলিন (পুং), মলিন+আ=মলিনা (স্ত্রীং), নদ (পুং), নদ+ঈ=নদী (স্ত্রী), কুমার (পুং), কুমার+ঈ=কুমারী (স্ত্রীং)।

কথনও কথনও স্ত্রী-প্রত্যয়ের দ্বারা অর্থের বিভিন্নতাও দেখা যায়। যেমন—ক্ষত্রিয় (পুং), ক্ষত্রিয়+আ=ক্ষত্রিয়া (ক্ষত্রিয় জাতীয়া স্ত্রী), ক্ষত্রিয়+ঈ=ক্ষত্রিয়ী (ক্ষত্রিয়ের পত্নী)।

১। **অজাদ্যতষ্টাপ** (অজাদি+অতঃ+টাপ্)—অজ প্রভৃতি কতকগুলি শব্দের উত্তর এবং অকারান্ত শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে টাপ্ (আ) হয়। যথা—

অজ—অজা, অচল—অচলা, অনুকূল—অনুকূলা, অমর—অমরা, অবল—অবলা, অশ্ব—অশ্বা, এক—একা, উত্তম—উত্তমা, উত্তর—উত্তরা, কনিষ্ঠ—কনিষ্ঠা, কান্ত—কান্তা, কৃষ্ণ—কৃষ্ণা, কৃশ—কৃশা, কৃপণ—কৃপণা, কোকিল—কোকিলা, ক্রূর—ক্রূরা, চটক—চটকা, চতুর—চতুরা, জ্যেষ্ঠ—জ্যেষ্ঠা, তরল—তরলা, তৃতীয়—তৃতীয়া, দক্ষিণ—দক্ষিণা, দীন—দীনা, দ্বিতীয়—দ্বিতীয়া, দ্বিজ—দ্বিজা, নিপুণ—নিপুণা, পশ্চিম—পশ্চিমা, পূর্ব্ব—পূর্ব্বা, প্রথম—প্রথমা, প্রবল—প্রবলা, প্রতিকূল—প্রতিকূলা, প্রিয়—প্রিয়া, বৎস—বৎসা, বাল—বালা, বৃদ্ধ—বৃদ্ধা, মনোহর—মনোহরা, মধ্যম—মধ্যমা, মন্দ—মন্দা, মলিন—মলিনা, মুগ্ধ—মুগ্ধা, মূষিক—মূষিকা, শ্বেত—শ্বেতা, শুক্ল—শুক্লা, শুদ্ধ—শুদ্ধা, সর্ব্ব—সর্ব্বা।

২। আ প্রত্যয় পরে থাকিলে প্রত্যয়ের যে ক-কার তাহার পূর্ব্ববর্ত্তী অ-কার স্থানে ই-কার হয়। যথা—

পাচক—পাচিকা, নায়ক—নায়িকা, নাটক—নাটিকা (চার অঙ্কবিশিষ্ট দৃশ্যকাব্য), কারক—কারিকা, গায়ক—গায়িকা, সাধক—সাধিকা, বালক—বালিকা, পালক—পালিকা, বোধক—বোধিকা।

(ক) ঈ প্রত্যয়ান্ত স্ত্রীলিঙ্গ শব্দের পর স্বার্থে ক-প্রত্যয় হইলে উক্ত ক-প্রত্যয়ের উত্তর স্ত্রীলিঙ্গে আ হয় এবং পূর্ববর্ত্তী স্ত্রী লিঙ্গের ঈ-কার হ্রস্ব হয়। যথা—

মালবী—মালবিকা, শেফালী শেফালিকা, অবন্তী—অবন্তিকা।

২। প্রত্যয়স্থাৎ কাৎ পূর্ব্বস্যাত ইদাপ্যসুপঃ।

(খ) **ক্ষিপকাদীনাঞ্চ ন**—ক্ষিপকা প্রভৃতি শব্দের 'ক' এর পূর্ববর্ত্তী আকার স্থানে ই-কার হয় না। যথা—

ক্ষিপকা, অষ্টকা (পৌষ, মাঘ ও ফাল্গুন এই তিন মাসের কৃষ্ণাষ্টমীতে কর্ত্তব্য শ্রাদ্ধবিশেষ), ইষ্টকা (ইট), কন্যকা (দশবর্ষবয়স্কা কুমারী), চটকা (চড়ুই পাখী); করকা (বর্ষোপল, শিলা), সেবকা, উপত্যকা (দুই পর্ব্বতের মধ্যবর্ত্তী সমতল নিম্নভূমি—valley), অধিত্যকা (পর্ব্বতের উপরিস্থিত সমতল ভূমি—table land), অলকা (কুবেরপুরী), তারকা (নক্ষত্র ও চক্ষুর তারা)।

Note—1. সূতক ও পুত্রক এই দুইটি শব্দের ক-কারের পূর্ব্ববর্ত্তী অ-কার স্থানে বিকল্পে ই-কার হয়। যেমন—সূতক or সূতিকা, পুত্রক—পুত্রকা or পুত্রিকা।

2. কোন কোন বৈয়াকরণ 'সেবক' শব্দকে ক্ষিপকাদিগণে ধরিয়া 'সেবকা' আবার কেহ কেহ 'সেবিকা' বলেন। কেহ কেহ এই দুই পদের নিম্নোক্ত অর্থ করেন—সেবিকা (সেবা—service or মন্দ সেবা—bad service), সেবিকা—সেবাকারিণী—(nurse, servant)।

৩। **ষিদ্ গৌরাদিভ্যশ্চ**—যে সকল প্রত্যয়ের য্ ইৎ হয়, সেই সকল প্রত্যয়ান্ত শব্দ এবং গৌর প্রভৃতি শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে 'ঈ' হয়। (ঈ হইলে শব্দের অন্তস্থিত আকারের লোপ হয়)। যথা—

নর্ত্তক—নর্ত্তকী, রজক—রজকী, গৌর—গৌরী, কুমার—কুমারী, কিশোর—কিশোরী, তরুণ—তরুণী, সুন্দর—সুন্দরী, পিতামহ—পিতামহী, মাতামহ—মাতামহী, নদ—নদী নট—নটী (নর্ত্তক-নর্ত্তকী, অভিনেত্রী), তট—তটী (তীর), পট—পটী (বস্ত্র), স্থল—স্থলী (অকৃত্রিমা ভূমি), কদল—কদলী, কাল—কালী, মণ্ডল—মণ্ডলী, নাগ—নাগী, বেতস—বেতসী (বেতগাছ), সল্লক—সল্লকী (সজারু পশু, বাবলা বা শেয়াকুল), অতস—অতসী, উভয়—উভয়ী, বদর—বদরী (কুলগাছ), আমলক—আমলকী, কবর—কবরী (কেশবিন্যাস)।

৪। **জাতেরস্ত্রীবিষয়াদযোপধাৎ**—যাহা নিত্য স্ত্রীলিঙ্গ নয় (অজাদি ব্যতীত) এমন জাতিবাচক শব্দের উত্তর উপধায় 'য' না থাকিলে স্ত্রীলিঙ্গে 'ঈ' হয়। যথা—

সিংহ—সিংহী, মৃগ—মৃগী, ব্যাঘ্র—ব্যাঘ্রী, ভল্লুক—ভল্লুকী, হরিণ—হরিণী, কুরঙ্গ—কুরঙ্গী (মৃগী), শূকর—শূকরী, গর্দ্দভ—গর্দ্দভী, জম্বুক—জম্বুকী, চক্রবাক—চক্রবাকী, কুক্কুর—কুক্কুরী, শৃগাল—শৃগালী, বিড়াল—বিড়ালী, ঘোটক—ঘোটকী, মহিষ—মহিষী, হংস—হংসী, সারস—সারসী, মানুষ—মানুষী, ব্রাহ্মণ—ব্রাহ্মণী, গোপ—গোপী।

৫। **ঈপ্ গৌরাদিভ্যঃ।** ৬। **জাতৌ জাতেরদান্তদ্ ঈপ্।**

(ক) ঈ প্রত্যয় পরে থাকিলে তদ্ধিতের য-প্রত্যয়ের লোপ হয়। যথা—

গার্গ্য—গার্গী, চাতুর্য্য—চাতুরী, মাধুর্য্য—মাধুরী, মাণ্ডব্য—মাণ্ডবী।

(খ) জাতিবাচক শব্দ নিত্য স্ত্রীলিঙ্গ না হইলে তাহার উত্তর স্ত্রীলিঙ্গে ঈ হয়। যথা—

মৃগী, হংসী, ময়ূরী ইত্যাদি (৪ সূত্র) কিন্তু নিত্য স্ত্রীলিঙ্গ হইলে 'ঈ' হয় না। যেমন—বলাকা, মক্ষিকা। উপধা স্থানে য থাকিলে 'ঈ' হয় না। যথা—বৈশ্যা, ক্ষত্রিয়া ক্ষত্রিয়পত্নী (২০ সূত্র দেখ)। কিন্তু গবয়, হয়, মৎস্য ও মনুষ্য শব্দের উত্তর ঈ হয় এবং ঈ হইলে মৎস্য ও মনুষ্য শব্দের 'য' কারের লোপ হয়। যথা—গবয়—গবয়ী (গোঃ ইব অয়ঃ গমনম্ অস্য—গবয়ঃ=বনগব), হয়—হয়ী (ঘোটকী), মৎস্য—মৎসী (a female fish), মনুষ্য-মনুষী (মানবী, নারী)।

Note—সুপদ্ম ব্যাকরণের মতে 'মনুষ্যীও' হয়।

৭। **ঋন্নেভ্যো ঙীপ্**—ঋকারান্ত ও নকারান্ত শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে ঙীপ্ (ঈ) হয়। যথা—

ঋ-কারান্ত—কর্তৃ—কর্ত্রী, ধাতৃ—ধাত্রী, জনয়িতৃ—জনয়িত্রী, শিক্ষয়িতৃ—শিক্ষয়িত্রী, প্রসবিতৃ—প্রসবিত্রী ; কিন্তু স্বসৃ প্রভৃতি স্ত্রীলিঙ্গ শব্দের উত্তরে আর 'ঈ' হয় না। যথা—স্বসা, মাতা, দুহিতা, যাতা, ননান্দা তিস্রঃ, চতস্রঃ।

ন-কারান্ত—মানিন্—মানিনী, কামিন্—কামিনী, মেধাবিন্—মেধাবিনী, মায়াবিন্—মায়াবিনী, বিলাসীন—বিলাসিনী, তপস্বিন্—তপস্বিনী, অধিকারিন্—অধিকারিণী, উপকারিন্—উপকারিণী, মনোহারিন্—মনোহারিণী, তেজস্বিন্—তেজস্বিনী।

Note—ন-কারান্ত সংখ্যাবাচক শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে 'ঈ' হয় না। যথা—পঞ্চ (পঞ্চন্) এইরূপ—সপ্ত, অষ্ট, নব, দশ।

৬। **অল্লোপোহনঃ**—ঈ (ঙীপ্) হইলে অন্-ভাগান্ত শব্দের উপধা আকারের লোপ হয়। যথা—রাজন্—রাজ্ঞী।

Note.—যুবরাজ—যুবরাজী, মহারাজী, মহতী রাজ্ঞী—মহারাজ্ঞী, সম্রাজ্—সম্রাজী (সম্যক্ রাজ=সম্রাজঃ), (রাজাহঃসখিভ্যষ্টচ্ +ঈ), সম্রাট্=সম্রাজী (স্বয়ং শাসনকর্ত্রী), রাজন্—রাজ্ঞী-সম্যক্ রাজ্ঞী=সম্রাজ্ঞী (রাজ্যেশ্বরী), বহবঃ রাজানঃ যস্যাং সভায়াং সা=এই বাক্যে তিনটি পদ হইবে। (১) বহুরাজা (অকারান্ত লতা শব্দের মত রূপ), (২) বহুরাজ্ঞী (ঈকারান্ত নদী শব্দের মত রূপ), (৩) বহুরাজ বহুরাজন্ শব্দ নকারান্ত শব্দের মত রূপ)।

৭। যুবতী প্রভৃতি শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যুবন—যুবতিঃ, যুবতী, যূনী; শ্বন্—শুনী; মঘবন্—মঘোনী, মঘবতী।

৮। **উগিতশ্চ**—(উক্+ইতঃ+চ)—উক্=উ, ঋ, ঌ এই তিনটি বর্ণ। উকারেৎ ও ঋকারেৎ প্রত্যয় নিষ্পন্ন শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে ঈ হয়। যথা—

উকারেৎ—ভবৎ—ভবতী, ঈয়ৎ—ঈয়তী, কিয়ৎ—কিয়তী, শ্রীমৎ—শ্রীমতী, বুদ্ধিমৎ—বুদ্ধিমতী, লজ্জাবৎ—লজ্জাবতী, কৃতবৎ—কৃতবতী, প্রেয়স্—প্রেয়সী, শ্রেয়স্—শ্রেয়সী, গরীয়স্—গরীয়সী, কনীয়স্—কনীয়সী।

ঋকারেৎ—সৎ—সতী, রুদৎ—রুদতী, শৃণ্বৎ—শৃণ্বতী, কুর্ব্বৎ—কুর্ব্বতী, দ্বিষৎ—দ্বিষতী, জানৎ—জানতী, গৃহ্ণৎ—গৃহ্ণতী, চিন্বৎ—চিন্বতী ইত্যাদি।

Note—শতৃ প্রত্যয়ের কার্য্যকালে ঋকার থাকে না, কাজেই উহা

ঋকারেৎ। মতুপ্, ক্তবতু, ঈয়সু ইত্যাদি প্রত্যয়ের কার্য্যকালে উকার থাকে না বলিয়া উহাদিগকে 'উকারেৎ' বলিয়া বুঝিতে হইবে।

৯। **ভু-দিবাদ্যোঃ শতুর্নুন্**—'ঈ' হইলে ভ্বাদি ও দিবাদিগণীয় ধাতুর উত্তর শতৃ প্রত্যয় করিয়া যে সকল শব্দ নিষ্পন্ন হয়, তাহাদের অন্তস্থিত তকারের পূর্ব্বে নুন্ (ন) এর আগম হয়। অর্থাৎ ত্ স্থানে 'ন্ত্' হয়। যথা—

ভ্বাদিগণীয়—গচ্ছৎ—গচ্ছন্তী, ধাবৎ—ধাবন্তী, বদৎ—বদন্তী, তিষ্ঠৎ—তিষ্ঠন্তী, পশ্যৎ—পশ্যন্তী, পতৎ—পতন্তী, চলৎ—চলন্তী, ভবৎ—ভবন্তী, হসৎ—হসন্তী ইত্যাদি।

দিবাদিগণীয়—দীব্যৎ—দীব্যন্তী, নৃত্যৎ—নৃত্যন্তী, মুহ্যৎ—মুহ্যন্তী, নশ্যৎ—নশ্যন্তী, জীর্য্যৎ—জীর্য্যন্তী ইত্যাদি।

Note—চুরাদিগণীয় ধাতু, ণিজন্ত ধাতু, সনন্ত ধাতু ও নাম ধাতুর উত্তর শতৃ প্রত্যয় করিয়া যে সকল শব্দ নিষ্পন্ন হয়, তাহাদের অন্তস্থিত ত এর পূর্ব্বে 'ন' এর আগম হয়, কারণ, এই ধাতুগুলির রূপও ভ্বাদিগণীয় ধাতুর তুল্য হয়। যথা—

চুরাদি—চোরয়ৎ—চোরয়ন্তী, কথয়ৎ—কথয়ন্তী। **ণিজন্ত**—কারয়ৎ—কারয়ন্তী, স্থাপয়ৎ—স্থাপয়ন্তী। **সনন্ত**—চিকীর্ষৎ—চিকীর্ষন্তী, পিপাসৎ—পিপাসন্তী। **নামধাতু**—পুত্রকাম্যৎ—পুত্রকাম্যন্তী, পুত্রীয়ৎ—পুত্রীয়ন্তী।

১০। **বা তুদাদেঃ**—তুদাদিগণীয় ধাতুর উত্তর শতৃ প্রত্যয় করিয়া যে সকল শব্দ নিষ্পন্ন হয়, ঈ হইলে তাহাদের অন্তস্থিত ত-কারের পূর্ব্বে বিকল্পে 'ন' আগম হয়। যথা—তুদৎ—তুদতী, তুদন্তী; ইচ্ছৎ—ইচ্ছন্তী, ইচ্ছতী; পৃচ্ছৎ—পৃচ্ছতী, পৃচ্ছন্তী; স্পৃশৎ—স্পৃশতী, স্পৃশন্তী; সিঞ্চৎ—সিঞ্চতী, সিঞ্চন্তী।

১১। **অদাদেশ্চাদন্তাৎ**—অদাদিগণীয় আকারান্ত (দরিদ্রা ভিন্ন) ধাতুর উত্তর শতৃ প্রত্যয় করিয়া যে সকল শব্দ নিষ্পন্ন হয়, ঈ হইলে তাহাদের অন্তস্থিত ত-কারের পূর্ব্বে বিকল্পে 'ন' এর আগম হয়। যথা—যাৎ=যাতী, যান্তী; ভাৎ=ভাতী, ভান্তী; স্নাৎ=স্নাতী, স্নান্তী।

Note.—ভ্বাদি, দিবাদি, তুদাদি, অকারান্ত (দারিদ্রা-ভিন্ন) অদাদি—এই কয় গণীয় ধাতু ভিন্ন অপর গণীয় ধাতুর ন্ আগম হয় না। যথা—অদাদি—অদৎ—অদতী, রুদৎ—রুদতী। হ্বাদি—জুহ্বৎ—জুহ্বতী, বিভ্যৎ—বিভ্যতী। স্বাদি সুন্বৎ,—সুন্বতী, শৃণ্বৎ—শৃণ্বতী। রুধাদি—রুন্ধৎ—রুন্ধতী, ছিন্দৎ—ছিন্দতী। তনাদি—তন্বৎ—তন্বতী, কুর্ব্বৎ—কুর্ব্বতী। ক্র্যাদি—ক্রীণাৎ—ক্রীণতী, জানৎ—জানতী।

১২। **বিভাষাঃ স্যতুঃ**—স্যতৃ প্রত্যয় করিয়া যে সকল শব্দ নিষ্পন্ন হয় ঈ হইলে তাহাদের অন্তঃস্থিত ত-কারের পূর্ব্বে বিকল্পে 'ন' এর আগম হয়। যথা—ভবিষ্যৎ—ভবিষ্যতী, ভবিষ্যন্তী ; করিষ্যৎ—করিষ্যতী, করিষ্যন্তী ; দাস্যৎ—দাস্যতী, দাস্যন্তী ; যাস্যৎ—যাস্যতী, যাস্যন্তী।

১৩। **টকারেৎ অথবা যকারেৎ**—ট অথবা য ইৎ বিশিষ্ট প্রত্যয় নিষ্পন্ন শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে 'ঈ' হয়। [ট, ল্যুট্ (অনট্), থট্, মট্, ময়ট্ ইত্যাদি টকারেৎ প্রত্যয়]। যথা—নিশাচর—নিশাচরী, অর্থকর—অর্থকরী, গায়ন—গায়নী, চতুর্থ—চতুর্থী, দশম—দশমী, মৃন্ময়—মৃন্ময়ী ইত্যাদি। ষ্ণ (অণ্), ষ্ণিক্ (ঠক্, ঠঞ্), ষ্ণেয় (ঢ, বুন) (অক্), যচ্ (অ) ইত্যাদি যকারেৎ প্রত্যয়। যথা—বৈষ্ণব—বৈষ্ণবী, সাময়িক—সাময়িকী, বৈনতেয়—বৈনতেয়ী' রজক—রজকী, বিশালাক্ষ—বিশালাক্ষী ইত্যাদি।

১৪। **প্রাগাদেরীপ্**—প্রাচ্ প্রভৃতি শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে ঈ হয়। যথা—প্রাচ্—প্রাচী (পূর্ব্বদিক্), অবাচ্—অবাচী (দক্ষিণ দিক্)।

১৫। **প্রতীচ্যাদয়ঃ**—প্রতীচী প্রভৃতি শব্দ নিপাতনে সিদ্ধ হয়।

প্রত্যচ্—প্রতীচী, প্রত্যঞ্চী (পশ্চিমদিক্), **উদচ্**—উদীচী, উদীঞ্চী, (উত্তরদিক্), তির্যচ্—তিরশ্চী, তির্যঞ্চী (বক্রগামী পশু-পক্ষী)।

১৬। **পুংযোগাদাখ্যায়াম্**—(পুংযোগাৎ+আখ্যায়াম্)—পুংযোগে অর্থাৎ জায়া অর্থে (ইনি অমুকের পত্নী—এরূপ অর্থে) জাতিবাচক আকারান্ত শব্দের

১৩। টিৎ ষিত্ত্যাম্ ঈপ্ (সংক্ষিপ্তসার)

উত্তর 'ঈ' হয়।* যথা—ব্রহ্মণস্য জায়া—ব্রাহ্মণী, শূদ্রস্য জায়া—শূদ্রী, নিষাদস্য জায়া—নিষাদী, গোপস্য জায়া—গোপী, নাপিতস্য জায়া—নাপিতী, গণকস্য জায়া—গণকী। কিন্তু শূদ্রজাতীয়া স্ত্রী—শূদ্রা, মহাশূদ্র—মহাশূদ্রী (গোপজাতীয়া স্ত্রী)।

১৭। **ন পালকান্তাৎ**—পালক শব্দ শেষে থাকিলে জাতিবাচক আকারান্ত শব্দের উত্তর (জায়া অর্থে বিহিত) 'ঈ' হয় না। যথা—গোপালকস্য জায়া—গোপালিকা, অশ্বপালকস্য জায়া—অশ্বপালিকা, পশুপালকস্য জায়া—পশুপালিকা।

১৮। **ভবাদেরানীপৌ**—(ভবাদেঃ+আন্+ঈপৌ)—জায়া অর্থে ভব প্রভৃতি (ভব, সর্ব্ব) (রুদ্র, মৃড়, ইন্দ্র, বরুণ ও ব্রহ্মন্) শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে 'আন্' ও 'ঈ' (ঈপ্) হয়। যথা—

ভবস্য জায়া—ভবানী, সর্ব্বস্য জায়া—শর্ব্বাণী (সর্ব্বাণী), (সর্ব্ব—শিব, শর্ব্বাণী—দুর্গা), রুদ্রস্য জায়া—রুদ্রাণী, মৃড়স্য জায়া—মৃড়ানী (মৃড়=শিব), ইন্দ্রস্য জায়া—ইন্দ্রাণী, বরুণস্য জায়া—বরুণানী।

(ক) **ন লোপো ব্রহ্মণঃ**—আন্ হইলে ব্রহ্মন্ শব্দের নকারের লোপ হয়। যথা—ব্রহ্মণঃ জায়া—ব্রহ্মাণী।

*শূদ্রী শূদ্রস্য ভার্য্যা স্যাচ্ছূদ্রা তজ্জাতিরঙ্গনা।
আভীরী তু মহাশূদ্রী জাতিপুংযোগয়ঃ সমা॥
অর্য্যাণী স্বয়মর্য্যা স্যাৎ ক্ষত্রিয়া ক্ষত্রিয়াণ্যপি।
উপাধ্যায়াপ্যুপাধ্যায়ী স্যাদাচার্য্যাপি চ স্বতঃ॥
আচার্য্যানী তু পুংযোগে স্যাদর্য্যী ক্ষত্রিয় তথা।
উপাধ্যায়ান্যুপাধ্যায়ী———।—অমরঃ

১৮। ইন্দ্র-বরুণ-ভব-শর্ব রুদ্র-মৃড় হিমারণ্য-যব-যবন-মাতুলাচার্য্যাণামানুক্—(পা)

১৯। **মাতুলোপাধ্যায়য়োরানুগ্ বা**—মাতুল ও উপাধ্যায় শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে বিকল্পে আনুক্ (আন্) হয়। যথ—মাতুলস্য জায়া—মাতুলানী, মাতুলী ; উপাধ্যায়স্য জায়া—উপাধ্যায়ানী, উপাধ্যায়ী।

২০। ক্ষত্রিয় প্রভৃতি শব্দের উত্তর অর্থ বিশেষ বিকল্পেআন্ ও ঈ হয়।

২১। **হিমারণ্যয়োর্মহত্ত্বে**—মহত্ত্ব বুঝাইলে হিম, অরণ্য শব্দের উত্তর আন্ ও ঈ হয়। যথা—মহৎ হিম নী (বরফ), মহৎ অরণ্যম্ – অরণ্যানী (মহাবন—a dense forest).

Note :—দুষ্টো যবঃ—যবানী (a kind of inferior barley), যবনানাং লিপিঃ=যবনানী (গ্রীকদিগের লিপি), কিন্তু যবনস্য স্ত্রী=যবনী।

২২। **বা শোণাদেরীপ্**—শোণ প্রভৃতি শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে বিকল্পে 'ঈপ্' (ঈ) হয়। যথা—শোণ—শোণা, শোণী (রক্তবর্ণবিশিষ্টা), চণ্ড—চণ্ডী, চণ্ডা ; কৃপণ—কৃপণী, কৃপণা ; কল্যাণ—কল্যাণী, কল্যাণা ; পুরাণ—পুরাণী, পুরাণা ; উদার—উদারী, উদারা ; বিশাল—বিশালী, বিশালা ; বিকট—বিকটী, বিকটা ইত্যাদি।

২৩। **অবয়বাদ্ বহুব্রীহৌ**—বহুব্রীহি সমাসে অবয়ববাচক অকারান্ত শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে বিকল্পে 'ঈ' হয়। যথা—চন্দ্রমুখী, চন্দ্রমুখা ; সুকেশী সুকেশা ; তাম্রনখী, তাম্রনখা ইত্যাদি।

প্রয়োগ :—'গিরিশমুপচচার প্রত্যহং সা সুকেশী'—(কু)।

২০। আচার্য্যাদণত্বং চ (পা)=আচার্য্য শব্দের উত্তর আন্ হইলে (অর্থাৎ আচার্য্যানী শব্দের দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ হয় না)।

যথা—ক্ষত্রিয়—ক্ষত্রিয়াণী, ক্ষত্রিয়া (ক্ষত্রিয়জাতীয়া স্ত্রী) ; ক্ষত্রিয়ী (ক্ষত্রিয়পত্নী), উপাধ্যায়—উপাধ্যায়া, উপাধ্যায়ী, বেদাধ্যাপিকা—(herself a teacher), আচার্য্যা—আচার্য্য (শিক্ষাদাত্রী—herself a teacher), আচার্য্যানী (আচার্য্যপত্নী—the wife of a teacher).

২২। স্বাঙ্গাচ্চোপসর্জনাদসংযোগোপধাৎ—(পা)

২৪। **ন সংজ্ঞায়াং নখ মুখ্যাভ্যাম্**—সংজ্ঞা (নাম) বুঝাইলে নখ ও মুখ এই দুই অবয়ববাচক শব্দের উত্তর 'ঈ' হয় না। যথা—

শূর্পণখা (রাবণের ভগিনী), গৌরমুখা (কোনও স্ত্রীলোকের নাম)। নাম না বুঝাইলে 'ঈ' হয়। যেমন—শূর্পণখী (রাক্ষসী), তাম্রমুখী (কন্যা)।

২৫। **ন ক্রোড়াদি বহ্বচঃ** (বহুব্রীহি সমাসে)—ক্রোড় প্রভৃতি অবয়ববাচক শব্দ পরে থাকিলে এবং বহুস্বরবর্ণ বিশিষ্ট শব্দের উত্তর 'ঈ' হয় না। যথা—সুক্রোড়া, চারুশিখা, তীক্ষ্ণক্ষুরা, মৃগনয়না, চন্দ্রবদনা, লোলরসনা ইত্যাদি কিন্তু নাসিকা ও উদর শব্দের উত্তর বিকল্পে 'ঈ' হয়। যথা—তুঙ্গনাসিকী, তুঙ্গনাসিকা ; কৃশোদরী, কৃশোদরা ইত্যাদি।

২৬। বহুব্রীহি সমাসে যে সকল অবয়ববাচক শব্দের উপধাস্থলে (অন্ত্যবর্ণের পূর্ব্ববর্ণ) সংযুক্তবর্ণ থাকে, তাহাদের উত্তর 'ঈ' হয় না। যথা—মৃগনেত্রা, চারুগুল্‌ফা ইত্যাদি।

২৭। **অঙ্গগাত্র কণ্ঠেভ্যো বক্তব্যম্**—অঙ্গ প্রভৃতি কতকগুলি শব্দের উত্তর 'ঈ' ও 'আ' হয়। যথা—

কৃশাঙ্গী or কৃশাঙ্গা ; বিম্বোষ্ঠী or বিম্বোষ্ঠা ; মৃদুগাত্রী or মৃদুগাত্রা ; কোকিলকণ্ঠী or কোকিলকণ্ঠা ; কুন্দদন্তী or কুন্দদন্তা ; চারুকর্ণী or চারুকর্ণা ; দীর্ঘজঙ্ঘী or দীর্ঘজঙ্ঘা ; সৎপুচ্ছী or সৎপুচ্ছা।

২৮। **সহনঞ্‌ বিদ্যমানপূর্ব্বাচ্চ**—সহ্, নঞ্‌ ও বিদ্যমান এই তিনটি শব্দ পূর্ব্বে থাকিলে বহুব্রীহি সমাস নিষ্পন্ন অবয়ববাচক শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে 'ঈ' হয় না। যথা—সুকেশা, অকেশা, বিদ্যমানকেশা।

Learn :—নরজাতিস্ত্রিয়াং নারী বয়স্যায়াং সখী মতা।
যবনানাং লিপের্ভেদে, যবানী গর্হিতে যবে॥
হিমানী হিমসংহিত্যাম্ অরণ্যানী মহাবনে।
মনাবী চ মনোঃ পত্নী, পতিবত্নী সভর্ত্তৃকা॥—মুগ্ধবোধ

২৪। নখমুখাৎ সংজ্ঞায়াম্—(পা)

২৯। **পাদোঽন্যতরস্যাম্**—বহুব্রীহি সমাসে পাদ্ ইহার উত্তর স্ত্রীলিঙ্গে বিকল্পে 'ঈ' হয়। ঈ হইলে পাদ স্থানে পদ হয়। যথা—

দ্বৌ পাদৌ অস্যাঃ—দ্বিপাত্, দ্বিপদী, এইরূপ—ত্রিপাত্, ত্রিপদী ; চতুষ্পাত্—চতুষ্পদী ; একপাত্—একপদী ; শতপাত্—শতপদী ইত্যাদি।

৩০। **দতশ্চ**—বহুব্রীহি সমাসে ('দন্ত' স্থানে জাত) 'দত' এই শব্দের উত্তর 'ঈ' হয়। যথা—সু (শোভনাঃ) দন্তাঃ যস্যাঃ সা=সুদতী, এইরূপ—চারুদতী, শুভ্রদতী, কুন্দদতী। (১১৩ সূত্র দ্রষ্টব্য)।

(ক) **পাণিগৃহীতী ভার্য্যায়াম্**—'পত্নী' অর্থ বুঝাইলে 'পাণি-গৃহীত' শব্দের উত্তর 'ঈ' হয়। যথা—পাণিঃ গৃহীতঃ যস্যাঃ সা=পাণি-গৃহীতী, অগ্নি সাক্ষী করিয়া যাহার পাণিগ্রহণ (বিবাহ) করা হইয়াছে। অন্যত্র—পাণি-গৃহীতা নারী।

৩১। **কৃদিকারাদক্তিনঃ**—(কৃৎ+ইকারাৎ+অক্তি নঃ)—কৃৎ-প্রত্যয়-নিষ্পন্ন হ্রস্ব ইকারন্ত (ক্তি-প্রত্যয়ান্ত-ভিন্ন) শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে বিকল্পে ঈ হয়। যথা—

রাত্রিঃ, রাত্রী ; কটিঃ, কটী ; শ্রেণিঃ, শ্রেণী ; রজনিঃ, রজনী ; অহিঃ, অহী ; কপিঃ, কপী ; শারিঃ, শারী ; ভূমিঃ, ভূমী ; আলিঃ, আলী ; মুনিঃ, মুনী ; রাজিঃ, রাজী ; যষ্টিঃ, যষ্টী ; ক্তি প্রত্যয়-নিষ্পন্ন ই-কারান্ত শব্দের উত্তর 'ঈ' হয় না। যথা—গতিঃ, মতিঃ, বুদ্ধিঃ, কৃতিঃ, ভক্তিঃ, মুক্তিঃ, স্থিতিঃ, যুক্তি, শ্রুতিঃ, স্মৃতিঃ, শান্তিঃ ইত্যাদি।

(ক) **নিত্যং সখ্যুঃ**—সখি শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে নিত্য 'ঈ' হয়। যথা—সখা (সখি—পুং, ১মা ১ বঃ)=সখী (A female friend)।

(খ) **বা শক্তি-পদ্ধতিভ্যাম্**—শক্তি ও পদ্ধতি শব্দের উত্তর বিকল্পে 'ঈ' হয়। যথা—শক্তিঃ, শক্তী (অস্ত্র বিশেষ) ; পদ্ধতিঃ, পদ্ধতী (শ্রেণী, পথ, রীতি)।

(গ) **পত্যুর্নো যজ্ঞসংযোগে**—যজ্ঞসংযোগ (কুশণ্ডিকা নামক যজ্ঞে সহকারিতা বুঝাইলে পতি শব্দের উত্তর ঈ হয় এবং পতি শব্দের ইকার স্থানে

নকার হয়)। যথা—পতি—পত্নী। বশিষ্ঠস্য পত্নী (বশিষ্ঠ কর্তৃক অনুষ্ঠিত কুশণ্ডিকায় সহকারিণী)।

যজ্ঞের ফলভাগিত্ব না বুঝাইলে এই নিয়ম খাটে না। যেমন—গ্রামস্য পতিঃ ইয়ম্। এখানে পতিশব্দের অর্থ অধিকারিণী; যজ্ঞের ফলভাগিনী নয়।

(ঘ) **বিভাষা সপূর্ব্বস্য**—পূর্ব্বপদ থাকিলে, অর্থাৎ সমাসান্ত পতিশব্দ স্থানে বিকল্পে পত্নী হয়। গৃহস্য পতি=গৃহপতিঃ or গৃহপত্নী, বৃদ্ধঃ পতি যস্যাঃ সা—বৃদ্ধপতিঃ or বৃদ্ধপত্নী।

৩২। **বোতো গুণবচনাৎ** (বা+উতঃ+গুণবচনাৎ)—গুণবাচক হ্রস্ব উকারান্ত শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে বিকল্পে 'ঈ' হয়। যথা—

মৃদু—মৃদুঃ, মৃদ্বী; পটু—পটুঃ, পট্বী; সাধু—সাধুঃ, সাধ্বী; স্বাদু—স্বাদুঃ স্বাদ্বী; গুরু—গুরুঃ, গুর্ব্বী; লঘু—লঘ্বী; অণু—অণুঃ, অণ্বী; বহু—বহুঃ, বহ্বী।

(ক) **ন সংযুক্তোপধাৎ**—যে সকল গুণবাচক উকারান্ত শব্দের উপধা স্থলে সংযুক্ত বর্ণ থাকে তাহাদের উত্তর 'ঈ' হয় না। যথা—পাণ্ডু—পাণ্ডুঃ।

৩৩। **উদন্তাদূপ্**—(উদন্তাৎ+ঊপ্)—হ্রস্ব উকারান্ত শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে 'ঊ' হয়। যথা—

কুরূঃ (কুরুদেশের স্ত্রী, a woman of the Kuru country), কদ্রূঃ (কশ্যপ ঋষির ভার্য্যা), অলাবূঃ (লাউ), কর্কন্ধূ (plum tree); ব্রহ্মবন্ধূঃ (a vile Brahmin woman).

রজ্জু প্রভৃতি শব্দের উত্তর 'ঊ' হয় না। যথা—রজ্জু, ধেনুঃ ইত্যাদি।

(ক) **বিভাষা তন্বাদেঃ**—তনু প্রভৃতি উকারান্ত শব্দের উত্তর বিকল্পে 'ঊ' হয়। যথা—তনুঃ, তনূঃ, চঞ্চুঃ, চঞ্চূঃ (পাখীর ঠোঁট)।

৩৪। **শ্বশ্রূ শ্বশুরস্য**—শ্বশুর শব্দ স্থানে নিপাতনে 'শ্বশ্রূ' হয়। যথা—শ্বশুরস্য জায়া=শ্বশ্রূঃ (শাশুড়ী)।

৩২। বা গুণবাচকাদ্ উদন্তাৎ (সংক্ষিপ্তসার)।

৩৩। ঊঙ্ উতঃ (পা)।

৩৫। **উরূত্তরপদাদৌপম্যে**—(উরু+উত্তরপদাৎ—ঔপম্যে)— উপমা বুঝাইলে সমাসের পদস্থিত 'উরু' শব্দের উত্তর 'ঊ' হয়।

রম্ভে ইব ঊরূ যস্যাঃ সা=রম্ভোরূঃ। করভৌ ইব ঊরূ যস্যাঃ সা—করভোরূঃ মণিবন্ধ হইতে কনিষ্ঠাঙ্গুলির শেষ পর্য্যন্ত করের বহির্ভাগকে করভ বলে)।

প্রয়োগ :—কুরুস্ব তাবৎ করভোরু! পশ্চান্মার্গে মৃগপ্রেক্ষিণি! দৃষ্টিপাতম্ —(রঘু)।

৩৬। **সংহিতশফলক্ষণবামাদেশ্চ**—সংহিত, শফ, লক্ষণ ও বাম প্রভৃতি শব্দের পরবর্ত্তী 'উরু' শব্দের উত্তর 'ঊ' হয়। যথা—সংহিতৌ ঊরূ যস্যাঃ সা= সংহিতোরূ, বামৌ (সুন্দরৌ) ঊরূ যস্যাঃ সা—বামোরূঃ, এইরূপ—শফোরূঃ, লক্ষণোরূঃ, সহোরূঃ ইত্যাদি।

৩৭। **সপত্নী প্রভৃতয়ঃ**—সপত্নী প্রভৃতি শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা— সমানঃ পতিঃ যস্যাঃ সা=সপত্নী (সতীন্), না (or নৃ)=নারী, একঃ পতিঃ যস্যাঃ সা—একপত্নী (সাধ্বী), বীরঃ পতিঃ যস্যাঃ সা—বীরপত্নী, ভদ্রঃ পতিঃ যস্যাঃ সা—ভদ্রপত্নী, বৃদ্ধঃ পতিঃ যস্যাঃ সা=বৃদ্ধপত্নী, পঞ্চ পতয়ো যস্যাঃ সা=পঞ্চপত্নী (দ্রৌপদী), পতিরস্য : অস্তি=পতিবত্নী (জীবদ্ভর্ত্তৃকা নারী), কিন্তু পতিমতী (প্রশস্তা পতিযুক্তা), স্থূলপতি or স্থূলপত্নী, অন্তঃ অস্তি অস্যাঃ =অন্তর্বত্নী (গর্ভিণী); অগ্নি—অগ্নায়ী, সূর্য্য—সূরী (মানবী স্ত্রী—কুন্তী), সূর্য্য—সূর্য্যা (দেবী=সূর্য্য ভগিনী), অনডুহ্=অনডুহী, অনড্বাহী (গাভী), রেবতী, রোহিণী (নক্ষত্রের নাম), মনু—মানবী, মনায়ী, মন্বঃ, কিঙ্কর—কিঙ্করা (maid servant), কিঙ্করী (A wife of a servant).

Exercise 49

1. *Translate into Sanskrit* :—

A. এই নদী প্রবলবেগে প্রবাহিত হইতেছে। সেই রমণীর বিদ্যা আছে বটে, কিন্তু তিনি সন্তানপালনে নিপুণা নহেন। আমার মাতুলপত্নী কাশী

গিয়াছেন। মেধাবিনী বালিকারা শাস্ত্রপাঠ করিতেছে। গাগার মেধা অতিশয় প্রশংসনীয় ছিল। এই বালিকাটির ওষ্ঠ বিম্বের ন্যায় সুন্দর।

B. 1. The wife of a Sudra went to the house of a Brahmin. 2. After the exile of Sita, Rama had made a golden (হিরণ্ময়ী) image of her. 3. The milkmaid (গোপী) is milking the cow in the evening. 4. The king entered into a great forest (অরণ্যানী) full of many ferocious animals. 5. Bees are gathering honey from flowers in the morning. 6. Bimala was the youngest daughter of her parents. 7. The king Dasaratha has three queens namely —Kausalya, Kaikeyi and Sumitra.

2. Rewrite the following sentences correctly :—

(১) পশ্চিমস্যাং দিশি ভানুঃ অস্তং যাতি। (২) ইয়ং নৃপস্য মধ্যমী মহিষী। (৩) বসন্তে কোকিলঃ কোকিলী চ সুখেন গায়তঃ। (৪) তব যাদৃশা শক্তি বর্ত্ততে মম তাদৃশা শক্তি নাস্তি। (৫) ইয়ং শৃগালা বনাৎ আগতা। (৬) ইয়ং রজকা ধৌত বস্ত্রাণি গৃহীত্বা আগচ্ছতি। (৭) অনসূয়া প্রিয়ংবদা চ শকুন্তলায়াঃ সখায়ৌ আস্তাম্। (৮) চন্দ্রবদনী মৃগনয়নী দময়ন্তী নলম্ উপযেমে।

3. Give the feminine forms of :—

কৃপণ, মনোহর, সাধক, স্থূল, মানুষ, মূষিক, অনুরাগিন্, হয়, মৎস্য, প্রসবিতৃ শ্বন্, যুবন্ দাস্যৎ, মহৎ, জীর্যৎ, শৃণ্বৎ, মৃণ্ময়, ভ্রূ, পাঞ্চাল, প্রাচ্, অবাচ্, পাপীয়স্ প্রত্যচ্, সুকেশ, চন্দ্রমুখ, কল্যাণ, চণ্ড, চারুকর্ণ, মৃদু, বল, মনু, অগ্নি, নাটক, কুন্দদন্ত, জ্ঞানবৎ, জগ্মিবস্, পতি, সুন্দর, সেবক, সুদন্ত, আচার্য্য, মহারাজ, গোপ, অশ্ব, কর্ত্তৃ, তাদৃশ, মনুষ্য, পশ্চাৎ, শুভ্র, অকেশ, গৃহপতি, মঘবন্, বিদ্বস্, উভয়, কারক, গায়ক, রুদৎ, দণ্ডিন্, শ্বন্, মাতুল, কুম্ভকার, ধাতৃ।

4. *Distinguish between :—*

শূর্য্যা and শূরী, শূদ্রা and শূদ্রী, আচার্য্যা and আচার্য্যানী, যবনী and যবনানী, ক্ষত্রিয়া and ক্ষত্রিয়ী, পতিবত্নী and পতিমতী, পাণিগৃহীতা and পাণিগৃহীতী।

5. *Substitute single words for the following :—*

ব্রাহ্মণস্য জায়া, নিষাদস্য জায়া, এক: পতি: যস্যা: সা, গৃহস্য পতি, মাতুলস্য পত্নী, সমান: পতি: অস্যা:, মহৎ হিমম্, হসতি যা সা, মহৎ অরণ্যম্, শ্বশুরস্য জায়া, কৃশম্ অঙ্গং যস্যা: সা, পশুপালকস্য জায়া, করভৌ ইব ঊরূ যস্যা: সা।

6. *Give the feminine forms of the following :—*

সুন্দর, সেবক, সুদন্ত, আচার্য্য, মহারাজ, মঘবন্, বিদ্বস্, উভয, কারক, তাদৃশ, কর্তৃ।

CHAPTER IV

সমাস—Compounds

১। **একপদীভাব সমাসঃ**—কখন কখন দুই বা দুইয়ের অধিক পদকে একপদ করিয়া ব্যবহার করা হয়। পরস্পর অন্বয় ও সম্বন্ধ-যুক্ত দুই বা দুইয়ের অধিক পদকে একপদ করার নাম **সমাস**। যেমন—রাজ্ঞঃ পুত্রঃ = রাজপুত্রঃ, রামশ্চ লক্ষ্মণশ্চ = রামলক্ষ্মণৌ।

২। সমাস করিলে প্রত্যেক পদের বিভক্তির লোপ হয় এবং সমাস-নিষ্পন্ন শব্দের উত্তর আবশ্যকমত বিভক্তি যুক্ত হয়। যেমন—বৃক্ষস্য শাখা = **বৃক্ষশাখা**।

এখানে পূর্ব্বপদের ষষ্ঠী বিভক্তি ও পরপদের প্রথমা বিভক্তির লোপ হইয়া পরে **বৃক্ষশাখা** এই নূতন শব্দের উত্তর প্রথমা বিভক্তি যুক্ত হইয়াছে। এইরূপ—রাজপুত্রঃ গচ্ছতি—এই বাক্যে প্রথমে রাজ্ঞঃ, পুত্রঃ এইরূপ ছিল, পরে এই পদকে একপদে পরিণত করিতে উভয় পদের বিভক্তির লোপ হইল এবং রাজপুত্রঃ এই সমাস-নিষ্পন্ন শব্দ 'গচ্ছতি' এই ক্রিয়ার কর্ত্তা বলিয়া প্রথমার একবচনের বিভক্তি যুক্ত হইয়া **রাজপুত্রঃ** হইল।

৩। সমাস করিবার জন্য যে বাক্য ব্যবহার করা হয় তাহাকে **সমাসবাক্য, ব্যাসবাক্য** বা **বিগ্রহবাক্য** বলে। যেমন—বৃক্ষস্য শাখা = বৃক্ষশাখা, রাজ্ঞঃ পুত্রঃ = রাজপুত্রঃ। এখানে **বৃক্ষস্য শাখা** ও **রাজ্ঞঃ পুত্রঃ** এই দুইটি ব্যাসবাক্য।

৪। যে যে পদে সমাস হয়, তাহাদিগকে **সমস্যমান পদ** বলে এবং সমাস হইলে যে নূতন পদ গঠিত হয় তাহাকে **সমাস-নিষ্পন্ন পদ** বা **সমস্ত পদ** বলে। যেমন, নদ্যাঃ জলম্ = নদীজলম্ঃ এখানে **নদ্যাঃ** এবং **জলম্**, সমস্যমান পদ এবং **নদীজলম্** সমস্ত পদ।

৫। **সমাসের প্রয়োজনীয়তা**—বাক্যকে সংক্ষিপ্ত ও শ্রুতিমধুর করিবার জন্য সমাসের আবশ্যকতা। যেমন—

যস্য দশ আননানি, বিংশতি ভুজাঃ, যঃ লঙ্কায়াঃ অধিপতিঃ, যস্য মতি দুষ্টা, সঃ রাবণঃ তপস্বিনঃ বেশং ধৃত্বা জনকস্য রাজ্ঞঃ তনয়াং রামচন্দ্রস্য পত্নীং সীতাদেবীং জহার।

উল্লিখিত বাক্যটিকে সমাসের সাহায্যে সংক্ষিপ্ত করিয়া নিম্নলিখিতভাবে লেখা যায় :—

দশাননঃ বিংশতিভুজঃ লঙ্কাধিপতিঃ দুষ্টমতিঃ রাবণঃ ধৃত-তপস্বী-বেশঃ জনকরাজতনয়াং রামচন্দ্রপত্নীং সীতাদেবীং জহার।

N. B. **সন্ধি ও সমাসের প্রভেদ**—একটি বর্ণের সহিত অপর একটি বর্ণের মিলনকে সন্ধি বলে। যেমন, অ + আ = আ, দেবঃ + আলয়ঃ = দেবালয়ঃ, কিন্তু একটি পদের সহিত অপর পদের মিলনকে (একপদ হইয়া যাওয়াকে) সমাস বলে। যেমন = **বৃক্ষস্য** শাখা = বৃক্ষশাখা। সন্ধির স্থলে সঙ্গত অর্থ না থাকিলেও ক্ষতি নাই, কিন্তু সমাসের স্থলে সঙ্গত অর্থ থাকা চাই। সমাসের মধ্যে সন্ধির সম্ভাবনা থাকিলে তাহা অবশ্য কর্ত্তব্য, কিন্তু 'গুরূণামাদেশঃ' ইত্যাদি স্থলে গুর্ব্বাদেশঃ এইরূপ সমাস করা ইচ্ছাধীন।

৬। সমাস প্রধানতঃ **ছয় প্রকার**। যথা—(১) **অব্যয়ীভাব**, (২) **তৎপুরুষ**, (৩) **কর্ম্মধারয়**, (৪) **দ্বিগু**, (৫) **দ্বন্দ্ব** ও (৬) **বহুব্রীহি**।

ইহা ছাড়া উপপদ তৎপুরুষ, প্রাদি সমাস, সুপ সুপা সমাস, নিত্য সমাস, অলুক্ সমাস প্রভৃতি কয়েকটি সমাসও আছে।

পাণিনির মতে সমাস **চারি প্রকার**। যথা—( ) অব্যয়ীভাব, (২) তৎপুরুষ, (৩) দ্বন্দ্ব, (৪) বহুব্রীহি। এইমতে কর্ম্মধারয় ও দ্বিগু তৎপুরুষ সমাসের অন্তর্গত। ইহাদের মধ্যে অব্যয়ীভাবের পূর্ব্বপদ, তৎপুরুষর উত্তর পদ, বহুব্রীহির সমস্যমান পদ ব্যতীত অন্য কোনও পদ ও দ্বন্দ্বের সকল পদের অর্থ প্রধান।

LESSON 1

অব্যয়ীভাব সমাস

৭। **সুপাব্যয়ং সমীপাদৌ**—'সমীপ' প্রভৃতি অর্থে পরবর্ত্তী সুবন্তপদের সহিত পূর্ববর্ত্তী অব্যয়ের যে সমাস হয়, তাহার নাম অব্যয়ীভাব সমাস। এই সমাসে পূর্ব্বপদের অর্থ প্রধান থাকে এবং সমাস-নিষ্পন্ন পদ অব্যয় ও ক্লীবলিঙ্গ হয়। যথা—

সামীপ্য—কুম্ভস্য সমীপম্ = উপকুম্ভম্, গৃহস্য সমীপম্ = উপগৃহম্, গঙ্গায়াঃ সমীপম্ = উপগঙ্গম্। **সমৃদ্ধি**—ভিক্ষাণাং সমৃদ্ধিঃ = সুভিক্ষম্। **অভাব**—ভিক্ষায়াঃ অভাবঃ = দুর্ভিক্ষম্, বিঘ্নস্য অভাবঃ = নির্ব্বিঘ্নম্, মক্ষিকাণাম্ অভাবঃ = নির্মক্ষিকম্। **পশ্চাৎ**—পদস্য পশ্চাৎ = অনুপদম্, রথানাং পশ্চাৎ—অনুরথম্। **যোগ্যতা**—রূপস্য যোগ্যম্—অনুরূপম্। কুলস্য যোগ্যম্—অনুকূলম্। **বীপ্সা**—দিনং দিনং = প্রতিদিনম্, গৃহং গৃহং = প্রতিগৃহম্। **অনুক্রম**—জ্যেষ্ঠম্ অনু = অনুজ্যেষ্ঠম্। **সাদৃশ্য**—পদ্মস্য সদৃশম্—সপদ্মম্। **সাকল্য**—তৃণম্ অপি অপরিত্যজ্য = সতৃণম্। **অনতিক্রম**—শক্তিম্ যথেপ্সিতম্ অনতিক্রম্য = যথাশক্তি। বিধিম্ অনতিক্রম্য = যথাবিধি। ঈপ্সিতম্ অনতিক্রম্য—শক্তিম্ যথেপ্সিতং (যথেপ্সিতম্ প্রস্তুত কর্ম্ম ধর্ম্ম্যম্—ভট্টি)। **পর্য্যন্ত**—সমুদ্রপর্য্যন্তম্—আসমুদ্রম্। **অত্যয়**—অত্যয়ঃ শীতস্য = অতিশীতম্, অত্যয়ঃ বসন্তস্য = অতি-বসন্তম্। **অসম্প্রতি**—নিদ্রা সম্প্রতি ন যুজ্যতে—অতিনিদ্রম্ ; অতিশোকম্। **যৌগপদ্য** (এককালীনতা—simultaneousness)—চক্রেণ যুগপৎ = সচক্রম্। **বিভক্ত্যর্থ**—হরৌ = অধিহরি (in Hari), গৃহে = অধিগৃহম্ (in the house)।

৮। অব্যয়ীভাব সমাসে সমাসনিষ্পন্ন অকারান্ত শব্দের পরবর্ত্তী পঞ্চমী বিভক্তি ভিন্ন অপর বিভক্তি স্থানে 'অম' হয়। যথা—দিনং দিনম্—প্রতিদিনম্। পঞ্চমী বিভক্তি স্থানে 'অম্' হয় না। যথা—কৃষ্ণস্য সমীপাৎ আয়াতঃ = উপকৃষ্ণাৎ আয়াতঃ।

৮। নাব্যয়ীভাবাদতোঽম্ ত্বপঞ্চম্যাঃ

৯। অব্যয়ীভাব সমাসে অকারান্ত শব্দের পরস্থিত তৃতীয়া ও সপ্তমী বিভক্তি স্থানে বিকল্পে 'অম্' হয়। যথা—

উপকৃষ্ণং উপকৃষ্ণেন বা কার্য্যম্। উপনগরম্ উপনগরে বা বসতি।

১০। অব্যয়ীভাব সমাসে অকারান্ত ভিন্ন অন্য শব্দের উত্তর সকল বিভক্তির লোপ হয়। যথা—যথাশক্তি।

১১। **অব্যয়ীভাবে চাকালে**—অব্যয়ীভাব সমাসে পূর্ববর্ত্তী সহ শব্দ স্থানে 'স' হয়। যথা—হরেঃ সদৃশং=সহরি, চক্রেণ যুগপৎ—সচক্রম্। কিন্তু কাল বুঝাইলে 'স' হয় না। যথা—সহপূর্বাহ্নম্।

১২। **আঙ্‌মর্য্যাদাভিবিধ্যোঃ**—মর্য্যাদা—সীমা (limit exclusive), অভিবিধি—ব্যাপ্তি (limit inclusive) বুঝাইলে সুবন্ত পদের সহিত 'আঙ্' এই অব্যয়ের বিকল্পে অব্যয়ীভাব সমাস হয়। যথা—আবনম্ or আবনাৎ বৃষ্টো দেবঃ—(বন পর্য্যন্তম্, বনম্ অভিব্যাপ্য বা বৃষ্টঃ)।

১৩। পঞ্চম্যন্ত পদের সহিত অপ, পরি, বহিস্, প্রাক্ প্রভৃতি শব্দের বিকল্পে অব্যয়ীভাব সমাস হয়। যথা—

অপগ্রামং or অপগ্রামাৎ, বহির্গ্রামম্ or বহির্গ্রামাৎ (outside the village), প্রাগ্‌গ্রামম্ or প্রাগগ্রামাৎ (east of the village)।

১৪। **পারে মধ্যে ষষ্ঠ্যা বা**—ষষ্ঠ্যন্ত পদের সহিত 'পার' ও 'মধ্য' এই দুই পদের বিকল্পে অব্যয়ীভাব সমাস হয়। যথা—

সমুদ্রস্য পারম্=পারেসমুদ্রম্, গঙ্গায়াঃ মধ্যম্=মধ্যেগঙ্গম্। নিপাতনে একারাগম হইয়াছে। ষষ্ঠীতৎপুরুষ সমাস করিলে 'সমুদ্রপারম্' ও 'গঙ্গামধ্যম্' এই দুই পদও হয়।

১৫। **লক্ষণেনাভিপ্রতি আভিমুখ্যে**—'আভিমুখ্য' (direction) বুঝাইলে চিহ্নবাচক সুবন্ত পদের সহিত অভি ও প্রতি এই দুই অব্যয়ের বিকল্পে

৯। তৃতীয়াসপ্তম্যোর্বহুলম্॥

১৩। অপপরিবহিরঞ্চবঃ পঞ্চম্যাঃ।

অব্যয়ীভাব সমাস হয়। যথা—অগ্নিম্ অভি or অভ্যগ্নি শলভাঃ পতন্তি। এইরূপ—অগ্নিং প্রতি or প্রত্যগ্নি (towards fire)।

সমাসান্ত বিধি

১৬। **অব্যয়ীভাবে শরৎ প্রভৃতিভ্যঃ**—অব্যয়ীভাব সমাসে শরদ্, দিশ্, মনস্, চতুর্, দিব্, উপানহ্, চেতস্ ও অনডুহ্ প্রভৃতি শব্দের উত্তর (ট) 'অ' হয়। যথা—

শরদঃ সমীপম্=উপশরদম্, এইরূপ—প্রতিদিশম্; আহিমবতং, অনুদিশম্, উপমনসম্, উপচতুরম্, উপদিবম্ ইত্যাদি।

১৭। **প্রতি-পরসমন্বুভ্যোঽক্ষ্ণঃ**—প্রতি, পর, সম্ ও অনু ইহাদের পরবর্তী অক্ষি শব্দের উত্তর 'অ' হয়। যথা—

অক্ষ্ণোঃ আভিমুখ্যম্=প্রত্যক্ষম্ (before one's eyes), অক্ষ্ণোঃ পরম্= পরোক্ষম্ (out of sight), অক্ষ্ণোঃ যোগ্যম্—সমক্ষম্ (in the presence of, before the very eyes), অক্ষ্ণোঃ পশ্চাৎ—অন্বক্ষম্ (behind the eyes)।

১৮। **নদীপৌর্ণমাস্যাগ্রহায়ণীগিরিভ্যশ্চ**—নদী, পৌর্ণমাসী, গিরি, আগ্রহায়ণী শব্দের অন্তঃস্থিত স্বরবর্ণ স্থানে বিকল্পে 'অ' হয় এবং দীর্ঘস্বর হ্রস্ব হয়। যথা—

নদ্যাঃ সমীপম্=উপনদম্ or উপনদী (near the river)। এইরূপ উপপৌর্ণমাসম্=উপপৌর্ণমাসি, গিরেঃ সমীপম্=উপগিরম্ or উপগিরি (near the mountain), উপাগ্রহায়ণম্ or উপাগ্রাহায়ণি।

১৯। **অনশ্চ**—অব্যয়ীভাব সমাসে অন্‌ভাগান্ত শব্দের অন্ স্থানে 'অ' হয়। যথা—আত্মানম্ অধিকৃত্য=অধ্যাত্মম্, রাজ্ঞঃ সমীপে=উপরাজম্, এইরূপ—প্রত্যধ্বম্।

(ক) ক্লীবলিঙ্গ অন্‌ভাগান্ত শব্দের উত্তর বিকল্পে 'অ' হয়। যথা—চর্ম্মণঃ সমীপম্=উপচর্ম্মম্ or উপচর্ম্ম। এইরূপ—প্রত্যহম্ or প্রত্যহঃ

অপর কয়েকটি উদাহরণ

জরায়াঃ সমীপম্ = উপজরসম্, গোঃ পশ্চাৎ—অনুগবম্, শুনঃ সমীপম্ = উপশুনম্, গঙ্গায়াঃ অনু = অনুগঙ্গম্, তিষ্ঠতি যস্মিন্ কালে দোহায় = তিষ্ঠদ্গু, আয়াতি গাবো যস্মিন্ কালে গোষ্ঠম্ = আয়তীগবম্, রজসা সহ সকলম্ = সরজসম্, উরসি = প্রত্যুরসম্, সমিধঃ সমীপম্ = উপসমিধম্ or উপসমিৎ দৃশদঃ সমীপম্—উপদৃশদম্, or উপদৃশৎ।

Exercise 50

1. *Translate into Sanskrit :—*

A. (i) গঙ্গার নিকটে অনেকগুলি বাগান আছে। (ii) সকলেরই স্ব স্ব শক্তি অতিক্রম না করিয়া কাজ করা উচিত। (iii) তাঁহারা গ্রামের সমীপেই বাস করেন। (iv) বন পর্য্যন্ত সকলস্থানেই প্রচুর বৃষ্টি হইয়াছে। (v) এই কাজটি আমার চক্ষুর অগোচরে হইয়াছে।

B. (i) His kingdom extended upto the sea. (ii) The jackals went to their own directions. (iii) There are learned scholars in every house in this village. (iv) The paddy of these fields will ripe some time near autumn. (v) In ancient times chandalas used to live outside the village. (vi) An arrow was shot simultaneously, with the throwing of the javeline. (vii) His kingdom extended up to the sea.

LESSON II

তৎপুরুষ সমাস

২১। **উত্তর-পদার্থ-প্রধানস্তৎপুরুষঃ**—যে সমাসে উত্তরপদের (পর-পদের) অর্থ প্রধানরূপে প্রতীয়মান হয়, তাহাকে তৎপুরুষ সমাস বলে।

তৎপুরুষ সমাসে অর্থানুসারে পূর্ব্বপদে দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী ও সপ্তমী—ইহাদের মধ্যে কোনও বিভক্তি যুক্ত হয় ও পরবর্ত্তী প্রথমান্ত শব্দের সহিত তাহার সমাস হয়। অতএব দ্বিতীয়াদি ক্রমে **তৎপুরুষ সমাস ছয় প্রকার।**

(ক) **দ্বিতীয়া তৎপুরুষ**—পূর্ব্বপদ দ্বিতীয়ান্ত হইলে দ্বিতীয়া তৎপুরুষ সমাস হয়। যথা—কষ্টং শ্রিতঃ=কষ্টাশ্রিতঃ, দুঃখম্ অতীতঃ=দুঃখাতীতঃ, গ্রামং গতঃ—গ্রামগতঃ, গৃহং গতঃ=গৃহগতঃ, শরণম্ আপন্ন=শরণাপন্ন, অন্নং বুভুক্ষুঃ=অন্নবুভুক্ষুঃ, মধু পিপাসুঃ=মধুপিপাসুঃ, বেদং বিদ্বান্=বেদবিদ্বান্, গ্রামং গামী=গ্রামগামী। এইরূপ=গ্রামগমী; সুখং প্রাপ্তঃ=সুখপ্রাপ্তঃ।

Note—**অত্যন্তসংযোগে চ**—অত্যন্তসংযোগ (ব্যাপ্তি) অর্থে বিহিত কালবাচক দ্বিতীয়ান্ত পদের সহিত পরবর্ত্তী সুবন্ত পদের দ্বিতীয়া তৎপুরুষ সমাস হয়। যথা—মুহূর্ত্তং সুখম্=মুহূর্ত্তসুখং (happiness lasting for a moment), এইরূপ—বর্ষং ভোগ্যঃ=বর্ষভোগ্যঃ, মাসং ভোগ্যঃ=মাসভোগ্যঃ, মাসং গম্যঃ=মাসগম্যঃ।

(খ) **তৃতীয়া তৎপুরুষ**—পূর্ব্বপদ তৃতীয়ান্ত হইলে তৃতীয়া তৎপুরুষ সমাস হয়। যথা—মাসেন পূর্ব্বঃ=মাসপূর্ব্বঃ (prior by a month), গুরুণা সদৃশঃ=গুরুসদৃশঃ, পিত্রা সমঃ=পিতৃসমঃ, অর্থেন যুক্ত=অর্থযুক্তঃ, গর্ব্বেণ শূন্যঃ=গর্ব্বশূন্যঃ, জলেন সিক্তঃ=জলসিক্তঃ, অগ্নিনা দগ্ধঃ=অগ্নিদগ্ধঃ, অহিনা হতঃ=অহিহতঃ, ধান্যেন অর্থ=ধান্যার্থঃ (wealth by means of paddy), শ্রমেণ রহিতঃ=শ্রমরহিতঃ, অঙ্গেন বিকলঃ=অঙ্গবিকলঃ, বাচা কলহঃ=বাক্কলহঃ, হরিণা ত্রাতঃ=হরিত্রাতঃ, নখৈঃ ভিন্ন=নখভিন্ন, শিরসা ধার্য্যং=শিরোধার্য্যঃ, একেনঃ ঊনঃ=একোনঃ।

(গ) **চতুর্থী তৎপুরুষ**—পূর্ব্বপদ চতুর্থ্যন্ত হইলে চতুর্থী তৎপুরুষ সমাস হয়। যথা—ভূতায় বলিঃ (প্রাণীদিগের নিমিত্ত উপহার), গবে হিতম্=গোহিতম্

(গ) চতুর্থী তদর্থার্থবলিহিতসুখরক্ষিতৈঃ।

(গোরুর পক্ষে হিতকর), গবে সুখম্ = গোসুখম্ (গোরুর পক্ষে সুখকর), বরায় প্রদেয়া = বরপ্রদেয়া (কন্যা), যূপায় দারু = যূপদারু (পশু বন্ধনার্থ যজ্ঞীয় কাষ্ঠ), কুণ্ডলায়-হিরণ্যম্ —কুণ্ডল-হিরণ্যম্ (gold for ear-ring) ।

N. B.—প্রকৃতি-বিকৃতিভাব না বুঝাইলে তাদর্থ্য চতুর্থীর সমাস হয় না। সেইজন্য 'অশ্বায় ঘাসঃ', 'রন্ধনায় স্থালী'—এই দুই স্থলে চতুর্থী তৎপুরুষ সমাস হইবে না। অশ্বস্য ঘাসঃ—অশ্বঘাসঃ, রন্ধনস্য স্থালী = রন্ধনস্থালী প্রভৃতি ষষ্ঠী তৎপুরুষ সমাস দ্বারা সিদ্ধ। "বিকৃতেঃ প্রকৃত্যা তাদর্থ্যে – মুগ্ধবোধ।

(II) **অর্থেন নিত্যসমাসো বিশেষ্যলিঙ্গতা চেতি বক্তব্যম্**—প্রয়োজনবাচী অর্থ শব্দের সহিত চতুর্থ্যন্ত পদের নিত্য সমাস হয়। সমাসবাক্যে অর্থ শব্দের উল্লেখ না করিয়া ইদম্ শব্দের উল্লেখ করিতে হয়। এই সমাসে সমস্ত পদ বিশেষণ হয় এবং বিশেষ্যের লিঙ্গ প্রাপ্ত হয়। যথা—

ব্রাহ্মণায় ইদম্ = ব্রাহ্মণার্থম্ দুগ্ধম্ (milk for a Brahmin), দ্বিজায় অয়ম্ = দ্বিজার্থঃ (সূপ), ব্রাহ্মণায় ইয়ম্ = ব্রাহ্মণার্থা যবাগূঃ। এইরূপ—ভোজনার্থম্, গমনার্থম্ পানার্থম্ পিপাসার্থম্ ইত্যাদি।

(ঘ) **পঞ্চমী তৎপুরুষ**—পূর্ব্বপদ পঞ্চম্যন্ত হইলে পঞ্চমী তৎপুরুষ হয়। যথা—চৌরাৎ ভয়ম্ = চৌরভয়ম্, পাপাৎ মুক্তঃ = পাপমুক্তঃ, বৃক্ষাৎ পতিতঃ = বৃক্ষপতিতঃ, ব্যাঘ্রাৎ ভীতঃ = ব্যাঘ্রভীতঃ, সুখাৎ অপেতঃ = সুখাপেতঃ, গৃহাৎ নির্গতঃ = গৃহনির্গতঃ, বিদেশাৎ আগতঃ = বিদেশাগতঃ।

(ঙ) **ষষ্ঠী তৎপুরুষ**—পূর্ব্বপদ ষষ্ঠ্যন্ত হইলে ষষ্ঠী তৎপুরুষ হয়। যথা—রাজ্ঞঃ পুত্রঃ = রাজপুত্রঃ, বৃক্ষস্য শাখা = বৃক্ষশাখাঃ, দেবস্য পূজা = দেবপূজাঃ, সূর্য্যস্য উদয়ঃ = সূর্য্যোদয়ঃ, কূপস্য উদকম্ = কূপোদকম্ ; গঙ্গায়াঃ জলম্ = গঙ্গা-জলম্ঃ, অগ্নেঃ শিখা = অগ্নিশিখাঃ, সুখস্য ভোগঃ = সুখভোগঃ, পয়সঃ পানম্ = পয়ঃপানম্ ; গবাং দোহঃ = গোদোহঃ ; বিত্তস্য নাশঃ = বিত্তনাশঃ।

N. B. নিম্নলিখিত স্থলে ষষ্ঠী তৎপুরুষ সমাস হয় না।

(ঘ) পঞ্চমী ভয়াদিভিঃ।

(১) **ন নির্দ্ধারণে। ন পূরণার্থৈঃ**—নির্দ্ধারণার্থে ও পূরণার্থে বিহিত ষষ্ঠীর তৎপুরুষ সমাস হয় না। যথা—মনুষ্যাণাং ক্ষত্রিয়ঃ শূরতমঃ, গবাং কৃষ্ণা বহুক্ষীরা, ছাত্রাণাম্ দশমঃ। পুরুষোত্তমঃ প্রভৃতি স্থলে পুরুষাণাম্ উত্তমঃ ইত্যাদি বাক্য করিয়া শেষে ষষ্ঠীর সহিত সমাস করা হয়।

(২) **ন গুণবাচিভিঃ। ন তৃপ্ত্যর্থৈঃ**—গুণবাচকঃ ও তৃপ্ত্যর্থ পদের সহিত ষষ্ঠী তৎপুরুষ সমাস হয় না। যথা—আকাশস্য নীলিমা, অপাং তৃপ্তঃ।

N. B. গুণবাচক শব্দের সহিত ষষ্ঠী তৎপুরুষের নিয়মের ব্যতিক্রমও দেখা যায়। যথা—অর্থস্য গৌরবম্—অর্থগৌরবম্, বুদ্ধেঃ মান্দ্যম্= বুদ্ধিমান্দ্যম্। এইরূপ—বচনকৌশলম্, গাত্রমার্দবম্ চন্দনগন্ধঃ, করস্পর্শঃ ইত্যাদি স্থলে ষষ্ঠী তৎপুরুষ সমাস হইয়াছে।

(৩) **তৃজকাভ্যাং কর্ত্তরি**—তৃচ্ ও অক্ প্রত্যয়ান্ত শব্দের সহিত ষষ্ঠী তৎপুরুষ সমাস হয় না। যথা—তৃচ্—জগতঃ স্রষ্টা, সুখস্য দাতা, দুঃখস্য হর্ত্তা। অক—ওদনস্য ভোজকঃ, তণ্ডুলস্য পাচকঃ। কিন্তু যাচক, পূজক, পরিচায়ক, অধ্যাপক, প্রযোজক, স্নাতক, পরিবেশক, ভর্ত্তৃ, হোতৃ প্রভৃতি শব্দ পরে থাকিলে ষষ্ঠী তৎপুরুষ সমাস হয়। শূদ্রস্য যাজকঃ=শূদ্রযাজকঃ, দেবানাং পূজকঃ=দেবপূজকঃ, রাজ্ঞঃ পরিচারকঃ=রাজপরিচারকঃ, শাস্ত্রাণাম্ অধ্যাপকঃ=শাস্ত্রাধ্যাপকঃ, ভৃত্যানাং ভর্ত্তা=ভৃত্যভর্ত্তা। (১) এইরূপ—হবিহোতা, ভুবন-ভর্ত্তা, গুণগ্রহীতা, গুণগ্রাহকঃ, দেবস্নাতকঃ ইত্যাদি।

(৪) **ক্তেন চ পূজায়াম**—মতি, বুদ্ধি ও পূজার্থ ধাতুর উত্তর বর্ত্তমান কালে বিহিত ক্ত-প্রত্যয়ান্ত শব্দের যোগে যে ষষ্ঠী হয়, তাহার সহিত ষষ্ঠী তৎপুরুষ সমাস হয় না।—যথা—

সতাং মতঃ, রাজ্ঞাং জ্ঞাতঃ, নরাণাং পূজিতঃ।

(১) যাজকাদিভিশ্চ।

(ঙ) **অধিকরণ-বাচিনা চ**—অধিকরণ বাচ্যে বিহিত ক্ত-প্রত্যয়ান্ত শব্দের যোগে ষষ্ঠী হয়। তাহার সহিত ষষ্ঠী তৎপুরুষ সমাস হয় না। যথা—ইদম্ এষাম্ আসিতম্।

N. B.—মনে রাখিতে হইবে, যেখানে ষষ্ঠী তৎপুরুষ সমাসের নিষেধ সেখানে কেবল কারক ষষ্ঠীর নিষেধ, শেষে ষষ্ঠীর নিষেধ নয়।

(চ) **সপ্তমী তৎপুরুষ**—পূর্ব্বপদ সপ্তমী বিভক্তিযুক্ত হইলে সপ্তমী তৎ-পুরুষ সমাস হয়। যথা—

অক্ষেষু শৌণ্ডঃ=অক্ষশৌণ্ডঃ (পাশা খেলায় পটু), রণে পণ্ডিতঃ—রণপণ্ডিতঃ, আতপে-শুষ্কঃ,—আতপ-শুষ্ক, পূর্ব্বাহ্নে কৃতম্—পূর্ব্বাহ্নে কৃতম্, স্থাল্যাং পক্বঃ—স্থালীপক্বঃ, মাসে দেয়ম্—মাস-দেয়ম্ (ঋণম্), কার্য্যে কুশলঃ—কার্য্যকুশলঃ, ক্রীড়ায়াং নিপুণঃ—ক্রীড়ানিপুণঃ, জলে মগ্ন—জলমগ্নঃ।

একদেশী সমাস

২২। একদেশ (অবয়ব—এক অংশ—a part)। ষষ্ঠী বিভক্তিযুক্ত একবচনান্ত অবয়বীর সহিত প্রথমার পূর্ব্ব, অহ্ন, অধর, উত্তর প্রভৃতি পদের তৎপুরুষ সমাস হয়। ইহাকে একদেশী সমাস বলে। যথা—

পূর্ব্বং কায়স্য—পূর্ব্বকায়ঃ (নাভির উর্দ্ধ দেহ), অপরং কায়স্য—অপরকায়ঃ, উত্তরং কায়স্য—উত্তরকায়, পূর্ব্বম্ অহ্নঃ—পূর্ব্বাহ্নঃ, মধ্যম্ অহ্নঃ—মধ্যাহ্নঃ, অপরম্ অহ্নঃ—অপরাহ্নঃ, সায়ম্ অহ্নঃ—সায়াহ্নঃ, মধ্যং রাত্রেঃ—মধ্যরাত্রঃ, পূর্ব্বং রাত্রেঃ=পূর্ব্বরাত্রঃ, অপরং রাত্রেঃ=অপররাত্রঃ ইত্যাদি।

N. B.—(ক) একবচন না হইলে একদেশী সমাস হয় না। যথা—পূর্ব্বং ছাত্রাণাম্, পূর্ব্বং বর্ষাণাম্—এস্থলে সমাস হইল না।

(খ) ক্লীবলিঙ্গ অর্দ্ধ শব্দের অর্থ ঠিক অর্দ্ধেক (exact half) অন্য লিঙ্গে অর্দ্ধ শব্দ ব্যবহৃত হইলে তাহাকে ঠিক অর্দ্ধেক না বুঝাইয়া অংশমাত্র বুঝায়।

(চ) সপ্তমী শৌণ্ডৈঃ।

ক্লীবলিঙ্গ অর্দ্ধশব্দের সহিত একদেশী সমাস হয় ও তখন ইহা পূর্ব্বপদ হইয়া থাকে। যথা—অর্দ্ধং গ্রামস্য=অর্দ্ধগ্রামং=exact half of the village, গ্রামস্য অর্দ্ধং=গ্রামার্দ্ধঃ (part of the village.)।

নঞ্ তৎপুরুষ

২৩। **নঞ্ সুপা**—পূর্ব্বপদে 'নঞ্' এই অব্যয় থাকিলে পরবর্ত্তী সুবন্তপদের সহিত যে সমাস হয়, তাহাকে নঞ তৎপুরুষ সমাস বলে। নঞ্-এর 'ন' থাকে। স্বরবর্ণ পরে থাকিলে নঞ স্থানে 'অন্' এবং ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে নঞ্ স্থানে 'অ' হয়। যথা—

ন উপকার=অনুপকারঃ, ন ব্রাহ্মণঃ=অব্রাহ্মণঃ, নঃ অভিজ্ঞ=অনভিজ্ঞঃ, ন প্রিয়ঃ=অপ্রিয়ঃ, ন উচিতম্=অনুচিতম্, ন যত্নঃ=অযত্নঃ।*

উপপদ তৎপুরুষ

২৪। **ধাতুভিরুপপদানি**—ধাতুর সহিত উপপদের যে সমাস হয়, তাহাকে উপপদ তৎপুরুষ সমাস বলে। বিশেষ কতকগুলি কৃৎপ্রত্যয় করিবার সময় ধাতুর পূর্ব্বে যে পদ থাকে, তাহাকে উপপদ বলে। যথা—

কুম্ভং করোতি যঃ সঃ=কুম্ভকারঃ (কুম্ভ—কৃ+অণ), প্রভা করোতি যঃ সঃ=প্রভাকরঃ।

এস্থলে 'কুম্ভম্' ও 'প্রভাম্' এই উপপদ দুইটির সহিত কৃ-ধাতুর সমাস হওয়ায় কুম্ভ-কৃ ও প্রভা-কৃ এইরূপ হইবার পর তাহার উত্তর 'অণ' ও 'ট' প্রত্যয় করিয়া 'কুম্ভকারঃ' ও 'প্রভাকরঃ' এই দুই পদ নিষ্পন্ন হইয়াছে।

*নঞ্ এর অর্থ ছয় প্রকার। যথা—সাদৃশ্য, অভাব, ভেদ, অল্পত্ব, নিন্দা ও বিরোধ। "তৎসাদৃশ্যমভাবশ্চ তদন্যত্বং তদল্পতা। অপ্রাশস্ত্যং বিরোধশ্চ নঞর্থাঃ ষট্ প্রকীর্ত্তিতাঃ"। এইরূপ নঞ্‌কে গৌণার্থ বা পর্য্যুদাস নঞ্ বলে। যথাক্রমে উদাহরণ—(১) ন ব্রাহ্মণঃ—অব্রাহ্মণঃ (ব্রাহ্মণসদৃশ), (২) ন দুঃখম্—অদুঃখম্ (সুখাভাব), (৪) ন ঘটঃ—অঘটঃ (ঘট ভিন্ন দ্রব্য) অনুদরী কন্যা (অল্পোদরী), (৫) অকেশী নারী (অপ্রশস্তকেশী) (৬) ন সুরং—অসুরঃ (সুরবিরোধী)। মুখ্যার্থ বা প্রসজ্য প্রতিষেধ নঞ এর সমাস হয় না—স ব্রাহ্মণো ন ভবতি।

এইরূপ—ইন্দ্রং জিতবান্=ইন্দ্রজিৎ, গৃহে তিষ্ঠতি=গৃহস্থঃ, জলে চরতি=জলচরঃ, ভুজগঃ, শিলাশয়ঃ, পঙ্কজম্, অণ্ডজঃ প্রভৃতি।

প্রাদি তৎপুরুষ

২৫। কুগতিপ্রাদয়ঃ—সুবন্ত পদের সহিত 'কু' এই অব্যয়ের এবং প্রাদি উপসর্গযুক্ত কৃদন্ত পদের নিত্য তৎপুরুষ সমাস হয়। যথা—

কুৎসিতঃ পুরুষ=কুপুরুষঃ, কাপুরুষঃ, এস্থলে 'কু' এর সহিত পুরুষ পদের সমাস হইতেছে; কুৎসিত পদটি 'কু' এর অর্থ প্রকাশ করিতেছে। এইরূপ—বিশিষ্টঃ পুরুষঃ=বিপুরুষঃ, দুষ্টঃ জনঃ=দুর্জ্জনঃ, শোভনঃ জনঃ=সুজনঃ, কুৎসিতম্ অন্নম্—কদন্নম্, অতিক্রান্তো বেলাম=অতিবেলঃ, উদ্গতঃ বেলাম্—উদ্বেলঃ, অভিগতঃ মুখম্=অভিমুখঃ, উদ্যুক্তঃ যুদ্ধায়=উদ্যুদ্ধঃ।

গতি তৎপুরুষ

২৬। চ্বি ও ডাচ্ প্রত্যয়ান্ত অব্যয় ও অলম্ (ভূষণ অর্থে), অন্তঃ (অপরিগ্রহার্থে), সৎ (আদর অর্থে), অসৎ (অনাদরার্থে), অস্তং, তিরস্ (অন্তর্দ্ধানার্থে) ও সাক্ষাৎ প্রভৃতি অব্যয় উপপদের সহিত ধাতুর সমাস হইলে তাহাকে গতি তৎপুরুষ বলে। যথা—

শুক্লীকৃত্য, ভস্মীভাবঃ, সৎকৃত্য, সৎকারঃ, অসৎকৃত্য, অস্তঙ্গত্য, তিরস্কৃত্য, তিরোভূয়, তিরোভাবঃ, নমস্কৃত্য, অলঙ্করোতি, অলঙ্করণম্, অলঙ্কৃত্য, আবিষ্কৃত্য, প্রাদুর্ভূয়, পুরস্কারঃ, পুরস্কৃত্য ইত্যাদি।

অপর কয়েকটি উদাহরণ

কাল্যাঃ দাসঃ=কালিদাসঃ, বনস্য পতিঃ=বনস্পতিঃ, নিশ্চিতং শ্রেয়ঃ=নিঃশ্রেয়সম্ (মুক্তি), পুরুষস্য আয়ুঃ—পুরুষায়ুষম্ (মানুষের জীবনকাল), বারীণাং বাহকঃ=বলাহকঃ (মেঘ), বিশ্বস্য মিত্রম্=বিশ্বামিত্রঃ (একজন ঋষি), বৃহত্যাঃ পতিঃ=বৃহস্পতিঃ, জীবনস্য মূতঃ=জীমূতঃ (মেঘ), উত্থিতঃ নিদ্রায়াঃ=উন্নিদ্রঃ, নিষ্ক্রান্তঃ কৌশাম্ব্যাঃ=নিষ্কৌশাম্বি, তীর্থে কাক ইব=তীর্থকাকঃ, অর্দ্ধং পিপ্পল্যাঃ=অর্দ্ধপিপ্পলী, বনস্য অগ্রে=অগ্রেবনম্।

কর্ম্মধারয় সমাস

২৭। **তৎপুরুষঃ সমানাধিকরণঃ কর্ম্মধারয়ঃ**—যে তৎপুরুষ সমাসে সমস্যমান পদ সকল সমানাধিকরণ (বিশেষণ-বিশেষ্য ভাবাপন্ন) তাহাকে **কর্ম্মধারয়** সমাস বলে।

২৮। **বিশেষণং বিশেষ্যেণ বহুলম্**—বিশেষ্য পদের সহিত বিশেষণ পদের কর্ম্মধারয় সমাস হয় (অর্থাৎ পূর্ব্বপদ বিশেষণ ও উত্তরপদ বিশেষ্য হইলে তাহাদের কর্ম্মধারয় সমাস হয়)। যেমন—

নীলম্ উৎপলম্=নীলোৎপলম্ (নীলপদ্ম), শীতঃ পবনঃ=শীতপবনঃ (শীতল বাতাস), নবঃ পল্লবঃ=নবপল্লবঃ, সন্ পুরুষঃ=সৎপুরুষঃ, মধুরং বচনম্=মধুরবচনম্, নবম্ অন্নম্=নবান্নম্, বিশ্বে দেবাঃ=বিশ্বদেবাঃ, মহান্ দেবঃ=মহাদেবঃ, উষ্ণম্ উদকম্=উষ্ণোদকম্।

N. B.—সূত্রে বহুল শব্দের শব্দের প্রয়োগ থাকায় কোন কোন স্থলে সমাস নিত্য হয়; যেমন—কৃষ্ণসর্পঃ, কোন কোন স্থলে সমাস হয় না। যেমন—রামঃ জামদগ্ন্য, অর্জ্জুনঃ কার্ত্তবীর্য্যঃ।

নিত্যসমাস দুই প্রকার। (১) যাহার কোন ব্যাসবাক্য নাই। কৃষ্ণঃ সর্প এই ব্যাসবাক্য অনুসারে সমাস করিয়া কৃষ্ণসর্পঃ এইরূপ পদ করিলে তাহাতে ব্যাসবাক্যের অর্থটিই বজায় থাকে অর্থাৎ তাহার অর্থ কৃষ্ণ বর্ণ বিশিষ্ট সর্প। কিন্তু "কৃষ্ণসর্প" বলিতে যখন কেউটিয়া জাতীয় সর্প বুঝায় তখন কৃষ্ণ শব্দের অর্থের কোন বিশেষত্ব নাই, কৃষ্ণসর্প এক বিশেষ জাতীয় সর্প এই অর্থে উহার ব্যাসবাক্য নাই, এবং উহা নিত্য সমাস। (২) যাহার একটা ব্যাস-বাক্য আছে বটে, তবে ব্যাসবাক্যের কোন কোন পদের সমস্ত পদে পরিণত হইতে যাইয়া পরিবর্ত্তন হয়, অন্য কোন সমাসে ইহা হয় না। "দেবস্য আলয়ঃ" ইহার সমাসে 'দেবালয়ঃ'ই হয়, সুরালয়ঃ হয় না। যদিও 'দেব' ও 'সুর' একার্থবাচক, কিন্তু অন্যৎ বনম্=বনান্তরম্, বাক্যে 'অর্থাৎ', সমাসে 'অন্তর'। সূর্যস্য তুল্যঃ=সূর্য্য সঙ্কাশঃ, সূর্য্য প্রতিকাশঃ, সূর্য্যনিভঃ ইত্যাদি

তুল্য শব্দ স্থানে সঙ্কাশ, প্রতিকাশ, পরিকাশ, নিভ প্রভৃতি হইয়াছে। লক্ষ্য করিবে যে, তুল্য শব্দের সমাস বিভিন্ন হইলেও স্বতন্ত্র ব্যবহার আছে, কিন্তু সঙ্কাশ শব্দ একমাত্র এই জাতীয় তিত্যসমাসের উত্তর পদ রূপেই ব্যবহৃত হয়, ইহাদের স্বতন্ত্র প্রয়োগ নাই।

২৯। **পুংবৎ পূর্ব্বং ভাষিতপুংস্কং কর্ম্মধারয়ে**—কর্ম্মধারয় সমাসে **ভাষিতপুংস্ক** স্ত্রীলিঙ্গ পূর্ব্বপদে পুংবদ্‌ভাব হয় অর্থাৎ পুংলিঙ্গের মত হয়। যেমন—সুন্দরী নারী = সুন্দরনারী, কৃষ্ণা চতুর্দ্দশী = কৃষ্ণচতুর্দ্দশী, পাচিকা স্ত্রী = পাচকস্ত্রী, সুকেশী ভার্য্যা = সুকেশভার্য্যা, পঞ্চমী কন্যা = পঞ্চমকন্যা। কিন্তু পূর্ব্বপদ উঙ্ প্রত্যয়ান্ত স্ত্রীলিঙ্গ হইলে উহার পুংবদ্ভাব হয় না। যেমন—বামোরূঃ ভার্য্যা = বামোরূভার্য্যা।

N. B.—যে সকল শব্দ একই অর্থে পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ উভয়ই হয়, তাহাদিগকে উক্তপুংস্ক বা ভাষিতপুংস্ক বলে। পুংলিঙ্গ শব্দে স্ত্রী-প্রত্যয় যুক্ত করিয়া যে স্ত্রীলিঙ্গ শব্দ গঠিত হয়, সেইগুলি এই শ্রেণীর অন্তর্গত। যেমন—সুন্দর—সুন্দরী, কৃষ্ণ—কৃষ্ণা, পঞ্চম—পঞ্চমী ইত্যাদি। যে সকল শব্দ নিত্য স্ত্রীলিঙ্গ, তাহারা উক্তপুংস্ক নয়। যেমন—লক্ষ্মীঃ, শ্রীঃ ইত্যাদি।

৩০। **ক্তেন নঞ্ বিশিষ্টেনানঞ্**—নঞ্ যুক্ত 'ক্ত' প্রত্যয়ান্ত পদের সহিত নঞ্ শূন্য ক্ত প্রত্যয়ান্ত পদের কর্ম্মধারয় সমাস হয়। যথা—

কৃতঞ্চ অকৃতঞ্চ—কৃতাকৃতম্ (আরব্ধ কিন্তু অসমাপ্ত), এইরূপ পীতঞ্চ অপীতঞ্চ—পীতাপীতম্, ভুক্তঞ্চ তৎ অভুক্তঞ্চ = ভুক্তাভুক্তম্, পকঞ্চ তৎ অপকঞ্চ = পক্বাপকম্।

৩১। **পূর্ব্বোত্তর-কালয়োঃ ক্তঃ**—পূর্ব্বকাল ও উত্তরকাল বুঝাইলে 'ক্ত' প্রত্যয়ান্ত পদের কর্ম্মধারয় সমাস হয়। যথা—

পূর্ব্বং স্নাতঃ পশ্চাৎ অনুলিপ্ত = স্নাতানুলিপ্তঃ (স্নানান্তে যে চন্দনাদি মাখিয়াছে)। এইরূপ—যাতায়াতঃ, সুপ্তোত্থিতঃ, পীতপ্রতিবদ্ধঃ, ভুক্তোদ্‌গীর্ণম্, দত্তাপহৃতম্ প্রভৃতি।

৩২। **বর্ণো বর্ণেন**—একটি বর্ণবাচক পদের সহিত অপর একটি বর্ণবাচক পদের কর্ম্মধারয় সমাস হয়। যেমন—নীলশ্চাসৌ লোহিতশ্চেতি=নীললোহিতঃ। এইরূপ—শ্বেতরক্তঃ, শীতধবলঃ, কৃষ্ণলোহিতঃ।

৩৩। **কিং ক্ষেপে**—নিন্দা বুঝাইলে পূর্ব্ববর্ত্তী কিম্ পদের সহিত কর্ম্মধারয় সমাস হয়। যথা—কুৎসিতঃ রাজা—কিংরাজা (a bad king); কিং ভৃত্যঃ (a bad servant), এইরূপ—কিংসখা।

'স কিংসখা সাধু ন শাস্তি যোঽধিপম্—ভারবি।

"কিংরাজা যো ন রক্ষতি প্রজাঃ, কিংগোঃ যো ন বহতি ভারম্"—(রামতর্কবাগীশ)।

৩৪। **দিক্-সংখ্যে সংজ্ঞায়াম্**—কোন ব্যক্তিবিশেষ বা বস্তুবিশেষের সংজ্ঞা (নাম) বুঝাইলে দিগ্বাচক ও সংজ্ঞাবাচক শব্দের কর্ম্মধারয় সমাস হয়। যথা—

দিগ্বাচক—পূর্ব্বঃ ইষুকামঃ=পূর্ব্বেষুকামঃ (একটি দেশের নাম)।

প্রয়োগ—সোঽহমস্মি পূর্ব্বেষুকাম-চরঃ পূর্ণভদ্রো নাম গৃহপতিপুত্রঃ—(দশকুমার)।

সংখ্যাবাচক—সপ্ত ঋষয়ঃ=সপ্তর্ষয়ঃ (এখানে যে কোন সাতজন ঋষি নয় মরীচি, অত্রি, অঙ্গিরাঃ, পুলস্ত্য, পুলহ, ক্রতু ও বশিষ্ঠ এই সাতজন ঋষি)।

প্রয়োগ—সপ্তর্ষিহস্তোদ্ধৃতহেমপদ্মাম্—(রঘু)।

এইরূপ, অষ্টৌ বসবঃ=অষ্ট বসবঃ (আটটি বসু), উত্তরকোশলা (অযোধ্যা নগরীর নাম)। এইরূপ—পঞ্চাম্রাঃ, চতুর্ব্বিদ্যাঃ। নাম বুঝাইলে সমাস হয় না। যথা—পঞ্চ ব্রাহ্মণাঃ, উত্তরাঃ বৃক্ষাঃ (এখানে পঞ্চব্রাহ্মণাঃ ও উত্তরবৃক্ষাঃ হইবে না)।

কর্ম্মধারয় সমাস চারি ভাগে বিভক্ত। যথা—(১) উপমান কর্ম্মধারয়, (২) উপমিত কর্ম্মধারয়, (৩) মধ্যপদলোপী কর্ম্মধারয়, (৪) রূপক কর্ম্মধারয়।

উপমান কর্ম্মধারয়

৩৫। **উপমানানি সামান্যবচনৈঃ**—উপমান ও উপমেয়ের সমান-ধর্ম্ম-বোধক (সাধারণ ধর্ম্ম বাচক) পদের সহিত উপমানবাচক পদের যে সমাস হয় তাহাকে **উপমান কর্ম্মধারয়** বলে। (যাহার সহিত উপমা দেওয়া হয় তাহাকে উপমান, এবং যাহার জন্য উপমা দেওয়া হয় তাহাকে উপমেয় বলে)। যথা—ঘন ইব শ্যাম=ঘনশ্যামঃ (শ্রীকৃষ্ণ), এখানে 'ঘনশ্যাম' বলিতে শ্রীকৃষ্ণকে বুঝাইতেছে; ঘন উপমান, শ্রীকৃষ্ণ উপমেয়; শ্যামতা গুণ (কাল রঙ্) পরস্পরের স্বাধর্ম্য, কেননা ঘনেরও শ্যামতা আছে, শ্রীকৃষ্ণেরও শ্যামতা আছে, সুতরাং শ্যাম পদটি সাধারণ-ধর্ম্মবাচক। এইরূপ—অনল ইব উজ্জ্বলঃ=অনলোজ্জ্বলঃ, নবনীতম্ ইব কোমলম্=নবনীতকোমলম্, কুসুমম্ ইব কোমলম্=কুসুমকোমলম্, অর্ণব ইব গভীরঃ=অর্ণবগভীরঃ, শৈল ইব উন্নতঃ=শৈলোন্নতঃ, মৃগী ইব চপলা =মৃগচপলা (বালা)।

উপমিত কর্ম্মধারয়

৩৬। **উপমিতং ব্যাঘ্রাদিভিঃ সামান্যাপ্রয়োগে**—উপমান ও উপমেয়ের সাধারণ ধর্ম্মবাচক প্রয়োগ না থাকিলে ব্যাঘ্র প্রভৃতি শ্রেষ্ঠার্থ-বাচক উপমান পদের সহিত উপমেয় বাচক পূর্ব্বপদের যে সমাস হয়, তাহাকে **উপমিত কর্ম্মধারয়** বলে। যথা—পুরুষঃ ব্যাঘ্র ইব=পুরুষব্যাঘ্রঃ (নরশ্রেষ্ঠ); মুখং কমলমিব=মুখকমলম্; পুরুষঃ সিংহ ইব=পুরুষসিংহঃ (নরশ্রেষ্ঠ)। এইরূপ—করকিশলয়ম্, মুনিশার্দ্দূলঃ, নরসিংহঃ, নৃসিংহঃ, বদনসুধাকরঃ, অধরপল্লবঃ।

প্রয়োগ :—(১) শ্রূয়তাং 'মুনিশার্দ্দূল'। বংশঃ প্রথিততেজসঃ—(বি)।

(২) 'নৃসিংহং' সিংহসঙ্কাশম্ অহং রামমনুব্রতা—(রা)।

(ক) উপমা উপমেয়ের সাধারণ ধর্ম্মের উল্লেখ থাকিলে এই সমাস হয় না। যথা—পুরুষঃ ব্যাঘ্র ইব শূরঃ; মুখং কমলমিব সুন্দরম্।

N. B.—ব্যাঘ্র, পুরুষ, শার্দ্দূল, সিংহ, কুঞ্জর, বরাহ, হস্তী, কমল, পল্লব, নাগ, ঋষভ, বৃষ, কেশরী, বৃষভ, চন্দ্র, কিশলয় প্রভৃতি শব্দ উপমানবাচক হইলে ইহাদের প্রসিদ্ধ অর্থ না বুঝাইয়া শ্রেষ্ঠার্থ বা গুণ বুঝায়। ব্যাঘ্র তেজস্বী, কিশলয় কোমল ও রক্তিম, পুরুষব্যাঘ্র—পুরুষ ব্যাঘ্রের ন্যায় তেজস্বী ও নির্ভীক, অধরকিশলয়—কোমল ও রক্তিম অধর।

মধ্যপদলোপী কর্ম্মধারয়

৩৭। যে কর্ম্মধারয় সমাসে মধ্যবর্ত্তী পদের লোপ হয়, তাহাকে **মধ্যপদলোপী কর্ম্মধারয়** বলে। যেমন—শাকঃ—শক্তি, পার্থিবঃ—রাজা, শাকপ্রধানঃ পার্থিবঃ—শাকপার্থিবঃ (powerful king), দেবপূজকঃ ব্রাহ্মণঃ = দেবব্রাহ্মণঃ, ছায়াপ্রধানঃ তরু = ছায়াতরুঃ (বিস্তৃত শাখাপ্রশাখাযুক্ত বিশাল বৃক্ষ), পলমিশ্রিতম্ অন্নম্ = পলান্নম্, বিন্ধ্যনামা গিরিঃ = বিন্ধ্যগিরিঃ, পঞ্চাধিকা বিংশতিঃ = পঞ্চবিংশতিঃ, চতুরধিকা দশ = চতুর্দ্দশ, সিংহচিহ্নিতম্ আসনম্ = সিংহাসনম্, ঘৃতমিশ্রিতম্ ওদনম্ = ঘৃতৌদনম্।

রূপক কর্ম্মধারয়

৩৮। উপমান ও উপমেয়ের মধ্যে অভেদ কল্পনা করিয়া যে সমাস করা হয়, তাহাকে **রূপক কর্ম্মধারয়** বলে। এই সমাসে ব্যাসবাক্যের মধ্যে 'এব' শব্দের ব্যবহার হইয়া থাকে। যেমন—

দুঃখম্ এব অর্ণবঃ = দুঃখার্ণবঃ, জ্ঞানম্ এব ধনম্ = জ্ঞানধনম্, শোক এব সিন্ধুঃ = শোকসিন্ধুঃ, জ্ঞানম্ এব আলোকঃ = জ্ঞানালোকঃ, মুখম এব চন্দ্রঃ =

স্যুরুত্তরপদে ব্যাঘ্রপুঙ্গবর্ষভকুঞ্জরাঃ।

"সিংহ-শার্দ্দূল নাগাদ্যাঃ পুংসি শ্রেষ্ঠার্থবাচকাঃ।

মুখচন্দ্রঃ, অজ্ঞানম্ এব তিমিরম্ = অজ্ঞানতিমিরম্, জ্ঞানম্ এব অঞ্জনশলাকা = জ্ঞানাঞ্জনশলাকা। বিপ্র এব বহ্নিঃ = বিপ্রবহ্নিঃ। **প্রয়োগ** :—"অজ্ঞান-তিমিরান্ধস্য জ্ঞানাঞ্জনশলাকয়া। চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ ॥

N. B.—উপমিত কর্ম্মধারয় ও রূপক কর্ম্মধারয়ের প্রভেদ—উপমিত কর্ম্মধারয়ে উপমান ও উপমেয়ের তুলনায় ভেদপ্রতীতি বর্ত্তমান, কিন্তু রূপক কর্ম্মধারয়ে উভয়ের অভেদপ্রতীতি হয়। উপমিতে উপমেয়ের প্রাধান্য, কিন্তু রূপকে উপমানের প্রাধান্য।

দ্বিগু সমাস

৩৯। **সংখ্যাপূর্ব্বো দ্বিগুঃ**—যে কর্ম্মধারয় সমাসে পূর্ব্বপদে সংখ্যাবাচক পদ থাকে তাহাকে **দ্বিগু** সমাস বলে।

৪০। **তদ্ধিতার্থোত্তরপদ-সমাহারে চ**—তদ্ধিতার্থে, উত্তরপদ পরে থাকিলে এবং সমাহার বুঝাইলে দ্বিগু সমাস হয়। অতএব, দ্বিগু সমাস তিন প্রকার, (১) তদ্ধিতার্থ দ্বিগু, (২) উত্তরপদ দ্বিগু ও (৩) সমাহার দ্বিগু। যথা—

তদ্ধিতার্থে—পঞ্চভিঃ গোভিঃ ক্রীতঃ = পঞ্চগুঃ। **উত্তরপদ পরে**—পঞ্চ হস্তাঃ প্রমাণম্ অস্য = পঞ্চহস্তপ্রমাণঃ, পঞ্চ গাবো ধনম্ অস্য = পঞ্চগবধনঃ। **সমাহারে**—ত্রয়াণাং ভুবনানাং সমাহারঃ = ত্রিভুবনম্।

N. B.—(১) তদ্ধিতার্থ দ্বিগু সমাসের বাক্যে কোনও তদ্ধিত প্রত্যয়ের প্রাপ্তি থাকে। কোনও ব্যাকরণ এরূপ স্থলে প্রত্যয়টি করিয়া তাহার লোপ করে, অপরে প্রত্যয় না করিয়া তাহার অর্থ মাত্র স্বীকার করে। (২) সংজ্ঞা না বুঝাইলে সংখ্যাবাচক ও দিগ্‌বাচক শব্দের সহিত কর্ম্মধারয় সমাস হয় না। (সূত্র দেখ)। দ্বিগু সমাসের পূর্ব্বপদ সংখ্যাবাচক হইবেই, অথচ তাহাতে সংজ্ঞা বুঝায় না। যে স্থানে সংজ্ঞার্থে না হইলে সংখ্যাবাচক শব্দের সমাস হয় সে

স্থানে পরে অন্য একটি পদ বসাইয়া তাহার সহিত সমাস করা প্রয়োজন হয়, এইরূপ উত্তর পদের আশ্রয় প্রয়োজন বলিয়া ইহার নাম উত্তরপদ দ্বিগু। 'নবমাস ধৃতং গর্ভং ভাস্করস্য গর্ভস্তিভিঃ'—(রা)। এখানে নব মাসাঃ এই বাক্যে কর্ম্মধারয়ও হইতে পারে না, কেননা সংজ্ঞা বুঝায় নাই, বাক্যানুসারে ইহা সমাহারও নহে। এরূপ ক্ষেত্রে বাক্য কর্ম্মধারয়ের ন্যায় করিলে পশ্চাতে 'ধৃত'-এর ন্যায় একটি পদ যোগ না করিলে সামাসটিকে কোনরূপে সমর্থন করা যায় না। সুতরাং ধৃত এই উত্তরপদ আশ্রয়ের জন্য, ইহা উত্তরপদ দ্বিগু। সমাহার দ্বিগুর সহিত অন্য পদের যোগ করিয়া সমাস করিলে তাহাও উত্তরপদ দ্বিগু বলিয়া গণ্য হয়। পঞ্চগবং—সমাহার দ্বিগু, কিন্তু পঞ্চগবমেব ধনং যস্য সঃ='পঞ্চগব-ধনঃ'—উত্তরপদ দ্বিগু। সমাহার বলিতে বহু বস্তুর এক সঙ্গে গ্রহণ বুঝায়, সমাহারে বহু একমাত্র হইয়া একে পরিণত হয় বলিয়া সমাহারে গঠিত পদ একবচনান্ত হয়।

৪১। **অদন্তাদীপ্ সমাহারে**—সমাহার দ্বিগুসমাস অকারান্ত হইলে তাহার উত্তর (ঈ) হয়। যথা—

ত্রয়াণাং লোকানাং সমাহারঃ=ত্রিলোকী (স্বর্গ, মর্ত্ত্য, পাতাল), চতুর্ণাং পদানাং সমাহারঃ=চতুষ্পদী (চৌপদী কবিতা), পঞ্চানাং মূলানাং সমাহারঃ= পঞ্চমূলী, সপ্তানাং শতানাং সমাহারঃ=সপ্তশতী (সপ্তশত শ্লোকাত্মক দেবী-মাহাত্ম্যসূচক গ্রন্থ চণ্ডী), পঞ্চানাং শতানাং সমাহারঃ=পঞ্চশতী। প্রয়োগ :— অত্র চ মন্দতাং বৃত্তিং ভুঞ্জানানাং পণ্ডিতানাং পঞ্চশতী তিষ্ঠতি—(প)। পঞ্চানাং বটানাং সমাহারঃ—পঞ্চবটী।

৪২। **ন ভুবনাদেঃ**—ভুবন, পাত্র, যুগ প্রভৃতি শব্দ সমাহার দ্বিগুতে উত্তর পদ হইলে তাহার উত্তর 'ঈ' হয় না। যেমন—

ত্রয়াণাং ভুবনানাং সমাহারঃ=ত্রিভুবনম্, চতুর্ণাং যুগানাং সমাহারঃ— চতুর্যুগম্, পঞ্চানাং পাত্রাণাং সমাহারঃ=পঞ্চপাত্রম্। এইরূপ—দ্বিপাত্রম্, ত্রিগুণম্, চতুঃশতম্, চতুর্মুখম্ ইত্যাদি।

ময়ূরব্যংসকাদি সমাস

৪৩। **ময়ূরব্যংসকাদয়শ্চ**—ময়ূরব্যংসক প্রভৃতি পদগুলি নিপাতনে সিদ্ধ হয়। যথা—

ময়ূরঃ ব্যংসক = ময়ূরব্যংসকঃ (a cunning peacock), ময়ূর = a peacock, ব্যংসকঃ = cunning. এইরূপ, বকমূর্খঃ। "পশ্যতো বকমূর্খস্য নকুলৈর্ভক্ষিতাঃ সুতাঃ"—(হি)। উদক্ চ অবাক্ চ = উচ্চাবচম্ (উঁচু, নীচু, ভালমন্দ)। নাস্তি কিঞ্চন যস্য সঃ = অকিঞ্চনঃ (যাহার কিছুই নাই, দরিদ্র)। প্রয়োগ :— তৎ ব্যর্থশ্রমঃ অকিঞ্চনঃ কথং স্বপত্ন্যা মিত্রাণাং চ মুখম্ দর্শয়িষ্যামি—(প)। নাস্তি কুতোঽপি ভয়ং যস্য সঃ = অকুতোভয়ঃ (নির্ভয়)। প্রয়োগ :— "তথেত্যুবাচ তাং রামঃ কৈকেয়ীমকুতোভয়ঃ"—(রা)। অহং পূর্ব্বম্ অহং পূর্ব্বম্ ইতি যস্যাং ক্রিয়ায়াম্ অভিধীয়তে সা = অহংপূর্ব্বিকা (যে ক্রিয়ার আমিই পূর্ব্বে এইরূপ কথা শোনা যায়), অশ্নীত পিবত ইতি যস্যাং ক্রিয়ায়াং কথ্যতে সা—অশ্নীতপিবতা। এইরূপ—পচতভৃর্জ্জতা, খাদতমোদতা, চিৎ এব = চিন্মাত্রম্, অন্যঃ দেশঃ = দেশান্তরম্, অন্যঃ রাজা = রাজান্তরম্, যা ইচ্ছা = যদৃচ্ছা, ঋণে অধমঃ = অধমর্ণঃ (দেনাদার), ঋণে উত্তমঃ = উত্তমর্ণঃ (ঋণদাতা), ভুবনস্য অধঃ = অধোঽভুবনম্।

সমাসান্তবিধি

৪৪। **রাজহঃসখিভ্যষ্টচ্**—তৎপুরুষ, কর্ম্মধারয় ও দ্বিগু সমাসে রাজন্, অহন্ ও সখি শব্দের উত্তর টচ্ (অ) হয়, অর্থাৎ রাজন্ শব্দের স্থানে **রাজ** ও অহন্ স্থানে **অহ** এবং সখি শব্দের স্থানে **সখ** হয়। যেমন—

মগধানাং রাজা = মগধরাজঃ, মহান্ রাজা = মহারাজঃ। [ইহার স্ত্রীলিঙ্গে পত্নী অর্থে—মহারাজী, কিন্তু মহতী চাসৌ রাজ্ঞী চেতি—মহারাজ্ঞী], হংসানাং রাজা = হংসরাজঃ, দেবানাং রাজা = দেবরাজঃ, পূর্ব্বম্ অহঃ = পূর্ব্বাহ্ণঃ, পরমম্ অহঃ = পরমাহঃ, রাজ্ঞ সখা = রাজসখঃ, কৃষ্ণস্য সখা = কৃষ্ণসখঃ, ত্রয়াণাং সখীনাং

সমাহারঃ = ত্রিসখম্, প্রিয়ঃ সখা = প্রিয়সখঃ প্রয়োগঃ—হা প্রিয়সখ মহারাজ দশরথ !—(উ)

৪৫। তৎপুরুষ, কর্ম্মধারায় ও দ্বিগু সমাসে গো শব্দের টচ্ (অ) হয়, অর্থাৎ গো শব্দের স্থানে গব হয় ; কিন্তু তদ্ধিতার্থে হয় না।

রাজ্ঞঃ গৌঃ = রাজগবঃ, পরমঃ গৌঃ = পরমগবঃ, দশ গাবো ধনম্ অস্য = দশগবধনঃ (one whose wealth consists of ten cows), পঞ্চানাং গবাং সমাহারঃ = পঞ্চগবম্, কিন্তু তদ্ধিতার্থ দ্বিগু সমাসে হয় না। যথা—পঞ্চভিঃ গোভিঃ ক্রীতঃ = পঞ্চগুঃ।

৪৬। তৎপুরুষ কর্ম্মধারয় ও দ্বিগু সমাসে সর্ব্ব, পুণ্য, সংখ্যাবাচক অব্যয় এবং একদেশ-বাচক পরবর্ত্তী রাত্রি শব্দের উত্তর অন (অ) হয়, অর্থাৎ রাত্রি শব্দের স্থানে রাত্র হয়। যেমন—

সর্ব্বা রাত্রিঃ = সর্ব্বরাত্রঃ (in the whole night), পুণ্যা রাত্রি = পুণ্যরাত্রঃ দ্বয়োঃ রাত্র্যোঃ সমাহারঃ = দ্বিরাত্রম্ (aggregate), পঞ্চানাং রাত্রীণাং সমাহারঃ = পঞ্চরাত্রম্, পূর্ব্বা রাত্রিঃ = পূর্ব্বরাত্রঃ (earlier part of the night)।

৪৭। তৎপুরুষ, কর্ম্মধারয় ও সমাহার ভিন্ন দ্বিগু সমাসে, সর্ব্বশব্দ এক ভিন্ন সংখ্যাবাচক শব্দ, একদেশবাচক শব্দ ও অব্যয় শব্দের পরবর্ত্তী অহন্ শব্দ স্থানে 'অহ্ন' হয়—

সর্ব্বম্ অহঃ = সর্ব্বাহ্নঃ (the whole day), দ্বয়োঃ অহ্নোঃ ভবঃ = দ্ব্যহ্নঃ, পূর্ব্বম্ অহ্নঃ = পূর্ব্বাহ্নঃ (the forenoon), অপরম্ অহ্নঃ = অপরাহ্নঃ (the afternoon), সায়ম্ অহ্নঃ = সায়াহ্নঃ (the evening)।

N. B.—পুণ্য এক শব্দের পরবর্ত্তী অহন্ শব্দ স্থানে 'অহ' হয়। যথা—পুণ্যাহম্, একাহঃ।

৪৮। ন সংখ্যাদেঃ সমাহারে—সমাহার দ্বিগু সমাসে সংখ্যাবাচক শব্দের পরবর্ত্তী 'অহন্' শব্দের স্থানে 'অহ্ন' হয়। যথা—

দ্বয়োঃ অহ্নোঃ সমাহারঃ—দ্ব্যহঃ (an aggregate of two days)। এইরূপ—ত্রয়াণাম্ অহ্নাং সমাহারঃ=ত্র্যহঃ, সপ্তানাং অহ্নাং সমাহারঃ=সপ্তাহঃ, দশানাম্ অহ্নাম্ সমাহারঃ=দশাহঃ।

৪৯। সমাসান্ত রাত্র, অহ্ন ও অহ পুংলিঙ্গ হয়, কিন্তু সংখ্যাবাচক শব্দের পরবর্ত্তী রাত্র এবং পুণ্য ও সুদিন শব্দের পরবর্ত্তী অহ ক্লীবলিঙ্গ হয়। যথা—

পূর্ব্বরাত্রঃ, অহোরাত্রঃ, পূর্ব্বাহ্নঃ, দ্ব্যহঃ, দ্বিরাত্রম্, সুদিনাহম্ (ভাল দিন)।

৫০। তৎপুরুষ, কর্ম্মধারয় ও তদ্ধিতার্থ দ্বিগু সমাসে সংখ্যাবাচক ও অব্যয় শব্দের পরবর্ত্তী 'অঙ্গুলি' শব্দের উত্তর 'অ' হয়। অর্থাৎ অঙ্গুলি 'অঙ্গুল' হয়। যথা—দ্বে অঙ্গুলী প্রমাণম্ অস্য=দ্ব্যঙ্গুলম্ (দারু)। এইরূপ—ত্র্যঙ্গুলম্, নির্গতম্ অঙ্গুলিভ্যঃ=নিরঙ্গুলম্।

৫১। **দ্বিত্রিভ্যাম্ অঞ্জলেঃ**—দ্বিগু সমাসে দ্বি ও ত্রি শব্দের পরবর্ত্তী অঞ্জলি শব্দের উত্তর বিকল্পে 'অ' হয়। অর্থাৎ অঞ্জলি স্থানে 'অঞ্জল' হয়। যথা—

দ্বয়োঃ অঞ্জল্যোঃ সমাহারঃ=দ্ব্যঞ্জলম্ or দ্ব্যঞ্জলিঃ। এইরূপ—ত্র্যঞ্জলিঃ। দ্বৌ অঞ্জলী জলম্ অস্য=দ্ব্যঞ্জলজলঃ or দ্ব্যঞ্জলিজলঃ। তদ্ধিতার্থ দ্বিগু সমাসে হয় না। যথা—দ্বাভ্যাম্ অঞ্জলিভ্যাং ক্রীতঃ=দ্ব্যঞ্জলিঃ। দ্বিগু ভিন্ন অন্য সমাসে 'অ' হয় না। যথা—দ্বযোঃ অঞ্জলিঃ=দ্ব্যঞ্জলিঃ। প্রয়োগঃ—প্রত্তং জলং দ্ব্যঞ্জলমস্তিকেঽপাম্—(ভট্টি)।

৫২। **বিভাষা সেনা-সুরা-চ্ছায়া-শালা-নিশানাম্**—তৎপুরুষ সমাসে উত্তর পদস্থিত সেনা, সুরা, ছায়া, শালা ও নিশা শব্দ বিকল্পে ক্লীবলিঙ্গ হয়। যথা—

রাজ্ঞঃ সেনা=রাজসেনম্ or রাজসেনা ; যবস্য সুরা=যবসুরা or যবসুরম্ (যবধান্যের চাল হইতে উৎপন্ন মদ্য), বৃক্ষস্য বৃক্ষয়োঃ বা ছায়া=বৃক্ষচ্ছায়া or বৃক্ষচ্ছায়াম্, গবাং শালা=গোশালম্ or গোশালা (গোয়াল); শুনাং নিশা=শ্বনিশম্ or শ্বনিশা।

৫৩। **নিত্যং ছায়া বাহুল্যে**—পূর্ব্বপদার্থের বহুত্ব বুঝাইলে ছায়া শব্দ

নিত্য ক্লীবলিঙ্গ হয়। যথা—ইক্ষূণাং ছায়া=ইক্ষুচ্ছায়ম্, বৃক্ষাণাং ছায়া—বৃক্ষচ্ছায়ম্।

৫৪। রাজপর্য্যায় শব্দ পূর্ব্বে থাকিলে সভা শব্দ নিত্য ক্লীবলিঙ্গ হয়। যথা—

নৃপস্য সভা—নৃপসভাম্, ঈশ্বরস্য সভা— ঈশ্বরসভম্, এইরূপ ইনসভম্। কিন্তু রাজন্ শব্দ পূর্ব্বে থাকিলে ক্লীবলিঙ্গ হয় না। যথা—রাজ্ঞঃ সভা—রাজসভা।

(ক) রক্ষস্, পিশাচ প্রভৃতি শব্দ পূর্ব্বে থাকিলে সভা শব্দ ক্লীবলিঙ্গ হয়। যথা—রক্ষসাং সভা=রক্ষঃসভম্; পিশাচানাং সভা—পিশাচসভম্। কিন্তু মনুষ্যণাং সভা—মনুষ্য সভা; বিক্রমাদিত্যস্য সভা—বিক্রমাদিত্য সভা। এইরূপ—দেবদত্তসভা, চন্দ্রগুপ্তসভা।

(খ) সভা শব্দের অর্থ শালা (গৃহ) না বুঝাইলে নিত্য ক্লীবলিঙ্গ হয়। যথা—স্ত্রীণাং সভা=স্ত্রীসভম্ (স্ত্রীণাং সমূহঃ), শিশূনাং সভা=শিশুসভম্ (শিশূনাং সমবায়ঃ)।

N. B.—সভা শব্দের দুইটি অর্থ—(১) গৃহ, (২) সমূহ।

৫৫। সমাসে উত্তর পদের সহিত সমানাধিকরণ (বিশেষণ) মহৎ শব্দ স্থানে 'মহা' আদেশ হয়। যথা—

মহান্ দেবঃ=মহাদেবঃ, মহান্ অচলঃ=মহাচলঃ, মহান্ ঈশ্বরঃ=মহেশ্বরঃ, মহতী নদী=মহানদী মহৎ বনম্= মহাবনম্, মহৎ বাক্যম্=মহাবাক্যম্, মহান্ জনঃ=মহাজনঃ, মহান্ আশয়ঃ যস্য সঃ=মহাশয়ঃ (বহুব্রীহি)। বিশেষণ বা সমানাধিকরণ না হইলে 'মহা' আদেশ হয় না। যথা—মহতঃ সেবা=মহৎ সেবা, মহৎ গৃহম্=মহদ্ গৃহম্।

৫৬। **পথো ডঃ সমাসে**—সমাসে (যে কোন সমাসে) উত্তরপদে স্থিত পথিন্ শব্দের উত্তর 'ড' (অ), হয়; অর্থাৎ পথিন্ স্থানে 'পথ' হয়। যথা—

৫৪। আন্মহতঃ সমানাধিকরণ জাতীয়য়োঃ—(পা)

রাজ্ঞঃ পন্থাঃ = রাজপথঃ, জলে পন্থাঃ = জলপথঃ, পথয়ঃ সমীপম্ = উপপথম্, চতুর্ণাং পন্থানাং সমাহারঃ = চতুষ্পথম্, মহান্ পন্থাঃ = মহাপথঃ, দক্ষিণস্যাং দিশি পন্থাঃ = দক্ষিণাপথঃ, রম্যঃ পন্থাঃ অস্মিন্ = রম্যপথম্ (নগরম্)।

(ক) অব্যয়ের পরবর্ত্তী সমাসান্ত 'পথ' ক্লীবলিঙ্গ হয়। যথা—

বিরুদ্ধঃ পন্থাঃ = বিপথম্, গর্হিতঃ পন্থাঃ = উৎপথ, অপকৃষ্টঃ পন্থাঃ = অপপথম্।

৫৭। **কিমঃ ক্ষেপে**—সমাসে নিন্দার্থে কিম্ শব্দ পূর্ব্বে থাকিলে পরবর্ত্তী শব্দের উত্তর কোন সমাসান্ত বিধি হয় না। যথা—

কুৎসিতঃ রাজা = কিংরাজা, কুৎসিতঃ গৌঃ = কিংগৌঃ, কুৎসিতঃ সখা = কিংসখা (a bad friend)। কুৎসিতঃ পন্থাঃ অস্মিন্ = কিংপন্থা (দেশ)।

৫৮। **নঞস্তৎপুরুষাৎ**—তৎপুরুষ সমাসে নঞের পরবর্ত্তী শব্দের উত্তর কোন সমাসান্ত প্রত্যয় হয় না। যথা—

ন সখা = অসখা, ন রাজা = অরাজা, ন গৌঃ = অগৌঃ।

৫৯। পূজার্থ সু ও অতি পূর্ব্বে থাকিলে পরবর্ত্তী শব্দের উত্তর কোন সমাসান্ত প্রত্যয় হয় না যথা—সু (শোভনঃ) রাজা = সুরাজা (সুরাজন্ শব্দ)। অতিশয়িতঃ রাজা = অতিরাজা (অতিরাজন্ শব্দ)। শোভনঃ রাজা যস্মিন্ সঃ = সুরাজা (দেশঃ)। এইরূপ—সুসখা, অতিসখা, সুগৌঃ, অতিগৌঃ, সুপন্থাঃ প্রভৃতি।

৬০। অণ্ড প্রভৃতি শব্দ পরে থাকিলে পূর্ব্ববর্ত্তী কুক্কুটী প্রভৃতি স্ত্রীলিঙ্গ শব্দ পুংলিঙ্গ শব্দ হয়। যথা—

কুক্কুট্যাঃ অণ্ডম্ = কুক্কুটাণ্ডম্, হংস্যাঃ অণ্ডম্ = হংসাণ্ডম্, কুক্কুট্যাঃ শাবকঃ = কুক্কুটশাবকঃ, মৃগ্যাঃ ক্ষীরম্ = মৃগক্ষীরম্, কাক্যাঃ শাবকঃ = কাকশাবকঃ।

৬১। তৎপুরুষ সমাসে স্বরবর্ণ পরে থাকিলে 'কু' স্থানে 'কুৎ' হয়। যথা— কু (কুৎসিতঃ) অশ্বঃ = কদশ্বঃ, কুৎসিতঃ আচার = কদাচারঃ, কুৎসিতঃ আকার = কদাকারঃ, কুৎসিতম্ অন্নম্ = কদন্নম্ (bad food)।

(ক) পুরুষ শব্দ পরে থাকিলে 'কু' শব্দ স্থানে বিকল্পে 'কা' হয়। যথা—কুৎসিতঃ পুরুষঃ = কাপুরুষঃ or কুপুরুষ।

(খ) পথিন্ ও অক্ষি শব্দ পরে থাকিলে 'কু' শব্দ স্থানে 'কা' হয়। যথা—কুৎসিতঃ পন্থাঃ = কাপথম্ (কাপথঃ), কুৎসিতে অক্ষিণী যস্য সঃ = কাক্ষঃ।

(গ) ঈষৎ অর্থ বুঝাইলে 'ক' শব্দ স্থানে 'কা' হয়। যথা = ঈষৎ জলম্ = কাজলম্, ঈষৎ মধুরম্ = কামধুরম্, ঈষৎ লবণম্ = কালবণম্।

(ঘ) ঈষৎ অর্থে উষ্ণ শব্দ পরে থাকিলে 'কু' শব্দ স্থানে 'কৎ', 'কা' ও 'কব' হয়। যথা—ঈষৎ উষ্ণম্ = কদুষ্ণম্, কবোষ্ণম (ঈষদুষ্ণ—tepid).

প্রয়োগ :—(১) শ্বসন্ কদুষ্ণং পুরমাবিবেশ—(ভ)। (২) মুহুর্মুহুস্ত্বশ্বসিষুঃ কবোষ্ণম্—(ভ)।

Exercise 51

1. *Translate into Sanskrit :—*

A. রাজা যুধিষ্ঠির এক বৎসরের জন্য ভ্রাতৃগণের সহিত বনবাস করিয়াছিলেন। আমরা প্রত্যহ খেলা করিয়া অমূল্য সময় নষ্ট করি। রাজার কর্ম্মচারিগণ যথাবিধি দুষ্ট প্রজাগণের দণ্ডবিধান করেন। সাধুগণ যাবজ্জীবন পরের হিতকর কার্য্য অনুষ্ঠান করিয়া থাকেন। রামচন্দ্র হিংস্রজন্তু সমাকুল গভীর অরণ্যে বাস করিয়াছিলেন।

B. 1. The way of virtue is very rough (রুক্ষ). 2. Men from all quarters assembled in the king's court. 3. It was discussed in an assembly of women. 4. They took rest under the shade of many sal trees. 5. The festival continued throughout the whole night. 6. He wanted a little tepid water. 7. The king who does not protect his subjects is a bad king. 8. His wealth consists only of five cows, so he cannot pay this fine. 9. Once

desiring to have a walk in the forest, he rose up in the morning and left the city with his brothers. 10. If defeated by you, we shall live in the great forests clad in deer skin, for twelve years.

2. *Give compound words for the following* :—

মৃগ্যাঃ ক্ষীরম্, শোভনঃ রাজা, রাজ্ঞঃ পন্থাঃ, বৃক্ষাণাং ছায়া, রাজ্ঞঃ গৌঃ, সর্বা রাত্রিঃ, পুণ্যম্ অহঃ, ত্রয়াণাং লোকানাং সমাহারঃ, পঞ্চভি গোভিঃ ক্রীতঃ নৃপস্য সভা, জলমিশ্রিতম্ অন্নম্ and শৈল ইব উন্নতঃ।

দ্বন্দ্ব সমাস

৬২। **উভয়পদার্থপ্রধানো দ্বন্দ্বঃ** :—যে সমাসে সমস্যমান উভয় পদেরই (যে কয়টি পদ থাকে প্রত্যেকটিরই) অর্থ প্রধানরূপে বুঝায়, তাহাকে **দ্বন্দ্ব সমাস** বলে। এই সমাসের বাক্যে প্রত্যেক পদের পর 'চ' এই অব্যয়ের প্রয়োগ করিতে হয়। যথা—

রামশ্চ লক্ষ্মণশ্চ=রামলক্ষ্মণৌ, হরিণশ্চ শৃগালশ্চ বায়সশ্চ=হরিণশৃগাল-বায়সাঃ।

(ক) দ্বন্দ্ব সমাস **দুই প্রকার**। যথা—ইতরেতর দ্বন্দ্ব ও সমাহার দ্বন্দ্ব।

৬৩। **ইতরেতর দ্বন্দ্ব**—যে দ্বন্দ্ব সমাসে প্রত্যেক পদের বচন অনুসারে সমস্ত পদের বচন নির্ণীত হয় এবং শেষে যে পদটি থাকে, সেই পদের লিঙ্গানুসারে সমস্ত লিঙ্গ নির্ণীত হয়; তাহাকে ইতরেতর দ্বন্দ্ব বলে। যথা—

ভীমশ্চ অর্জ্জুনশ্চ—ভীমার্জ্জুনৌ; রামশ্চ লক্ষ্মণশ্চ রাম লক্ষ্মণৌ; কুক্কুটী চ ময়ূরী চ= কুক্কুট-ময়ূর্যৌ; বৃক্ষশ্চ লতা চ=বৃক্ষলতে; কন্দশ্চ মূলঞ্চ ফলঞ্চ= কন্দমূলফলানি; ফলঞ্চ পুষ্পঞ্চ=ফলপুষ্পে; বৃক্ষশ্চ শাখা চ পত্রাণি চ= বৃক্ষশাখাপত্রাণি।

N. B. দুই বা দুই এর অধিক বিশেষণ পদের দ্বন্দ্ব সমাস হইতে পারে। যেমন—উত্তমশ্চ অধমশ্চ=উত্তমাধমমধ্যমাঃ।

৬৪। **সমাহার দ্বন্দ্ব**—যে দ্বন্দ্ব সমাসে প্রত্যেক পদের অর্থ সমষ্টিভাবে প্রকাশ পায়, তাহাকে সমাহার দ্বন্দ্ব বলে। এই সমাসে সমস্ত পদ ক্লীবলিঙ্গ ও একবচনান্ত হয়। যথা—হস্তৌ চ পাদৌ চ=হস্তপাদম্।

৬৫। **দ্বন্দ্বশ্চ প্রাণি-তূর্য্য-সেনাঙ্গানাম্**—প্রাণীর অঙ্গবাচক পদ, তূর্য্যাঙ্গ বাচক পদ এবং সেনাঙ্গবাচক পদের নিত্য সমাহার দ্বন্দ্ব হয়। যথা—

প্রাণ্যঙ্গবাচক—শিরশ্চ গ্রীবা চ=শিরোগ্রীবম্, পাণী চ পাদৌ চ=পাণিপাদম্, করৌ চ চরণৌ চ=করচরণম্, পৃষ্ঠঞ্চ উদরঞ্চ=পৃষ্ঠোদরম্, কর্ণৌ চ নাসিকা চ=কর্ণনাসিকম, ভ্রূবৌ চ ললাটশ্চ=ভ্রূললাটম্। **তূর্য্যাঙ্গবাচক**—ভেরী চ পটহশ্চ=ভেরীপটহম্, হস্তিনশ্চ অশ্বাশ্চ=হস্ত্যশ্বম, রথিকাশ্চ অশ্বারোহশ্চ=রথিকাশ্বরোহম্, শরাশ্চ তূণীরাশ্চ=শরতূণীরম্।

N. B. তূর্য্যাঙ্গ শব্দের অর্থ বাদ্যযন্ত্র। কিন্তু পাণিনি বলেন, এখানে তূর্য্যাঙ্গ পদের অর্থ বাদ্যযন্ত্রবাদক বুঝিতে হইবে। সেইজন্য তিনি উদাহরণ দিয়াছেন—মার্দ্দঙ্গিকশ্চ পাণবিকশ্চ=মার্দ্দঙ্গিকপাণবিকম্। মার্দ্দঙ্গিক—যে মৃদঙ্গ (মুরজ, খোল, পাখোয়াজ) বাজায় এবং পাণবিক—যে পণব (ঢাক) বজায়। সংক্ষিপ্তসারের সূত্র—"তূর্য্যাঙ্গ-তৎ প্রবীণৌ"—বাদ্যযন্ত্রে নিপুণ এই উভয়েরই সমাহার দ্বন্দ্ব হইবে।

(ক) সেনাঙ্গবাচক পদের কেবল বহুবচনে সমাহার দ্বন্দ্ব হয়, অন্য বচনে হয় না। যথা—রথিকাশ্চ অশ্বারোহাশ্চ=রথিকাশ্বারোহৌ (রথারোহী ও অশ্বারোহী সৈন্য)।

৬৬। **যেষাঞ্চ বিরোধঃ শাশ্বতিকঃ**—যাহাদিগের পরস্পরের মধ্যে নিত্য বিরোধ থাকে, তাহাদের নিত্য সমাহার দ্বন্দ্ব হয়। যথা—

অহয়শ্চ নকুলাশ্চ=অহিনকুলম্ (সাপ ও নেউল), কাকাশ্চ উলূকাশ্চ=কাকোলূকম্ (কাক ও পেচক), গাবশ্চ ব্যাঘ্রাশ্চ=গোব্যাঘ্রম্, মার্জ্জারাশ্চ মূষিকাশ্চ=মার্জ্জারমূষিকম্।

N. B. নিত্য বিরোধ বলিলে যাহাদের স্বাভাবিক বিরোধ তাহাদিগকে বুঝিতে হইবে। এইজন্য, দেবাশ্চ অসুরাশ্চ=দেবাসুরাঃ, কুরুশ্চ পাণ্ডবাশ্চ= কুরুপাণ্ডবাঃ, এস্থলে সমাহার দ্বন্দ্ব হইল না ; কারণ দেবতা ও অসুরের, কুরু ও পাণ্ডবের বিরোধ নিত্য নহে, ইহা নৈমিত্তিক। প্রয়োগঃ—দেবাসুরৈরমৃতমম্বুনিধির্মমন্থে—(ভারবি)।

৬৭। **বিশিষ্টলিঙ্গো নদীদেশোঽগ্রামাঃ**—বিভিন্ন লিঙ্গ নদীবাচক ও দেশবাচক পদের সমাহার দ্বন্দ্ব হয়, কিন্তু গ্রামবাচক পদের সমাহার দ্বন্দ্ব হয় না। যথা—

নদীবাচক—গঙ্গা চ শোণশ্চ—গঙ্গাশোণম্ ব্রহ্মপুত্রশ্চ-চন্দ্রভাগা চ ব্রহ্মপুত্রচন্দ্রভাগম্। **দেশবাচক**—মথুরা চ পাটলিপুত্রশ্চ—মথুরাপাটলিপুত্রম্, কুরবশ্চ কুরুক্ষেত্রশ্চ—কুরুকুরুক্ষেত্রম্।

লিঙ্গের প্রভেদ না থাকিলে সমাহার দ্বন্দ্ব হয় না। যথা—গঙ্গা চ যমুনা চ— গঙ্গাযমুনে। বিদেহাশ্চ কলিঙ্গাশ্চ—বিদেহ-কলিঙ্গাঃ। গ্রামবাচক পদের সমাহার দ্বন্দ্ব হয় না। যথা—জাম্ববঞ্চ শালুকিনী চ—জাম্ববশালুকিন্যৌ।

৬৮। **ক্ষুদ্রজন্তবঃ**—বহুবচনে ক্ষুদ্রবাচক পদের সমাহার দ্বন্দ্ব হয়। যথা—দংশাশ্চ মশকাশ্চ—দংশমশকম্ (ডাঁশ ও মশা), যুকাশ্চ মক্ষিকাশ্চ—যুবমক্ষিকম্ (উকুণ ও মাছি)।

৬৯। বৃক্ষবাচক, মৃগবাচক, তৃণবাচক, ধান্যবাচক, ব্যঞ্জনবাচক, পশুবাচক, পক্ষিবাচক পদ এবং অশ্ববড়ব, পূর্ব্বাপর, অধরোত্তর এই সকল পদের বিকল্পে সমাহার দ্বন্দ্ব হয়। যথা—

বৃক্ষবাচক—প্লক্ষাশ্চ ন্যগ্রোধাশ্চ—প্লক্ষন্যগ্রোধম্ or প্লক্ষন্যগ্রোধাঃ (পাকুড় গাছ ও বট গাছ)। মৃগবাচক—রুরবশ্চ পৃষতাশ্চ—রুরুপৃষতম্ or রুরুপৃষতাঃ (ক)।

৬৯। বিভাষা বৃক্ষ-মৃগ-তৃণ-ধান্য-ব্যঞ্জন-পশু-শকুন্যশ্ববড়বাপূর্ব্বাপরাধরোত্তরাণামম্—(পা)।

(ক) রুরু (মৃগবিশেষ), পৃষত (মৃগ বিশেষ) অর্থাৎ দুইটি মৃগ।

তৃণবাচক—কুশাশ্চ কাশাশ্চ=কুশকাশম্ or কুশকাশাঃ (কুশ ও কেশে)। ধান্যবাচক—ব্রীহয়শ্চ যবাশ্চ—ব্রীহিযবম্ or ব্রীহিযবাঃ (আশু ধান্য ও যব ধান্য) ব্যঞ্জনবাচক—দধি চ ঘৃতং চ—দধিঘৃতম্ or দধিঘৃতে। পশুবাচক—গাবশ্চ মহিষাশ্চ=গোমহিষম্ or গোমহিষাঃ। পক্ষিবাচক—হংসাশ্চ সারসাশ্চ= হংসসারসম্ or হংসসারসাঃ। অশ্বাশ্চ বড়বাশ্চ=অশ্ববড়বম্ or অশ্ববড়বাঃ। (ঘোটক ও ঘোটকী)। পূর্ব্বঞ্চ অপরঞ্চ =পূর্ব্বাপরম or পূর্ব্বাপরে। অধরঞ্চ উত্তরঞ্চ= অধরোত্তরম্ or অধরোত্তরে (নিম্নভাগ ও উপরিভাগ)।

৭০। **বিপ্রতিষিদ্ধং চানধিকরণবাচী**—পরস্পর বিরুদ্ধ অদ্রব্য বাচক (দ্রব্য না বুঝাইলে বিপরীত অর্থবাচক) পদের বিকল্পে সমাহার দ্বন্দ্ব হয়। যথা—

শীতঞ্চ উষ্ণঞ্চ=শীতোষ্ণম্ or শীতোষ্ণ, জন্ম চ মরণঞ্চ = জন্মমরণম or জন্মমরণে, সুখঞ্চ দুঃখঞ্চ=সুখদুঃখম্ or সুখদুঃখে। দ্রব্যবাচক হইলে সমাহার হয় না। যথা—শীতোষ্ণে (সলিলে)।

৭১। **শূদ্রাণাম্ অনিরবসিতানাম্**—শূদ্রবাচক পদের নিত্য সমাহার দ্বন্দ্ব হয়। যথা—

নিরবসিত=সমাজ বহিষ্কৃত, ন নিরবসিতঃ (যে সমাজ বহিষ্কৃত বা অস্পৃশ্য নয়)। যথা—গোপাশ্চ নাপিতাশ্চ=গোপ-নাপিতম্, কর্ম্মকারশ্চ কুম্ভকারশ্চ= কর্ম্মকার-কুম্ভকারম্। এইরূপ—তাম্বূলিক-তন্তুবায়ম্। নিরবসিত শূদ্রের সমাহার দ্বন্দ্ব হয় না। যথা—চণ্ডালস্য মৃতপাশ্চ=চণ্ডাল-মৃতপাঃ (চণ্ডাল ও শবরক্ষক) (ক)।

৭২। **গবাশ্বপ্রভৃতীনি চ**—গবাশ্ব প্রভৃতি পদের নিত্য সমাহার দ্বন্দ্ব হয়। যথা—

(ক) "যৈর্ভুক্তে পাত্রং সংস্কারেণাপি ন শুধ্যতি তে নিরবসিতাঃ", "যেন ভুক্তে বিনা পাত্রং সংস্কারেণ ন শুধ্যতি"—(সংক্ষিপ্তসার)। সংস্কারেণ বিনা= পুনর্ঘটনেন বিনা ন শুধ্যতি—(গোয়ীচন্দ্র)।

গাবশ্চ অশ্বাশ্চ=গবাশ্বম্। এইরূপ, কুব্জবামনম্ (কুঁজো ও বেঁটে), পুত্রপৌত্রম্, শ্ব-চাণ্ডালম্ (কুকুর ও চাণ্ডাল), উষ্ট্রখরম্ (উষ্ট্র ও গর্দ্দভ), উষ্ট্রশশম্ মূত্রপুরীষম্, মাংস-শোণিতম্, দাসীদাসম্, স্ত্রীকুমারম্।

দ্বন্দ্ব সমাসে পূর্ব্বনিপাত ও পরনিপাত

৭৩। **অল্পাচ্‌তরম্**—দ্বন্দ্ব সমাসে অপেক্ষাকৃত অল্পস্বরবিশিষ্ট পদ পূর্ব্বে বসে। যথা—কাকশ্চ কোকিলশ্চ=কাককোকিলৌ; এইরূপ—ভ্রাতৃভগিন্যৌ, তাল-তমালৌ (তাল ও তমাল গাছ) অম্লমধুরৌ, গোমহিষৌ, গজতুরঙ্গৌ।

৭৪। **অজাদ্যদন্তম্**—(অচ্‌+আদি+অৎ+অন্তম্)—দ্বন্দ্ব সমাসে উভয় পদের সমান স্বর হইলে স্বরাদি অকারান্ত পদ পূর্ব্বে বসে। যথা—অশ্বশ্চ গজশ্চ =অশ্বগজৌ। অম্লতিক্তৌ, ঈশভবৌ, ইন্দ্রবহ্নী, ঊর্দ্ধনিম্নে, অনলপবনৌ, অচলসমুদ্রৌ।

৭৫। **ইদুদন্তশ্চ**(ইৎ+উৎ+অন্তঃ+চ)—দ্বন্দ্ব সমাসে উভয় পদের সমান স্বর হইলে ইকারান্ত ও উকারান্ত পদ পূর্ব্বে বসে। যথা—

কবিশ্চ নটশ্চ—কবিনটৌ। এইরূপ, বিধুসুরৌ, হরিহরৌ, রবিবুধৌ, পটুশুক্লে, মৃদুদৃঢ়ৌ।

৭৬। **লঘ্বক্ষরংপূর্ব্বম্**—দ্বন্দ্ব সমাসে উভয় পদে সমান স্বর হইলে লঘুবর্ণ বিশিষ্ট পদ পূর্ব্বে বসে। যথা—নলশ্চ নীলশ্চ=নলনীলৌ (নল ও নীল নামক বানরদ্বয়); কুশাশ্চ কাশাশ্চ=কুশকাশম্ or কুশকাশাঃ।

৭৭। **ভ্রাতুর্জ্যায়সঃ**—দ্বন্দ্ব সমাসে জ্যেষ্ঠ ভ্রাতৃ-বাচক পদ পূর্ব্বে বসে। যথা—যুধিষ্ঠিরশ্চ অর্জ্জুনশ্চ=যুধিষ্ঠিরার্জ্জুনৌ। এইরূপ—রামলক্ষ্মণৌ, ধৃতরাষ্ট্রপাণ্ডু, বলদেবকৃষ্ণৌ।

৭৮। **বর্ণানামানুপূর্ব্ব্যেণ**—দ্বন্দ্ব সমাসে শ্রেষ্ঠবর্ণবাচক পদ পূর্ব্বে বসে। যথা—ব্রাহ্মণশ্চ ক্ষত্রিয়শ্চ বৈশ্যশ্চ শূদ্রশ্চ=ব্রাহ্মণক্ষত্রিয়বৈশ্যশূদ্রাঃ (ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র)।

৭৯। অভ্যর্হিতঞ্চ—দ্বন্দ্ব সমাসে অধিক সম্মানার্হ পদ পূর্ব্বে বসে। যথা—

তাপসশ্চ পর্ব্বতশ্চ=তাপসপার্ব্বতৌ; মাতা চ পিতা চ=মাতাপিতরৌ।*

৮০। দ্বন্দ্ব সমাসে সমানাক্ষর ঋতুবাচক ও নক্ষত্রবাচক পদ আনুপূর্ব্ব্য অনুসারে পূর্ব্বে বসে। যথা—হেমন্তশিশিরৌ, অশ্বিনী ভরণ্যৌ।

৮১। ধর্ম্মাদিষ্বনিয়মঃ—(ধর্ম্মাদিষু + অনিয়মঃ)—দ্বন্দ্ব সমাসে ধর্ম্ম প্রভৃতি কতকগুলি পদের কোন্ পদ পূর্ব্বে বসিবে, তাহার কোন নিয়ম নাই। যথা—

ধর্ম্মশ্চ অর্থশ্চ=ধর্ম্মার্থৌ, অর্থধর্ম্মৌ; এইরূপ—কামার্থৌ, অর্থকামৌ; শব্দার্থৌ, অর্থশব্দৌ; বরবধ্বৌ, বধূবরৌ; গুণবৃদ্ধী, বৃদ্ধিগুণৌ; আদ্যন্তৌ, অন্তাদী; অর্কচন্দ্রৌ, চন্দ্রার্কৌ; ইন্দ্রাগ্নী, অগ্নীন্দ্রৌ, অগ্নিসমীরণৌ, সমীরণাগ্নী; আকাশবায়ু, বায়্বাকাশৌ, বৃদ্ধিক্ষয়ৌ, ক্ষয়বৃদ্ধী; লঘুদীর্ঘৌ, দীর্ঘলঘূ; মধুসর্পিষী, সর্পির্মধুনী (ঘৃত ও মধু)।

৮২। সমাহার দ্বন্দ্ব সমাসে চবর্গান্ত, দ-কারান্ত, যকারান্ত ও হকারান্ত পদের উত্তরে 'অ' (টচ্) হয়। যথা—

বাক্ চ ত্বক্ চ=বাক্ত্বচম্ (বাক্য ও চর্ম্ম)। এইরূপ, কাষ্ঠদৃশদম্, শ্রীস্রজম্, সম্পদ্-বিপদম্, বাক্ত্বিষম্, ছত্রং চ উপানৎ চ=ছত্রোপানহম্ (ছাতা ও জুতা)।

সমাহার না হইলে 'অ' হয় না। যথা—

প্রাবৃট্ চ শরৎ চ=প্রবৃট্শরদৌ (বর্ষাকাল ও শরৎকাল)। **

---

*"পিতুর্মাতা সহস্রেণ গৌরবেণাতিরিচ্যতে"
"গর্ভধারণপোষাভ্যাং পিতুর্মাতা গরীয়সী"

৮০। ঋতুনক্ষত্রাণাং সমানাক্ষরামানুপূর্ব্বেণ—(পা)।

** গোয়ীচন্দ্র বলেন="ঋতু" পদে "মাস" ও গ্রাহ্য; তিনি উদাহরণ দিয়াছেন—পৌষশ্চ মাঘশ্চ=পৌষ মাঘৌ।

৮৩। পূর্ব্বপদ ও উত্তরপদ উভয়ের মধ্যে বিদ্যাসম্বন্ধ ও গোত্রসম্বন্ধ থাকিলে এবং হ্রস্ব ঋকারান্ত ও পুত্রশব্দ পরবর্ত্তী হইলে পূর্ব্বপদের অন্তঃস্থিত 'ঋ' স্থানে 'আ' হয়। যথা—

বিদ্যাসম্বন্ধে—হোতা চ পোতা চ=হোতাপোতারৌ (হোতৃ=যজ্ঞদেবতার আহ্বান) ও (পোতৃ=সোমরস শোধনকর্ত্তা পুরোহিত)। গোত্রসম্বন্ধে=মাতা চ পিতা চ=মাতা-পিতরৌ। পুত্রশব্দ পরে—মাতা চ পুত্রশ্চ—মাতাপুত্রৌ, পিতা চ পুত্রশ্চ—পিতাপুত্রৌ। গোত্রসম্বন্ধ না হইলে ঋ' স্থানে 'আ' হয় না। যথা—জামাতা চ পুত্রশ্চ—জামাতৃপুত্রৌ, দাতা চ ভোক্তা চ—দাতৃভোক্তারৌ।

৮৪। দেবতাবাচক পদের দ্বন্দ্ব সমাস হইলে পূর্ব্বপদের অন্ত্যবর্ণ স্থানে 'আ' হয়। যথা—

ইন্দ্রশ্চ সোমশ্চ—ইন্দ্রাসোমৌ (ইন্দ্র ও চন্দ্র); সূর্য্যশ্চ চন্দ্রমাশ্চ—সূর্য্যাচন্দ্রমসৌ, মিত্রশ্চ বরুণশ্চ—মিত্রাবরুণৌ (সূর্য্য ও বরুণ) প্রয়োগ :—ইতঃস্ম মিত্রাবরুণৌ কিমেতৌ—(ভট্টি)। ইন্দ্রশ্চ বরুণশ্চ—ইন্দ্রাবরুণৌ; অগ্নিশ্চ বিষ্ণুশ্চ=অগ্নাবিষ্ণু; অগ্নিশ্চ মরুশ্চ—অগ্নামরুতৌ (অগ্নি ও বায়ু)। কিন্তু বায়ু শব্দের প্রয়োগে 'অ' হয় না। যথা—অগ্নিশ্চ বায়ুশ্চ=অগ্নিবায়ু, বায়ুগ্নী।

৮৫। সোম ও বরুণ শব্দ পরে থাকিলে অগ্নি শব্দের হ্রস্ব ই স্থানে দীর্ঘ ঈ হয়। যথা—অগ্নিশ্চ সোমশ্চ=অগ্নীসোমৌ, অগ্নিশ্চ বরুণশ্চ=অগ্নীবরুণৌ।

অপর কয়েকটি উদাহরণ

স্ত্রী চ পুমাংশ্চ—স্ত্রীপুংসৌ; নক্তঞ্চ দিবা চ—নক্তন্দিবম্ (রাত্রি ও দিন); অহশ্চ দিবা চ—অহর্দ্দিবম্ (অহরহঃ); রাত্রৌ চ দিবা চ—রাত্রিন্দিবম্; অহনি চ দিবা চ—অহর্দিবম্; অহশ্চ রাত্রিশ্চ—অহোরাত্রঃ; ঋক্ চ যজুশ্চ—ঋগ্‌যজুষম্‌: (ঋগ্বেদ ও যজুর্বেদ), অক্ষিণী চ ভ্রুবৌ চ—অক্ষিভ্রুবম্; জায়া চ পতিশ্চ—জায়াপতী or দম্পতী or জম্পতী (পতি ও পত্নী)। বাক্ চ মনশ্চ—বাঙ্‌মানস

(বাক্য ও মন) ; ধেনুশ্চ অনড্বাংশ্চ – ধেনড়ুহৌ (গাভী ও বৃষ) ; ঋক্ চ সাম চ—ঋক্সামে (ঋগ্বেদ ও সামবেদ), দ্যৌশ্চ ভূমিশ্চ—দ্যাবাভূমী, দ্যৌশ্চ ক্ষমা চ—দ্যাবাক্ষমে (স্বর্গ ও পৃথিবী), দৌশ্চ পৃথিবী চ—দ্যাবাপৃথিব্যৌ or দিবপৃথিব্যৌ (পৃথিবী ও স্বর্গ) ; কুশশ্চ লবশ্চ = কুশীলবৌ (রামচন্দ্রের পুত্রদ্বয়) ; অহশ্চ নিশা চ = অহর্নিশম্ (দিবারাত্র) ; মাতা চ পিতা চ = মাতাপিতরৌ, দারাশ্চ গাবশ্চ = দারগবম্, ব্রহ্মা চ প্রজাপতিশ্চ = ব্রহ্ম-প্রজাপতী ।

একশেষ

৮৬। **সরূপাণাম্ একশেষ একবিভক্তৌ**—এক-বিভক্ত্যন্ত হইতে সমানাকার (সমানরূপ) দুই বা বহুপদের একটিমাত্র পদ অবশিষ্ট থাকে, দুইপদের একশেষ হইলে অবশিষ্ট পদ দ্বিবচনান্ত এবং বহুপদের একশেষ হইলে অবশিষ্ট পদ বহুবচনান্ত হয়। যথা—মানবশ্চ মানবশ্চ = মানবৌ ; দেবশ্চ দেবশ্চ = দেবাঃ ; তরুশ্চ তরুশ্চ = তরবঃ ; নদী চ নদী চ নদী চ = নদ্যঃ, ফলঞ্চ ফলঞ্চ ফলঞ্চ = ফলানি ।

N. B. বৈয়াকরণেরা একশেষকে সমাসের মধ্যে গণ্য করেন না। তাঁহাদের মতে 'একশেষ' একটি "বৃত্তি"। একশেষ সমাস হইলে ইহার সমাসান্ত প্রত্যয় হইত। যেমন—পন্থাশ্চ পন্থাশ্চ পন্থাশ্চ = 'পন্থানঃ' না হইয়া "পথো ডঃ সমাসে"—এই সূত্র অনুসারে 'পথাঃ' হইত, এবং করশ্চ করশ্চ করশ্চ = 'করাঃ' না হইয়া 'করম্' হইত। কারণ, প্রাণীর অঙ্গবাচক শব্দের সমাহারদ্বন্দ্ব হইয়া ক্লীবলিঙ্গের একবচন হয়।

৮৭। **পুমান্ স্ত্রিয়া**—সমানাকার স্ত্রী-বাচক ও পুরুষবাচক পদের একশেষ হইলে পুরুষবাচক পদ অবশিষ্ট থাকে ; স্ত্রী-বাচক পদের লোপ হয়। যথা—ব্রাহ্মণশ্চ ব্রাহ্মণী চ = ব্রাহ্মণৌ, কুক্কুটশ্চ কুক্কুটী চ = কুক্কুটৌ, হংসশ্চ হংসী চ = হংসৌ, অশ্বা চ অশ্বশ্চ = অশ্বৌ, যুবতী চ যুবা চ = যুবানৌ, ভগবান চ ভগবতী চ = ভগবন্তৌ ।

প্রয়োগঃ—কথং ভগবন্তৌ অরুন্ধতী বশিষ্ঠৌ ।—(উ) ।

সমানাকার না হইলে একশেষ হয় না। যথা—হংসশ্চ সারসী চ=হংস-সারস্যৌ; লতা চ বৃক্ষশ্চ=লতাবৃক্ষৌ।

৮৮। ব্যক্তিবিশেষের সংজ্ঞাবাচক পদের একশেষ হয় না। যথা—ইন্দ্রশ্চ ইন্দ্রাণী চ=ইন্দ্রেন্দ্রাণ্যৌ; ভবশ্চ ভবানী চ=ভব-ভবান্যৌ।

৮৯। **ভ্রাতৃপুত্রৌ স্বসৃ-দুহিতৃভ্যাম্**—স্বসৃ শব্দের সহিত ভ্রাতৃ শব্দের এবং দুহিতৃ শব্দের সহিত পুত্র শব্দের একশেষ হইলে যথাক্রমে ভ্রাতৃ ও পুত্র শব্দ অবশিষ্ট থাকে। যথা—ভ্রাতা চ স্বসা চ—ভ্রাতরৌ; পুত্রশ্চ দুহিতা চ=পুত্রৌ।

৯০। **পিতা-মাত্রা**—মাতৃশব্দের সহিত পিতৃশব্দের একশেষ হইলে বিকল্পে পিতৃশব্দ অবশিষ্ট থাকে। যথা—মাতা চ পিতা চ=পিতরৌ, মাতাপিতরৌ।

প্রয়োগঃ—জগতঃ পিতরৌ বন্দে পার্ব্বতীপরমেশ্বরৌ—(রঘু)।

৯১। **শ্বশুরঃ শ্বশ্র্বা**—শ্বশ্রূ শব্দের সহিত শ্বশুর শব্দের সমাস হইলে শ্বশুর শব্দ বিকল্পে অবশিষ্ট থাকে। যথা—শ্বশ্রূশ্চ শ্বশুরশ্চ=শ্বশুরৌ, শ্বশ্রূ-শ্বশুরৌ।

৯২। ক্লীবলিঙ্গের সহিত পুংলিঙ্গের ও স্ত্রীলিঙ্গের একশেষ হইলে ক্লীবলিঙ্গ পদ অবশিষ্ট থাকে এবং বিকল্পে একবচনান্ত হয়। যথা—শুক্লশ্চ শুক্লা চ শুক্লঞ্চ=শুক্লানি or শুক্লম্।

৯৩। **ত্যদাদীনি সর্ব্বৈর্নিত্যম্**—ত্যদাদির সহিত অপর পদের একশেষ হইলে ত্যদাদি অবশিষ্ট থাকে। যথা—স চ বিপ্রশ্চ=তৌ। যশ্চ বিপ্রশ্চ=যৌ।

N B.—(A) ত্যদাদিষু মধ্যে পরং শিষ্যতে—(গোয়ীচন্দ্র)—ত্যদাদির গণপাঠে যে শব্দটি পরে থাকিবে, একশেষ স্থলে সেই শব্দটি অবশিষ্ট থাকিবে। গণপাঠ এইরূপ—ত্যদ্, তদ্, ইদম্, অদস্, এতদ্, এক, দ্বি, যুষ্মদ্ ভবৎ, কিম্—(মুগ্ধবোধ)।

উদাহরণঃ—স চ যশ্চ=যৌ, স চ কিশ্চ=কৌ, অহং চ ত্বং চ=আবাম্, স চ ত্বং চ অহং চ=বয়ম্।

(B) একশেষ নিষ্পন্ন পদের অর্থ সম্পূর্ণরূপে শব্দশক্তির আশ্রিত। যেমন—

'হংসৌ' বলিলে দুইটি হংস ও একটি হংসী বুঝাইতে পারে। অতএব, হংস ও হংসী এইরূপ বুঝাইবার প্রয়োজন হইলে সহসা নির্ব্বিচারে 'হংসৌ' এরূপ লিখিবে না ; পূর্ব্ব পূর্ব্ব বাক্য (context) যদি সেইরূপ অর্থের সহায়তা করে তবেই সে স্থানে 'হংসৌ' লিখিবে, নতুবা হংসশ্চ হংসী চ—এইরূপ লিখিবে।

বহুব্রীহি সমাস

৯৪। **অন্যপদার্থপ্রধানো বহুব্রীহিঃ**—যে সমাসে অন্য পদের অর্থ প্রধান হয়, অর্থাৎ যে কয় পদে সমাস করা হয়, তাহাদের অর্থ না বুঝাইয়া অন্য বস্তু বা ব্যক্তিকে বুঝায় তাহাকে বহুব্রীহি সমাস বলে। এই সমাসে সমাস-নিষ্পন্ন পদ সকল বিশেষণ হয়। যথা—

আরূঢ় বানরঃ যম্ সঃ=আরূঢ়বানরঃ (বৃক্ষঃ); দত্তং ধনং যেন সঃ= দত্তধনঃ (রাজ্য) ; দত্তা ভূমিঃ যস্মৈ সঃ=দত্তভূমিঃ (বিপ্রঃ); পতিতানি পত্রাণি যস্মাৎ সঃ=পতিতপত্রঃ (বৃক্ষঃ); পীতম্ অম্বরং যস্য সঃ=পীতাম্বরঃ (বিষ্ণুঃ); নির্ম্মলং জলং যস্মিন্ তৎ=নির্ম্মলজলম্ (সরঃ); দীর্ঘৌ বাহূ যস্য সঃ—দীর্ঘবাহুঃ (পুরুষঃ), দশ আননানি যস্য সঃ=দশাননঃ (রাবণঃ), প্রফুল্লানি কমলানি যস্মিন্ তৎ=প্রফুল্লকমলম্ (সরঃ); ত্রীণি লোচনানি যস্য সঃ= ত্রিলোচনঃ (শিবঃ)।

N. B.—অন্যান্য সমাস হইতে বহুব্রীহির বৈশিষ্ট্যের মধ্যে দুইটি লক্ষণীয়। (১) বহুব্রীহির অন্য পদার্থ প্রধান, (২) অন্য সকল সমাস প্রথমান্ত উত্তর পদের সহিত হইয়া থাকে কিন্তু বহুব্রীহি সমাসে উত্তর পদ প্রথমান্ত না হইয়া অন্য যে কোন বিভক্ত্যন্ত হইতে পারে।

৯৪। শেষো বহুব্রীহিঃ। অনেকম্ অন্য পদার্থে (পা)

সমাসান্তবিধি

৯৫। বহুব্রীহি সমাসে উত্তরপদ স্ত্রীলিঙ্গ হইলে পূর্ব্বপদস্থিত উক্তপুংস্ক (যে সকল পদ স্ত্রীলিঙ্গ ও পুংলিঙ্গ উভয়ই হয়, তাহাদিগকে ভাষিতপুংস্ক বা উক্তপুংস্ক বলে) ঈকারান্ত ও আকারান্ত স্ত্রীলিঙ্গ পদের পুংবদ্ভাব হয়, অর্থাৎ পুংলিঙ্গ হয়। যথা—

স্থিরা বুদ্ধির্যস্য সঃ—স্থিরবুদ্ধিঃ, মহতী মতি যস্য সঃ—মহামতিঃ, সুন্দরী ভার্য্যা যস্য সঃ=সুন্দরভার্য্যঃ দৃঢ়া ভক্তিঃ, যস্য সঃ=দৃঢ়ভক্তিঃ, গুণবতী ভার্য্যা যস্য সঃ=গুণবদ্ভার্য্যঃ, শীতা গৌঃ (কিরণঃ) যস্য সঃ=শীতগুঃ (চন্দ্রঃ)।

(ক) প্রিয়া, মনোজ্ঞা, কল্যাণী, সুভগা, দুর্ভগা, সচিবা, কান্তা, ক্ষান্তা, সমা, চপলা, বাসনা প্রভৃতি কতিপয় শব্দ পরে থাকিলে পূর্ব্বপদ পুংলিঙ্গ হয় না। যথা—কল্যাণী প্রিয়া যস্য সঃ=কল্যাণীপ্রিয়ঃ ইত্যাদি।

(খ) সংজ্ঞাবাচক, পূরণবাচক, জাতিবাচক ও স্বাঙ্গবাচক, উ-প্রত্যয়ান্ত স্ত্রীলিঙ্গ শব্দ এবং যে সকল স্ত্রীলিঙ্গ শব্দের অন্ত্যবর্ণে তদ্ধিতের কিংবা অক প্রত্যয়ের ক থাকে, সেই সকল পদ, বহুব্রীহি সমাসে পূর্ব্বপদ হইলে পুংলিঙ্গ হয় না। যথা—

সংজ্ঞাবাচক—গঙ্গা ভার্য্যা যস্য সঃ=গঙ্গাভার্য্যঃ। পূরণবাচক—দ্বিতীয়া ভার্য্যা যস্য সঃ=দ্বিতীয়-ভার্য্যঃ। জাতিবাচক—ব্রাহ্মণী ভার্য্যা যস্য স=ব্রাহ্মণীভার্য্যঃ। স্বাঙ্গবাচক—সুকেশী ভার্য্যা যস্য সঃ=সুকেশীভার্য্যঃ। উকারান্ত —বামোরূভার্য্যঃ। অক-প্রত্যয়—পাচিকা ভার্য্যা যস্য সঃ—পাচিকাভার্য্যঃ।

৯৬। তুল্যাধিকরণ বুঝাইলে বহুব্রীহি ও কর্ম্মধারয় সমাসে পূর্ব্বপদস্থিত 'মহৎ' শব্দ স্থানে 'মহা' আদেশ হয়। যথা—

মহান্তৌ বাহু যস্য সঃ=মহাবাহুঃ, মহতী মতির্যস্য সঃ=মহামতিঃ।

তুল্যাধিকরণত্ব না থাকিলে মহৎ শব্দ স্থানে 'মহা' আদেশ হয় না। যথা—মহতঃ বাহু ইব বাহু যস্য সঃ=মহদ্বাহুকঃ। মহতঃ বাহু=মহদ্বাহু।

৯৭। **তেন সহেতি তুল্যযোগে, সহঃ সো বিভাষা**—তুল্যযোগ বুঝাইলে তৃতীয়ান্ত শব্দের সহিত সহ শব্দের বহুব্রীহি সমাস হয় এবং সহ শব্দস্থানে বিকল্পে 'স' আদেশ হয়। যথা—

পুত্রেণ সহ বর্ত্তমানঃ—সপুত্রঃ or সহপুত্রঃ অনুজেন সহ বর্ত্তমানঃ=সানুজঃ, or সহানুজঃ, বান্ধবেন সহ বর্ত্তমানঃ=সবান্ধবঃ। আশীর্ব্বাদ বুঝাইলে 'সহ' শব্দস্থানে 'স' আদেশ হয় না। যথা—স্বস্তি রাজ্ঞে সহপুত্রায় সহামাত্যায়।

৯৮। **নদ্যৃতশ্চ** (নদী+ঋতঃ+চ)—বহুব্রীহি সমাসে ঋকারান্ত এবং স্ত্রীলিঙ্গ ঈকারান্ত ও ঊকারান্ত (নদীসংজ্ঞক) পদের উত্তর 'ক' (ক্যপ্) হয়। যথা—

বৃদ্ধঃ পিতা যস্য সঃ=বৃদ্ধপিতৃকঃ, মৃতা পত্নী যস্য সঃ=মৃতপত্নীকঃ, মৃতঃ ভর্ত্তা যস্যাঃ সা=মৃত-ভর্ত্তৃকা, স্থূলা তনুর্যস্য সঃ=স্থূলতনুকঃ, প্রোষিতঃ ভর্ত্তা যস্যাঃ সা=প্রোষিতভর্ত্তৃকা (নারী)।

৯৯। **ইনঃ স্ত্রিয়াম্**—বহুব্রীহি সমাসে ইন্‌ভাগান্ত শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে 'ক' (ক্যপ্) হয়। যথা—

বহবং বাগ্মিনঃ যস্যাং সভায়াং সা=বহুবাগ্মিকা সভা (যে সভায় অনেক বাক্‌পটু লোক থাকেন)। বহবঃ ধনিনঃ যস্যাং সা=বহুধনিকা (নগরী)।

১০০। **উরঃ প্রভৃতিভ্যঃ ক্যপ্**—বহুব্রীহি সমাসে উরস্ প্রভৃতি কতকগুলি শব্দের উত্তর ক্যপ্ (ক) হয়। যথা—

(উরঃ প্রভৃতি=উরস্, পুমস্, উপানহ্; পয়স্, দধি, মধু, শালি, সর্পিস্, অনডুহ্, নৌ, নির্ ও নঞ্ পূর্ব্বক অর্থ)।

ব্যূঢ়ম্ উরঃ যস্য সঃ=ব্যূঢ়োরস্কঃ (যাহার বক্ষঃস্থল বিশাল); ভাবিতঃ পুমান্ যেন সঃ=ভাবিত-পুংস্কঃ, উপানদ্‌ভ্যাং সহ বর্ত্তমানঃ=সোপনৎকঃ, প্রিয়ং দধি যস্য সঃ=প্রিয়দধিকঃ; নিঃ (নাস্তি) অর্থঃ যস্মিন্ তৎ=নিরর্থকম্, (বাক্যম্)। ন বিদ্যতে অর্থঃ যস্মিন্ তৎ=অনর্থকম্ (বচনম্)।

১০১। **শেষাদ্ বিভাষা**—এতদ্ভিন্ন (যে যে স্থলে অপর কোন সমাসান্ত হইবার সম্ভাবনা নাই, সেই সেই স্থলে) বহুব্রীহি সমাসে বিকল্পে ক্যপ্ (ক) হয়। যথা—

লব্ধং যশঃ যেন সঃ=লব্ধযশাঃ or লব্ধযশস্কঃ। সমানং বয়ঃ যস্য সঃ—সমানবয়সাঃ or সমানবয়স্কঃ।

(ক) ঈয়স্ প্রত্যয়ান্ত শব্দের উত্তর ক্যপ্ (ক) হয় না। যথা—বহবঃ প্রেয়াংসঃ যস্য সঃ—বহু-প্রেয়ান্, স্ত্রীলিঙ্গে—বহুপ্রেয়সী।

(খ) প্রশংসা বুঝাইলে ভ্রাতৃ শব্দের উত্তর ক্যপ্ (ক) হয় না। যথা—পণ্ডিতঃ ভ্রাতা যস্য সঃ=পণ্ডিত ভ্রাতা, শোভনঃ ভ্রাতা যস্য সঃ—সুভ্রাতা।

প্রশংসা না বুঝাইলে 'ক' হয়। যথা—মূর্খঃ ভ্রাতা যস্য সঃ—মূর্খভ্রাতৃকঃ।

(গ) স্বাঙ্গ বুঝাইলে নাড়ী ও তন্ত্রী শব্দের উত্তর 'ক' হয় না। যথা—বহুনাড়ি (কায়ঃ), বহুতন্ত্রীঃ (গ্রীবা)। স্বাঙ্গ না বুঝাইলে—বহুনাড়ীকঃ (দিবসঃ ; নাড়ী—ঘণ্টা প্রভৃতির ন্যায় পরিমাণ বাচক সময়), বহুতন্ত্রীকা (বীণা)।

১০২। **গন্ধস্যেদুৎপূতি-সু-সুরভিভ্যঃ**—বহুব্রীহি সমাসে উৎ, পূতি, সু ও সুরভি এই চারিটি শব্দের উত্তর 'ই' হয়। যথা—

উদ্গতঃ গন্ধঃ যস্য সঃ—উদ্গন্ধি, পূতিঃ গন্ধঃ যস্য সঃ—পূতিগন্ধিঃ (দুর্গন্ধযুক্ত), সু (শোভনঃ) গন্ধঃ যস্য সঃ—সুগন্ধিঃ, সুরভিঃ গন্ধঃ যস্য সঃ—সুরভিগন্ধিঃ।

দ্রব্যান্তরে গন্ধ সম্বন্ধ থাকিলে ই হয় না। যেমন—সু (শোভনঃ) গন্ধঃ যস্য সঃ=সুগন্ধঃ (বায়ু)। বায়ুর কোন গন্ধ নাই, পুষ্পাদির সম্পর্কে বায়ু সুগন্ধ হয়।

প্রয়োগঃ—আঘ্রায়িবান্ গন্ধবহঃ সুগন্ধঃ—(ভট্টিঃ)

১০৩। **অল্পাখ্যায়াম্**—অল্পসংযোগ বুঝাইলে গন্ধ শব্দের উত্তর 'ই' হয়।

যথা—ঘৃতস্য গন্ধঃ (অল্পত্বং) যস্মিন্ তৎ—ঘৃতগন্ধি (ভোজনম্)। এইরূপ—দধিগন্ধি, সূপগন্ধি।

১০৪। **উপমানাচ্চ**—উপমানবাচক পদের পরবর্ত্তী গন্ধ শব্দের উত্তর ই হয়। যথা—পদ্মস্য ইব গন্ধঃ যস্য সঃ (or পদ্মগন্ধ ইব গন্ধঃ যস্য সঃ)—পদ্মগন্ধিঃ।

N. B.—মুগ্ধবোধের মতে পদ্মগন্ধিঃ—or পদ্মগন্ধঃ (বিকল্পে ই)।

১০৫। **নিত্যমসিচ্ প্রজামেধয়োঃ**—বহুব্রীহি সমাসে নঞ্, দুর্ ও সু ইহাদের পরবর্ত্তী প্রজা ও মেধা শব্দের উত্তরে অস্ (অসিচ্) হয়। যথা—

নাস্তি প্রজা যস্য সঃ=অপ্রজাঃ (অপ্রজস্ শব্দ)। এইরূপ :—সু (শোভনা) প্রজা যস্য সঃ=সুপ্রজাঃ, দুঃ (দুর্গতা) প্রজা যস্য সঃ=দুষ্প্রজাঃ, নাস্তি মেধা যস্য সঃ=অমেধাঃ (অমেধস্ শব্দ)। এইরূপ, দুর্মেধাঃ, সুমেধাঃ।

(ক) মন্দ ও অল্প শব্দের পরবর্ত্তী মেধা শব্দের উত্তর অস্ হয়। যথা—

মন্দা মেধা যস্য সঃ=মন্দমেধাঃ ; অল্পা মেধা যস্য সঃ—অল্পমেধাঃ।

১০৬। বহুব্রীহি সমাসে উত্তরপদস্থিত ধনুস্ শব্দ 'ধন্বন্' হয় ; যথা—

চক্রম্ ইব ধনুঃ যস্য সঃ=চক্রধন্বা ('চক্রধন্বন্' শব্দের ১মা, ১বঃন) ; ভগ্নং ধনুঃ যস্য সঃ=ভগ্নধন্বা, অধিজ্যং ধনুঃ যস্য সঃ— অধিজ্যধন্বা।

প্রয়োগ :—অধিজ্যধন্বা বিচচার দাবম্—(রঘু)।

(ক) কাহারও নাম বুঝাইলে ধনুস্ শব্দ স্থানে বিকল্পে 'ধন্বন্' হয়। যথা—পুষ্পং ধনুর্যস্য সঃ—পুষ্পধন্বা or পুষ্পধনুঃ (কন্দর্প), গাণ্ডীবং ধনুঃ যস্য সঃ—গাণ্ডীবধন্বা or গাণ্ডীবধনুঃ (অর্জ্জুন) ; শার্ঙ্গং ধনুঃ যস্য সঃ—শার্ঙ্গধন্বা or শার্ঙ্গধনুঃ (বিষ্ণু)।

প্রয়োগ :—শতমখমুপতস্থে প্রাঞ্জলিঃ পুষ্পধন্বা—(কু)।

১০৭। **ধর্ম্মাদনিচ্ কেবলাৎ**—বহুব্রীহি সমাসে একটিমাত্র পদের পরস্থিত ধর্ম্ম শব্দের উত্তর অন্ (অনিচ) হয়। যথা—

শোভনঃ ধর্ম্মঃ যস্য সঃ—সুধর্ম্মা (সুধর্ম্মন্ শব্দ)। বিদিতঃ ধর্ম্মঃ যেন সঃ—বিদিতধর্ম্মা। পূর্ব্বপদে একাধিক পদ থাকিলে 'অন্' হয় না। যথা—পরমস্বধর্ম্মঃ।

১০৮। **তুমুসমোঃ কাম-মনসোঃ**—বহুব্রীহি সমাসে কাম ও মনস্ শব্দ পরে থাকিলে 'তুম্' প্রত্যয়ের এবং সম্ এই অব্যয়ের মকারের লোপ হয়। যথা—গন্তুং কামঃ যস্য সঃ—গন্তুকামঃ। এইরূপ—হন্তুমনাঃ, সকামঃ, সমনাঃ।

১০৯। **সংখ্যয়াঽব্যয়াসন্নাদূরাধিক সংখ্যাঃ সংখ্যেয়ে**—বিশেষণ শব্দের সহিত অব্যয়, আসন্ন, অদূর, অধিক ও সংখ্যাবাচক শব্দের বহুব্রীহি সমাস হয় এবং অন্তঃস্থিত সংখ্যাবাচক শব্দের উত্তর ড (অ) হয়। যথা—

দশানাং সমীপে যে তে=উপদশাঃ, বিংশতেঃ আসন্নাঃ=আসন্নবিংশাঃ, ত্রিংশতঃ অদূরে=অদূরত্রিংশাঃ, চত্বারিংশতঃ অধিকাঃ=অধিকচত্বারিংশাঃ। দ্বৌ বা ত্রয়ো বা ইমে—দ্বিত্রাঃ, ত্রয়ো বা চত্বারো বা ইমে—ত্রিচতুরাঃ, পঞ্চ বা ষড় বা ইমে—পঞ্চষাঃ।

১১০। **বহুব্রীহৌ সক্থ্যক্ষ্ণোঃ স্বাঙ্গাৎ ষচ্**—বহুব্রীহি সমাসে স্বাঙ্গ বুঝাইলে সক্থি ও অক্ষি শব্দের উত্তর ষচ্ (অ) হয় (অর্থাৎ সক্থি স্থানে সক্থ ও অক্ষি স্থানে অক্ষ হয়)। যথা—

দীর্ঘে সক্থিনী যস্যাঃ সা—দীর্ঘসক্থী (দীর্ঘোরু-বিশিষ্টা), পুংলিঙ্গে—দীর্ঘসক্থঃ। বিশালে অক্ষিণী যস্য সঃ—বিশালাক্ষঃ (যাহার চক্ষু দুইটি বড়), বিশালে অক্ষিণী যস্যাঃ সা—বিশালাক্ষী, পদ্মপলাশে ইব অক্ষিণী যস্যাঃ সা=পদ্মপলাশাক্ষী।

স্বাঙ্গ না বুঝাইলে অ হয় না। যথা—দীর্ঘসক্থি (শকটম্), স্থূলাক্ষিঃ (ইক্ষুদণ্ডঃ)।

১১১। সংখ্যাবাচক শব্দ, সু শব্দ এবং উপমানবাচক শব্দের পরবর্ত্তী পাদ শব্দ স্থানে পাদ্ হয়। যেমন—

সংখ্যাবাচক—দ্বৌ পাদৌ যস্য সঃ=দ্বিপাৎ, ত্রয়ঃ পাদাঃ যস্য সঃ=

ত্রিপাৎ। সু = সু (শোভনৌ) পাদৌ যস্য সঃ = সুপাৎ। **উপমান**—ব্যাঘ্রস্য পাদৌ ইব পাদৌ যস্য সঃ = ব্যাঘ্রপাৎ।

(ক) হস্তিন্ প্রভৃতি উপমানবাচক শব্দ পূর্ব্বে থাকিলে পাদ স্থানে পাদ্ হয় না। যথা:—হস্তিনঃ পাদাঃ ইব পাদা যস্য সঃ = হস্তিপাদঃ।

১১২। স্ত্রীলিঙ্গে কুম্ভ প্রভৃতি শব্দের পরবর্ত্তী পাদ শব্দ স্থানে পদ্ হয়। যথা—

কুম্ভ ইব পাদঃ যস্যাঃ সা = কুম্ভপদী, এইরূপ—একপদী, দ্বিপদী, ত্রিপদী, শতপদী, বিষ্ণুপদী, আর্দ্রপদী ইত্যাদি।

১১৩। **বয়সি দন্তস্য দতৃ**—বয়স্ বুঝাইলে সু ও সংখ্যাবাচক শব্দের পরবর্ত্তী দন্ত শব্দের স্থানে 'দত' আদেশ হয়। যথা:—

সু (শোভনা) দন্তা যস্য সঃ—সুদন, স্ত্রীলিঙ্গে—সুদতী ; দ্বিদন্, দ্বিদতী। বয়স না বুঝাইলে 'দত্' হয় না। যথা—দ্বিদন্ত (হস্তী), সুদন্তঃ (নটঃ)।

১১৪। **জায়ায়া নিঙ্**—বহুব্রীহি সমাসে জায়া শব্দের 'য়া' স্থানে 'নি' হয় অর্থাৎ জায়া শব্দ স্থানে জানি হয়। যথা—

সীতা জায়া যস্য সঃ = সীতাজানিঃ (রামচন্দ্র), যুবতিঃ জায়া যস্য সঃ = যুবজানিঃ, প্রিয়া জায়া যস্য সঃ—প্রিয়জানিঃ, বৃদ্ধা জায়া যস্য সঃ = বৃদ্ধজানিঃ।

১১৫। **নসো নাসিকায়াঃ সংজ্ঞায়াম্**—সংজ্ঞা বুঝাইলে উত্তর পদস্থিত নাসিকা শব্দ স্থানে 'নস্' হয়। যথা—দ্রুঃ (বৃক্ষ) ইব নাসিকা যস্য সঃ = দ্রুণসঃ (বৃক্ষবদ্দীর্ঘ নাসিকা যুক্ত)। স্থূল শব্দের পরবর্ত্তী নাসিকা শব্দের উত্তর 'নস' আদেশ হয় না। যথা:—স্থূলা নাসিকা যস্য সঃ = স্থূলনাসিকঃ।

(ক) উপসর্গের পরবর্ত্তী নাসিকা শব্দের স্থানে 'নস' আদেশ হয়। উদ্গতা নাসিকা যস্য তৎ = উন্নসং মুখম্।

১১৬। **নাভেঃ সংজ্ঞায়াম্**—বহুব্রীহি সমাসে সংজ্ঞা বুঝাইলে নাভি শব্দের উত্তর ক্যপ্ (অ) হয়। যথা—

পদ্মঃ নাভৌ যস্য সঃ = পদ্মনাভঃ (বিষ্ণু), ঊর্ণা নাভৌ যস্য স = ঊর্ণনাভঃ (মাকড়সা)।

(ক) বহুব্রীহি সমাসে অন্তর ও বহিস্ শব্দের পরবর্ত্তী লোমন্ শব্দের উত্তর অপ (অ) হয়। যথা—অন্তঃ লোমানি যস্য সঃ=অন্তর্লোমঃ, বহিঃ লোমানি যস্য সঃ=বহির্লোমঃ।

১১৭। সমাসে গোত্র প্রভৃতি শব্দ পরে থাকিলে 'সমান' শব্দ স্থানে 'স' হয়। যথা—সমানং গোত্রং যস্য সঃ=সগোত্রঃ। এইরূপ—সপক্ষঃ, সবয়াঃ, সতীর্থঃ, সপিণ্ডঃ, সবর্ণঃ, সরূপঃ, সনাভিঃ, সরাত্রিঃ, সবচনঃ ইত্যাদি।

ধর্ম্ম, উদর্য্য ও জাতীয় শব্দ পরে থাকিলে সমান শব্দ স্থানে বিকল্পে 'স' হয়। যথা—সমানঃ ধর্ম্ম যস্য সঃ=সধর্ম্মঃ or সমানধর্ম্মঃ। এইরূপ—সোদর্য্যঃ or সমানোদর্য্য, সজাতীয় or সমান জাতীয়।

১১৮। **সপ্তমী বিশেষণে বহুব্রীহৌ**—বহুব্রীহি সমাসে সপ্তম্যন্ত পদ ও বিশেষণ পদ পূর্ব্বে বসে। যথা—

সপ্তম্যন্ত—ধর্ম্মে মতির্যস্য সঃ=ধর্ম্মমতিঃ, বিশেষণ—স্থূলঃ কায়ঃ যস্য সঃ—স্থূলকায়ঃ।

১১৯। **নিষ্ঠা**—বহুব্রীহি সমাসে নিষ্ঠা (ক্ত ও ক্তবতু) প্রত্যয়ান্ত পদ পূর্ব্বে বসে। যথা—কৃতং কর্ম্ম যেন সঃ=কৃতকর্ম্মা, পীতম্ উদকং যেন সঃ= পীতোদকঃ।

(ক) **বাহিতাগ্ন্যাদিষু** (বা+আহিতাগ্ন্যাদিষু)—"আহিতাগ্নি" প্রভৃতি স্থলে নিষ্ঠা নিষ্পন্ন পদ বিকল্পে পূর্ব্বে বসে। যথা—আহিতঃ অগ্নিঃ যেন সঃ—আহিতাগ্নি or অগ্ন্যাহিতঃ। এইরূপ—জাতসুখঃ, সুখজাতঃ; জাতপুত্রঃ, পুত্রজাতঃ; জাতদন্তঃ, দন্তজাতঃ; জাতশ্মশ্রু, শ্মশ্রুজাতঃ; পীততৈলঃ, তৈলপীতঃ; পীতঘৃতঃ, ঘৃতপীতঃ; ঊঢ়ভার্য্যঃ, ভার্য্যোঢ়ঃ; প্রাপ্তকালঃ, কালপ্রাপ্তাঃ; উদ্যতাসিঃ, অস্যুদ্যতঃ; গতার্থঃ, অর্থগতঃ; পীতসুরঃ, সুরাপীতঃ।

১২০। **প্রহরণার্থেভ্যঃ পরে নিষ্ঠা-সপ্তম্যৌ**—প্রহরণার্থ (প্রহারের সাধনবাচক) শব্দের যোগে সপ্তম্যন্ত পদ ও নিষ্ঠা-প্রত্যয়ান্ত পদ পরে বসে। যেমন—শস্ত্রং পাণৌ যস্য সঃ—শস্ত্রপাণিঃ, দণ্ডঃ পাণৌ যস্য সঃ—দণ্ডপাণিঃ,

ধনুঃ হস্তে যস্য সঃ—ধনুর্হস্তঃ, খড়্গঃ করে যস্য সঃ—খড়্গকরঃ, অসিঃ উদ্যতঃ যেন সঃ—অস্যুদ্যতঃ।

গড্বাদিগণের অন্তর্গত শব্দ প্রহরণার্থ না হইলেও পূর্ব্বপদ হইয়া থাকে। যথা—গড়ুঃ কণ্ঠে যস্য সঃ—গড়ুকণ্ঠঃ (গলগণ্ডী অথবা বিষকণ্ঠ শিব); বীণা পাণৌ যস্যাঃ সা—বীণাপাণিঃ (সরস্বতী)।

মধ্যপদলোপী বহুব্রীহি

১২১। বহুব্রীহি সমাসে কখন কখন মধ্যবর্ত্তীপদের লোপ হয়। ইহাকে মধ্যপদলোপী বহুব্রীহি বলে। যথা—

কণ্ঠে স্থিতঃ কালঃ যস্য স—কণ্ঠেকালঃ (মহাদেব), শাস্ত্র-জ্ঞানম্ এব ধনং যস্য সঃ—শাস্ত্রধনঃ, চন্দ্রসহিতা চূড়া যস্য সঃ—চন্দ্রচূড়ঃ (শিব)।

১২২। পূর্ব্বপদে উপসর্গ থাকিলে তাহাদের সহিত ক্ত-প্রত্যয়ান্ত পদ প্রযুক্ত করিয়া ব্যাসবাক্য করিতে হয় এবং বিকল্পে ক্ত-নিষ্পন্ন পদের লোপ হয়। যথা—প্রপতিতানি পর্ণানি যস্মাৎ সঃ—প্রপর্ণ or প্রপতিতপর্ণঃ (বৃক্ষঃ)।

ব্যতিহার বহুব্রীহি

১২৩। **ইচ্ কর্ম্মব্যতিহারে**—যুদ্ধ বুঝাইলে ব্যতিহার অর্থে (পরস্পর একপ্রকার কার্য্য করা) সমানরূপ তৃতীয়ান্ত ও সপ্তম্যন্ত পদের বহুব্রীহি সমাস হয়, ইহাকে **ব্যতিহার বহুব্রীহি** বলে। এই সমাসে পূর্ব্বপদের অন্ত্যস্বর দীর্ঘ হয় এবং পরপদে 'ই' যুক্ত হয়। যথা—

দণ্ডৈশ্চ দণ্ডৈশ্চ প্রহৃত্য ইদং যুদ্ধং প্রবৃত্তম্—দণ্ডাদণ্ডিঃ (লাঠালাঠি), শস্ত্রৈশ্চ শস্ত্রৈশ্চ প্রহৃত্য ইদং যুদ্ধং প্রবৃত্তম্—শস্ত্রাশস্ত্রি। হস্তৈশ্চ হস্তৈশ্চ প্রহৃত্য ইদং যুদ্ধং প্রবৃত্তম্—হস্তাহস্তি। প্রয়োগ—শস্ত্রাশস্ত্রি হস্তাহস্তি জন্যম্ অজনি—(দ)।

কেশেষু কেশেষু চ গৃহীত্বা ইদং যুদ্ধং প্রবৃত্তম্—কেশাকেশি (চুলোচুলি)—এইরূপ—মুষ্টামুষ্টি, বাহুবাহবি, অস্যাসি।

N. B.—মুগ্ধবোধের মতে পূর্ব্বপদের অন্ত্যস্বর স্থানে বিকল্পে 'আ' হয়। যথা—মুষ্টামুষ্টি, মুষ্টিমুষ্টি, বাহবাহবি, বাহুবাহবি। স্বরবর্ণ পরে থাকিলে হয় না। যেমন—অস্যসি।

সমানাধিকরণ ও ব্যধিকরণ বহুব্রীহি

১২৪। বহুব্রীহি সমাস দ্বিবিধ। সমানাধিকবণ বহুব্রীহি ও ব্যধিকরণ বহুব্রীহি।

(ক) বিশেষণ ও বিশেষ্য পদে যে বহুব্রীহি সমাস হয় তাহাকে সমানাধিকরণ বহুব্রীহি বলে। যথা—নীলম্ অম্বরং যস্য সঃ—নীলাম্বরঃ, দীর্ঘৌ বাহু যস্য সঃ—দীর্ঘবাহুঃ।

(খ) যে স্থলে অন্যবিধ পদে বহুব্রীহি হয়, অর্থাৎ যে বহুব্রীহি সমাসে পূর্ব্বপদ বিশেষণ নয়, তাহাকে ব্যধিকরণ বহুব্রীহি বলে। যথা—

ধনুঃ পাণৌ যস্য সঃ—ধনুষ্পাণি, চক্রং পাণৌ যস্য সঃ—চক্রপাণিঃ (বিষ্ণু)।

অপর কয়েকটি উদাহরণ

শোভনং হৃদয়ং যস্য সঃ—সুহৃৎ (মিত্র), দুষ্টং হৃদয়ং যস্য সঃ—দুহৃৎ (শত্রু), চত্বারঃ অস্রাঃ যস্য তৎ—চতুরস্রম্ (চতুষ্কোণ), শোভনং প্রাতঃ যস্য সঃ—সুপ্রাতঃ, শোভনং দিবা যস্য সঃ—সুদিবঃ, দ্বয়োর্দিশোঃ আপো যস্য তৎ—দ্বীপম্, অন্তর্গতাঃ আপঃ যত্র তৎ—অন্তরীপম্, সমানঃ পতির্যস্যাঃ সা—সপত্নী, দক্ষিণস্যাঃ পূর্ব্বস্যাশ্চ দিশোঃ অন্তরালম্—দক্ষিণপূর্ব্বা, পূর্ব্বস্যাঃ উত্তরস্যাঃ দিশোঃ অন্তরালম্—পূর্ব্বোত্তরা, শুনঃ পদানি=শ্বাপদানি, শ্বাপদানি ইব পদানি যস্যঃ সঃ=শ্বাপদঃ (হিংস্রজন্তু), উদকে বাসঃ যস্য সঃ—উদবাসঃ, ক্ষীরম্ উদকং যস্য সঃ—ক্ষীরোদঃ (ক্ষারসমুদ্র)।

নিত্যসমাস

১২৫। অবিগ্রহো নিত্যসমাস অস্বপদবিগ্রহো বা—নিত্যসমাস দুই প্রকার। (১) যে সমাসে ব্যাসবাক্য হয় না, তাহাকে নিত্যসমাস বলে

রবং (২) যে সমাসে সমস্যমান পদসমূহের যে কোন একটির পরিবর্তে অন্য পদ দ্বারা সমাস বাক্য করা হয়, সেই স্থলেও নিত্যসমাস হয়। যথা—

(ক) **অবিগ্রহ**—কৃষ্ণসর্পঃ (কেউটে সাপ—a kind of cobra), এখানে ব্যাসবাক্য নাই। কিন্তু 'কৃষ্ণঃ সর্পঃ' এইরূপ বাক্য করিলে যে কোন কাল সাপকে বুঝায় ; 'কেউটে সাপ' বুঝায় না।

(২) **অস্বপদবিগ্রহ**—অন্যঃ দেশঃ = দেশান্তরম্, অন্যঃ অর্থঃ = অর্থান্তরম্ যদি এই দুই স্থলে 'দেশস্য অন্তরম্,' 'অর্থস্য অন্তরম্' এইরূপ সমাসবাক্য হইত, তাহা হইলে ষষ্ঠী তৎপুরুষ সমাস হইতে পারিত।

সুপ্‌সুপা বা সহসুপা সমাস

১২৬। সুবন্ত পদের সহিত সুবন্ত পদের সমাসকে সুপ্‌সুপা সমাস বলে। প্রায় সমস্ত সমাসই সুবন্ত পদের সঙ্গে সুবন্ত পদের হয় কিন্তু যেখানে অপর সমাসের কোন নিয়ম খাটে না, সেইখানেই সুপ্‌সুপা সমাস হয়। যথা—

পূর্ব্বং ভূতঃ=ভূতপূর্ব্বঃ (যাহা পূর্ব্বে হইয়াছে) ; পরমং পূজ্যঃ=পরম-পূজ্যঃ, এইরূপ=অবশ্যকর্ত্তব্যঃ, পূর্ব্বদৃষ্টঃ, প্রত্যক্ষভূতঃ ইত্যাদি।

অলুক্ সমাস

১২৭। লুক্=লোপ, ন লুক্=অলুক্=লোপ না হওয়া। সমাসে প্রত্যেক পদের বিভক্তির লোপ হওয়ার সাধারণ নিয়ম, কিন্তু কোন কোন স্থলে শিষ্ট-প্রয়োগানুসারে পূর্ব্ব পদের বিভক্তির লোপ না হইয়াই সমাস হয়। ইহাকেই **অলুক্ সমাস** বলে। যথা—

৩য়া তৎপুরুষে—সহসা কৃতম্=সহসাকৃতম্, ওজসা কৃতম্=ওজসা-কৃতম্, তমসা কৃতম্=তমসাকৃতম্, মনসা দেবী=মনসাদেবী, পুংসা অনুজঃ=পুংসানুজঃ, আত্মনা পঞ্চমঃ=আত্মনাপঞ্চমঃ, জনুষা অন্ধঃ=জনুষান্ধঃ (জন্মান্ধ)।
৪র্থী তৎপুরুষে—আত্মনেপদম্, পরস্মৈপদম্।

৫মী তৎপুরুষে—স্তোকান্মুক্তঃ, অল্পান্মুক্তঃ, অন্তিকাদাগতঃ, দূরাদাগতঃ।

৬ষ্ঠী তৎপুরুষে—চৌরস্যকুলম্, দাসস্যতনয়ঃ, বাচোযুক্তিঃ, হোতুপুত্রঃ, পশ্যতোহরঃ (চৌর স্বর্ণকার), শুনঃ পুচ্ছঃ (একজন ঋষি), পিতুঃ পুত্রঃ, পিতুরন্তেবসী (পিতার ছাত্র), দিবোদাসঃ (একজন রাজার নাম), শুনঃশেফঃ (একজন মুনি), দেবানাম্ প্রিয়—দেবনাম্প্রিয়ঃ (মূর্খ), বসোর্ধারা, বাচস্পতিঃ, ভ্রাতুঃ পুত্রঃ = ভ্রাতুষ্পুত্রঃ। বিকল্পে—মাতু স্বসাঃ or মাতৃষসা, পিতুঃস্বসাঃ, or পিতৃষসা, দুহিতুঃ পতিঃ or দুহিতৃপতিঃ (জামাতা), হস্তেবন্ধঃ or হস্তবন্ধঃ।

৭মী তৎপুরুষে—যুধিষ্ঠিরঃ, গেহে শূরঃ, ত্বচিসারঃ, (বাঁশ ও দারুচিনি)।

বহুব্রীহি সমাসে—কণ্ঠেকালঃ, উরিসিলোমা, শিরসি শিখঃ।

১২৮। তৎপুরুষে কৃতি বহুলম্—তৎপুরুষ সমাসে কৃৎপ্রত্যয়নিষ্পন্ন পদ পরে থাকিলে সপ্তমী বিভক্তি লোপের নিয়ম নাই ; অর্থাৎ কোন কোন স্থলে লোপ হয় না, কোন কোন স্থলে লোপ হয় এবং কোন কোন স্থলে বিকল্পে লোপ হয়। যথা—**অলোপ**—অন্তেবাসী (ছাত্র), স্তম্বেরমঃ (হস্তী), কর্ণেজপঃ (গোয়েন্দা, কু-পরামর্শদাতা), পঙ্কেরুহ. (পদ্ম), মনসিশয়ঃ (কন্দর্প), প্রাবৃষিজঃ (কদম্ব বৃক্ষ), শরদিজঃ (শরৎকালে জাত) ; **লোপ**—কুরুচরঃ (কুরুদেশভ্রমণকারী), স্থণ্ডিলশায়ী (যজ্ঞভূভাগ-শায়ী), গৃহস্থঃ (সংসারী)। **বিকল্পে**—সরসিজম্, সরোজম্, সরসিরুহম্, সরোরুহম্, (পদ্ম), মনসিজঃ, মনোজঃ (কন্দর্প) ; গ্রামেবাসী, গ্রামবাসী ; বনেচরঃ, বনচরঃ ; খেচরঃ, খচরঃ (আকাশচর, সূর্য্যাদি গ্রহ) ; খেশয়., খশয়ঃ, গ্রামেবাসঃ, গ্রামবাসঃ ; বনেবাস, বনবাসঃ।

Exercise 52

1. Translate into Sanskrit :—

1. Iron is the most useful of all metals. 2. My father told me to go to school regularly everyday but I kept away from school. 3. There are six seasons in India ; namely—Summer, Rains, Autumn, Harvest, Winter and Spring. 4. The fourth day of the Durgapuja festival is called Bijaya Dashami. 5. I shall do my duties with all my

heart. 6. He who speaks sweetly before you but bites you at your back, is your enemy. 7. Men free from pride are worshipped by all. 8. Those, who are free from sin, go to heaven. 9. Duryodhana, with elephants, horses and foot soldiers fought Yudhisthira. 10. The sages are collecting blue lotuses to worship the gods.

2. Correct the following sentences, giving reasons :—

(১) মহারাজঃ শত্রুং পরাজিতবান্। (২) রাজপথি বহবো জনা গচ্ছন্তি। (৩) ত্বং যথাশক্তিং কার্য্যং কুরু। (৪) সূর্য্যচন্দ্রমসোঃ প্রভয়া জগৎ আলোকিতম্। (৫) যঃ রাজাঃ প্রজাঃ ন পালয়তি স কিংরাজঃ। (৬) সুরাজস্য রাজ্যে প্রজাঃ সুখেন বসন্তি। (৭) পুত্রঃ পিতামাতরৌ সেবেত। (৮) পুত্রপিতরৌ বিপণিং ব্রজতঃ। (৯) অদ্য অহং প্রিয়সখায়ম্ অপশ্যম্। (১০) হস্তপাদৌ প্রক্ষাল্য প্রাতঃ সন্ধ্যাং কুর্য্যাৎ।

3. Name and expound the Samasas in the underlined words in the following :—

(১) আরাধয় সপত্নীকঃ প্রীতঃ কামদুঘা হি সা (রাঃ)। (২) জ্ঞানাগ্নি সর্ব্বকর্ম্মাণি ভস্মসাৎ কুরুতেঽর্জ্জুন! (৩) বিদর্ভরাজো ধর্ম্মাত্মা ভীমো নাম মহাদ্যুতিঃ। সুতেয়ং তস্য কল্যাণী দময়ন্তীতি বিশ্রুতা (ম)। (৪) নিষ্কম্প-পত্রাস্তরবো নদ্যশ্চ স্তিমিতোদকাঃ। ভবন্তি তত্র যত্রাহং তিষ্ঠামি চ চরামি চ—(রা)। (৫) মহাবাহুং মহোরস্কং সিংহবিক্রান্তগামিনম্। নৃসংহিং সিংহসংকাশমহং রামমনুব্রতা (রা)। (৬) তৌ দম্পতী বশিষ্ঠস্য গুরোর্জগ্মতুরাশ্রমম্। (রা)। (৭) পশ্চানবদ্যাঙ্গি। বিভাতি গঙ্গা (রা)। (৮) অথ রাজা তান্ শাস্ত্রবিমুখান্ আলোক্য সচিবান্ আহূয় প্রোবাচ—(প)।

4. Give the compound forms of any three of the following:—

ইন্দ্রশ্চ অগ্নিশ্চ; কাল্যাঃ দাসঃ, মহান্ বাহু যস্য সঃ, দিনং দিনং প্রতি; পঞ্চানাং গ্রামাণং সমাহারঃ, পিতা চ পুত্রশ্চ, করৌ চ পাদৌ চ, বৃক্ষাণাং ছায়া, প্রিয়ঃ সখা, সু গন্ধ যস্য সঃ।

CHAPTER VI

তদ্ধিত প্রত্যয়—Secondary Suffixes

১। শব্দের উত্তর ভিন্ন ভিন্ন অর্থে কতকগুলি প্রত্যয় হইয়া নূতন শব্দ গঠিত হয়। এই প্রত্যয়গুলির নাম **তদ্ধিত প্রত্যয়**।

দ্রষ্টব্য :—তদ্ধিত প্রত্যয়গুলি বিভিন্ন ব্যাকরণে বিভিন্ন রূপে উক্ত হইয়াছে। ফল একরূপ হইলেও অনেকে পাণিনিব প্রত্যয়গুলির পক্ষপাতী। প্রবেশিকা পরীক্ষার পাঠ্য সংস্কৃত সাহিত্যের অর্থ পুস্তকে কেহ কেহ পাণিনির প্রত্যয়গুলি উল্লেখ করিয়াছেন; কিন্তু সাধারণতঃ অধিকাংশ বিদ্যালয়ের ছাত্রগণ প্রথম হইতেই 'মুগ্ধবোধ' প্রভৃতি ব্যাকরণের প্রত্যয়ের সহিত পরিচিত। এরূপ ক্ষেত্রে ছাত্রদিগের সুবিধার জন্য পাণিনির প্রধান প্রধান তদ্ধিত প্রত্যয়গুলির সহিত অন্য ব্যাকরণের প্রত্যয়ও দেওযা হইল।

পাণিনির প্রত্যয়	অন্যান্য ব্যাকরণের প্রত্যয়
অণ্, অঞ্ (অ)…	·· ষ্ণ (অ), যদু—যাদবঃ, কশ্যপ—কাশ্যপঃ
ইঞ্ (ই) …	…ষ্ণি (ই), দশরথ—দাশরথিঃ
ফক্ (আয়ন) …	…ষ্ণায়ন (আয়ন), দক্ষ—দাক্ষায়ণঃ
যঞ্, ণ্য (য) …	…ষ্ণ্য (য), গর্গ—গার্গ্যঃ, দিতি—দৈত্যঃ
ঢক্ (এয়) ··	…ষ্ণেয় (এয়), গঙ্গা—গাঙ্গেয়ঃ
ঈ (ঈয়) …	…ষ্ণীয় (ঈয়), স্বসৃ—স্বস্রীয়ঃ
ঠক্, ঠঞ্ (ইক)…	…ষ্ণিক (ইক), রেবতী—রৈবতিকঃ
খ (ঈন) …	…ণীন (ঈন), দ্বিবর্ষীণঃ
বুঞ্ (ক) …	…কণ্ (ক), পিতৃ-পৈতৃকম্; অরণ্য-আরণ্যকঃ
ঘ (ইয়) …	…ইয়, যজ্ঞ-যজ্ঞিয়ম্
ঈকক্ (ইক) …	…ষ্ণীক (ঈক), যষ্টি—য

LESSON I

সাধারণ নিয়ম

২। **ইৎ**—প্রত্যয়ের যে যে অংশ কার্য্যকালে থাকে না, লোপ পায়; সেই সকল অংশকে ইৎ বলে। যেমন—ষ্‌+ণ্‌+অ=ষ্ণ, ইহার 'অ' থাকে ষ ণ্‌ এই দুইটি ইৎ।

৩। **গুণ**—ই, ঈ স্থানে এ; উ ঊ স্থানে ও; ঋ, ৠ স্থানে অর্; ঌ স্থানে অল্ হওয়ার নাম গুণ।

৪। **বৃদ্ধি**—অ, আ স্থানে আ; ই, ঈ স্থানে ঐ; উ, ঊ স্থানে ঔ; ঋ, ৠ স্থানে আর্ এবং ঌ স্থানে আল্ হওয়ার নাম বৃদ্ধি।

৫। **ণিতি বৃদ্ধিরাদ্যস্য**—মূর্দ্ধন্য ণ ইৎ যায়, এরূপ তদ্ধিত প্রত্যয় পরে থাকিলে, শব্দের আদ্য স্বরের বৃদ্ধি হয়। যেমন—কশ্যপ+অণ্‌=কাশ্যপঃ।

(ক) তদ্ধিত প্রত্যয় পরে থাকিলে কোনও স্থলে পূর্ব্ব পদের, কোথাও উত্তর পদের, কখনও বা উভয় পদের আদ্য স্বরের বৃদ্ধি হয়। যেমন, অধিদেব—আধিদৈবিকঃ, দ্বিবর্ষ—দ্বিবার্ষিকঃ, সর্ব্বভূমি—সার্ব্বভৌমঃ।

৬। তদ্ধিত প্রত্যয়ের য ও স্বরবর্ণ পরে থাকিলে শব্দের অন্তস্থিত অ-বর্ণ (অ, আ), ও ই বর্ণ (ই, ঈ) এর লোপ হয়। যেমন—

অ বর্ণ—দ্রোণ+ষ্ণ=দ্রৌণিঃ, ই-বর্ণ—অগ্নি+ষ্ণেয়=আগ্নেয়।

৭। তদ্ধিত প্রত্যয়ের য ও স্বরবর্ণ পরে থাকিলে শব্দের অন্তস্থিত উ-বর্ণের (উ, ঊ) গুণ হয়। যথা—গুরু+ষ্ণ=গৌরবম্, লঘু+ষ্ণ=লাঘবম্।

৮। তদ্ধিত প্রত্যয়ের য পরে থাকিলে ঋ স্থানে অয়্, ও স্থানে অব এবং ঔ স্থানে আব্‌ হয়। যেমন—ঋ—পিতৃ—পিত্র্যম্, ও-গো—গব্যম্, ঔ—নৌ—নাব্যম্।

LESSON II

অপত্যার্থ প্রত্যয়

৯। তস্যাপত্যম্—'তাহার অপত্য' (পুত্র, কন্যা, পৌত্র ও তদ্বংশীয় সন্তান)—এই অর্থে নিম্নোক্ত প্রত্যয়গুলি হয়। যথা—

১০। অত ইঞ্ =আকারান্ত শব্দের উত্তর ইঞ্ (ঞি=ই) হয়। যথা—

ঞি (ই)—দশরথস্য অপত্যম্=দাশরথিঃ। এইরূপ, শূর—শৌরিঃ, দ্রোণ—দ্রৌণিঃ, অর্জ্জুন—আর্জ্জুনিঃ, সুমিত্রা—সৌমিত্রিঃ, কৃষ্ণ—কার্ষ্ণিঃ, দক্ষঃ—দাক্ষিঃ, বিকর্ণ—বৈকর্ণিঃ।

১১। শিবাদিভ্যোঽণ্—অপত্য অর্থে শিব প্রভৃতি শব্দের উত্তর অণ্ (ষ্ণ=অ) হয়।

ষ্ণ (অ)=শিবস্য অপত্যম্=শৈবঃ। এইরূপ, ককুৎস্থ—কাকুৎস্থঃ (রামচন্দ্র প্রভৃতি সূর্যবংশীয় রাজা), কশ্যপ—কাশ্যপঃ, পৃথা—পার্থঃ, সপত্নী—সাপত্নঃ, পুত্র—পৌত্রঃ, দুহিতৃ—দৌহিত্রঃ, ভৃগু—ভার্গবঃ, ভরদ্বাজ—ভারদ্বাজঃ (দ্রোণ), কুশিক—কৌশিকঃ (বিশ্বামিত্র মুনি), মরিচা—মারীচঃ, বশিষ্ঠ—বাশিষ্ঠঃ, ধৃতরাষ্ট্র—ধার্ত্তরাষ্ট্রঃ (দুর্য্যোধনাদি শত ভ্রাতা), পাণ্ডু—পাণ্ডবঃ, বসুদেবঃ—বাসুদেবঃ, যদু—যাদবঃ, পুরু—পৌরবঃ, মনু—মানবঃ, কুরু—কৌরবঃ, পর্ব্বত—পার্ব্বত, রঘু—রাঘবঃ, দ্রুপদ—দ্রৌপদঃ।

১২। গর্গাদিভ্যো যঞ্—গর্গ প্রভৃতি শব্দের উত্তর যঞ্ প্রত্যয হয়।

ষ্ণ্য (য)-গর্গস্য অপত্যম্—গার্গ্যঃ। এইরূপ, প্রজাপতি—প্রাজাপত্যঃ, দিতি—দৈত্যঃ, অদিতি—আদিত্যঃ, জমদগ্নি—জামদগ্ন্যঃ (পরশুরাম), বৎস্য—বাৎস্যঃ, যাজ্ঞবল্ক-যাজ্ঞবল্ক্যঃ, চণক—চাণক্যঃ, পরাশর—পারাশর্য্যঃ।

১৩। স্ত্রীভ্যো ঢক্—অপত্য অর্থে স্ত্রী প্রত্যয়ান্ত শব্দের উত্তর ঢক্ (ঞেয়—এয়) হয়। যথা—

ঢক্ষ (এয়)—গঙ্গায়াঃ অপত্যম্—গাঙ্গেয়ঃ (ভীষ্ম)। এইরূপ, বিনতা—বৈনতেয়ঃ (গরুড়), রাধা—রাধেয়ঃ (কর্ণ), কদ্রু—কাদ্রবেয়ঃ, ভগিনী—ভাগিনেয়ঃ, কুন্তী—কৌন্তেয়ঃ, বিমাতৃ—বৈমাত্রেয়ঃ, রোহিণী—রৌহিণেয়ঃ ইত্যাদি।

১৪। স্বসুশ্ছ—'অপত্য' অর্থে স্বসৃ শব্দের উত্তর ছ (ঈয়—ঈয়) প্রত্যয় হয় যথা :—

ঈয় (ঈয়)—স্বসুঃ অপত্যম্—স্বস্রীয়ঃ। এইরূপ—পিতৃস্বসৃ—পৈতৃষ্বসেয়, (ঢক্ষ), মাতৃষ্বস্রীয়ঃ, মাতৃষ্বসেয় (ঢক্ষ)।

১৫। নড়াদিভ্যঃ ফক্—'নড়' প্রভৃতি শব্দের উত্তর ফক্ (ফায়ন—আয়ন) প্রত্যয় হয়।

আয়ন (ফায়ন)—নরস্য অপত্যম্—নারায়ণঃ। এইরূপ—দক্ষ—দাক্ষায়ণঃ, স্ত্রী—দাক্ষায়ণী (সতী)।

১৬। রেবত্যাদিভ্যষ্ঠক্—'রেবতী' প্রভৃতি শব্দের উত্তর ঠক্ (ইক) প্রত্যয় হয়। যথা—

ঞিক—(ইক) রেবত্যাঃ অপত্যম্—রৈবতিকঃ।

অপর কয়েকটি উদাহরণ

ব্যাসস্য অপত্যম্—বৈয়াসকিঃ, ইক্ষ্বাকোঃ অপত্যম্—ঐক্ষ্বাকঃ, কুরোঃ অপত্যানি—কুরবঃ, রঘোঃ অপত্যানি—রাঘবঃ, মনোঃ অপত্যম্—মনুষ্যঃ, মানুষঃ, দ্বয়োঃ মাত্রোঃ অপত্যম্—দ্বৈমাতুরঃ, তিসৃণাং মাতৃণাম্ অপত্যম্—ত্রৈমাতুরঃ, ষণ্ণাং মাতৃণাম্ অপত্যম্—ষাণ্মাতুরঃ (কার্ত্তিকেয়), কন্যায়াঃ অপত্যম্—কানীনঃ (ব্যাস ও কর্ণ), শকুনেঃ অপত্যম্—শাকুনেয়ঃ, সুভগায়াঃ অপত্যম্—সৌভাগিনেয়ঃ।

LESSON III

পূর্ব্বোক্ত প্রত্যয় সকল অন্যান্য অর্থেও ব্যবহৃত হইয়া থাকে। যথা—

১৭। তদধীতে তদ্বেদ—'তাহা অধ্যয়ন করে বা জানে' এই অর্থে—

ঠিক—তর্কং বেত্তি অধীতে বা—তার্কিকঃ। এইরূপ ন্যায়—নৈয়ায়িকঃ, বেদান্ত—বৈদান্তিকঃ, বেদ-বৈদিকঃ, পুরাণ—পৌরাণিকঃ, অলঙ্কার—আলঙ্কারিকঃ, জ্যোতিষ—জ্যোতিষিকঃ, ইতিহাস—ঐতিহাসিকঃ। ষ্ণ—ব্যাকরণ—বৈয়াকরণঃ।

১৮। তেন প্রোক্তম্—'তৎকর্ত্তৃক উক্ত' এই অর্থে :—

ষ্ণ—ঋষিণা প্রোক্তম্—আর্ষম্। এইরূপ—মনু—মানবম্, বিষ্ণু—বৈষ্ণবম্, পতঞ্জলি—পাতঞ্জলম্। ছীয়—মনু—মানবীয়ম্, নারদ—নারদীয়ম্। পাণিনি—পাণিনীয়ম্, বাল্মীকি—বাল্মীকীয়ম্, পরাশর—পারাশরীয়ম্, জৈমিনি—জৈমিনীয়ম্। ষ্ণ্য—বাচস্পতি—বাচস্পত্যম্। ঢেয়—অত্রি—আত্রেয়ম্।

তেন কৃতম্—'তদ্দ্বারা' বা 'তৎকর্ত্তৃক কৃত' এই অর্থে :—

ঠিক—কায়েন কৃতম্—কায়িকম্। এইরূপ—শরীর—শারীরিকম্, মনস্—মানসিকম্, বাক্—বাচিকম্, বচন—বাচনিকম্। ষ্ণ—ক্ষুদ্রাভিঃ কৃতম্—ক্ষৌদ্রম্ (মধু), মক্ষিকাভিঃ কৃতম্—মাক্ষিকম্ (মধু)। ঢেয—পুরুষেণ কৃতম্—পৌরুষেয়ম্।

২০। তেন রক্তং রাগাৎ—'তাহা দ্বারা রঞ্জিত' এই অর্থে :—

ষ্ণ—কষায়েণ রক্তম্—কাষায়ম্। এইরূপ—হরিদ্রা—হারিদ্রম্। ঠিক—লাক্ষয়া রক্তম্—লাক্ষিকম্, রোচনয়া রক্তম্—রোচনিকম্।

২১। সাঽস্য দেবতা—'তিনি ইহার দেবতা' এই অর্থে :—

ষ্ণ—গণপতি—গাণপত্যঃ, প্রাজাপতি—প্রজাপত্যঃ, সোম—সোম্যঃ, বায়ু—বায়ব্যঃ। ঢেয়—অগ্নি—আগ্নেয়ঃ।

২২। তস্য সমূহঃ—'তাহার সমূহ' এই অর্থ :—

ষ্ণ—ভিক্ষাণাং সমূহঃ—ভৈক্ষ্যম্। ষ্ণ্য—ব্রাহ্মণ্যম্, কণঃ—রাজন্যানাং সমূহঃ—রাজন্যকম্।

২৩। তত্র ভবঃ—'সেখানে' জন্ম, স্থিতি বা আবির্ভাব এই অর্থে :—

ষ্ণ—মথুরায়াং ভবঃ—মাথুরঃ। এইরূপ—শরদ্—শারদঃ, হেমন্ত—হৈমন্তঃ

ভূমিঃ—ভৌমঃ, শরীর—শারীরম্। ষ্ণিক্—বসন্ত—বাসন্তিকঃ, বর্ষা—বার্ষিকঃ, হেমন্ত—হৈমন্তিকঃ, সমুদ্র—সামুদ্রিকঃ, শরীর-শারীরিকম্, অন্তর—আন্তরিকম্, মনস্—মানসিকম্। ষ্ণ্য—আদি—আদ্যম্, গ্রাম—গ্রাম্যঃ, অন্ত—অন্ত্যম্ (যৎ), দন্ত—দন্ত্যম্, কণ্ঠ—কণ্ঠ্যম্, তালু—তালব্যম্।

২৪। **তত্র সাধু**—'তাহাতে সাধু' এই অর্থে :—

যৎ—সভায়াং সাধুঃ—সভ্যঃ, ষ্ণিক—সমাজে সাধু—সামাজিকঃ, সংগ্রামে সাধু—সাংগ্রামিকঃ, বেদে সাধু—বৈদিকঃ। ষ্ণেয়—অতিথৌ সাধুঃ—আতিথেয়ঃ।

২৫। **দেয়ে কালাদবশ্যম্ভাবে**—'অবশ্যম্ভাব' বুঝাইলে 'দেয়' অর্থে কালবাচক শব্দের উত্তর :—

ষ্ণিক—মাসে দেয়ম্=মাসিকম্। এইরূপ—বর্ষ—বার্ষিকম্, অব্দ—আব্দিকম্, সংবৎসর—সাংবৎসরিকম্।

২৬। **তেন নিবৃত্তম্**—নিবৃত্ত (নিষ্পন্ন) অর্থে—

ষ্ণিক—দিনেন নিবৃত্তম্—দৈনিকম্। এইরূপ—মাস—মাসিকম্, বর্ষ—বার্ষিকম্, অহন্—আহ্নিকম্।

২৭। **ব্যাপ্তৌ চ**—'ব্যাপ্তি' অর্থে—

ষ্ণিক—দিনং ব্যাপ্য স্থিতম্—দৈনিকম্। এইরূপ—মাস—মাসিকম্, বর্ষ—বার্ষিকম ; ষ্ণ্য—চতুর্ মাসান্ ব্যাপ্য স্থিতম্—চাতুর্মাস্যম্।

২৮। **বয়সি চ**—'বয়স' অর্থে—

দ্বে বর্ষে অস্য বয়ঃ (নীন)—দ্বিবর্ষীয়ঃ (ষ্ণীয়), দ্বিবার্ষিকঃ (ষ্ণিক), দ্বিবর্ষঃ (য লোপ)। এইরূপ—পঞ্চবর্ষীয়ঃ, পঞ্চবার্ষিকঃ, পঞ্চবর্ষঃ।

২৯। **তত আগতঃ**—'সেই স্থান হইতে আগত' এই অর্থে—

মথুরায়াঃ আগতঃ—মাথুরঃ (গ), নগরাৎ আগতঃ—নাগরিকঃ (ষ্ণিক্), পিতুঃ আগতম্—পৈতৃকম্ (কণ্), মাতুঃ আগতম্—মাতৃকম্ (কণঃ), পিত্র্যম্ (যৎ)।

৩০। তদর্হতি—'তাহার যোগ্য' এই অর্থে—

যৎ—দণ্ডম্ অর্হতি—দণ্ড্য। এইরূপ—ছেদ—ছেদ্য, ভেদ—ভেদ্য, অর্ঘ্য—অর্ঘ্য, বধ্—বধ্যঃ, যজ্ঞম্ অর্হতি—যজ্ঞিয় (ইয়)।

৩১। তস্মাদনপেতম্—'তাহা হইতে অনপেত' এই অর্থে—

যৎ—ধর্ম্মাৎ অনপেতম্—ধর্ম্ম্যম্। এইরূপ—ন্যায়—ন্যায্যম্, অর্থ—অর্থ্যম্ পথিন্—পথ্যম্, বিধি—বৈধম্ (ষ্ণ), শাস্ত্র—শাস্ত্রীয়ম্ (ষ্ণীয়)।

৩২। তস্যেদম্—'ইহা তাহার' এই অর্থে—

ষ্ণ—বিষ্ণোঃ ইদম্—বৈষ্ণবম্। এইরূপ—শিব—শৈবম্, দেব—দৈবম্, চন্দ্র—চান্দ্রম্, অসুর—আসুরম্, মনস্—মানসম্, শরীর—শারীরম্, ভরত—ভারতম্, পৃথিবী—পার্থিবম্, মহিষ—মাহিষম্, ইন্দ্র—ঐন্দ্রম্, হিমবৎ—হৈমবতম্, পশুপতি—পাশুপতম্, শঙ্কর—শাঙ্করম্। ষ্ণ্য—সাম্রাজ্যম্। ষ্ণিকঃ—বেদস্য ইদম্—বৈদিকম্। নীয়—তস্য ইদম্—তদীয়ম্, এতস্য ইদম্—এতদীয়ম্, যুষ্মাকম্ ইদম্—যুষ্মদীয়ম্, অস্মাকম্ ইদম্—অস্মদীয়ম্, তব ইদম্—ত্বদীয়ম্, মম ইদম্—মদীয়ম্, অন্যস্য ইদম্—অন্যদীয়ম্, ভবতঃ ইদম্—ভবদীয়ম্, পরস্য ইদম্—পরকীয়ম্, স্বস্য ইদম্—স্বকীয়ম্, রাজ্ঞঃ ইদম্—রাজকীয়ম্। এইরূপ—ভারতবর্ষীয়ম্, মদীয়ম্, জলীয়ম্ ; গোঃ ইদম্—গব্যম্ (যৎ)।

৩৩। তস্য বিকারঃ :—'তাহার বিকার' এই অর্থে—

ষ্ণ্য—সুবর্ণস্য বিকারঃ—সৌবর্ণঃ। এইরূপ—রজত—রাজতঃ, তিল—তৈলম্।

৩৪। তদস্য পণ্যম্—'তাহা ইহার ব্যবসায়' এই অর্থে—

ষ্ণিক—লবণম্ অস্য পণ্যম্—লাবণিকঃ। এইরূপ—অপূপ—আপূপিকঃ, তৈল—তৈলিকঃ, তাম্বুল—তাম্বুলিকঃ।

৩৫। তদস্য প্রহরণম্—'তাহা ইহার প্রহরণ (অস্ত্র)', এই অর্থে—

ধনুঃ অস্য প্রহরণম্—ধানুষ্কঃ (কণ্), শক্তিঃ অস্য প্রহরণম্—শাক্তীকঃ, যষ্টিঃ প্রহরণম্ অস্য—যাষ্টীক (ঈকক্)।

৩৬। **তদস্য শীলম্**—'তাহা ইহার শীল' এই অর্থে—

তপঃ অস্য শীলম্—তাপসঃ (ষ্ণ), গুরোঃ দোষাণাম্ ছত্রম্, ছত্রম্ অস্য —ছাত্রঃ (ষ্ণ)।

৩৭। **অধিকৃত্য কৃতে গ্রন্থে**—'কোন ব্যক্তি বা কোন বিষয় 'অবলম্বন করিয়া কোন গ্রন্থ প্রণয়ন করা হইয়াছে' 'এই' অর্থে :—

ষ্ণ—ভগবন্তম্ অধিকৃত্য কৃতম্—ভাগবতম্, ভরতান্ অধিকৃত্য কৃতম্—ভারতম্, রামম্ অধিকৃত্য কৃতম্—রামায়ণম্(ষ্ণায়ন)। ষ্ণেয়—রাঘবান্ পাণ্ডবান্ চ অধিকৃত্য কৃতম্—রাঘব, পাণ্ডবীয়ম্, কিরাতম্ চ অর্জ্জুনঞ্চ অধিকৃত্য কৃতম্ —কিরাতার্জ্জুনীয়ম্।

৩৮। **তস্মৈ হিতম্**—'তাহার হিত' এই অর্থে—

ব্রাহ্মণে হিতম্—ব্রাহ্মণ্যম্ (ষ্ণ্য), বিশ্বজনেভ্যঃ হিতম্—বিশ্বজনীনম্ (ঈন), সর্ব্বজনেষু সাধুঃ—সার্ব্বজনীনম, সার্ব্বজনিকম্ (ষ্ণিক)।

৩৯। **নক্ষত্রেণ যুক্তঃ কাল**–'কাল ও নক্ষত্রযোগ' বুঝাইলে নক্ষত্র-বাচক শব্দের উত্তর :—

ষ্ণ—বিশাখয়া নক্ষত্রেণ যুক্তঃ মাসঃ—বৈশাখঃ, এইরূপ—জ্যৈষ্ঠঃ, আষাঢ়া—আষাঢ়ঃ, শ্রবণাঃ-শ্রাবণঃ ভদ্রা—ভাদ্রঃ ইত্যাদি।

৪০। **তদ্বহতি**—'তাহা বহন করে' এই অর্থে—

হলং বহতি—হালিকঃ (ষ্ণিক), শকটং বহতি—শাকটঃ (ষ্ণ)।

৪১। **তেন জীবতি**—'তাহার দ্বারা জীবিকা নির্বাহ করে' এই অর্থে—

ষ্ণিক—বেতনেন জীবতি—বৈতনিকঃ, জালেন জীবতি—জালিকঃ।এইরূপ, নৌ—নাবিকঃ, বাগুরা—বাগুরিকঃ, ধনুষা জীবতি—ধানুষ্কঃ (কণ্)।

৪২। **তাদর্থ্যে**—'তাদর্থ্য' (তাহার নিমিত্ত) এই অর্থে—

পানার্থম্ উদকম্—পাদ্যম্ (ত্যৎ); এইরূপ— অর্ঘ্যম্, অতিথয়ে ইদম্—আতিথ্যম্।

৪৩। **স্বার্থে**—'স্বার্থে' নিম্নোক্ত প্রত্যয়গুলি হয়। এই সকল প্রত্যয়ের যোগে অর্থের কোন পরিবর্ত্তন হয় না।

ষ্ণ—বন্ধুঃ এব—বান্ধবঃ। এইরূপ—চোর—চৌরঃ, মনস্—মানসম্, প্রজ্ঞা—প্রাজ্ঞঃ, কুতূহল—কৌতূহলম্, দেবতা—দৈবতম্, রক্ষস্—রাক্ষসঃ, চণ্ডাল—চাণ্ডালঃ, মরুৎ—মারুতঃ। ষ্ণ্য—করুণা—কারুণ্যম্, সুখ—সৌখ্যম্ সেনা—সৈন্যম্, ত্রিলোকী—ত্রৈলোক্যম্, ভেষজ—ভৈষজ্যম্, সমীপ—সামীপ্যম্, সমান—সামান্যম্। **কন্**—নৌ-এব নৌকা, বাল এব-বালকঃ, এক—একক। **ধেয়**—ভাগ এব—ভাগধেয়, নাম এব—নামধেয়ম্। মৃৎ এব—মৃত্তিকা (তিকন্)। দেব এব—দেবতা (তল্); বাক্ এব—বাচিকম্ (ষ্ণিক—মৌখিক সংবাদ—a message)। নব্যম্ (যৎ), নবীনম্ (খীন), নূতনম্, (নূত্নম নিপাতন সিদ্ধ)।

৪৪। **সোঽস্য নিবাসঃ ; অভিজনশ্চ বা**—'তাহা ইহার নিবাস'অথবা অভিজন' এই অর্থে—

ষ্ণ—মথুরা অস্য নিবাসঃ অভিজনঃ বা—(মাথুরঃ)। এইরূপ—মিথিলা—মৈথিলঃ, কলিঙ্গ—কালিঙ্গঃ, বিদেহ—বৈদেহঃ, মগধঃ—মাগধঃ, পঞ্চাল—পাঞ্চালঃ।

৪৫। **সোঽস্য রাজা**—'তিনি সেই দেশের রাজা', এই অর্থে—

ষ্ণ—বিদেহস্য রাজা—বৈদেহঃ, মগধস্য রাজা—মাগধঃ, নিষধস্য রাজা—নৈষধঃ।

৪৬। **তস্য ভাবঃ**—'তাহার' ভাব' এই অর্থে—

ষ্ণ—কুমারস্য ভাবঃ—কৌমারম্। এইরূপ—শিশু—শৈশবম্, গুরু—গৌরবং, লঘু—লাঘবম্, ঋজু—আর্জ্জবম্, মৃদু—মার্দ্দবম্, সুষ্ঠু—সৌষ্ঠবম্, পটু—পাটবম্ ; সুরভি—সৌরভম্। **কণ্**—বৃদ্ধ—বার্দ্ধক্যম্। **ষ্ণ্য**—ধীর—ধৈর্য্যম্, গম্ভীর—গাম্ভীর্য্যম্, শীত—শৈত্যম্, মন্দ—মান্দ্যম্, সুভগ—সৌভাগ্যম্, কৃপণ—কার্পণ্যম্।

৪৭। তস্য ভাবঃ কর্মচ—'তাহার ভাব ও কর্ম্ম' এই অর্থে—

ষ্যঞ—ব্রাহ্মণস্য ভাবঃ কর্ম্ম বা—ব্রাহ্মণ্যম্। এইরূপঃ চোর—চৌর্য্যম্, অধিপতি—আধিপত্যম্, অলস—আলস্যম্, শূর—শৌর্য্যম্, পণ্ডিত—পাণ্ডিত্যম্, সহায়—সাহায্যম্।

ষ্ণ—শুচি—শৌচম্, কুশল—কৌশলম্, সুহৃদ—সৌহার্দ্দ্যম্।

৪৮। ইতরেষ্বপি দৃশ্যন্তে—পূর্ব্বোক্ত প্রত্যয় সকল (ষ্ণ, ষ্ণ্য, ষ্ণিক প্রভৃতি) অন্যান্য অর্থেও ব্যবহৃত হয়। যথা—

ষ্ণিক—ধর্ম্মং চরতি—ধার্ম্মিকঃ, দ্বারে নিযুক্তঃ—দৌবারিকঃ, লোকে বিদিতঃ—লৌকিকঃ, সর্ব্বলোকে বিদিতঃ—সার্ব্বলৌকিক, শকুনান্ হন্তি—শাকুনিকঃ (ব্যাধ), সহসা বর্ত্ততে—সাহসিকঃ, নাস্তি পরলোকে ইতি মতির্যস্য—নাস্তিকঃ। ষ্ণ—সর্ব্বভূমেঃ ঈশ্বরঃ—সার্ব্বভৌমঃ, পৃথিব্যাঃ ঈশ্বর—পার্থিবঃ, চক্ষুষা গৃহ্যতে—চাক্ষুষম্, মীমাংসাং বেত্তি অধীতে বা—মীমাংসকঃ, শিক্ষাং বেত্তি অধীতে বা—শিক্ষকঃ (কন্), বশং গতঃ—বশ্যঃ (যৎ), রথেন সঞ্চরতে—রথিকঃ, বয়সা তুল্যঃ—বয়স্য (যৎ), সমানে তীর্থে (গুরৌ) বসতি—সতীর্থ্যঃ (যৎ), সাক্ষাৎ দৃষ্টবান্—সাক্ষী (সাক্ষিন্), পন্থানং নিত্যং গচ্ছতি—পান্থঃ, (স্ত্রীং—পান্থা), পন্থানং গচ্ছতি—পথিকঃ (কন্), (স্ত্রীং—পথিকী), কর্ম্মণি প্রভবতি—কার্ম্মুকম্ (উকঞ্), পুনঃ পুনঃ ভবম্—পৌনঃপুনিকম্। পর্ব্বণি দীয়তে ক্রিয়তে বা—পার্ব্বণম্ (ষ্ণ), আত্মনে হিতম্—আত্মনীনম্, স্বর্গঃ প্রয়োজনম্ অস্য—স্বর্গ্যম্ যশঃ প্রয়োজনম্ অস্য—যশস্যম্, আয়ুঃ প্রয়োজনম্ অস্য—আয়ুষ্যম্ (যৎ), শ্রদ্ধা প্রয়োজনম্ অস্য—শ্রাদ্ধম্ (ষ্ণ), সূর্য্যস্য ইদম্—সৌরম্ (ষ্ণ), স্বয়ম্ভুব ইদম্—স্বায়ম্ভুবম।

LESSON IV

৪৯। **তস্য ভাবস্ত্বতলৌ**—'তাহার ভাব' এই অর্থে শব্দের উত্তর ত্ব ও তল্ (ত) প্রত্যয় হয়। ত্ব-প্রত্যয়ান্ত ক্লীবলিঙ্গ ও তল্ প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ হয়। যথা—

প্রভোঃ ভাবঃ—প্রভুত্বম্, প্রভুতা। এইরূপ—মানুষ—মনুষ্যত্বম্, মনুষ্যতা, রাজন্—রাজত্বম্, রাজতা। যুবন্—যুবত্বম্, যুবতা, বিদ্বস্—বিদ্বত্বম্, বিদ্বতা।

৫০। **পৃথ্বাদিভ্য ইমনিজ্ বা**—ভাবার্থে পৃথু প্রভৃতি শব্দের উত্তর বিকল্পে ইমনিচ্ (ইমন্) প্রত্যয় হয়। ইমন্ প্রত্যযান্ত শব্দ পুলিঙ্গ। ইমন্ প্রত্যয় হইলে শব্দের অন্তস্থিত উ-বর্ণের লোপ হয় এবং পৃথু ও দৃঢ প্রভৃতির স্থানে ব ও 'উক' প্রভৃতি শব্দ স্থানে 'বর' প্রভৃতি আদেশ হয। যথা—

পৃথোঃ ভাবঃ—প্রথিমা (প্রথিমন্ শব্দ ১মা ১ব)। এইরূপ—মৃদু—ম্রদিমা, দৃঢ—দ্রাঢ়িমা, কৃশ—ক্রশিমা, লঘু—লঘিমা, গুরু—গরিমা, অণু—অণিমা, পটু—পটিমা, প্রিয়—প্রেমা, মহৎ—মহিমা, হ্রস্ব—হ্রসিমা, দীর্ঘ—দ্রাঘিমা, নীল—নীলিমা, পীত—পীতিমা, রক্ত—রক্তিমা, শুক্ল—শুক্লিমা, মধুর—মধুরিমা, বহু—ভূমা, (ভূমন্—পুং ১মা, ১ব)। এই সকল স্থলে ত্ব ও তা এই দুইটি প্রত্যয়ও হইবে। যথা—পৃথ্বত্বম্, পৃথ্বতা।

৫১। **তেন তুল্যং ক্রিয়া চেদ্ বতিঃ**—তাহার তুল্য ক্রিয়া অর্থাৎ সাদৃশ্য অর্থে বতি প্রত্যয় হয়। বতি প্রত্যয়ের 'বৎ' থাকে। যথা—

চন্দ্র ইব—চন্দ্রবৎ। এইরূপ—পিতৃবৎ, মাতৃবৎ, পুত্রবৎ, রাজবৎ, আত্মবৎ, বিধিবৎ।

৫২। **তদস্য সঞ্জাতং তারকাদিভ্য ইতচ্**—'তাহা ইহার বা ইহাও জন্মিয়াছে,' এই অর্থে তারকা প্রভৃতি শব্দের উত্তর ইতচ্ (ইত) প্রত্যয় হয়। যথা—তারকাঃ অস্মিন্ সঞ্জাতাঃ—তারকিতম্ (নভঃ)। এইরূপ—পল্লবিত (তরুঃ), ফল—ফলিতঃ (বৃক্ষ), উৎকণ্ঠা—উৎকণ্ঠিতম্ (মনঃ), তরঙ্গিতা (নদী), পুষ্প—পুষ্পিতা (লতা), পিপাসা—পিপাসিতঃ, ঘৃণা—ঘৃণিতঃ, নিদ্রা—নিদ্রিতঃ।

৫৩। **যত্তদেতেভ্য পরিমাণে বতুপ্**—'পরিমাণ' অর্থে যদ্, তদ্, এত শব্দের উত্তর বতুপ্ (বৎ) প্রত্যয় হয় এবং যদ্ ও এতদ্ শব্দের 'দ' স্থানে 'আ' হয়। যথা—যৎ পরিমাণম্ অস্য—যাবৎ—যাবান্ (পুং ১ম, ১বঃ), তৎ পরিমাণম্ অস্য—তাবৎ (so much), এতৎ পরিমাণম্ অস্য—এতাবৎ (so much) ।

(ক) কিম্ ও ইদম্ শব্দের উত্তর বতুপ্ হইলে, 'কিয়ৎ' ও 'ইয়ৎ' এই দুই পদ নিপাতনে সিদ্ধ হয়। যথা—

কিম্ পরিমাণম্ অস্য—কিয়ৎ—কিয়ান্ (পুং ১মা, ১ব), ইদম্ পরিমাণম্ অস্য—ইয়ৎ (so much)—ইয়ান্ ।

৫৪। **সংখ্যায়া অবয়বে তয়প্**—'অবয়ব' শব্দের অর্থে সংখ্যাবাচক শব্দের উত্তর তয়প্ (তয়) হয় এবং দ্বি ও ত্রি শব্দের উত্তর বিকল্পে অয়চ (অয়) হয়। যথা—চত্বারঃ অবয়বাঃ অস্য—চতুষ্টয়। দ্বৌ অবয়বৌ অস্য—দ্বিতীয়ম্, দ্বয়ম্—এইরূপ—ত্রিতয়ম্, ত্রয়ম।

৫৫। **তস্য পূরণে ডট্**—'পূরণ' অর্থে সংখ্যাবাচক শব্দের উত্তর ডট্ প্রত্যয় হয়। 'ডট্' প্রত্যয়ের 'অ' থাকে। যথা—একাদশানাং পূরণঃ—একাদশঃ, স্ত্রী—একাদশী ; এইরূপ—দ্বাদশ—দ্বাদশী, ত্রয়োদশ—ত্রয়োদশী।

৫৬। **নান্তাদসংখ্যাদের্মট্**—অন্য কোন সংখ্যাবাচক শব্দ পূর্ব্বে না থাকিলে 'পূরণ' ন-কারান্ত সংখ্যাবাচক শব্দের উত্তর 'মট্' প্রত্যয় হয়। মট্ প্রত্যয়ের 'ম' থাকে। যথা—পঞ্চানাং পূরণঃ—পঞ্চমঃ, এইরূপ—সপ্তমঃ, অষ্টমঃ নবমঃ, দশমঃ।

LESSON V

৫৭। **তদস্যাস্ত্যস্মিন্নিতি মতুপ্**—(তৎ + অস্য + অস্তি + অস্মিন্ + ইতি)—"তাহা ইহার বা ইহাতে আছে' অর্থে শব্দের উত্তর 'মতুপ্' প্রত্যয় হয়। মতুপ প্রত্যয়ের 'মৎ' থাকে। যথা—

মতিঃ অস্য অস্তি—মতিমান্ (মতিমৎ পুং, ১মা, ১ব)। এইরূপ—বুদ্ধিমান্ ধীমান্, শ্রীমান্, অংশুমান্, ধনুষ্মান্, বপুষ্মান্, গোমান্, অগ্নিমান্, পিতৃমান্, (ক)।

(ক) অবর্ণাদ্ বঃ—অকারান্ত বা আকারান্ত শব্দের উত্তর বিহিত মতুপের 'ম' স্থানে 'ব' হয়। যথা—

জ্ঞানম্ অস্য অস্তি—জ্ঞানবান্। এইরূপ—বিদ্যাবান্, ধনবান্, দয়াবান্, বলবান্।

(খ) অ-ঙ-ণ-ন স্পর্শান্তাৎ—যে সকল শব্দের অন্তে ঙ, ঞ, ণ, ন ভিন্ন স্পর্শবর্ণ থাকে, তাহাদের উত্তর বিহিত মতুপের 'ম' স্থানে 'ব' হয়। যথা—

বিদ্যুৎ অস্মিন্ অস্তি—বিদ্যুত্বান্। এইরূপ—তড়িত্বান্, সম্পদ্বান্।

(গ) অবর্ণোপধাৎ—যে সকল শব্দের উপধায় (অন্ত্যবর্ণের পূর্ব্ব বর্ণ) অ, আ, থাকে, তাহাদের উত্তর বিহিত মতুপের 'ম' স্থানে 'ব' হয়। যথা—

আত্মবান্, ভাস্বান্, নভস্বান্, তেজস্বান্।

(ঘ) মকারোপধাচ্চ—যে সকল শব্দের উপধা স্থলে 'ম' থাকে, তাহাদের বিহিত মতুপের 'ম' স্থানে 'ব' হয়। যথা—লক্ষ্মীঃ অস্য অস্তি—লক্ষ্মীবান্।

(ঙ) ন যবাদেঃ—'যব' প্রভৃতি শব্দের উত্তর বিহিত মতুপের 'ম' স্থানে

(ক) ভূম-নিন্দা-প্রশংসাসু নিত্যযোগেঽতিশায়নে।
সংসর্গেঽতি বিবক্ষায়াং ভবন্তি মতুবাদয়ঃ॥

(১) ভূমা (বহুত্ব), (২) নিন্দা, (৩) প্রশংসা, (৪) নিত্যযোগ, (৫) অতিশায়ন ও (৬) সংসর্গ এই সকল অর্থে মতুপ্ প্রভৃতি প্রত্যয় হইয়া থাকে। যথা—(১) গোমান্, (২) পাপী, (৩) রূপবান্, (৪) ক্ষীরিণঃ বৃক্ষাঃ, (৫) উদরবতী কন্যা, (৬) দণ্ডী পান্থঃ।

(খ) "ন কর্ম্মধারয়ান্মত্বর্থীয়ো বহুব্রীহিশ্চেদর্থ-প্রতিপত্তিকর"—বহুব্রীহি সমাসের দ্বারা অর্থপ্রকাশ করা সম্ভবপর হইলে কর্ম্মধারয়ের উত্তর মত্বর্থীয় প্রত্যয় হয়। যেমন—সু (শোভনা) বুদ্ধির্যস্য সঃ—সুবুদ্ধিঃ (জনঃ); এস্থলে সুবুদ্ধিমান্ জনঃ—এরূপ প্রয়োগ অসাধু।

'ব' হয় না। যথা—যবমান্, বসামান্, দ্রাক্ষামান্, গরুত্মান্, হরিত্মান্, ককুদ্মান্, ঊর্মিমান্, ভূমিমান্।

৫৮। **অস্-মায়া-মেধা-স্রজো-বিনির্ব্বা**—তাহা ইহার বা ইহাতে আছে, এই অর্থে অস্-ভাগান্ত শব্দ, মায়া, মেধা ও স্রজ্ শব্দের উত্তর বিকল্পে বিনি (বিন্) প্রত্যয় হয়; পক্ষে মতুপ্ হয়। যথা—

যশঃ অস্য অস্তি—যশস্বী (যশস্বিন্—পুং, ১বঃ), মতুপ্—যশস্বান্। এইরূপ —তেজস্বী, তেজস্বান্, পয়স্বিনী, পয়স্বতী (ধেনুঃ), মায়াবী, মায়াবান্, মেধাবী, মেধাবান্, স্রগ্বী, স্রগ্বান্।

(ক) **নিত্যং তপসঃ**—তপস্ শব্দের উত্তর নিত্য বিনি (বিন্) হয়। যথা—তপঃ অস্য অস্তি—তপস্বী, স্ত্রীং—তপস্বিনী।

৫৯। **ইন্ বা নৈকস্বরাদবর্ণাৎ**—একাধিক স্বরবিশিষ্ট অকারান্ত ও আকারান্ত শব্দের উত্তর অস্ত্যর্থ বিকল্পে ইন্ হয়। পক্ষে যথাসম্ভব মতুপ্ ও বিন্ হয়। যথা—

জ্ঞানম্ অস্য অস্তি—জ্ঞানী (জ্ঞানিন্—পুং, ১মা, ১বঃ), মতুপ্—জ্ঞানবান্। এইরূপ—বল—বলী, বলবান্; শিখা—শিখী, শিখাবান্; মায়া—মায়ী, মায়াবান্, মায়াবী, সাহস—সাহসী, সাহসবান্; উৎসাহী, উৎসাহবান্।

(ক) **নিত্যং সুখাদেঃ**—'সুখ' প্রভৃতি শব্দের নিত্য ইন্ হয়। যথা—সুখ+ইন্=সুখী (সুখিন্-পুং)। এইরূপ—দুঃখী, প্রণয়ী ইত্যাদি।

(খ) **হস্তকরাভ্যাং জাতৌ**—'জাতি' বুঝাইলে হস্ত ও কর এই দুই শব্দের উত্তর নিত্য ইন্ হয়। হস্ত+ইন্—হস্তী (হস্তিন্ পুং); কর+ইন্ =করী (হাতী)।

LESSON VI

৬০। **অতিশায়নে তমবিষ্ঠনৌ**—বহুর মধ্যে একের উৎকর্ষ বুঝাইলে শব্দের উত্তর তমপ্ (তম) ও ইষ্ঠন্ (ইষ্ঠ) প্রত্যয় হয়। যথা—

অয়ম্ এষাম্ অতিশয়েন লঘুঃ—লঘুতমঃ, লঘিষ্ঠঃ। এইরূপ—গুরুতমঃ, গরিষ্ঠঃ। পটুতমঃ, পটিষ্ঠঃ; প্রিয়তমঃ, প্রেষ্ঠঃ; দীর্ঘতমঃ, দ্রাঘিষ্ঠঃ; মৃদুতমঃ, ম্রদিষ্ঠঃ; কৃশতমঃ, ক্রশিষ্ঠঃ; দৃঢ়তমঃ, দ্রাঢ়িষ্ঠঃ।

৬১। **দ্বয়োস্তরবীয়সুনৌ**—(দ্বয়োঃ+তরপ্+ঈয়সুনৌ)—দুইয়ের মধ্যে একের উৎকর্ষ বুঝাইলে শব্দের উত্তর তরপ্, তর ও ঈয়সুন্ (ঈয়স্) প্রত্যয় হয়। যথা—

অয়ম্ অনয়োঃ অতিশয়েন লঘুঃ—লঘুতরঃ, লঘীয়ান্। এইরূপ—গুরুতরঃ, গরীয়ান্, পটুতরঃ, পটীয়ান্; প্রিয়তরঃ, প্রেয়ান্; দীর্ঘতর, দ্রাঘীয়ান্; মৃদুতরঃ ম্রদীয়ান্; কৃশতরঃ, ক্রশীয়ান্।

(ক) ইষ্ঠ ও ঈয়সুন্ প্রত্যয় হইলে প্রশস্ত-শব্দের স্থানে শ্র ও জ্য হয়। এইরূপ—বৃদ্ধ স্থানে বর্ষ ও জ্য; অন্তিক স্থানে নেদ; বাঢ় স্থানে সাধ, অল্প স্থানে বিকল্পে কন্, যুবন্ স্থানে কন্ ও যব; স্থূল, স্থানে স্থব, দূর স্থানে দব, উরু স্থানে বর, ক্ষুদ্র স্থানে ক্ষোদ, ক্ষিপ্র স্থানে ক্ষেপ, বহুল স্থানে বংহ এবং স্থির স্থানে স্থ হয়।

(খ) ইষ্ঠ ও ঈয়সুন্ প্রত্যয় পরে থাকিলে বিন্ ও মতুপ্ প্রত্যয়ের লোপ হয়। যথা—মায়াবিন্+ইষ্ঠ=মায়িষ্ঠঃ, মায়াবিন্+ঈয়স্=মায়ীয়ান্। বলবৎ+ইষ্ঠ=বলিষ্ঠঃ, বলবৎ+ঈয়স্=বলীয়ান্।

(গ) বহু শব্দের উত্তর ঈয়সুন্ হইলে ভূয়স্ ও ইষ্ঠ হইলে ভূয়িষ্ঠ শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা—বহু+ঈয়স্=ভূয়ান্, বহু+ইষ্ঠ=ভূয়িষ্ঠঃ।

৬২। **ঈষদূনে কল্প-দেশ্য-দেশীয়াঃ**—'ঈষৎ' ও 'ন্যূন' এই অর্থে শব্দের উত্তর কল্প, দেশ্য ও দেশীয় প্রত্যয় হয়। যথা—

ঈষদূনো বিদ্বান্=বিদ্বৎকল্প, বিদ্বৎদেশ্যঃ, বিদ্বদ্দেশীয়ঃ।

৬৩। **তেন তুল্য স্থান স্থানীয়ৌ**—'তাহার তুল্য' এই অর্থে শব্দের উত্তর স্থান প্রত্যয় হয়। যথা—পিত্রা তুল্য—পিতৃস্থানঃ, পিতৃস্থানীয়ঃ। এইরূপ—মাতৃস্থানা, মাতৃস্থানীয়া।

৬৪। **ময়ট্**—বিকার, অবয়ব, ব্যাপ্তি, সংসর্গ ও অপৃথক্-ভাব বুঝাইলে শব্দের উত্তর 'ময়ট্' (ময়) প্রত্যয় হয়। যথা—

বিকার=স্বর্ণস্য বিকারঃ=স্বর্ণময়ঃ ঘটঃ, স্ত্রীং—স্বর্ণময়ী প্রতিমা। এইরূপ—মৃন্ময়—মৃন্ময়ী। হিরণস্য বিকারঃ=হিরণ্ময়ঃ (নিপাতন-সিদ্ধ), স্ত্রী—হিরণ্ময়ী।

প্রয়োগ :—হিরণ্ময়ী সীতা-প্রতিকৃতিঃ—(উ)।

অবয়ব—দারূণি অবয়বা অস্য=দারুময়ম্ আসনম্, কাষ্ঠানি অবয়বাঃ অস্য—কাষ্ঠময়ম্ হস্তী, অন্নানি অবয়বাঃ অস্য=অন্নময়ঃ যজ্ঞঃ।

ব্যাপ্তি—জলেন ব্যাপ্তম্=জলময়ম্ জগৎ, ধূমেন ব্যাপ্তম্=ধূমময়ম্ গৃহম্।

সংসর্গ—ঘৃতেন সংসৃষ্টম্—ঘৃতময়ম্, পাপেন সংসৃষ্টম্—পাপময়ম্ শরীরম্।

অপৃথগ্ ভাব—বিষ্ণোঃ অপৃথগ্ ভূতম্—বিষ্ণুময়ম্ জগৎ। এইরূপ বাঙ্ময়ং শাস্ত্রম্, ব্রহ্মময়ং বিশ্বম্, চিন্ময়ঃ পুরুষঃ।

গোশ্চপুরীষে—'পুরীষ' অর্থে গো শব্দের উত্তর ময়ট্ হয়। যথা—গোঃ পুরীষম্—গোময়ম্ (cow-dung).

৬৫। **সংখ্যায়া বিধার্থে ধা**—বিধার্থে ('প্রকার' অর্থে) সংখ্যাবাচক শব্দের উত্তর 'ধা' হয়। যথা—

এক বিধা (এক+ধা)=একধা (এক প্রকার)। এইরূপ—দ্বিধা, ত্রিধা, চতুর্ধা, পঞ্চধা, ষোঢ়া, শতধা, সহস্রধা। এই শব্দগুলি অব্যয় ও ক্রিয়াবিশেষণ।

৬৬। **পঞ্চম্যাস্তসিল্**—পঞ্চমী বিভক্তি স্থানেও বিকল্পে তসিল্ (তস্) প্রত্যয় হয়। যথা—গৃহাৎ—গৃহতঃ, গ্রামাৎ=গ্রামতঃ, সর্ব্বস্মাৎ—সর্ব্বতঃ, উভয়স্মাৎ—উভয়তঃ।

পূর্ব্বস্মিন্—পূর্ব্বতঃ, আদৌ—আদিতঃ, মধ্যে—মধ্যতঃ, সর্ব্বস্মিন্—সর্ব্বতঃ। পরি—পরিতঃ, অভি—অভিতঃ।

৬৭। **সপ্তম্যাস্ত্রল্**—দ্বি, অস্মদ্ ও যুষ্মদ্ শব্দ ভিন্ন সর্ব্বনাম শব্দের সপ্তমী বিভক্তি স্থানে বিকল্পে ত্রল্ (ত্র) হয়। যথা—

সর্ব্বস্মিন্—সর্ব্বত্র, উভয়স্মিন্—উভয়ত্র, একস্মিন্—একত্র, অন্যস্মিন্ —অন্যত্র, পূর্ব্বস্মিন্—পূর্ব্বত্র, পরস্মিন্—পরত্র।

(ক) তসিল্ (তস্) ও ত্রল্ (ত্র) প্রত্যয় হইলে এতদ্ স্থানে 'অ' যদ্ স্থানে 'য' তদ্ স্থানে 'ত,' কিম্ স্থানে 'কু' ও ইদম্ স্থানে 'ই' হয় এবং ইদম্ শব্দের উত্তর সপ্তমী বিভক্তি স্থানে বিকল্পে 'হ' হয়। যথা—

এতস্মাৎ—অতঃ, এতস্মিন্—অত্র, যস্মাৎ—যতঃ, যস্মিন্—যত্র, তস্মাৎ—ততঃ, তস্মিন্—তত্র, কস্মাৎ—কুতঃ, কস্মিন্—কুত্র, অস্মাৎ—ইতঃ, অস্মিন্—ইহ।

৬৮। **একসর্ব্বয়োঃ কালে দা**।—'কাল' বুঝাইলে এক ও সর্ব্ব শব্দের উত্তর সপ্তমী বিভক্তি স্থানে দা প্রত্যয় হয়। দা-প্রত্যয় হইলে সর্ব্বস্থানে বিকল্পে স হয়। যথা—সর্ব্বস্মিন্ কালে=সর্ব্বদা, সদা, একস্মিন্ কালে—একদা।

(ক) অন্য, কিম্ ও যদ্ শব্দের উত্তর সপ্তমী বিভক্তি স্থানে দা ও হি হয়।

অন্যস্মিন্ কালে—অন্যদা ; অন্যর্হি ; কস্মিন্ কালে=কদা, কর্হি ; যস্মিন্ কালে=যদা, যর্হি।

(খ) কাল বুঝাইলে যদ্ ও ইদম্ শব্দের সপ্তমীর স্থানে 'দানীম্' প্রত্যয় হয়। যথা—তস্মিন্ কালে=তদানীম্, অস্মিন্ কালে=ইদানীম্।

৬৯। **এদ্যুস্ পূর্ব্বাদেরহনি**—দিন বুঝাইলে পূর্ব্ব প্রভৃতি শব্দের উত্তর এদ্যুস্ প্রত্যয় হয়। যথা—পূর্ব্বস্মিন্ অহনি=পূর্ব্বেদ্যুঃ। এইরূপ—অন্যেদ্যুঃ, ইতরেদ্যুঃ।

(ক) দিন বুঝাইলে বিভক্তিযুক্ত পূর্ব্ব শব্দ স্থানে হ্যস্, সমান শব্দ স্থানে সদ্, ইদম্ স্থানে অদ্য এবং পর স্থানে শ্বস্ ও পরেদ্যবি হয়। যথা—

পূর্ব্বস্মিন্ অহনি=হ্যঃ (yesterday), সমানে অহনি=সদ্যঃ (the same day), অস্মিন্ অহনি=অদ্য (today), পরস্মিন্ অহনি=শ্বঃ (to-morrow) পরেদ্যবি (the next day)।

৭০। **প্রকারবচনে থাল্**—'প্রকার' অর্থে তৃতীয়া বিভক্তি স্থানে (সাধারণতঃ যুষ্মদ্, ভবৎ, কিম্ ও দ্বি শব্দ ভিন্ন সর্বনাম শব্দের উত্তর) থাল্ (থা) প্রত্যয় হয়। যথা—

যেন প্রকারেণ=যথা, তেন প্রকারেণ=তথা, সর্বৈঃ প্রকারৈঃ=সর্বথা। এইরূপ—অন্যথা, উভয়থা, ইতরথা।

(ক) কথম্ ও ইত্থম্ এই দুই পদ নিপাতনে সিদ্ধ হয়। যথা—কেন প্রকারেণ =কথম্ (who), অনেন এতেন বা প্রকারেণ=ইত্থম্ (thus).

৭১। **ভবে কালাব্যয়েভ্যস্তনষ্**—ভব অর্থে (উৎপত্তি বুঝাইলে) কালবাচক অব্যয় শব্দের উত্তর তনষ্ (তন্) প্রত্যয় হয়। যথা—অদ্য-তনম্।

এইরূপ—প্রাতস্তনম্, সায়ন্তনম্, দিবাতনম্, ইদানীন্তনম্, অধুনাতনম্ ইত্যাদি।

(ক) কয়েকটি শব্দের উত্তর নিত্য তনষ্ প্রত্যয় হয়। যথা—উপরি ভবঃ —উপরিতনঃ, প্রাক্ ভবঃ—প্রাক্তনঃ, অধঃ ভবঃ—অধস্তনঃ।

৭২। **কিমশ্চিচ্চনৌবিভক্ত্যন্তাৎ**—অনিশ্চয় বুঝাইলে বিভক্তিযুক্ত কিম্ শব্দের উত্তর চিৎ ও চন হয়। যথা—

কঃ+চিৎ=কশ্চিৎ, কঃ+চন=কশ্চন। এইরূপ—কাচিৎ, কাচন, কিঞ্চিৎ কিঞ্চন, কঞ্চিৎ, কঞ্চন; কেনচিৎ, কেনচন; কস্যচিৎ; কস্যচন; কুত্রচিৎ, কুত্রচন ইত্যাদি।

৭৩। **কৃভ্বস্তিযোগেঽভূততদ্ভাবে চ্বিঃ**—(কৃ+ভূ+অস্তিযোগে) অভূততদ্ভাব (যাহার যেরূপ পূর্বে ছিল না, এখন তাহার সেরূপ হওয়া) অর্থে কৃ, ভূ, অস্ ধাতুর যোগে শব্দের উত্তর চ্বি প্রত্যয় হয়। চ্বি প্রত্যয়ের কিছুই থাকে না। চ্বি প্রত্যয় হইলে শব্দের অন্তস্থিত হ্রস্ব দীর্ঘ হয় এবং অ-বর্ণ (অ, আ) স্থানে ঈ হয়। যথা—অলঘুং লঘুং করোতি—লঘূকরোতি; অগুরুং গুরুং করোতি—গুরূকরোতি।

৭৪। **সংখ্যায়াঃ ক্রিয়াভ্যাবৃত্তিগণনে কৃত্বসুচ্**—ক্রিয়ার অভ্যাবৃত্তি-গণন অর্থাৎ কতবার সেই ক্রিয়া অনুষ্ঠিত হইল তাহার গণনা বুঝাইলে, সংখ্যাবাচক শব্দের উত্তর কৃত্বসু (কৃত্বস্) প্রত্যয় হয়। যথা—

পঞ্চ বারান্ ভুঙ্‌ক্তে—পঞ্চকৃত্বঃ (five times) ভুঙ্‌ক্তে। এইরূপ—শতকৃত্বঃ, সহস্রকৃত্বঃ। প্রয়োগ :—'নমো নমস্তেঽস্তু সহস্রকৃত্বঃ'—(গী)।

৭৫। **দ্বি-ত্রি-চতুর্ভ্যঃ সুচ্**—বারার্থে দ্বি-ত্রি ও চতুর্ শব্দের উত্তর সুচ্ (স্) হয়। যথা—

দ্বৌ বারৌ ভুঙ্‌ক্তে=দ্বির্ভুঙ্‌ক্তে, এইরূপ—ত্রির্ভুঙ্‌ক্তে, চতুর্ভুঙ্‌ক্তে।

(ক) একবার অর্থে একশব্দের উত্তর সুচ্ (স) ইহা 'সকৃৎ' পদ নিপাতনে সিদ্ধ হয়। যথা—একং বারং ভুঙ্‌ক্তে—সকৃৎ ভুঙ্‌ক্তে?

অপর কয়েকটি তদ্ধিত প্রত্যয়

চুঞ্চুপ্ (চুঞ্চু), চণপ্ (চণ), তাহা দ্বারা খ্যাত এই অর্থে—বিদ্যাচুঞ্চুঃ, বিদ্যাচণঃ ; অস্ত্রচুঞ্চু, অস্ত্রচণঃ। মাত্রচ্ (মাত্র), (পরিমাণ অর্থে)—হস্তমাত্রম্, জানুমাত্রম্। চরট্ (চর) ভূতপূর্ব অর্থে—দৃষ্টচরঃ। ঠ—কুশল অর্থে কর্ম্মণি কুশলঃ—কর্ম্মঠঃ। ল, ইল, শ, র, ব্য, উরচ্ (উর), বল অস্তি (আছে) এই অর্থে—ল—মাসলঃ, শ্রীলঃ, শীতলঃ, শ্যামলঃ, মৃদুলঃ। ইল—ফেনিল, পঙ্কিলঃ, পিচ্ছিলঃ। শ—লোমশঃ, কর্কশঃ। র—মুখরঃ, পাণ্ডুরঃ, মধুরঃ। ব—কেশবঃ, গাণ্ডিবম্ (অর্জ্জুনের ধনু)। উরচ্—দন্তুরঃ (উন্নতদন্তবিশিষ্ট)। বল—কৃষীবলঃ (কৃষক), দন্তাবল (হস্তী)। ব্য—পিতুর্ভ্রাতা—পিতৃব্যঃ, ডুলচ্ (উল)—মাতুর্ভ্রাতা—মাতুলঃ, ডামহচ্ (আমহ)—মাতুঃ পিতা—মাতামহঃ, মাতুঃ মাতা—মাতামহী, পিতুর্মাতা—পিতামহী। শস্ (বহু ও অল্প অর্থে)—বহুশঃ, ভূরিশঃ, অল্পশঃ। (বীপ্সা অর্থে)—দিশঃ ; পঞ্চাশঃ। পাশঃ (কুৎসিৎ অর্থে)—বৈয়াকরণপাশঃ, ভিশক্‌পাশঃ। 'আকিন' (অসহায় অর্থে)—একাকী। 'কন্' (অজ্ঞাত, কুৎসিৎ, অল্প, হ্রস্ব, অনুকম্পা ও সংজ্ঞা

অর্থে), কস্য অয়ম্ অশ্বঃ=অশ্বকঃ, এইরূপ—মহিষকঃ, উষ্ট্রকঃ। কুৎসিতঃ অশ্বঃ—অশ্বকঃ ; অল্পং তৈলং—তৈলকম্, হ্রস্বো বৃক্ষঃ—বৃক্ষকঃ, অনুকম্পিতঃ, পুত্রঃ—পুত্রকঃ, সংজ্ঞা—করভকঃ, রোহিতকঃ। স্ত্রীলিঙ্গ শব্দের উত্তর কনন্ হইলে অন্ত্য স্বর হ্রস্ব হয়। যথা—মালবী—মালবিকা, মাধবী—মাধবিকা, চণ্ডী—চণ্ডিকা, কালী—কালিকা, শেফালী—শেফালিকা, শারী—শারিকা, যূথী—যূথিকা, দূতী—দূতিকা, সূচী—সূচিকা, কুশণ্ডী—কুশণ্ডিকা। তর, তরট্ (তর), হ্রস্ব অর্থে—হ্রস্বা কুটী—কুটীরঃ। হ্রস্বঃ অশ্বঃ—অশ্বতরঃ ; ম, ডিম, ভব (উৎপত্তি অর্থে)—মধ্যে ভবঃ=মধ্যমঃ, এইরূপ—অগ্রিমঃ, আদিমঃ, অন্তিমঃ, পশ্চাৎ—পশ্চিমঃ। ত্যক্ (ত্য)—দক্ষিণস্যাং দিশি ভবঃ=দাক্ষিণাত্যঃ। এইরূপ—পাশ্চাত্ত্যঃ। 'ত্য'—অমাত্য, অত্রত্য। 'সাতিচ্' (সাৎ)—(সাফল্য, ব্যাপ্তি, অধীনতা ও দেয় অর্থে)—কৃৎস্নং লবণং জলং করোতি—জলসাৎ করোতি। দেবায় দেয়ং করতি—দেবসাৎ করোতি। এইরূপ= ভস্মসাৎ, অগ্নিসাৎ, আত্মসাৎ, ধূলিসাৎ। অক্, ইক্ (স্বার্থে)—কন্যা—কন্যকা, তারা—তারকা, বালা—বালিকা, লতা—লতিকা। তৈলচ্ (তৈল) স্নেহ অর্থে—তিলস্য স্নেহং—তিলতৈলম্, এইরূপ—সর্ষপ তৈলম্। ইন্—বর্ণ+ইন্=বর্ণী (ব্রহ্মচারী), অর্থ+ইন্—অর্থী (যাচক)। সংজ্ঞা (নাম) বুঝাইলে—উদকম্ অস্মিন্ অস্তি—স্ব—উদশ্বান্ (সমুদ্র), চর্ম্ম অস্যাম্ অস্তি—চর্ম্মবতী (নদীর নাম), রাজ্যঃ অস্মিন্ অস্তি—রাজস্বান্ (শোভন রাজযুক্ত দেশ), তল (সমূহ অর্থে)—জনানাং সমূহঃ—জনতা।

ণক্ (ণ্বল্)

১। ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ণক হয় ; ণ, ইৎ যায়, অক থাকে। যথা—গৈ—গায়কঃ, নী—নায়কঃ, দা—দায়কঃ, ক্ষিপ্—ক্ষেপকঃ, স্মৃ—স্মারকঃ, পালি—পালকঃ, পঠ্—পাঠকঃ, নশ্—নাশকঃ।

২। নিমিত্তার্থে ভবিষ্যৎকালে ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ণক হয়। যথা—ভোজন করিবার জন্য যাইতেছে—ভোজকঃ গচ্ছতি।

তৃণ (তৃচ্)

১। ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে তৃণ্ হয়। প্রত্যয়ের ন্ ইৎ যায়, তৃ থাকে। যথা :—দা—দাতা, নী—নেতা, কৃ—কর্ত্তা, হৃ—হর্ত্তা, ভৃ—ভর্ত্তা, শ্রু—শ্রোতা। হন্—হন্তা, জি—জেতা, যুধ্—যোদ্ধা, গম্—গন্তা।

অণ

১। কর্ম্মবাচক পদের পরবর্ত্তী ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে অণ্ হয়। অণ্ প্রত্যয়ের ণ ইৎ যায়, অ থাকে। যথা—কুম্ভং করোতি=কুম্ভকারঃ, এইরূপ—মালাকারঃ, সূত্রাধারঃ, কর্ম্মকারঃ, তন্তুবায়ঃ ইত্যাদি।

অট্ (ট, টক্)

দিবা প্রভৃতি কর্ম্মবাচক পদের পরবর্ত্তী কৃ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে অট্ হয়। ট্ ইৎ, অ থাকে। যথাঃ—দিবাকরঃ, বিভাকরঃ, নিশাকরঃ, প্রভাকরঃ, ভাস্করঃ, কিঙ্করঃ, লিপিকরঃ, বলিকরঃ, চিত্রকরঃ।

হেতু ও অনুকূল অর্থ বুঝাইলে, কর্ম্মবাচক পদের পরবর্ত্তী কৃ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে অট্ হয়। যথা—হেতু অর্থে—শোককরঃ, বন্ধুনাশঃ, অর্থকরঃ, যশস্করঃ, বিদ্যালাভঃ। এইরূপ—ক্লেশকরঃ, ক্ষোভকরঃ, রোগকরঃ। অনুকূল অর্থে—বলকরং পুষ্টিকরম্ অন্নম্। এইরূপ—হিতকরঃ, প্রীতিকরঃ, মঙ্গলকরঃ।

পুরঃ, অগ্র, অগ্রে, অগ্রতঃ—এই কয়টি শব্দের পরবর্ত্তী সৃ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে অ হয়। যথা—পুরসরঃ, অগ্রসর, অগ্রেসরঃ অগ্রতঃসরঃ।

অধিকরণ-বাচক পদের পরবর্ত্তী চর্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে অট্ হয়। যথা—জলে চরতি—জলচরঃ, স্থলে চরতি—স্থলচরঃ, বনে চরতি—বনচরঃ, বনেচরঃ, নিশায়াং চরতি—নিশাচরঃ, পার্শ্বে চরতি—পার্শ্বচরঃ, খে চরতি—খচরঃ, খেচরঃ। রাত্রি শব্দের পর বিকল্পে ম্ (মুম্) আগম হয়। যথা—রাত্রৌ চরতি—রাত্রিচরঃ, রাত্রিঞ্চরঃ। (ক) কর্ম্মবাচক পদের পরবর্ত্তী উপসর্গহীন গৈ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে অট্ (টক্) হয়। যথা—সাম গায়তি—সামগঃ।

মনুষ্য ভিন্ন কর্ত্তা হইলে, কর্ম্মবাচক পদের পরবর্ত্তী হন্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে অট্ (টক্) হয় এবং হন্ স্থানে ঘ্ন হয়। যথা—পাপং হন্তি— পাপঘ্নঃ, পিত্তং হন্তি—পিত্তঘ্নঃ, বাতং হন্তি—বাতঘ্নঃ। মনুষ্য কর্ত্তা হইলে অট্ (ট্) না হইয়া ক প্রত্যয় হয় এবং তাহাতে ট্ ইৎ না থাকাতে স্ত্রী লিঙ্গে ঈপ্ হয় না। যথা—শত্রুং হন্তি—শত্রুঘ্নঃ, (স্ত্রী-শত্রুঘ্না), কৃতং হন্তি—কৃতঘ্নঃ, কিন্তু হস্তিঘ্নঃ নরঃ, রাজঘ্নঃ টক্ প্রত্যয় দ্বারা সাধিত। বিশেষ চিহ্ন বুঝাইতে জায়া ও পতি শব্দের উত্তর অট্ (টক্) প্রত্যয় হয়। যথা—জায়াঘ্নঃ নরঃ, পতিঘ্নী নারী [যাহার পাণি রেখা বা হাতের রেখায় পত্নী বা পতির মারক চিহ্ন আছে]

ণিন্ (ণিনি)

ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ণিন্ হয়; ণ, ইৎ, ইন্ থাকে। যথা—মন্ত্র—মন্ত্রী, বদ্—বাদী— প্রতিবাদী, পরিবাদী, বস্—বাসী, প্রবাসী, অধিবাসী, রাধ্- অপরাধী, চর্—সঞ্চারী, স্থা—স্থায়ী, দ্বিষ্—দ্বেষী, বিদ্বেষী, রুধ্—রোধী, বিরোধী, দ্রুহ্—দ্রোহী, বিদ্রোহী, কৃ—অধিকারী, লষ্—অভিলাষী।

উপসর্গের ও সুবন্ত পদের পরবর্ত্তী ধাতুর উত্তর ব্রত, শীল ও পৌনঃপুন্য অর্থে ণিন্ হয়। যথা—ব্রত— অর্থে স্থণ্ডিলে শেতে—স্থণ্ডিলশায়ী। শীল অর্থে— উষ্ণং ভুঙ্ক্তে—উষ্ণভোজী, অনুযায়ী, অম্বু জীবতি—অম্বুজীবী, সোমং পিবতি —সোমপায়ী, অগ্রে যাতি—অগ্রযায়ী, প্রমাদ্যতি—প্রমাদী, সত্যং বদতি—সত্য-বাদী, প্রিয়ং বদতি—প্রিয়বাদী, মনো হরতি— মনোহারী, বি করোতি—বিকারী, হৃদয়ং গৃহ্ণাতি—হৃদয়গ্রাহী (আত্মানং), সুভগং মন্যতে—সুভগমানী, অনু গচ্ছতি —অনুগামী, সহ গচ্ছতি—সহগামী। পৌনঃপুন্য অর্থে—পুনঃপুনঃ মিথ্যা বদতি—মিথ্যাবাদী, পুনঃপুনঃ পাপং করোতি—পাপকারী, পুনঃ পুনঃ কলহং করোতি—কলহকারী। কোথাও কোথাও তাচ্ছিল্যাদি অর্থ না বুঝাইলেও ণিন হয়। যথা—ব্রহ্ম বদতি—ব্রহ্মবাদী।

কর্ম্মবাচক পদের পরবর্ত্তী হন্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে অতীত কালে ণিন্ হয়; হন্ ধাতুর হ্ স্থানে স্ ও ন্ স্থানে তঃ হয়। যথা—পিতরং জঘান—পিতৃঘাতী, পিতৃব্যং জঘান—পিতৃব্যঘাতী, পুত্রং জঘান—পুত্রঘাতী, মিত্রং জঘান মিত্রঘাতী।

ভবিষ্যৎ কাল বুঝাইলে ভূ, যা, স্থা, গম্, যুধ্, বুধ্ ও রুধ্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ণিন্ হয়। যথা – ভূ-ভাবী, যা—যায়ী, স্থা—স্থায়ী, প্রস্থায়ী, গম্—গমী, আ-গম্—আগামী ; বুধ্— প্রতিবোধী, যুধ্—প্রতিযোধী।

ইন্ (ইনি)

নিন্দা বুঝাইলে কর্ম্মবাচক পদের পরবর্ত্তী বি-পূর্ব্বক ক্রী ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে অতীত কালে ইন্ হয়। যথা—মাংসং বিক্রীতবান্—মাংসবিক্রয়ী, সুতবিক্রয়ী, তৈলবিক্রয়ী, ঘৃতবিক্রয়ী, সোমবিক্রয়ী। নিন্দা না বুঝাইলে ইন্ প্রত্যয় হয় না।

জি, ক্ষি, প্র-সূ, পরি-ভূ প্রভৃতি কতকগুলি ধাতুর উত্তর ইন্ (ইনি) প্রত্যয় হয় (ক)। যথা—জি—জয়ী, ক্ষি—ক্ষয়ী, প্র-সূ—প্রসবিনী, প্রসবী ; পরি-ভূ—পরিভবী (অনাদরশীলঃ) ইত্যাদি।

খঙ্ (খশ্, খচ্)

বিধু ও অরুস্ শব্দের পরবর্ত্তী তুদ্ ধাতুর এবং পর ও ললাট শব্দের পরবর্ত্তী ণিজন্ত তপ্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে খঙ্ হয়। খঙ্ ইৎ, অ থাকে। যথা—বিধুং তুদতি—বিধুন্তুদঃ, অরুস্ শব্দের স্ স্থানে ম হয়, অরুন্তুদতি, অরুন্তুদঃ, পরং তাপয়তি—পরন্তপঃ, ললাটং তাপয়তি—ললাটন্তপঃ।

অসূর্য্য ও উগ্র শব্দের পরবর্ত্তী দৃশ্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে খঙ্ হয় এবং দৃশ্ স্থানে পশ্য হয়। যথা—অসূর্য্যম্পশ্যঃ, উগ্রম্পশ্য।

খশ্‌ (খচ্‌)

প্রিয় ও বশ্‌ শব্দের পরবর্ত্তী বদ্‌ ধাতুর এবং অভ্র শব্দের পরবর্ত্তী লিহ্‌ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে খশ্‌ হয়। যথা—প্রিয়ংবদঃ, বশংবদঃ, অভ্রংলিহঃ।

ক্রূ অর্থে বাচ্‌ শব্দের পরবর্ত্তী যম্‌ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে খশ্‌ হয়। যথা—বাচংযমঃ।

পুরন্দর শব্দ—খশ্‌ (খচ্‌) প্রত্যয়ে নিপাতনে নিষ্পন্ন হয়। যথা—পুরম্‌ (পুরং) দারয়তি—পুরন্দরঃ।

সর্ব্ব, কুল শব্দের পরবর্ত্তী কৃ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে খশ্‌ হয়। যথা—সর্ব্বঙ্করঃ, কুলঙ্করঃ। সর্ব্ব শব্দের পর সহ্‌ ধাতুর উত্তরও খশ্‌ (খচ্‌) প্রত্যয় হয়। যথা—সর্ব্বং সহতে—সর্ব্বং সহঃ, সর্ব্বংসহা—পৃথিবী।

ক্বিপ্‌

সুবন্ত পদের পরবর্ত্তী ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ক্বিপ্‌ হয়, সমুদয় ইৎ। যথা—সদ্‌-সভাসৎ, উপনিষৎ, পরিষৎ; সূ—পুত্রসূঃ, বীরসূঃ, প্রসূঃ; ভূ—প্রভিভূঃ, দ্বিষ্‌-ধর্ম্মদ্বিট্‌, মিত্রদ্বিট্‌; বিদ্‌-শাস্ত্রবিৎ, ধর্ম্মবিৎ, ভিদ্‌—গোত্রভিৎ, মর্ম্মভিৎ, ছিদ্‌-পক্ষচ্ছিৎ, মর্ম্মচ্ছিৎ, জি-শত্রুজিৎ, ইন্দ্রজিৎ; নী-সেনানীঃ, গ্রামণীঃ, অগ্রণীঃ, রাজ্‌-বিরাট্‌, সম্রাট্‌, দ্রুহ্‌—মিত্রধ্রুক্‌।

ঘঞ্‌

ভাববাচ্যে ও কর্ত্তৃ ভিন্ন কারকবাচ্যে ধাতুর উত্তর ঘঞ্‌ হয়; ঘঞ ইৎ, অ থাকে। যথাঃ—পচ্‌—পাকঃ, ত্যজ্‌-ত্যাগঃ, নশ্‌-নাশঃ, শুচ্‌-শোকঃ, ভুজ্‌-ভোগঃ, রুজ-রোগঃ, বস্‌-বাসঃ, পত্‌-পাতঃ, বদ-বাদঃ, শপ্‌-শাপঃ, তপ্‌-তাপঃ, দহ্‌-দাহঃ, শ্রু-শ্রাবঃ, লভ্‌-লাভঃ, পঠ্‌-পাঠঃ, স্বদ্‌-স্বাদঃ, মদ্‌-মাদঃ, হৃ-হারঃ, লস্‌-লাসঃ যজ্‌-যাগঃ, ভজ্‌-ভাগঃ,। রঞ্জ্‌ ধাতুর ন লোপ হয়—রাগঃ, ভন্‌জ্‌, ভঙ্গঃ, সন্‌জ-সঙ্গঃ অদ্‌-ঘাসঃ।

(ক) উপসর্গহীন শ্রি, নী ও ভূ ধাতুর উত্তর ঘঞ্ হয় (শ্রেণীভুবোঽনুপসর্গে)। যথা—শ্রায়ঃ, নায়ঃ, ভাবঃ। অব এবং উৎপূর্ব্বক নী ধাতুর উত্তরও ঘঞ্ হয়। (অবোদোর্নিঃ)। যথা—অবনায়ঃ, উন্নায়ঃ। দ্যূতক্রীড়া অর্থে পরিপূর্ব্বক নী-ধাতুর উত্তরও ঘঞ্ হয়। যথা—পরিণায়ঃ। অন্যত্র—প্রভবঃ (উৎপত্তিস্থান), পরিণয়ঃ (বিবাহ); প্রণয়ঃ ইত্যাদি। প্রভাব শব্দটি প্র—ভূ+ঘঞ্ না করিয়া প্রকৃষ্টঃ ভাবঃ এইরূপে প্রাদি সমাস দ্বারা নিষ্পন্ন করিতে হইবে। অব-পূর্ব্বক তৃ ও স্তৃ ধাতুর উত্তর করণ ও অধিকরণ বাচ্যে ঘঞ্ হয়। যথা—অবতারঃ (ঘাট), অবস্তারঃ (যবনিকা)।

অল্ (অপ্, অচ্)

ভাববাচ্যে ও কর্ত্তৃ ভিন্ন কারকবাচ্যে ধাতুর উত্তর অল্ হয়, ল্ ইৎ, অ থাকে। যথা—জি-জয়ঃ, ক্ষি-ক্ষয়ঃ, লী-লয়ঃ, নী-নয়ঃ, দ্রু-দ্রবঃ, স্রু-স্রবঃ, স্তু-স্তবঃ (কিন্তু প্র উপসর্গ থাকিলে, ঘঞ্ প্রত্যয়যোগে প্রস্রাবঃ, প্রস্তাবঃ— ("প্র-দ্রু-স্তু-স্রুবঃ") প্রভবঃ, ভী-ভয়ম্, বর্ষ-বর্ষম্, জপ্-জপঃ, শ্রি-শ্রয়ঃ, চি-চয়ঃ, গ্রহ্-গ্রহঃ, মদ্-মদঃ, মুদ্-মোদঃ, শ্লিষ্-শ্লেষঃ, রুষ্-রোষঃ, মুহ্-মোহঃ, দ্রুহ্-দ্রোহঃ, ক্রুধ্-ক্রোধঃ, কুপ-কোপঃ, ক্ষুভ্-ক্ষোভঃ, তুষ্-তোষঃ, বুধ্-বোধঃ, খিদ্-খেদঃ, মৃশ্-মর্শঃ, স্পৃশ্-স্পর্শঃ।

[হন্+ঘঞ্-ঘাতঃ, হন্+অপ্-বধঃ, বধঃ আ—হ্বে+ঘঞ্- আহাবঃ (জলাশয়ঃ), আ—হ্বে—অপ-আহবঃ (যুদ্ধম্)।

সু, কর্ম্মন্, পাপ, মন্ত্র ও পুণ্য শব্দের পরবর্ত্তী কৃ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে অতীতকালে কিপ্ হয়। যথা—সু কৃতবান্-সুকৃৎ, কর্ম-কৃতবান্-কর্ম্মকৃৎ, পাপকৃৎ, মন্ত্রকৃৎ, পুণ্যকৃৎ।

ব্রহ্মন্ ও বৃত্র শব্দের পরবর্ত্তী হন্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে অতীতকালে কিপ্ হয়। যথা—ব্রহ্মহা, বৃত্রহা।

অগ্নি শব্দের পরবর্ত্তী চি ও সোম শব্দের পরবর্ত্তী সু ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে

অতীতকালে কিপ্, হয়। যথা—অগ্নিং চিতবান্-অগ্নিচিৎ, সোমং সুতবান্—সোমসুৎ।

অনট্ (ল্যুট্)

ভাববাচ্যে ধাতুর উত্তর অনট্ হয়; ট্ ইৎ, অন থাকে। এই অনট্ প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ হয়। যথা—গম্-গমনম্, ভুজ্-ভোজনম্, শী-শয়নম্, বস্-বসনম্, আ-রুহ্-আরোহণম্, ঈক্ষ-ঈক্ষণম্, চল-চলনম্, পত্-পতনম্, ক্ষর্-ক্ষরণম্, স্খল-স্খলনম্, রক্ষ্-রক্ষণম্, ভক্ষ্-ভক্ষণম্, গর্জ্জ-গর্জ্জনম্, লজ্য্-লজ্যনম্, স্পন্দ্-স্পন্দনম্, তৃপ্-তর্পণম্, মন্-মননম্, অধি-ই-অধ্যয়নম্, বঞ্চ-বঞ্চনম্, খণ্ড-খণ্ডনম্, পা-পানম্ দা-দানম্, গ্ (গৈ)-গানম্, ঘ্রা-ঘ্রাণম্, জ্ঞা-জ্ঞানম্,।

করণ ও অধিকরণ বাচ্যেও ধাতুর উত্তর অনট্ হয়। যথা—করণ বাচ্যে নীয়তে অনেন—নয়নম্, লোচ্যতে অনেন—লোচনম্, চর্যতে অনেন—চরণম্, ক্রিয়তে অনেন—করণম্, সাধতে অনেন-সাধনম্। ভূষ্যতে অনেন-ভূষণম্। অধিরুহ্যতে অনয়া-অধিরোহণী; অধিকরণ বাচ্যে—শয্যতে অস্মিন্-শয়নম্, ভূয়তে অস্মিন্—ভবনম্, স্থীয়তে অস্মিন্—স্থানম্।

সু, দুর ও ঈষৎ শব্দের পরবর্ত্তী ধাতুর উত্তর কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে খল্ হয়; খল্ ইৎ, অ থাকে। যথা—কৃ-সুকরঃ—দুষ্করঃ, ঈষৎ করঃ; গম্-সুগমঃ, দুর্গমঃ, বহ্-সুবহঃ দুর্বহঃ, ত্যজ-সুত্যজঃ, দুস্ত্যজঃ, লভ্-সুলভঃ দুর্লভঃ।

Exercise 53

1. *Translate into Sanskrit :—*

(a) Rama, the son of Dasaratha, went to the forest. (b) Lakshmana, the son of Sumitra followed him there. (c) Arjuna the son of Pritha was a skilful archer. (d) Those who know grammar can write correctly. (e) There

are many blooming flowers in the garden. (f) The devotees of Shiva are worshipping him. (g) The monthly salary of the Headmaster of our school is four hnndred rupees. (h) This house is made of wood. (i) An intelligent man knows everything (j) You should not make friendship with the wicked. (k) The image of Durga is made of gold. (l) The king of Nisada married the daughter of the king of Vidarbha.

2. *Substitute single words for the following :—*

পরাশরস্য অপত্যম্, দ্বয়োঃ মাত্রোঃ অপত্যম্, ক্ষুদ্রাভিঃ কৃতম্, শিবঃ দেবতা অস্য, অতিথৌ সাধুঃ, চতুরঃ মাসান্ ব্যাপ্য স্থিতম্, পিতুঃ আগতম্, অস্মাকম্ ইদম্, লবণম্ অস্য পণ্যম্, বিশ্বজনেভ্যঃ হিতম্, শকটং বহতি, বেতনেন জীবতি, মথুরা অস্য নিবাসঃ অভিজনো বা, শূরস্য ভাবঃ কর্ম বা, শকুনান্ হন্তি, চক্ষুষা গৃহ্যতে, মৃদোঃ ভাবঃ, কিম্ পরিমাণম্ অস্য, যশঃ অস্য অস্তি।

3. *Derive the following :—*

বাচিকম্, সৌমিত্রঃ, যাদবঃ, চাণক্যঃ, রাধেয়ঃ, পৌরাণিকঃ, বাচস্পত্যম্, শাক্তঃ, দাসন্তিকঃ, আতিথেয়ঃ, গ্রাম্যঃ, মাসিকম্, ধর্ম্ম্যম্, মদীয়ম্, গব্যম্, তৈলম্, ছাত্রঃ, রসায়নম্, বৈশাখঃ, নাবিকঃ, বৈদেহঃ, পাটবম্, সৌভাগ্যম্, বয়স্যঃ, শ্রাদ্ধম্, রথিকঃ, আস্তিকঃ, পাঠনম্, পথিকঃ, প্রভুতা, নীলিমা, ফলিতঃ, কিয়ানঃ, দ্বাদশঃ, দশমঃ, অংশুমান্, মেধাবী, করী, গোময়ম্, পঞ্চকৃত্বঃ।

4. *Rewrite the following substituting derivative words for the underlined :—*

দশরথস্য পুত্রঃ প্রজাসু পিতা ইব আচরতি। যেষাং গুণাঃ সন্তি, তে সর্ব্বে এব তস্য মানসযোগ্যা ভবন্তি।

5. Use derivative words for the two underlined portions :—

জগদিদং জলেন ব্যাপ্তম্ আসীৎ। সুবর্ণস্য বিকারঃ অয়ং ঘটঃ। সহি তর্কং বেত্তি।

PART III

CHAPTER I

A Few Hints on Correction

১। কোন একটি অশুদ্ধ বাক্য শুদ্ধ করিতে হইলে প্রথমে তাহার সম্পূর্ণ অর্থ করিবে ; কারণ অর্থ বুঝিতে না পারিলে শুদ্ধ করা অসম্ভব।

২। যে বাক্যটি শুদ্ধ করিবে, তাহা বাচ্যের নিয়মানুসারে নিবদ্ধ হইয়াছে কি না দেখিবে। যথা—

(ক) গোপালঃ গ্রামং গম্যতে। (খ) রামেণ শয্যায়াং শেতে।

(ক) চিহ্নিত বাক্যে 'গোপালঃ' কর্ত্তা প্রথম পুরুষ, অতএব কর্ত্তৃবাচ্যে ক্রিয়া কর্ত্তার অধীন হয়, এই নিয়মানুসারে 'গম্যতে' না হইয়া 'গচ্ছতি' হইবে।

(খ) চিহ্নিত বাক্যে কর্ত্তা 'রামেণ', অতএব ক্রিয়া 'শেতে' না হইয়া 'শয্যতে' হইবে।

৩। বিশেষ্যের লিঙ্গ, বিভক্তি ও বচনানুসারে বিশেষণ পদের লিঙ্গ, বিভক্তি ও বচন হইয়াছে কি না দেখিবে। যথা—

সুশীলং বালকঃ, রুগ্নঃ নারী, মিষ্টঃ ফলানি ইত্যাদি স্থলে যথাক্রমে—সুশীলঃ বালকঃ ; রুগ্না নারী ; মিষ্টানি ফলানি এইরূপ হইবে।

৪। বাক্যমধ্যে শব্দরূপ বা ধাতুরূপের কোন ভুল আছে কি না, তাহা দেখিবে। যথা—

(ক) বিদ্বানস্য ভবনম্। (খ) সদা মাতরং পিতরঃ চ সেবেৎ। (গ) গুণিং জনং পুজেৎ। (ঘ) স মম দুহিতা।

যথাক্রমে শুদ্ধ—(ক) বিদুষঃ ভবনম্। (খ) সদা মাতরং পিতরং চ সেবেত। (গ) গুণিনং জনং পুজয়েৎ। (ঘ) সা মম দুহিতা।

(ক) ইন ভাগান্ত (গুণিন্, সুখিন্, ধনিন্ প্রভৃতি) শব্দের রূপে প্রথমার একবচনে দীর্ঘ ঈকার, আর সর্ব্বত্র হ্রস্ব ইকার হইবে। যেমন—১বঃ গুণী, সুখী, বলী, ধনী। অন্যত্র—গুণিন্, বলিন্, ধনিনা, বলি ইত্যাদি।

(খ) ঋ, র্, ষ—এর স্বরবর্ণ ও ক-বর্গ প্রভৃতি ব্যবধান থাকিলেও দন্ত্য ন মূর্দ্ধণ্য ণ হয়। যেমন—হরিণা, নৃণাম্, গুরূণাম্ প্রভৃতি। কিন্তু দ্বিতীয়া বিভক্তির বহুবচনের অন্ত্য ন্, ণ হইবে না যথা—নবান্, দাতৄন্, বৃষান্, হরীন্।

(গ) সুধী, শ্রী, স্ত্রী, ধী, ভী—এই শব্দগুলির রূপে 'য়' এর পুর্ব্বে হ্রস্ব ইকার, অন্যত্র দীর্ঘ ঈকার এবং ভু, প্রতিভু, সুভ্রূ প্রভৃতি শব্দের রূপে 'য' এর পুর্ব্বে হ্রস্ব উকার অন্যত্র দীর্ঘ ঊকার হয়। যথা—সুধিয়ঃ, সুধিয়ৌ, শ্রিয়ঃ, সুধীভিঃ, শ্রীভ্যাম্, ভুবৌ, প্রতিভুবঃ, ভুবু, প্রতিভুভিঃ ইত্যাদি।

৫। বাক্য মধ্যে কোন সন্ধির ভুল আছে কি না, দেখিবে। যথা—

'দশরথোবাচ', দশরথ+উবাচ, এখানে বিসর্গের পর আকার ভিন্ন স্বরবর্ণ 'উ' পরে থাকায় বিসর্গের লোপ হইয়াছে। বিসর্গ লোপের পর আর সন্ধি হয় না; অতএব, 'দশরথ উবাচ' এইরূপ হইবে। এইরূপ—(ক) অম্যশ্বা ধাবন্তি। (খ) সাধ্বিমৌ মুনিবালকৌ—এই দুই স্থলে অমী+অশ্বা, সাধু+ইমৌ—সন্ধি হইবে না, অদস-শব্দ-নিষ্পন্ন ঈকারান্ত ও উকারান্ত পদের সহিত এবং দ্বিবচন নিষ্পন্ন ঈ-কারান্ত, উ-কারান্ত ও এ-কারান্ত পদের সহিত পরপদের সন্ধি হয় না। অতএব, (ক) অমী অশ্বা ধাবন্তি। (খ) সাধু ইমৌ মুনিবালকৌ হইবে।

৬। বাক্য মধ্যে কোনও অব্যয় শব্দ থাকিলে তাহা যথাযথ ব্যবহৃত হইয়াছে কি না দেখিবে। যথা—

(ক) রামঃ প্রাতে ভ্রমতি। (খ) রোগী দিবায়াং শেতে। (গ) মিথ্যাং ন বদেৎ।

এখানে প্রাতর্, দিবা ও মিথ্যা এই তিনটি শব্দ অব্যয়, অতএব ইহাদের উত্তর বিভক্তির লোপ হইয়া (ক) রামঃ প্রাতর্মতি। (খ) রোগী দিবা শেতে। (গ) মিথ্যা ন বদেৎ—এইরূপ হইবে।

৭। সংস্কৃত অভিধানে যে শব্দের যে লিঙ্গ ও বচন নির্দ্দিষ্ট আছে তদনুসারে সেই শব্দ সেই লিঙ্গে বা বচনে ব্যবহৃত হইয়াছে কি না তাহা দেখিবে। যথা—

(ক) ত্বং মম মিত্রঃ। (খ) স প্রাণং তত্যাজ।

এস্থলে 'ক' চিহ্নিত বাক্যে 'বন্ধু' অর্থে প্রযুক্ত মিত্র শব্দ ক্লীবলিঙ্গ এবং 'খ' চিহ্নিত বাক্যে প্রাণ শব্দ পুংলিঙ্গ ও নিত্য বহুবচনান্ত; (ক) ত্বং মম মিত্রং, (খ) স প্রাণান্ তত্যাজ—এইরূপ হইবে।

৮। বাক্যমধ্যে কারক ও বিভক্তির কোন ভুল আছে কি না, তাহা দেখিবে। যথা—

(ক) পিতা মাং প্রচুরম্ অর্থং দাস্যতি। (খ) লক্ষ্মণো রামস্য সহ বনং জগাম।

এস্থলে 'ক' চিহ্নিত বাক্যে 'মাম্' এখানে সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তি হইয়া মহ্যম্ হইবে এবং 'খ' চিহ্নিত বাক্যে 'রামস্য' এখানে সহ শব্দের যোগে তৃতীয়া বিভক্তি হইয়া 'রামেণ' হইবে।

৯। বাক্যমধ্যে আত্মনেপদ ও পরস্মৈপদ-বিধানের কোন ভুল আছে কিনা, তাহা দেখিবে। যথা—

(ক) রামো দণ্ডকারণ্যং প্রতস্থৌ। (খ) ইয়ং নদী প্রবহতে।

এই দুই স্থলে 'ক' চিহ্নিত বাক্যে 'প্রতস্থৌ' এখানে 'সমপ্রবিভ্যঃ 'স্থ' এই সূত্র-দ্বারা প্র-পুর্ব্বক স্থা ধাতুর আত্মনেপদে বিহিত হওয়ায় 'প্রতস্থে' হইবে এবং 'খ' চিহ্নিত বাক্যে 'প্রবহতে' এখানে প্রাদ্বহ এই সূত্র দ্বারা প্র-পুর্ব্বক বহ ধাতুর পরস্মৈপদ বিহিত হওয়ায় প্রবহতি হইবে।

১০। বাক্যমধ্যে যথাযথ সমাসান্ত বিধির প্রয়োগ হইয়াছে কি না তাহা দেখিবে। যথা—

মহারাজা ইদং করোতি। এখানে মহৎ শব্দের সহিত রাজন্ শব্দের কর্ম্মধারয় সমাস হওযায় রাজন্ শব্দের উত্তর (অট্) হইয়া 'মহারাজ' হইবে।

১১। বর্ণাশুদ্ধির বিষয়ে বিশেষ লক্ষ্য রাখিবে। নিম্নলিখিত শব্দগুলিতে ছাত্রেরা প্রায়ই বানানের ভুল করে। যথা—

নীরোগঃ, নিশীথঃ, ভাগীরথী, শারীরিকম্, বাল্মীকি, কালিদাসঃ, মীমাংসা, দুর্গা, তণ্ডুলং, শুশ্রূষা, প্রত্যূষম্, কৌতূহলম্, মুমূর্ষুঃ, মধ্যাহ্নঃ, পূর্ব্বাহ্ণঃ, অপরাহ্ণঃ, মৃন্ময়ঃ, হিরণ্ময়ঃ, পক্বম্, স্বাস্থ্যম্, পরীক্ষা, দ্বন্দ্বম্, ধ্বংসঃ, জাগরূকঃ ইত্যাদি।

১২। বালকেরা সাধারণতঃ কৃ ধাতুর অযথা প্রয়োগ করিয়া অনুবাদের মধ্যে ভুল করে। যথা—

রাম ধন দান করিতেছে—সংস্কৃত অনুবাদ করিবার সময় বালকেরা প্রায়ই রামো ধনং দানং করোতি—এইরূপ লিখিয়া থাকে, কিন্তু এরূপ লেখা ভুল। কারণ দা ধাতুর উত্তর অনট্ প্রত্যয় করিয়া 'দানং' এই পদটি সিদ্ধ হইয়াছে, সুতরাং কৃৎ প্রত্যয়ের যোগে "কর্ত্তৃকর্ম্মণো কৃতি" এই সূত্র দ্বারা ইহার কর্ম্মে ষষ্ঠী বিভক্তি হইয়া 'ধনস্য' এই পদ হইবে।

"রামো ধনস্য দানং করোতি" এইরূপ লিখিলে ভুল হয় না বটে কিন্তু এস্থলে "রামো ধনং দদাতি" এইরূপ লেখা উচিত।

১৩। (ক) তে পুস্তকং গৃহাণ। (খ) মে খাদ্যং দেহি—এই দুই বাক্য (ক) তব পুস্তকং গৃহাণ। (খ) মহ্যং খাদ্যং দেহি—হইবে, কারণ যুষ্মদ্ ও অস্মদ্ শব্দে ত্বা, তে, বাম্, মা, মে, নৌ, নঃ—এই short formsগুলি কোনও বাক্যের আরম্ভে বসে না।

১৪। (ক) দক্ষিণাং প্রতিগৃহীত্বা ব্রাহ্মণঃ প্রস্থিতঃ। (খ) বৃক্ষে অবস্থিত্বা রাত্রিং যাপয়। যথাক্রমে—(ক) দক্ষিণাং প্রতিগৃহ্য...। (খ) বৃক্ষে অবস্থায়...। ধাতুর পূর্ব্বে উপসর্গ থাকিলে ক্ত্বাচ্ না হইয়া ল্যপ হইবে।

LESSON II

Common Errors

Incorrect	Correct
1. ভীতঃ পক্ষীগণঃ সমন্তাৎ পলায়ন্তি।	1. ভীতঃ পক্ষীগণঃ সমন্তাৎ পলায়তে।
2. কথং ত্বমকারণং ভৃত্যবে ক্রুধ্যতি?	2. কথং ত্বমকারণং ভৃত্যায় ক্রুধ্যসি?
3. প্রিয়মপি মিথ্যাং মা বদস্ব।	3. প্রিয়মপি মিথ্যা মা বদ।
4. সম্রাজস্য তস্য দ্বৌ ভার্য্যে আস্তাম্।	4. সম্রাজঃ তস্য দ্বে ভার্য্যে আস্তাম্।
5. গ্রামস্য উভয়তঃ মহান্ সরো বর্ত্ততে।	5. গ্রামম্ উভয়তঃ মহৎ সরঃ বর্ত্ততে। (C. U. 1941)
6. পুণ্যবানোঽয়ং জনঃ যতস্তস্য চতস্রোঽপি পুত্রাঃ বিদ্বাংসঃ।	6. পুণ্যবান্ অয়ং জনঃ, যতস্তস্য চত্বারোঽপি পুত্রাঃ বিদ্বাংসঃ।
7. ভ্রমরাঃ পুষ্পমধুং পিবতুম্ অরণ্যে ধাবন্তি।	7 ভ্রমরাঃ পুষ্পমধুঃ পাতুম্ অরণ্যে ধাবন্তি।
8. স পিতুর্বিপুলা সম্পত্তিমলভৎ।	8. স পিতুর্বিপুলাং সম্পত্তিমলভত।
9. স প্রত্যহং নিদ্রাতুত্থিতঃ ভগবানং স্মরতি।	9. স প্রত্যহং নিদ্রায়াঃ উত্থিতঃ ভগবন্তং স্মরতি।
10. তে যাচকান্ ধনানি দদন্তি	10. তে যাচকেভ্যঃ ধনানি দদতি।
11. যো বিদ্বান্ সো বহুভিঃ পূজ্যতে।	11 যো বিদ্বান্ স বহুভিঃ পূজ্যতে।
12. অদদৎ ধনং তস্মৈ রাজা।	12. অদদাৎ ধনং তস্মৈ রাজা।
13. ভূয়সী যশস্তেন প্রাপ্তম্।	13. ভূয়ঃ যশস্তেন প্রাপ্তম্।
14. ভবান্ কথং মামবজানাসি?	14. ভবান্ কথং মামবজানাতি?
15. বানরাঃ ফলানি ভুঞ্জন্তে।	15. বানরাঃ ফলানি ভুঞ্জতে।
16. পরোক্ষে কার্য্যহন্তারং মিত্রং বর্জ্জয়েৎ।	16. পরোক্ষে কার্য্যহন্তৃ মিত্রং বর্জ্জয়েৎ।

Incorrect	Correct
17. গুণীনাং মুনীনাং সান্নিধ্যং পাবনম্।	17. গুণিনাং মুনীনাং সান্নিধ্যং পাবনম্। (C. U. 1943)
18. ন্যায়েন রাজ্যং শাসতি রাজা।	18. ন্যায়েন রাজ্যং শাস্তি রাজা।
19. গৃহস্য পশ্চিমস্যাং দিশি বটবৃক্ষ আস্তে।	19. গৃহাৎ পশ্চিমায়াং দিশি বটবৃক্ষ আস্তে।
20. শিশবঃ শয্যায়াং শয়ন্তে।	20. শিশবঃ শয্যায়াং শেরতে।
21. বটে অধিতিষ্ঠন্ স সর্ব্বং শুশ্রাব।	21. বটম্ অধিতিষ্ঠন্ স সর্ব্বং শুশ্রাব।
22. সিংহং দৃষ্ট্বা দূরং প্রতিষ্ঠতি চিত্রকঃ।	22. সিংহং দৃষ্ট্বা দূরং প্রতিষ্ঠতে চিত্রকঃ।
23. স সপ্ত বর্ষান্ ব্যাকরণমধীতে।	23. স সপ্ত বর্ষাণি ব্যাকরণমধীতে।
24. তে শত্রূন্ নিহন্তি।	24 তে শত্রূন্ নিঘ্নন্তি।
25. স হি যশো লভিতুং সর্ব্বদা অচেষ্টৎ।	25. স হি যশো লব্ধুং সর্ব্বদা অচেষ্টত।
26. মাং পুস্তকমেকং দাতুমর্হসি ভবান্।	26. মহ্যং পুস্তকমেকং দাতুমর্হসি ভবান্।
27. চত্বারঃ কন্যকাঃ অস্মিন্ দিশি আগচ্ছন্তি।	27. চতস্রঃ কন্যকাঃ অস্যাং দিশি আগচ্ছন্তি।
28. বিদ্যালয়ং গচ্ছন্ তে পথে ক্রীড়ারতা অভবন্।	28. বিদ্যালয়ং গচ্ছন্তঃ তে পথি ক্রীড়ারতাঃ অভবন্।
29. সত্তস্য সেবায়াং মনং নিদধে।	29. স তস্য সেবায়াং মনো নিদধে।
30. এবং পরস্পরং বিবদন্তস্তে নরপত্যুঃ সকাশমগচ্ছন্।	30. এবং পরস্পরং বিবদমানাস্তে নরপতেঃ সকাশমগচ্ছন্।
31. সর্ব্বে জনাঃ দিবায়াং জাগ্রতি।	31. সর্ব্বে জনাঃ দিবা জাগ্রতি

Incorrect	Correct
32. পিতুস্তে নামং জানিতুমিচ্ছামি।	32. পিতুস্তে নাম জ্ঞাতুমিচ্ছামি।
33. অস্মিন্ দিশি সবো এক বর্ত্ততে।	33. অস্যাং দিশি সর্ঃ একং বর্ত্ততে।
34. তদানীং সর্বে অপ্সরা নর্ত্তিতুমাবেভিরে।	34. তদানীং সর্ব্বাঃ অপ্সরসঃ নর্ত্তিতুমাবেভিরে।
35. দিবাযাং মা স্বপ।	35. দিবা মা স্বপিহি।
36. অপাবা হি ভগবানস্য মহিমা।	36. অপারো হি ভগবতঃ মহিমা।
37. গুরুং সেবন্তে জনাঃ জ্ঞানং লভিতুং সামর্থাঃ।	37. গুরুং সেবমানাঃ জনাঃ জ্ঞানং লব্ধুং সমর্থাঃ।
38. ফলানি সংগৃহীত্বা তস্মাৎ স্থানাৎ পলাযতে সশ্চৌনঃ।	38. ফলানি সংগৃহ্য অস্মাৎ স্থানাৎ পলাযতে স চৌরঃ।
39. স সবেগেন গচ্ছন্ পথে পতিতঃ।	39. স সবেগং গচ্ছন্ পথি পতিতঃ। (C. U. 1947)
40. এষো নবো মিথ্যাং বদতি।	40. এষ নরঃ মিথ্যা বদতি।
41. ভবান্ পাপকর্ম্মাদ বিরম।	41. ভবান্ পাপকর্ম্মঃ বিরমতু।
42. বর্ষাযাং নভো মেঘাবৃতস্তিষ্ঠতি।	42. বর্ষাসু নভো মেঘাবৃতং তিষ্ঠতি।
43. মুনির্বনেঽধিবসতি, ব্যাঘ্রং তু ন বিভেতি।	43. মুনির্বনম্ অধিবসতি, ব্যাঘ্রাৎ তু ন বিভেতি।
44. মহারাজা প্রজাঃ ন্যাযেন শাসতি।	44. মহারাজঃ প্রজাঃ ন্যায়েন শাস্তি। (C. U. 1948)
45. সর্ব্বে জনাঃ দিবায়াং জাগ্রন্তি।	45. সর্ব্বে জনাঃ দিবা জাগ্রতি।
46. অযমাগচ্ছতি মহারাজ্ঞো মিত্রঃ।	46. ইদমাগচ্ছতি মহারাজস্য মিত্রম্।
47. অম্বে। তৃষ্ণার্ত্তায় মে আপং দেহি।	47. অম্ব! তৃষ্ণার্ত্তায় মে অপঃ দেহি।

Incorrect	Correct
48. রথেধিতিষ্ঠন্ রাজা শত্রুং পরাজয়তি।	48. রথমধিষ্ঠন্ রাজা শত্রুং পরাজয়তে।
49. প্রাতে উত্থায় ভগবানং স্মর।	49. প্রাতরুত্থায় ভগবন্তং স্মর।
50. মে মনসি দুঃখং নাস্তি।	50. মম মনসি দুঃখং নাস্তি।
51. বিপদাৎ রক্ষ মাং ভবান্।	51. বিপদঃ রক্ষতু মাং ভবান্।
52. শিশবঃ গৃহেষু অধিশয়ন্তি।	52. শিশবঃ গৃহানি অধিশেরতে।
53. মহারাজা প্রজান্ স্নেহেন পালয়তি।	53. মহারাজঃ প্রজাঃ স্নেহেন পালয়তি। (C. U. 1950)
54. এতাদৃশী মিথ্যা ত্বয়া ন বক্তব্যা।	54. এতাদৃশং মিথ্যা ত্বয়া ন বক্তব্যম্।
55. সর্ব্বে দিবায়াং জাগ্রন্তি।	55. সর্ব্বে দিবা জাগ্রতি।
56. আপদে ভগবানেব অস্মাকং শরণম্।	56. আপদি ভগবানেব অস্মাকং শরণম্।
57. তে বাক্যং মম ন রোচতে।	57. তব বাক্যং মে ন রোচতে।
58. দিবি দেবাঃ অধ্যাসন্তে।	58. দিবং দেবা অধ্যাসতে।
59. মাতৄন্ প্রণত্বা গৃহং গচ্ছ।	59. মাতৄঃ প্রণম্য গৃহং গচ্ছ।
60. সর্ব্বে জনাঃ ব্যাঘ্রাৎ ভয়ন্তি।	60. সর্ব্বে জনাঃ ব্যাঘ্রাৎ বিভ্যতি।
61. স্বাদুং ফলং বালকস্য রোচতে।	61. স্বাদু ফলং বালকায় রোচতে।
62. মহারাজা রিপুম্ পরাজয়তি।	62. মহারাজঃ রিপূন্ পরাজয়তে। (C. U. 1951)
63. অষ্টানি ফলানি লতাদাহর।	63. অষ্ট ফলানি লতায়াঃ আহর।
64. সিংহাঃ দিবায়াং পর্ব্বতগুহাসু অধিবসন্তি।	64. সিংহাঃ দিবা পর্ব্বতগুহাম্ অধিবসন্তি।
65. মে ধনস্য প্রয়োজনং নাস্তি।	65. মম ধনেন প্রয়োজনং নাস্তি।

Exercise 50

Miscellaneous Errors

GROUP A

1. Correct the following sentences, giving reasons :—

(১) এষো নরঃ মাং বস্ত্রমেকং অদদাৎ। (২) স নারী পতিং শুশ্রূষন্তী প্রাণং জহৌ। (৩) ভবান্ মাং কিম্ অবদঃ। (৪) অস্য দ্রব্যস্য কোঽপি প্রয়োজনং নাস্তি। (৫) রোগিঃ স্বাদুং অন্নং ভুনক্তি। (৬) সীতা অরণ্যে অধিবসন্তি রুরোদ। (৭) মম তৎ সুকরম্। (৮) দরিদ্রঃ প্রাণং ত্যজিতুম্ ইচ্ছতি। (৯) ইমাং রমণীয়াং চন্দ্রমাং পশ্য। (১০) বন্ধুঃ আগতৌ অস্য সার্দ্ধমহমগচ্ছতি। (১১) পিতা বশম্বদং পুত্রম্ আদরতি। (১২) ভগবতো মহাদেবস্য মহিমাং বর্ণয়িতুং কো সমর্থঃ ? (১৩) বলবান্ যুবা মাং ধাবতি। (১৪) বিংশতয় নার্য্যঃ ফলানি আনয়িতুং গতা। (১৫) মুনি অষ্টানি সমিধানি সংগৃহীত্বা আগতঃ। (১৬) গুরুং সেবন্ শিষ্যাঃ পাপকর্ম্মাৎ বিরমন্তে। (১৭) মহারাজ্ঞা আদেশমিদং ত্বয়া পালনীয়ম্। (১৮) অস্মিন্ সংসদি শতাঃ বিদ্বান্ জনাঃ শাস্ত্রং বদন্তি। (১৯) ত্রিঃ নারী মাতুঃ সহ যান্তি। (২০) ধনু গৃহীত্বা ব্যাধঃ গভীরং বনং অপ্রবিশৎ। (২১) মাতৃন্ প্রণমিত্বা পুত্রং বিদেশং প্রতস্থৌ। (২২) অনয়া স্ত্রীয়াং তান্ প্রিয়ম্ উক্তা। (২৩) গোপেন গাং অদুগ্ধৎ। (২৪) ময়া গুরুং একং প্রশ্নং পৃচ্ছ্যতে। (২৫) রজনী আগতে ব্যাধং স্বগৃহম্ প্রত্যাগতম্। (২৬) সর্পং বিভ্যন্তী নারী গৃহং প্রত্যাগতা। (২৭) অস্য গিরেঃ অভিতঃ বিবিধানি বৃক্ষানি অবিষ্ঠন্। (২৮) অস্মিন্ সভায়াং অনেকাঃ বিদ্বানাঃ অধিতিষ্ঠন্তি। (২৯) পিতু আজ্ঞয়া রাম বনং প্রাতিষ্ঠত। (৩০) আলস্যং পরিত্যজিত্বা ত্বং যশং লভিতুং যততাম্। (৩১) অহং চ ত্বং চ বিদ্যালয়ম্ আগচ্ছৎ। (৩২) অম্বে ! মাং বিপদাৎ রক্ষ। (৩৩) তে ইদং বাক্যং ন সংগচ্ছতি। (৩৪) মহারাজ্ঞ দশরথস্য তিস্রঃ দারাঃ আসন্। (৩৫) শিক্ষকঃ দুর্মেধং ছাত্রং অক্রুধ্যৎ। (৩৬) অস্য পথস্য পরিতঃ বহবঃ বৃক্ষাঃ সন্তি। (৩৭) ত্রিভিঃ বালিকাভিঃ পুষ্পাণি চয়ন্তে। (৩৮) স মাং শতানি মুদ্রাঃ ধারয়তে। (৩৯) অস্মিন জগতে লক্ষ্মীমন্তঃ জনাঃ

সুখা ভবতি। (৪০) বর্ষায়াং সর্ব্বঃ পথঃ অগম্য ভবতি। (৪১) তস্করাঃ দিবায়াং শয়ন্তি রাত্রৌ জাগ্রন্তি চ। (৪২) ত্বং অহং সশ্চ তৎ কর্ম্মম্ অকুর্ব্বন্। (৪৩) মম সখিনা পঞ্চশতানি ফলানি প্রাপ্তাঃ। (৪৪) প্রাতে সুগন্ধি বায়ু প্রবহতে। (৪৫) শরদস্য আগমনে দিশাঃ নির্ম্মলাঃ ভবন্তি। (৪৬) মাতা প্রতি পুত্রঃ ভক্তিং কর্ত্তব্য। (৪৭) সর্ব্বেষু ছাত্রেষু রামঃ বুদ্ধিমত্তরঃ। (৪৮) আর্দ্রে ভূমৌ কথম্ উপবিশসি ভবান্? (৪৯) পুত্রঃ সহর্ষেণ পিতান্ অবদৎ। (৫০) মৃতেঽপি নরে তস্য যশং তিষ্ঠতি। (৫১) ধনহীনস্য জীবনে কিং প্রযোজনম্। (৫২) শ্রমায বিনা কৃষিকার্য্যং ন ফলতি। (৫৩) পূর্ব্বেষু যত্নঃ কনীযান্। (৫৪) রাজা দশান্ ব্রাহ্মণান্ আমন্ত্রয়িত্বা অভোজযৎ। (৫৫) সর্ব্বেষু এব বিপদেষু পরমেশ্বরঃ স্মরণীয়ঃ। (৫৬) অন্নস্য বুভুক্ষং জনং অন্নং দেহি। (৫৭) অযং মাসেন ইদং গ্রন্থং অধীতম্। (৫৮) সর্ব্বাণাং নদীনাং গঙ্গা শ্রেষ্ঠা। (৫৯) ক্রুদ্ধঃ শিক্ষকঃ ছাত্রম্ অপ্রহরৎ। (৬০) পাপী নির্ম্মলং সুখং ন লভতি। (৬১) অস্তি মে বহবো মিত্রাঃ তথাপি তাম্ অতীবম্ আদ্রিযামি। (৬২) বর্দ্ধন্তং রোগং মে উপেক্ষেৎ। (৬৩) পরস্পরং বিবদন্তঃ তে রাজস্য সভাং গতবান্। (৬৪) দুষ্টঃ জনঃ সর্পেণ শিশুঃ ভীষযতে। (৬৫) কষ্টং সহন্ ছাত্রঃ গুরোঃ বিদ্যাং লভতে। (৬৬) রাজলক্ষ্মী বিলাপ কুর্ব্বন্তী অবদৎ। (৬৭) হনুমানেন অশোকবনে সীতা দৃষ্টবতী। (৬৮) ধিক্ মূর্খ অহং তব সার্দ্ধং মৈত্রী ন কার্য্যম্। (৬৯) বিপ্রাঃ কুসুমৈঃ শিবম্ উপতিষ্ঠন্তি স্ম। (৭০) নলম্ দময়ন্তীং উপাযচ্ছৎ। (৭১) বিপ্রং গাবং দদন্ রাজা প্রাসাদে অধিষ্ঠতি। (৭২) অহম্ গুরুং বেদম্ অধ্যাপয়িতুম্ অপশ্যম্। (৭৩) ব্যাধস্য পশ্চাতে একো সর্পং তরুকোটরাৎ পতিতবৎ। (৭৪) মহাতেজঽসৌ বীরা সর্ব্বান্ সৈন্যান্ জঘান। (৭৫) ছাত্রং বিদ্যাং লভিত্বা গৃহং প্রত্যাবর্ত্তন্তি।

GROUP B

Correct the following sentences, giving reasons :—

(১) অস্মিন সভায়াং একবিংশতয়ঃ পণ্ডিতাঃ বর্ত্তন্তে। (২) মাং দধি ন রোচতে। (৩) ভবান্ মাং কিং বদিষ্যসি? (৪) মহারাজো দশরথস্য ত্রয়ঃ

পত্ন্যাঃ আসন্। (৫) বিদ্বাংসো জনাঃ ভগবানং স্মরন্তি। (৬) গুরোঃ প্রতি তস্য মহতী ভক্তিঃ আসীৎ। (৭) প্রবলঃ নৃপতিঃ সর্ব্বান্ শত্রূন্ অপরাজয়ৎ। (৮) দ্বৌ বালকৌ অনেন পথেন গচ্ছন্তৌ ময়া দৃষ্টবন্তৌ। (৯) জ্ঞানবন্তঃ নরাঃ কৌশলেন সর্ব্বং কার্য্যং সাধয়ন্তি। (১০) ত্রয়ঃ সিংহাঃ তস্মিন্ বনে অধিষ্ঠতি। (১১) উভয়ৌ রামশ্যামৌ বিদ্যালয়ম্ আগচ্ছতাম্। (১২) নবপতিঃ দুষ্টেভ্যঃ ভৃত্যে পরিক্রুধ্যতি। (১৩) তস্য নদ্যা উভযতঃ বহবঃ বৃক্ষাঃ আসন্। (১৪) অম্বে! অনুমন্যস্ব অহং দেশান্তরং গমিষ্যামি। (১৫) নির্ম্মলেন আপেন ইদং পূরয়। (১৬) যথা তব প্রাণঃ প্রিয়ঃ, সর্ব্বাণাং জন্তূণাং অপি প্রাণঃ। (১৭) দরিদ্রৈঃ ধনিনং অর্থং যাচিতবান্। (১৮) দশানি ফলানি প্রাপ্য অহং আনন্দিতঃ বভুব। (১৯) ব্যাঘ্রং ভীতাঃ শৃগালাঃ অন্যং বনং পলায়ন্তে। (২০) বযং যূযং চ পিতুঃ সহ তং নগরং গমিষ্যথ। (২১) দুষ্টঃ কংসঃ কৃষ্ণায় অভিদ্রুহ্যতিস্ম। (২২) রজনী গতে ব্যাধ ধনুং গৃহীত্বা কাননং প্রতস্থৌ। (২৩) পুত্রঃ পিতুঃ সার্দ্ধং গৃহম্ আগতঃ। (২৪) বহ্নিঃ তেজেন সর্ব্বাণি দ্রব্যাণি অভিভবতি। (২৫) মহারাজা যুধিষ্ঠিরঃ চত্বারৈঃ ভ্রাতৃভিঃ সহ বনং জগাম। (২৬) অস্মিন্ কর্ম্মে মম কিমপি আগ্রহঃ নাস্তি। (২৭) বয়ং মিথ্যাবাদীং জনং ন আদ্রিযামঃ। (২৮) অহং ত্বং চ বিদেশম্ অগচ্ছম্। (২৯) বর্ষায়াং গগনে মেঘম্ অবলোকয়িত্বা কর্ষকা অহর্ষন্। (৩০) ইমে প্রজাঃ রাজ্ঞীম্ উপহারং দদন্তি। (৩১) সরিতানাং বারৌ কমলাপুষ্পা দৃশ্যন্তে। (৩২) মমঃ মিত্রঃ কাং দিশং গতঃ? (৩৩) ত্বং কিং চন্দ্রমসং দিদৃক্ষসি? (৩৪) তামসী রাত্রৌ গগনে বহবঃ নক্ষত্রাঃ উদিতাঃ। (৩৫) যে নরাঃ প্রাতে শয়ন্তি, তে স্বাস্থ্যং ন প্রাপ্নোন্তি। (৩৬) দিবায়াং সর্ব্বে নরাঃ কর্ম্মং কুর্ব্বন্তি। (৩৭) হস্তোপাদান্ প্রক্ষাল্য দেবং পূজয়। (৩৮) মম প্রাণাৎ অপি ত্বং প্রিয়তরঃ। (৩৯) ব্যাকরণম্ অধীত্বা সাহিত্যং পঠেৎ। (৪০) অহং তব শতাঃ রৌপ্যমুদ্রাঃ ধারয়ামি। (৪১) পক্ষী বৃক্ষে অধিবসন্ রাত্রি যাপয়তি। (৪২) কোঽপি মিথ্যা বাক্যং ন বদেৎ। (৪৩) অস্মিন্ বিপদে ভগবান্ তব মঙ্গলং বিধাস্যতি। (৪৪) সুশীলা শিষ্যাঃ গু...

ভুঞ্জবন্তি। (৪৫) বিশ্বামিত্রঃ রামস্য সার্দ্ধং তপোবনে প্রতস্থৌ। (৪৬) মৃতভর্ত্তাঃ স্ত্রিয়ঃ সদা অসুখিন্যঃ ভবন্তি। (৪৬) দেবরাজ্ঞঃ সভায়াং সহস্রাঃ সুরাঃ অতিষ্ঠঞ্চ। (৪৮) রাজা মহৎ্ একঃ গাবং অদদাৎ। ভূপতিঃ দরিদ্রং বিপ্রং ধনং প্রতি-শৃণোতি। (৫০) ইদং দ্রব্যম্ অস্মাকং দুর্ল ভম্। (৫১) দশ ফলানি আনিত্বা ছাত্রঃ গৃহং প্রত্যাগতঃ। (৫২) দরিদ্রঃ তৃণশয্যায়াম্ অধিশেতে। (৫৩) দম্পতী তপোবনং অগচ্ছন্। (৫৪) মুনয়ং অহোরাত্রিং ভগবানং স্তুবন্তি। (৫৫) পরমেশ্বরস্য ঋতে বিপদেভ্যঃ ত্রাতুং কো সমর্থো ভবেৎ। (৫৬) বৎস! অস্মাৎ পাপকর্ম্মাৎ বিরমস্ব। (৫৭) ভবান্ পশ্চিমস্মিন্ দেশে গচ্ছ। (৫৮) বয়ং রুদন্তীং নারীম্ অপশ্যম্। (৫৯) শিক্ষকঃ মাং গৃহং গন্তুম্ আদিশতি। (৬০) রামচন্দ্রঃ রাবণং নিহত্য সীতাম্ অযোধ্যাং আনিনায়। (৬১) পতিনা সখিনা চ সহ বধুং আনীয়ত। (৬২) এষু তরুশাখাসু বিহগাঃ অধ্যবসন্। (৬৩) ধনু গৃহীত্বা ব্যাধঃ মৃগযায গচ্ছতি। (৬৪) গৃহে আগত পুত্রঃ মাতরম্ অপ্রণমৎ। (৬৫) অম্যশ্বা দ্রুতম্ অধাবন্ত। (৬৬) ময়া অস্য উদ্যানস্য পরিতঃ কাচিৎ নদী দৃষ্টা। (৬৭) গুরুঃ জ্ঞানবান্ ছাত্রান্ কঠিনানি প্রশ্নানি অপৃচ্ছৎ। (৬৮) মে প্রিয়ং সখিং ইদং নিবেদয়। (৬৯) উত্তরে হিমালয়ঃ নামঃ পর্ব্বত বর্ত্ততে। (৭০) মহারাজন্! মম অপরাধং ক্ষমস্ব ভবান্। (৭১) চৌরাঃ তমসাচ্ছন্নে রাত্রৌ ভ্রমন্তি। (৭২) অয়ং শিষ্যঃ দ্বৌ মাসৌ কাব্যম্ অধ্যেতে। (৭৩) ঋষীমৌ শিষ্যান্ অধ্যাপয়ৎ। (৭৪) স মাং নিয়তং পরি-ক্রুধ্যতি। (৭৫) ইদম্ আশ্রমমৃগং ত্বয়া ন হন্তব্যম্। (৭৬) ব্রাহ্মণং গাবং দত্ত্বা রাজা পুণ্যম্ অলভৎ। (৭৭) শকুন্তলা ভগবানস্য কণ্বস্য মুনেঃ দুহিতা আসীৎ। (৭৮) প্রিয়ম্বদঃ বশম্বদশ্চঃ পুত্রঃ পিতুঃ আদরণীয়ঃ। (৭৯) ভবতঃ কতর পুত্রাঃ সন্তি? (৮০) পুর্ণ চন্দ্রমাং পশ্যন্তি শিশুগণঃ। (৮১) গোপাঃ গাং দুগ্ধম্ অদোহৎ। (৮২) তেন শতানি পুষ্পাণি আনীতম্। (৮৩) ধার্ম্মিকঃ পতিব্রতাং দারাং ন জহাতি। (৮৪) কেন ইমাং লেখনীম্ অক্রীণৎ। (৮৫) পাপকর্ম্মাঃ দানবাঃ সর্ব্বং হরিং ক্রন্দন্তি। (৮৬) কো এষ জনঃ যঃ মাম্

আহ্বয়ন্তে ? (৮৭) বর্ষায়াং অস্যা নদ্যাঃ জলম্ অবর্দ্ধৎ। (৮৮) ভীষণঃ সিংহ অস্মিন্ বনে অধ্যাস্তে। (৮৯) স বাল্যাৎ প্রভৃতি চক্ষুষঃ পাদস্য খঞ্জশ্চ বভুব। (৯০) ধনিনঃ দরিদ্রেভ্যঃ আহ্বায় ধনং যচ্ছতি। (৯১) ভরতোবাচ মাতঃ ত্বং গর্হিতং কর্ম্মং কৃতবতী। (৯২) অহং নদীতটে একং সুন্দরং দৃশ্য দদর্শ। (৯৩) তব ভ্রাতা পুর্ব্বারাত্রৌ প্রাণান্ তত্যাজ। (৯৪) রাত্রি উপস্থিতে গগনে নক্ষত্রাঃ শোভন্তে। (৯৫) দুষ্টাঃ ছাত্রাঃ পরস্পরং বিবদন্তি। (৯৬) মম মনে কিমপি সুখং নাসীৎ। (৯৭) বিদ্যাযাঃ হীনো জনো প্রায়েণ দুঃখস্য ভাজনো ভবতি। (৯৮) সৈনিকঃ সভয়েন রণস্থলং যাতি। (৯৯) যস্য বহবো মিত্রাঃ বর্ত্তন্তে, স সততম্ আনন্দম্ অনুভূয়তে। (১০০) গতো মে দুহিতা দেবং পুজিতম্।

— —

CHAPTER II

LESSON 1

A Few Hints On Translation

১। সংস্কৃতে অন্বয় করিয়া লইবার রীতি আছে বলিয়া পদ-বিন্যাসের (Syntax) সেরূপ কোন নিয়ম নাই; সাধারণতঃ বাক্যের প্রথমে কর্ত্তৃপদ, তৎপরে কর্ম্মপদ এবং শেষে ক্রিয়াপদ বসে। যথা—

ছাত্রঃ পুস্তকং পঠতি—The student reads the book.

(ক) বিশেষণপদ বিশেষ্যপদের পুর্ব্বে বসে। যথা,—উজ্জ্বলঃ শশধরো গগনে শোভতে—The bright moon is shining in the sky.

(খ) ক্রিয়া-বিশেষণ ক্রিয়ার পুর্ব্বে বসে। যথা—স মধুরং গায়তি—He sings sweetly. যথা—ধ্রুবম্ স পরীক্ষাম্ উত্তরিষ্যতি—He will surely pass the examination.

(গ) সম্বন্ধ পদ প্রায়ই যে পদের সহিত উহার সম্বন্ধ, তাহার পুর্ব্বে বসিয়া থাকে। যথা—বৃক্ষস্য শাখা—The branch of a tree.

(ঘ) সম্বোধনপদ প্রায়ই বাক্যের প্রথমে ব্যবহৃত হয়। যথা—ভোঃ শিব! মাং পাহি—O Siva! protect me.

২। চ, বা, তু, চেৎ এই অব্যয় কয়টি বাক্যের প্রথমে ব্যবহৃত হয় না। চ, বা—এই দুইটি অব্যয় প্রত্যেক পদের পরে কিংবা শেষোক্ত পদের পরে বসে। যেমন—

(1) Rama and Jadu—রামশ্চ যদুশ্চ কিংবা—রামো যদুশ্চ (রামঃ চ যদুঃ লিখিও না)।

(2) Rama or Lakshmana—রামো বা লক্ষ্মণো বা অথবা—রামো লক্ষ্মণো বা।

৩। উদ্দেশ্য ও বিধেয়পদে সমান বিভক্তি হয়, কিন্তু কখনও কখনও লিঙ্গ ও বচনের পার্থক্য হইয়া থাকে। যথা—

'সম্পদঃ পদমাপদম্'। এখানে 'সম্পদঃ' এই উদ্দেশ্য পদটি স্ত্রীলিঙ্গ ও বহুবচন এবং 'পদম্', এই বিধেয় পদটি ক্লীবলিঙ্গ ও একবচনান্ত। এইরূপ 'উদার চরিতানান্তু বসুধৈব কুটুম্বকম্'। 'অহিংসা পরমো ধর্ম।' 'বিদ্যা রূপং কুরূপানাম্', 'দেবাদেশঃ প্রমাণম্'। 'মমাপি দুর্য্যোধনস্য শঙ্কাস্থানং পাণ্ডবাঃ।'

Learn :—উদ্দেশ্যে চ বিধেয়ে চ বিভক্তিস্তু সমা ভবেৎ
কদাচিজ্জায়তে তত্র বৈষম্যং লিঙ্গ-সংখ্যয়োঃ।

৪। উদ্দেশ্য ও বিধেয়ের মধ্যে প্রকৃতি-বিকৃতির ভাব থাকিলে উদ্দেশ্যের যে বচন, ক্রিয়ারও সেই বচন হয়। যথা—

পঞ্চ বৃক্ষাঃ একা নৌকা ভবন্তি, এস্থলে 'বৃক্ষা' প্রকৃতি ও উদ্দেশ্য এবং 'নৌকা' বিকৃতি ও বিধেয়; প্রকৃতি 'বৃক্ষাঃ' বহুবচনান্ত বলিয়া ক্রিয়ারও বহুবচন হইল। এইরূপ, সুবর্ণং কুণ্ডলানি ভবতি ইত্যাদি।

